খিতিল কন্টাকিশ্ন-১

এসএসসি ও দাখিল (ভোকেশনাল)





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত



সিভিল কন্ট্রাকশন-২

প্রথম ও দ্বিতীয় পত্র নবম-দশম শ্রেণি

লেখক ও সম্পাদক প্রকৌশলী মোঃ মারুফুল হক নির্বাহী প্রকৌশলী

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯–৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা–১০০০ কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

পরীক্ষামূলক সংস্করণ

প্রথম প্রকাশ : নভেম্বর,২০১৬ পুনর্মুদ্রণ : আগস্ট, ২০১৭

ডিজাইন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

প্রসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় জীবনের সর্বতোমুখী উন্নয়নের পূর্বশর্ত। দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজন সৃশিক্ষিত-দক্ষ মানব সম্পদ। কারিগারি ও বৃত্তিমূলক শিক্ষা দক্ষ মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান এবং আত্মনির্ভরশীল হয়ে বেকার সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসারের কোনো বিকল্প নেই। তাই ক্রমপরিবর্তনশীল অর্থনীতির সঙ্গে দেশে ও বিদেশে কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচেছ। এ কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) স্তরের শিক্ষাক্রম ইতোমধ্যে পরিমার্জন করে যুগোপযোগী করা হয়েছে।

শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত পাঠ্যপুস্তকসমূহ পরিবর্তনশীল চাহিদার পরিপ্রেক্ষিতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের যথাযথভাবে কারিগরি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে সক্ষম হবে। অভ্যন্তরীণ ও বহির্বিশ্বে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানে উদ্যোগী হওয়াসহ উচ্চশিক্ষার পথ সুগম হবে। ফলে রূপকল্প-২০২১ অনুযায়ী জাতিকে বিজ্ঞানমনস্ক ও প্রশিক্ষিত করে ডিজিটাল বাংলাদেশ নির্মাণে আমরা উজ্জীবিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ শিক্ষাবর্ষ হতে সকলস্তরের পাঠ্যপুস্তক বিনামূল্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করার যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোমলমতি শিক্ষার্থীদের আরও আহাহী, কৌতৃহলী ও মনোযোগী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিকস্তর থেকে শুরু করে ইবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনালস্তরের পাঠ্যপুস্তকসমূহ চার রঙে উন্নীত করে আকর্ষণীয়, টেকসই ও বিনামূল্যে বিতরণ করার মহৎ উদ্যোগ গ্রহণ করেছে; যা একটি ব্যতিক্রমী প্রয়াস। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক রচিত ভোকেশনালস্তরের ট্রেড পাঠ্যপুস্তকসমূহ সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ২০১৭ শিক্ষাবর্ষ থেকে সংশোধন ও পরিমার্জন করে মুদ্রণের দায়িত্ব গ্রহণ করে। এ বছর উন্নতমানের কাগজ ও চার রঙের প্রচ্ছদ ব্যবহার করে অতি অল্প সময়ে পাঠ্যপুস্তকটি মুদ্রণ করে প্রকাশ করা হলো।

বানানের ক্ষেত্রে সমতা বিধানের জন্য অনুসৃত হয়েছে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত বানান রীতি। পাঠ্যপুস্তকটির আরও উন্নয়নের জন্য যে কোনো গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচিত হবে। শিক্ষার্থীদের হাতে সময়মত বই পৌছে দেওয়ার জন্য মুদ্রণের কাজ দ্রুত করতে গিয়ে কিছু ক্রুটি-বিচ্যুতি থেকে যেতে পারে। পরবর্তী সংস্করণে বইটি আরও সুন্দর, প্রাঞ্জল ও ক্রুটিমুক্ত করার চেষ্টা করা হবে। যাঁরা বইটি রচনা, সম্পাদনা, প্রকাশনার কাজে আন্তরিকভাবে মেধা ও শ্রম দিয়ে সহযোগিতা করেছেন তাঁদের জানাই আন্তরিক ধন্যবাদ। পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীরা আনন্দের সঙ্গে পাঠ করবে এবং তাদের মেধা ও দক্ষতা বৃদ্ধি পাবে বলে আশা করি।

প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা চেয়াম্যান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সূচিপত্ৰ

(১ম পত্ৰ) তাত্ত্বিক অংশ

পৃষ্ঠা অধ্যায় বিষয়বস্ত দরজা জানালার ক্লাম্প সংযোগ প্রথম অধ্যায় দ্বিতীয় অধ্যায় কংক্রিট ٩ ডি পি সি তৃতীয় অধ্যায় ২১ চতুর্থ অধ্যায় আর সি সি ২৮ পঞ্চম অধ্যায় স্লাম্প টেস্ট ক্য ষষ্ঠ অধ্যায় জল ছাদ 68 সপ্তম অধ্যায় প্লাস্টারিং **ሴ**ን পয়েন্টিং অষ্টম অধ্যায় সাটারিং নবম অধ্যায় 90 গাঁখুনির কাজে মালামালের পরিমাণ দশম অধ্যায় 98 কংক্রিটের কাজের মালামালের পরিমাণ একাদশ অধ্যায় 99 প্লাস্টারিং কাজের মালামালের পরিমাণ দ্বাদশ অধ্যায় 40 চুনকামের কাজের মালামালের পরিমাণ ত্রয়োদশ অধ্যায় ৮৩ কালার ওয়াশিং চর্তুদশ অধ্যায় ৮৫ চুন সুরকির জলছাদের বিভিন্ন পঞ্চদশ অধ্যায় ውው মালামালের পরিমাণ পয়েন্টিং কাজের মালামালের পরিমাণ ষোড়শ অধ্যায় ৯০ ইন্সপেকশন পিট সপ্তদশ অধ্যায় 27 অষ্টাদশ অধ্যায় সেপ্টিক ট্যাংক ৯৪ উনবিংশ অধ্যায় সোক পিট ৯৮ প্লান্বিং সিস্টেম দ্বাদশ অধ্যায় 207 প্লাম্বিং যন্ত্ৰপাতি একবিংশ অধ্যায় 222 প্লাম্বিং ফিকচার দ্বাবিংশ অধ্যায় 774

(২য় পত্ৰ) তাত্ত্বিক অংশ

অধ্যায়	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়	এম, এস, রড (রিইন	১৬৭
	ফোসিং বার) স্থাপন	
দ্বিতীয় অধ্যায়	মেঝে	740
তৃতীয় অধ্যায়	ছাদ	১৯৩
চতুর্থ অধ্যায়	মোজাইক	১৯৮
পঞ্চম অধ্যায়	পেইন্ট ও পেইন্টিং	২০২
ষষ্ঠ অধ্যায়	পয়েন্টিং কাজে	<i>₹</i> 55
	মালামালের পরিমাণ	
সপ্তম অধ্যায়	ডিসটেম্পার	২১৩
অষ্টম অধ্যায়	প্লাষ্টিক পেইন্ট	২১৭
নবম অধ্যায়	স্নো-সেম	২২০
দশম অধ্যায়	ওয়েদার কোট	২২৩
একাদশ অধ্যায়	নিষ্কাশন নালা	২২৫
দ্বাদশ অধ্যায়	পানির ট্যাঙ্ক	২৩৫
ত্রয়োদশ অধ্যায়	ব্রিক সলিং এর মালামাল	২৩৯
	ও শ্রম	
চতুর্দশ অধ্যায়	মোজাইক কাজে	২ 8 ১
	মালামাল ও শ্রম	

পৃষ্ঠা নং

ব্যবহারিক কাজ

২৪৩-২৬০

পৃষ্ঠা নং ১৩৮-১৬৫


প্রথম অধ্যায় দরজা জানালার ক্লাম্প সংযোগ

১.১ ক্লাম্প (Hold fast clamp)

দরজা জানালার টৌকাঠ দেওয়ালের সাথে খাড়া ও মজবুত করে আটকিয়ে রাখতে সাধারণত লোহার তৈরি ইংরেজি বর্ণ জেড বা \mathbb{Z} এর মতো দেখতে যে পাত ব্যবাহার করা হয় তাকে হোলফাস্ট ক্লাম্প, সংক্ষেপে ক্লাম্প বলে।



চিত্রঃ ১.১-দেওয়ালে দরজার ক্লাম্পের (holdfast clamp)উদাহরণ




চিত্রঃ ১.২- ভোর ফ্রেন এবং ক্রাম্পের বিভারিত ছয়িং

দরকা জানালার ঠৌকাঠ দেওয়ালের সাবে কিনকাবে লাগানো যায়। স্ববাঃ

- (ক) কাঠের তৈরি বাঁকড়ার সাহায্যে (by wooden horn)
- (ৰ) ভাৰমেল বাজের সাহাযো (by dowel bar)
- (१) दर्शन का है झाएनत जाराया (by holdfast clamp)
- ১.২ রাম্পের প্রকারতের রাম্প আকৃতি অনুসারে ধূই প্রকার। বধাঃ
- ১) জি (Z) টাইপ
- ২) ক্লাট বার টাইল

সিভিল কৰ্মট্ৰাকশন্-২



চিত্রঃ১.৩- ক্লাম্পের প্রকার

১.৩ ক্লান্সের প্রয়োজনীয়তা

- ১। তালো মানের কাঠ, প্লাস, বিশ্ব, লক ইত্যাদি সংখ্যে নিম মানের ক্লাম্পের কারণে দরকা জানালা ঠিক্ষত কাজ করে না।
- ২। বৰ্বাকালে যখন ফ্ৰেম বা টোকাঠ বৃদ্ধি লাভ করে তখন ক্লাম্প দরভা জানালা জ্যাম হ'তে রকা করে।
- ৩। গ্রাসের প্রসারশের কারশে তা ভেলো যাওয়া হতে ক্রাম্প রক্ষা করে।
- ৪। প্রসারণের কারণে ক্লেম সরে গেলে ভার মধ্যে পোকা মাকড় ক্লম নিছে পারে। ভালো ক্লাম্প ব্যবহারে এর থেকে পরিত্রাপ পাওয়া যায়।
- ৫। ফ্রেমের সংকোচন ও প্রসারশের ফলে লক ও হিঞ্জের নট হওয়া হতে ক্লাম্প রক্ষা করে।
- ৬। দরজা জানালা দেওয়ালের সাথে আটকানোর জন্য।
- ৭। খাঁকড়া, ডাওরেল বার অপেক্ষা ক্রাম্প অধিকতর শক্তিশালী ও দীর্বছারী।
- ৮। আঁকড়ার ন্যায় ক্রাম্প প্রক্র নট হয় না।

১.৪ ক্লাম্পের পরিমাপঃ

ক্রাম্প বিভিন্ন আকারের হতে পারে। পেটা পোহার তৈরি ১৮০ মি মি 🗴 ৩৮ মি মি 🗴 ৬ মি মি আকারের ক্রাম্প টোকাঠ সংবোজনের কাজে বেশি ব্যবহার হয়। তবে বর্তমানে উন্নত মানের (জিংক প্রেটেড, স্টেইনলেস শ্টিল) ক্রাম্প ব্যবহার করা হয় যে পুলোর পুরুষ অনেক কম, কিছু স্থায়িত বেশি।


নিচের টেবিলে বিভিন্ন পরিমাগ উল্লেখ করা হলো। টেবিলঃ ১.১- বিভিন্ন প্রকার ক্লাম্পের সাইছ বা পরিমাপ

Hold Fast	Reference	Size		35-4	Thickness
		mm	inch	Material used	in mm
	CFC-4ZG	100	4"	Steel C.R. Sheet Zinc Plated	2
	CFC-6ZG	150	6"	Steel C.R. Sheet Zinc Plated	2
	CFC-6ZP	150	6*	Steel C.R. Sheet Zinc Plated Extra Heavy	3
	CFC-9ZP	225	9"	Steel C.R. Sheet Zinc Plated Extra Heavy	2
	CFC-4SS	100	4 "	AlS1-304 (18/8) Stainless Steel	2
	CFC-6SS	150	6"	AIS1-304 (18/8) Stainless Steel	2
co co	CFC- 6CHSS For Column	150	6"	AlS1-304 (18/8) Stainless Steel	2
	CFC-6CH For Coloumn	150	6*	Steel C.R. Sheet Zinc Plated	2

সিভিল কন্ট্রাকশন-২

১.৫ ক্লাম্প সংযোগের কৌশল

দরজার টোকাঠের খাড়া কাঠদ্বয়ের প্রতি পাশে কমপক্ষে ৩টি করে ক্লাম্প লাগাতে হবে (ছবি দ্রন্থব্য)। একটি মাঝখানে এবং অন্য দুইটি যথাক্রমে ৩০০ মিমি দুরে লাগাতে হবে। জানালা এবং ভেন্টিলেটরের প্রতি পাশে দুটি করে ক্লাম্প লাগালেই যথেষ্ট। দেওয়ালে ক্লাম্পের সাহায্যে দুইটি পদ্ধতিতে চৌকাঠ সংযোজন করা যায়। যথাঃ



চিত্রঃ ১.৪- জানালায় ক্লাম্প সংযোগের উদাহরণ

প্রথম পদ্ধতিঃ ক্লাম্পগুলো প্রথমে টোকাঠের গায়ে (১০ মিমি গভীর) লাগানো হয়। তারপর টোকাঠটিকে খাড়া করে দাঁড় করিয়ে মাপমত দেওয়ালে পূর্বে খননকৃত গর্তে (৩০x১০x১৫ সেমি) ক্লাম্প ঢুকিয়ে দিতে হয়। ক্লাম্প ঢুকানোর পর গর্তগুলো কংক্রিট (১:৩:৬ অনুপাতে, বড় এগ্রিগেট আকার ২০ মিমি) দ্বারা পূর্ণ করা হয়। পরে প্রয়োজনীয় সময় ধরে কিউরিং করলে তা শক্ত হয়ে যাবে।

দিতীয় পদ্ধতিঃ এই পদ্ধতিতে প্রথমে মাপমত দেয়ালে গর্ত করে ক্লাম্পগুলোকে ঢুকাতে হয় অথবা দেওয়াল গাঁথার সময় মাপমত স্থানে ইট না গোঁথে ফাঁকা রাখা হয়। এই ফাঁকা স্থানে ক্লাম্প ঢুকিয়ে কংক্রিট দ্বারা পুরা করে জমাট বাঁধা পর্যন্ত অপেক্ষা করতে হয়। জমাট বাধার পর ক্লাম্প এর বর্ধিতাংশের সাথে টোকাঠ চ্ছু দ্বারা খাড়া ভাবে আটকিয়ে দিতে হয়। এক্ষেত্রে গাঁখুনি ভাঙ্গার প্রয়োজন হয় না । এ পদ্ধতিতে দুইটি সুবিধা রয়েছে।

যথাঃ-

- ক) ছাদ ঢালাইয়ের পর চৌকাঠ লাগানো হয় বলে কাঠের দরজা জ্বানালা বৃষ্টির পানিতে ভিজে নষ্ট হতে পারে না ।
- খ) চৌকাঠ নষ্ট হয়ে গেলে স্কুগুলো খুলে সহজেই চৌকাঠ অপসারণ বা বদলানো যায়।

প্রশ্নমালা-১ (নমুনা প্রশ্ন)

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ক্লাম্প কাকে বলে?
- ২। ক্লাম্প কত প্রকার ও কি কি?
- ৩। কোন কোন উপায়ে দেওয়ালের সাথে চৌকাঠের সংযোগ করা যায়?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ক্লাম্পের পরিমাপ উল্লেখ কর।
- ২। কেন ক্লাম্প দেওয়ালের সাথে ফ্রেমের সংযোগের জন্য তুলনামূলক জাং?


রচনামূলক প্রশ্ন

- ১। ক্লাম্পের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ২।.দবজা জানালাতে ক্লাম্প সংযোগেব কৌশলসমূহ বিস্তাবিত লেখ।

দ্বিতীয় অধ্যায় কংক্রিট (Concrete)

২.১ কংক্রিট

সিমেন্ট, বালি ও ইট বা পাথরের টুকরার সাথে পরিমাণ মতো পানি দিয়ে সকল উপাদান সুষমভাবে মিশ্রণ করলে তা জমে কঠিন পাথরে পরিণত হয়। এই ভাবে প্রস্তুতকৃত কৃত্রিম পাথরকেই কংক্রিট বলে। সিমেন্ট দ্বারা প্রস্তুত কংক্রিটকে সিমেন্ট কংক্রিট (cement concrete) এবং সিমেন্টের স্থলে চুন (Lime) এবং বালির পরিবর্তে সুরকি ব্যবহার করে কংক্রিট তৈরি করা হলে তাকে লাইম কংক্রিট (lime concrete) বলে।



চিত্রঃ ২.১- কংক্রিটের উপাদান


২.২ কংক্রিটের উপাদান (Ingredints of Concrete) ঃ কংক্রিটের উপাদানগুলোকে প্রধানত চার ভাগে ভাগ করা হয়। যথাঃ

- ১) স্থূল পূরক বা কোর্স এগ্রিগেট
- ২) সৃক্ষ পুরক বা ফাইন এগ্রিগেট
- ৩) বাইন্ডিং ম্যাটেরিয়ালস (বন্ধন উপকরণ) ও
- 8) **গা**নি

কংক্রিটে ব্যবহাত উপাদানগুলো সাধারণত নিষ্ক্রিয় ও সক্রিয় এই দুই পর্যায়ে অবস্থান করে। নিষ্ক্রিয় উপাদানগুলোকে পুরক পদার্থ বা Aggregate বলে। এই উপাদানগুলো কংক্রিটের মোট আয়তনের ৭০ থেকে ৭৫ শতাংশ স্থান দখল করে থাকে।

কংক্রিটের বিচুর্ণন শক্তি (crushing strength), পানি নিরোধিতা (water permeability), ঘর্ষণজনিত ক্ষয়রোধ ক্ষমতা (frictional resistance) পুরকের গুণগত মানের উপর নির্ভরশীল। পূরক পদার্থ দুই প্রকার । যথাঃ- স্থুল পূরক, সৃক্ষ পূরক

- ১) স্থুল পুরকঃ সাধারণত ৬ মি মি থেকে শুরু করে উর্দ্ধে ৪ থেকে ৫ সে মি আকারের পাথর, গ্রাভেল, ইটের খোয়া, মার্বেল, নুড়ি ইত্যাদি স্থুল পুরক (Coarse Aggregate) হিসাবে ব্যবহার হয়ে থাকে।
- ২) সূক্ষ পূরকঃ ৪.৭৫ মি মি এর কম ব্যাস বিশিষ্ট পাথর চুর্ণ, ইটের গুড়া (সুরকি), বালি, কংক্রিটে সূক্ষ পূরক (fine aggregate) হিসাবে ব্যবহার হয়।
- ৩) বাইন্ডিং ম্যাটেরিয়ালসঃ যে উপকরণ রাসায়নিক বিক্রিয়া ঘটিয়ে কংক্রিটকে জমাট হতে সাহায্য করে তাকে বাইন্ডিং ম্যাটেরিয়ালস বলে। সিমেন্ট ও চুন এই জাতীয় উপকরণ। সুতরাং এটি কংক্রিটের একটি সক্রিয় উপাদান।
- 8) পানিঃ কংক্রিটে পানি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা পানির পরিমাণ কম বেশি হলে কংক্রিটের শক্তির তারতম্য ঘটে। সাধারণত কংক্রিটে পানি তিনটি কাজ করে থাকে।
 - ক) পুরক পদার্থের পৃষ্ঠতল সিক্ত করে বাইন্ডিং উপাদান লেগে থাকতে সাহায্য করা।
 - খ) বিভিন্ন উপাদান সহযোগে নমনীয় কার্যকর মিশ্রণ তৈরি করা।
 - গ) সংযোজক পদার্থের স্থিতিভবন ও কঠিনীভবনে সহায়তা করা।



চিত্রঃ ২.২- কংক্রিট তৈরির উপাদান

২.৩ কংক্রিটের উপাদান সমূহের অনুপাত (Proportion of ingredients for Concrete)

উপাদান সমূহের পরিমাণের তারতম্য ঘটিয়ে প্রয়োজনীয় শক্তি ও স্থায়িত্বের কংক্রিট তৈরি করা যায়। কংক্রিটে ব্যবহৃত উপাদানগুলোকে আনুপাতিক হারে মিশানো হয় বলে তাকে অনুপাতিকরণ বা প্রপোরশনিং (Proportioning) বলে। নিম্নে ছকের সাহায্যে কংক্রিটের অনুপাত, পূরক পদার্থের আকার ও কাজের শ্রেণি দেখানো হলো।

টেবিলঃ ২.১- কংক্রিটের উপাদানসমূহের অনুপাত, এগ্রিগেটের আকার ও কাজের শ্রেণি

মিশ্রণের অনুপাত	পূরকের সাইজ	কাজের শ্রেণি
5:5:5	১০ থেকে ২০ মি মি	পানির নিচের পানি অপ্রবেশ্য কাঠামো।
১:১.৫:৩	১২ থেকে ২০ মি মি	সূক্ষ ঢালাই, পাইপ তৈরি, অলংকরণ, পাইল ঢালাই,
		প্রি-স্ট্রেসড কংক্রিট, ডকস, জলধার নির্মাণ।
১:২:৪	২০ মি মি	স্লাব, ফ্লোর, কলাম, বিম, খিলান, দেওয়াল, ব্রিজ,
		টানেল ইত্যাদি।
১:৩:৬	২৫ মি মি	ভিতের কংক্রিট, রিটেইনিং দেওয়াল ইত্যাদি।
১:৪:৮	৩৮ মি মি	কংক্রিট ব্লক, বাঁধসহ বড় বড় ও ভারযুক্ত কাজ।

২.৪ কংক্রিটের মিশ্রণ পদ্ধতি (Method of mixing Concrete)ঃ

কংক্রিটের উপাদানগুলোকে দুইটি পদ্ধতিতে মিশ্রণ করা যায়। যথাঃ

- (ক) হাতে মিশ্রণ পদ্ধতি
- (খ) যন্ত্ৰ মিশ্ৰণ পদ্ধতি

যে পদ্ধতি অনুসরণ করা হোক না কেন মিশ্রণ সুষম এবং এর উপাদানগুলো ঘনিষ্ঠভাবে একটি উপাদানের মতো হওয়া প্রয়োজন। আর এটা যন্ত্রের সাহায্যে বেশি এবং একই রকম করা সম্ভব বলে উন্নত মান ও শক্তিমাত্রার কংক্রিট তৈরির জন্য যন্ত্র মিশ্রণ পদ্ধতি অবলম্বন করা হয়।

(ক) হাতে মিশ্রণ পদ্ধতি

এ মিশ্রণ পদ্ধতিতে নিম্নের তিনটি ধাপ রয়েছে।

প্রথম ধাপঃ সিমেন্ট ও এগ্রিগেটের বা পূরকের শুষ্ক অবস্থায় মিশ্রণ, দ্বিতীয় ধাপঃ পরিমাপের অর্ধেক পরিমাণ পানি দ্বারা আধা-আর্দ্র মিশ্রণ, তৃতীয় ধাপঃ বাকি অর্ধেক পানি দ্বারা আর্দ্র মিশ্রণ।

- ১। সমতল, পানিরোধী ও পরিষ্কার প্লাটফর্মের উপর ধাপে ধাপে মিশ্রণ তৈরি করি। প্রথমে পরিমাণ অনুযায়ী এক স্তর বালি প্লাটফর্মের উপর সমভাবে বিস্তৃত করি।
- ২। তার উপর অনুপাত অনুযায়ী সিমেন্টের একটি স্তর ছিটাই। শুকনো অবস্থাতেই এই দুইটি উপাদান কোদাল দিয়ে ওলট পালট করে ভালোভাবে মিশাই।
- ৩। এই মিশ্রণের পাশে প্লাটফর্মের উপর পরিমাপ মতো ধোয়া পরিষ্কার খোয়ার একটি স্তর সমভাবে বিস্তৃত করি এবং এর উপর পূর্ব মিশ্রিত সিমেন্ট-বালির মিশ্রণ সমপুরতে বিছাই। এরপর সিমেন্ট-বালি ও খোয়া কোদাল দিয়ে ওলট পালট করে সমভাবে মিশাই।
- ৪। শুষ্ক মিশ্রণ সুষম হলে প্রয়োজনের অর্ধেক পানি সহযোগে পুনরায় কোদাল দিয়ে ওলট পালট করা হয়।
- ৫। অবশেষে এই মিশ্রণকে কোদালের সাহায্যে আরও ভালোভাবে ওলট পালট করায় সময় বাকি অর্থেক পানি মিশিয়ে চুড়ান্তভাবে মিশ্রণ প্রস্তুত করা হয়।



চিত্ৰঃ ২.৩ হাতে মিশ্ৰণ পদ্ধতি



যন্ত্ৰ মিশ্ৰণ পদ্ধতি

(খ) যন্ত্ৰ মিশ্ৰণ পদ্ধতি

বেশি পরিমাণ কংক্রিট তৈরি করার জন্য মিকচার মেশিন (কংক্রিটের উপাদান মিশানোর যন্ত্র) নামক এক প্রকার মেশিন ব্যবহার করা হয়। এটি ফ্রেমের সাথে যুক্ত ডিয়াকৃতির একমুখ বিশিষ্ট একটি লোহার বা স্টিলের ড্রাম যা সহজেই মটরের সাহায্যে ঘুরানো ও মূল ফ্রেমের এপাশ ওপাশ করা যায়। ড্রামটির ভিতরে তার গায়ে অনেকগুলো লোহার পাতের ফলা খাড়াভাবে যুক্ত থাকে। যখন ড্রামটিকে ঘুরানো হয় তখন ঐ ফলাগুলোর কারণে আর্দ্র মিশ্রণ ভালোভাবে সুষম মিশ্রণে পরিণত হয়। এই মেশিন বিভিন্ন আকার বা আয়তনের হতে পারে। মিশ্রণের ধাপ নিম্নরূপ। যথাঃ

- ১। প্রতিবারে মিশ্রণের জন্য ড্রামকে কমপক্ষে ৫০ থেকে ৬০ বার আবর্তনের প্রয়োজন হয়।
- ২। উপাদানগুলো অনুপাত অনুযায়ী মেপে নিয়ে ড্রামে পূর্ণ ঘুর্ণনের সময় অল্প আর পানির সাহায্যে মিশানো হয়। মিশ্রণ তৈরি হয়ে গেলে ড্রামটিকে নিম্নুখী করে মিশ্রণ বের করে নেওয়া হয়।
- ৩। খেয়াল রাখতে হবে নতুন কংক্রিট তৈরির সময় যেন পূর্বের তৈরি করা কংক্রিট মেশিনের ভিতের গায়ে লেগে না থাকে।

সিঙ্জিল কলটোকশন-২

২.৫ কংক্রিটের শ্রেণি বিন্যাস (Classification of Concrete)০ঃ

বাইন্ডিং ম্যাটেরিয়ালসের উপর ভিত্তি করে কংক্রিট প্রধানত দুই প্রকারের হয়, যথাঃ-

- ১) লাইম কংক্রিট
- ২) সিমেন্ট কংক্রিট

লাইম কংক্রিট = লাইম(চুন) + সুরকি + খোয়া + পানি


সিমেন্ট কংক্রিট = সিমেন্ট + বালি + খোয়া বা পাথর টুকরা + পানি





চিত্ৰঃ ২.৪ লাইম কংক্ৰিট

নিমে রেখা চিত্রের সাহায্যে কংক্রিটের শ্রেণি বিন্যাস দেখানো হলো।



আবার ২৮ দিনে কংক্রিটের শ্রেছের (শক্তিবারা) উপর ভিতি করে বাংলাদেশ ন্যাশনাল নিভিং কোতে ২০১৫ (BNBC 2015) কংক্রিটকে নিমলিখিত শ্রেণিতে তাপ করা হরেছে। কর্বায় ১০, ১৫, ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ৫০ ইত্যাদি। সুভরাং উদাহরণ হিসেছে, রাস ২৫ কংক্রিট (class 25 concrete) এর অর্থ হতে কংক্রিটের কম্প্রেলিভ শ্রেছ, f'c=25 N/mm² বা 25 Mpa (25X145=3625 psi বা 3500 psi) ধরা হয়। PWD নিভিটন অব রেটন (SoR) Mpa হিসেছে কংক্রিটের শ্রেছ প্রকাশ করা হরেছে।

২.৬ প্লেইন কংক্রিট, রি-ইন-কোর্সভ কংক্রিটের পার্থক্য

क्षरेन करकिए (plain concrete)ः

সিকেট, বালি, ইটের খোরা বা পাধর টুকরা ও পানি সহবোগে বে কংক্রিট ভৈরি করা হর তাকে প্রেইন কংক্রিট (plain or mass concrete) বলে। এই কংক্রিট পুধু চাপ বল (compression stress) সহা করতে পারে। টান বলের (tensile stress) ক্ষেত্রে এটি খুবই দুর্বল। তবে এটি যে পরিমাণ টান বল সহা করতে পারে তা চাপ বলের তুলনার এতই নগন্য যে হিসাবে ধরা হয় না। লাইম কংক্রিট লোহা ক্তবহার করা যায় না কারণ চুন লোহার সাথে উত্তমরূপে আকড়িয়ে ধরতে পারে না। তাই চুন দারা পুধু প্রেইন কংক্রিট তৈরি করা হয়। প্রশানত ইটের বুনিয়াদের নিচে, আর্চ, কু-সংকর্ম মেবে, কংক্রিট বীধ ইত্যাদি চাপবানী কার্নামোতে ব্যবহার হয়।





विता ५,४ टाएन सरकिन

সিভিল কল্টাকশন-২





চিত্রঃ ২,৬ রি-ইন-ফোর্সড কংক্রিট

রি-ইন-ফোর্সড কংক্রিট (reinforced cement concrete-RCC)ঃ
যখন কোন নির্মাণ কাজে চাপ বল টান বল, উভয় বলই প্রতিরোধ করতে হয় সেক্ষেত্রে টান বলের জন্য রিইনফোর্সমেন্ট (লোহা) ব্যবহার করতে হয়। সিমেন্ট কংক্রিট ও লোহা উভমরুপে পরস্পরকে আঁকড়িয়ে ধরে
থাকতে পারে এবং এদের মধ্যে উভম বন্ধও হয়। এই কংক্রিট এমনভাবে ডিজাইন করা হয় যে কংক্রিট চাপ
বল এবং লোহার রড টান বল গ্রহণ করে। প্রধানত স্থাব বিম, পার্ডার, ব্রিজ ইত্যাদি নির্মাণে ব্যবহার করা হয়।



চিত্ৰঃ ২. ৭ প্ৰি-স্ট্ৰেসড কংক্ৰিট

প্রি-শ্বেসড কংক্রিট (pre-stressed concrete)ঃ

যে কংক্রিটে ঢালাইয়ের পূর্বে এমন পরিমাণ ও বিভৃতির অভ্যন্তরীণ পীড়ন প্রবর্তন করা হয় যে, তা বহিঃস্থ ভার হতে সৃষ্ট পীড়ন কাজ্বিকত মাত্রায় প্রশমিত করে তাকে প্রি-স্টেসড কংক্রিট বলে। ডিজাইন ভার (Design load) হতে উদ্ধৃত পীড়ন বা চাপ পূর্ণমাত্রায় প্রশমন করার জন্য প্রি-স্টেসড প্রয়োগ করা হয়। এ প্রকার কংক্রিট প্রধানত উচ্চ শক্তি সম্পন্ন স্লাব, বিম, ব্রিজ, ড্যাম, পাইল, পোস্ট বা পোল, পাইপ ইত্যাদি নির্মাণে ব্যবহার করা হয়।

ফেরোসিমেন্ট কংক্রিট (Fero Cement Concrete)েঃ

মোটা বালি, উৎকৃষ্ট মানের সিমেন্ট ও পানির মিশ্রণে তারের জ্বাল (Wire mesh) বা সম্প্রসারিত ধাতু (expanded metal) রি-ইনফোর্সমেন্ট হিসাবে ব্যবহার করে ফেরো সিমেন্ট কংক্রিট তৈরি হয়। ডিজাইন অনুসারে তারের জ্বাল কর্ম ওয়ার্কে স্থাপন করে (বিশেষ স্থানে লোহার রভ ব্যবহার করা যেতে পারে) মোটা বালি, সিমেন্ট ও পানির মিশ্রণ দিয়ে ঢালাই করা হয়। জ্মাট বীধার জন্য ২৪ ঘটা স্থির রেখে দেওয়া হয়। তারপর ২৮ দিন পর্যন্ত পানিতে ডুবিয়ে কিউরিং করা হয় এবং ফর্ম ওয়ার্ক খুলে দেওয়া হয়। কংক্রিটের কাঠামো মেরামত ও রেট্রোফিটিং কাজে, পানির ট্যাংক, নৌকা ইত্যাদি তৈরির কাজে এর ব্যাপক ব্যবহার দেখা যায়।



চিত্রঃ ২.৮ ফেরোসিমেন্ট কংক্রিট

২.৭ কংক্রিটের প্রয়োজনীতা (necessasity of Concrete) ঃ

- ১) এটি তুলনামূলক কম মূল্যের ইঞ্জিনিয়ারিং ম্যাটিরিয়াল।
- ২) এর অধিকাংশ উপাদান স্থানীয় ভাবে সহক্ষপভ্য।
- ৩) যেকোন সাধারণ দক্ষ লোক অল্প প্রশিক্ষণে এই কাচ্চ করতে পারে।
- ষেকোন প্রতিকৃল পরিবেশে ব্যবহার উপযোগী ও দীর্ঘস্থায়।
- ৫) যেকোন ধরনের আকার বা আকৃতি দেওয়ার জন্য এবং ইচ্ছামত রং দেওয়ার সুবিধার জন্য স্থপতিদের কংক্রিট বেশি পছন্দ। ফলে স্থাপত্য বিদ্যা, চারু শিক্সে কংক্রিটের বহমুখী ব্যবহার দেখতে পাওয়া যায়।
- ৬) রাম্ভা ঘাট থেকে ব্রিচ্চ, কালভার্ট ও অট্রালিকা ইত্যাদিতে বিভিন্ন মানের কংক্রিট ব্যবহার হচ্ছে এবং দিন দিন ব্যবহার বেড়ে চলেছে।

সিভিল কন্টাকশন-২





চিত্রঃ ২.৯ আমাদের জাতীয় সংসদ এবং বঙ্গাবন্ধু সেতু কংক্রিট দ্বারা তৈরি

২,৮ কংক্রিটের ব্যবহার (Uses of Concrete)ঃ

নির্মাণ কাজে কংক্রিট একটি গুরুতপূর্ণ স্থান দখল করে আছে। বিম, কলাম, ছাদ, সেতু, কালভার্ট, বীধ, রাস্তা-ঘাট, রিটেইনিং ওয়াল, পাইপ, জলধার প্রভৃতি নির্মাণে ব্যাপকভাবে কংক্রিট ব্যবহৃত হয়। এমনকি সমুদ্রের নিচে কাঠামো নির্মাণে বিশেষ ধরনের কংক্রিট ব্যবহার করা হয়।

কংক্রিটের শক্তি, স্থায়িত এবং কার্যকর ক্ষমতা নিমের শর্তসমূহের উপর নির্ভরশীল।


- ১) উপাদানের মান, আকার এবং পুরকের বিন্যাসকরণ
- ২) এগ্রিগেট (Aggregate) এর ভিতর আর্দ্রতার পরিমাণ
- ৩) পানি-সিমেন্ট অনুপাত এবং কন্সিস্টেন্সি
- ৪) কংক্রিটে ব্যবহৃত উপাদানগুলোর আনুপাতিকরণ
- ৫) পরিমাপ এবং মিশ্রণ পদ্ধতি
- ৬) কংক্রিটস্থাপন এবং দৃঢ়ীকরণ
- ৭) নির্মাণ স্থানের পারিপার্ষিক অবস্থান এবং তাপমাত্রা
- ৮) কিউরিং

২,৯ পানি বা ওয়াটার সিমেন্ট অনুপাত (Water Cement ratio)ঃ

কংক্রিট নির্দিষ্ট ওজনের সিমেন্টের সাথে পানি মিশ্রিত করলে পানি ও সিমেন্টের ওজনের অনুপাতকে পানি বা ওয়াটার সিমেন্ট অনুপাত বলে। কংক্রিটে পানি ব্যবহারে কম বেশি হলে এর শক্তিরও বিপুল পার্থক্য লক্ষ্য করা যায়। মিশ্রণে পানির পরিমাণ কম হলে কংক্রিট কাজে প্রয়োগ ও দৃট়ীকরণ প্রায় অসম্ভব হয়ে পড়ে। অপর পক্ষে পানি অধিক হলে কঠিন কংক্রিটে অসংখ্য ছিদ্র ও মধুচক্রিকা সৃষ্টি হয়। এর ফলে কংক্রিটের শক্তি, ঘনত ও স্থায়িত্বতা অনেকাংশে হ্রাস পায় (চিত্র ২.১০)। এক কথায় পানি সিমেন্ট অনুপাত কংক্রিটের প্রয়োজনীয় শক্তি লাভের মূল নিয়ামক। পানি সিমেন্ট অনুপাতকে দশমিক ভগ্নাংশে প্রকাশ করা হয়। আবার ব্যবহারিক ক্ষেত্রে প্রতি ব্যাগ সিমেন্টের সাথে ব্যবহৃত পানির পরিমাণ দ্বারাও নির্দেশ করা যায়। নিম্নে উদাহরণের সাহায্যে দেখানো হলো:

১ ব্যাগ বা ৫০ কেজি সিমেন্টের জন্য ২৫ কেজি পানির প্রয়োজন হলে-

পানি সিমেন্ট অনুপাত =
$$\frac{3\alpha}{\alpha o}$$
 = $\frac{5}{3}$ =0. α



চিত্ৰঃ ২,১০ পানি বা ওয়টার সিমেণ্ট অনুগাড়ের সামে কম্পেসিড স্টোহছ ও কম্প্রাক্ষানের সম্পর্ক

२,३० क्लिंग (Curing)

কাঠিট বা সিমেট সসনার দারা নির্মিত কাজকে একটি নির্মিট সময় পর্যন্ত পানি হারা সিক্ত করে রাখতে হয়। এই পানি নিক্তক্ষম প্রক্রিয়াকে কিউরিং বলে। কিউরিং এর কলে কাঠিট যা সসনার নেশানো পানি বের হতে পাত্রে না। কলে সিনেটের কার্যক্ষমতা তথা রাসায়নিক বিক্রিয়াপুলো (ম্রাইডেশন) সহক্ষেই ঘটতে পাত্রে এবং ভার শক্তি বৃদ্ধি করতে বাঁকে।

५.১১ क्लिकिश बाह नवश्वि

বিভিন্ন পদ্ধতিকে কিউরিং করা বার। কথা।

- ১) ছাত বা পালেগর সাহায়ে পানি বিটিয়ে (জেটিং করে)।
- ২) আড়াকল বিশিষ্ট চালাইয়ের পারে ডিজা চট অদ্বিয়ে কিছুকল পরপর চট ডিজিয়ে।
- ৩) অনুৰূষিক চালাইজের চারবিকে বাঁথ দিয়ে পানি আটকিরে অথবা জিলা চট, খড়, কচুরিপানা পলিমিন দিয়ে ফেকে রেখে।
- ৪) মেবজ্রন (বিটুমিনাম বা ব্যাক্ষক্ষিক ইমালশন, নোম, প্রাক্ষিক শিট ইত্যামি) কিউরিং ।



চিত্রঃ ২.১১- হাতের সাহায্যে পানি ছিটিয়ে (**জে**টিং করে) কিউরিং করা হ**ন্ছে**।



চিত্রঃ ২.১২- খাড়াতল বিশিষ্ট ঢালাইয়ের গায়ে ভিজা চট জড়িয়ে কিছুক্ষণ পরগর চট ভিজিয়ে।



চিত্রঃ ২.১৩ অনুভূমিক ঢালাইয়ের (ছাদে) চারদিকে বাঁধ দিয়ে পানি আটকিয়ে কিউরিং করা হচ্ছে।

২.১২ কিউরিং এর প্রয়োজনীয়তা

কংক্রিটের শক্তি নির্ভর করে যেসব উপাদানে তা তৈরি তাদের জমাট বদ্ধ হওয়ার ক্ষমতার উপর। প্রাথমিক পর্যায়ে মিশ্রণ তৈরি করে যথাস্থানে ঢালাই করার পর মিশ্রণের পানি দ্বারা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত রাসায়নিক বিক্রিয়া চলতে পারে। ঐ নির্দিষ্ট সময়ের পর কংক্রিটে পানি স্বল্পতা দেখা দেয়। তাছাড়া পারিপার্শ্বিক তাপের কারনে কিছু পানি উবে যায়। পানি কম বেশি হলে কংক্রিটের শক্তির তারতম্য হয় এবং ক্ষেত্রবিশেষে বুটি দেখা দিতে পারে। তাই কংক্রিট জমাটবদ্ধ হতে এবং শক্তি বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় নির্দিষ্ট সময় পর্যন্ত পানি সরবরাহ করা জরুরি। কিউরিং ৩ দিন পর শুরু করলে ৭ দিনের শক্তি ১২% এবং ২৮ দিনের শক্তি ১০% কমে যায়। বাতাসে থাকা কংক্রিট সিক্ত থাকা কংক্রিটের চেয়ে ৫০% শক্তি হারিয়ে ফেলে।

২.১৩ কিউরিং এর সময়কাল

কাজের ধরন ও ব্যবহৃত সংযোজক সামগ্রীর (সিমেন্ট বা চুন) উপর কিউরিং এর সময় কাল নির্ভর করে। সিমেন্ট মসলা এবং চুণ্ক জাতীয় মসলায় কিউরিং এর তফাৎ আছে। সিমেন্ট মসলা দ্বারা নির্মিত কোন কাঠামো বা কংক্রিটকে সাধারণত ২১ থেকে ২৮ দিন পর্যন্ত কিউরিং করতে হয়। চুর্ণক জাতীয় মসলার কাজে সর্বোচ্চ ১৫ দিন কিউরিং করলেও চলে।

সিভিল কন্ট্রাকশন-২

সাধারণ আবহাওয়া অবস্থায় কিউরিং

ক) কমপক্ষে ৭ দিন- পোর্ট ল্যান্ড সিমেন্ট (PC / CEM I) বা সাধারণ পোর্ট ল্যান্ড সিমেন্ট (OPC) দিয়ে তৈরি কংক্রিট।

খ) কমপক্ষে ১০ দিন- পোর্ট ল্যান্ড কম্পোজিট সিমেন্ট (PCC / CEM II) বা ব্লেন্ডেড সিমেন্ট দিয়ে তৈরি কংক্রিট।

গরম আবহাওয়া অবস্থায় কিউরিং (কংক্রিটের তাপমাত্রা ৪০^০C এর বেশি হলে)

- ক) কমপক্ষে ১০ দিন- পোর্ট ল্যান্ড সিমেন্ট (PC / CEM I) বা সাধারণ পোর্ট ল্যান্ড সিমেন্ট (OPC) দিয়ে তৈরি কংক্রিট।
- খ) কমপক্ষে ১৪ দিন- পোর্ট ল্যান্ড কম্পোজিট সিমেন্ট (PCC / CEM II) বা ব্লেন্ডেড সিমেন্ট দিয়ে তৈরি কংক্রিট।

২০ কংক্রিট

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। কংক্রিট কি?
- ২। কিউরিং কাকে বলে?
- ৩। কিউরিং এর পদ্ধতিগুলো কি কি?
- ৪। কিউরিং এর সময়কাল উল্লেখ কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। কিউরিং এর প্রয়োজনীয়তা কি?
- ২। কংক্রিটের ব্যবহার লেখ।
- ৩। কংক্রিটের প্রয়োজনীয়তা কি?

রচনামূলক প্রশ্ন

- ১। কংক্রিটের শ্রেনিবিন্যাসের বিবরণ দাও।
- ২। কংক্রিটের মিশ্রণ পদ্ধতি সম্পর্কে লেখ।
- ৩। কংক্রিটের উপাদানসমূহের বিস্তারিত বিবরণ দাও এবং উপাদানগুলোর অনুপাত উল্লেখ কর।

তৃতীয় অধ্যায় ডিপিসি

৩.১ আর্দ্রতারোধক স্কর (Damp Proof Course-DPC)

ইটের গাঁথুনি ভিত্তি তল (Plinth level) পর্যন্ত উঠার পর তার উপর দেওয়াল নির্মাণের আগে মাটি হতে উঠে আসা আর্দ্রতা নিরোধের জন্য যে স্তর দেওয়া হয় তাকে আর্দ্রতা নিরোধক স্তর (Damp Proof Course) সংক্ষেপে DPC বলে।




চিত্রঃ৩.১ দেওয়ালে ড্যাম্প বা আর্দ্রতা

৩.২ ডি পি সি এর প্রয়োজনীয়তা

- ১। ভূমি হতে জ্বলীয় অংশ উপরে উঠে দেওয়ালকে স্যাতস্যাঁতে করে দেয়। ডিপিসি স্তর তা প্রতিরোধ করে।
- ২। আর্দ্রতার কারণে ইটের গাঁথুনি, প্লান্টার (Plaster), চুনকাম, রং ইত্যাদি ভঙ্গুর হয়ে পড়ে যা ডিপিসি দারা রক্ষা পায়।
- ৩। দালানের পৃষ্ঠদেশ সব সময় শুকনো রাখতে ডিপিসি এর ভূমিকা গুরুতপূর্ণ।
- ৪। পানি বা আর্দ্রতা উঠার ফলে দালানের স্থায়িত কমে যায়। স্থায়িত বৃদ্ধির জ্বন্য ডিপিসি কার্যকরী ভূমিকা রাখে।
- ৫। বসবাসের স্থানকে অস্বাস্থ্যকর হয়ে পড়া হতে রক্ষা করে। অতএব দালানের ডিজাইন এবং নির্মাণের সময় ডিগিসি ব্যবহারের বিষয়টি গুরত দিয়ে বিবেচনা করতে হবে।



চিত্রঃ ৩.২ দেওয়ালে ড্যাম্ল বা আর্দ্রভার কারণ



চিত্রঃ৩.৩ দেওয়ালে ড্যাম্প বা আর্ম্নভা প্রতিরোধক স্তর বা ডিপিসি স্থাপন করা

৩.৩ ডিপিসি বা আর্দ্রতা নিরোধক স্থরের জন্য ব্যবহৃত উপাদান বা দ্রব্যের নাম নিমের দ্রব্যসূলো ডিপিসি বা আর্দ্রভারোধক স্তরে ব্যবহার করা হয়। মধাঃ-

(ক) ক্লেক্সিবল ম্যাটিরিয়াল

- ১) গরম বিটুসিন(Hot Bitumen)
- ২) প্লাশ্টিক শিট (Plastic sheet)
- ৩) বিটুমিন বা গ্রাসফন্টিক শিট (Bitumen or asphaltic sheets)

সিভিল কন্ট্ৰাকশন-২

(খ) সেমি রিজিড ম্যাটিরিয়াল

- ১) স্যাসটিক এস্যাফন্ট (Mastic asphalt)
- ২) কয়েকটি বস্থুর বা স্তরের সমন্বয়ে (combination of materilas or layer)

(গ) রিচ্ছিড ম্যাটিরিয়াল

- ৪) ধাতব শিট (Metal sheet)
- ৫) বিশেষ ধরনের ইট (Special bricks)
- ৬) পাথর (Stone)


(ঘ) মর্টার ম্যাটিরিয়াল

- ৭) মর্টার (Mortar) এ্যাক্রিলিক নির্ভর কেমিকেল বা পলিমার
- ৮) সিমেন্ট কংক্রিট (Cement Concrete)




চিত্রঃ৩.৪ (ক) গরম বিটুমিন(Hot Bitumen)

(খ) বিটুমিন শিট



(গ) প্লান্টিক শিট (Plastic sheet)

- ৩,৪ ডিপিনি বা আর্দ্রতা নিরোধক স্কর নির্মাণ কৌশল ডিপিনি বা আর্দ্রতা নিরোধক স্করটি নিজের যে কোন উপারে দেওয়া যেতে পারে।
- ১) গরম আলকাতরা বা বিটুমিন ইট ডুবিয়ে সেই ইট দিয়ে এক স্বর গীবুনি করা হলে আর্দ্রতা নিরোধক স্বর হিসাবে কাল্ক করবে।
- ২) শেওয়াল গাঁথার পূর্বে ডিডির (Plinth) উপর ১:৩ অনুপাতে সিমেন্ট ও বালির সসলার ১৯ মি মি পূর্ একটি আন্তর্ম দেওয়া যায়। এ সসলার প্রতি ব্যাগ সিমেন্টের সাথে ১ থেকে ২,৫০ কেজি 'পাডলো' মিশিরে দিতে হবে।
- ৩) দেওরাল নির্বালের শুরুতে হোট আকারের খোরা দিয়ে ১:২:৪ (সিমেন্টঃবালুঃ খোরা) অনুগাতে ২.৫ সে মি থেকে ৪ সে মি পুরু কংক্রিটের আন্তরণ দেওয়া যায়। সিমেন্ট-বালির মসসার মতো এর সাথেও 'পাতলো' মিশিরে দেওরা যায়।
- ৪) গরম আলকাতরা বা বিটুমিনের প্রলেশ দিয়ে তার উপর গলিখিন কাগন্ধ বিখিয়ে আর্প্রতা নিরোধক করা যায়।
- c) কংক্রিটের সাথে কিছু রাসায়নিক ক্ষণাউভ যথা এ্যালকেলাইন সিলিকেট (Alkaline silicate), এলুমিনিয়াস সালকেট (Aluminium sulphate), ক্যালসিয়াস ক্লোরাইড (Calcium choloride), ব্যবহার করেও আর্ম্রভা নিরোধক স্বর তৈরি করা যায়।




চিত্রখত.৫ ফ্লেন্সিবল ম্যাটিরিয়াল ডিপিসি ব্যবহার

সিভিল কণ্ট্ৰাকশন-২





চিত্রঃ ৩,৬ বিভিং এর বাইরের দেওয়ালে ডিপিসি প্রয়োগ

চিত্রের সাহায্যে আর্দ্রতা নিরোধক স্কর দেখানো হলো।



ডিপিসি





চিত্রঃ ৩.৭ আর্দ্রতা নিরোধক তার দেখানো হলো।

সিভিল কন্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। ডিপিসি এর পূর্ণ নাম কি?

২। ডিপিসি কাকে বলে?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। আর্দ্রতা নিরোধক স্তর কি?

২। ডিপিসি-র প্রয়োজনীয়তা লেখ।

রচনামূলক প্রশ্ন

১। ডিপিসি-র জন্য ব্যবহৃত উপাদান বা দ্রব্যের নাম লেখ। ডিপিসি-র নির্মাণ কৌশল চিত্রসহ বর্ণনা কর।

চতুর্থ অধ্যায় আরসিসি (RCC)

৪.১ আরসিসি

সাধারণ প্লেইন কংক্রিটের টান বল (Tension) ও শিয়ার বল (Shear) প্রতিরোধ ক্ষমতা কম। যদিও চাপ বল (Compression) সহ্য করার ক্ষমতা অনেক। প্লেইন কংক্রিট টানে বেশ ভঙ্গুর। যেখানে কংক্রিট ব্যবহার করা হয় সেখানে যদি টান বল ও শিয়ার বল সহ্য করতে হয় তাহলে কংক্রিটের এই দূর্বলতা লোহার উক্ত গুণ ব্যবহার করে বর্ধিত করা হয়। এ ধরনের কংক্রিটকে রি-ইফোর্সড সিমেন্ট কংক্রিট সংক্ষেপে আরসিসি বলে।

কংক্রিট ঢালাই করার পূর্বেই ফর্মায় ডিজাইন অনুসারে নির্দিষ্ট গ্রেডের গোলাকার (ডিফরম বা রিবড) এম এস (Mild steel) রড স্থাপন করা হয়। ঢালাই করার পর স্টিল রড ও কংক্রিট জমাটবদ্ধ হয়ে একক অভিন্ন বস্তুতে রূপান্তরিত হয়। এ কংক্রিটে এম এস রড টান শক্তি ও কংক্রিট চাপ শক্তি সরবরাহ করে। আবহাওয়া বা আগুনে যেন রড ক্ষতিগ্রন্থ না হয় সেজন্য রডের সকল পাশে আবরণ (Covering) দেওয়া হয়। আজকাল সাধারণ প্লেন (Plain Concrete) হতে রি-ইনফোর্সড সিমেন্ট কংক্রিট (RCC) অনেক বেশি ব্যবহার হয়।



চিত্রঃ ৪.১ আরসিসি এর প্রকার (প্রিসট্রেস-কক্রিট)

সিভিল কন্ট্রাকশন-২ ২৯

৪.২ আরসিসি কাজে এম এস রডের প্রয়োজনীয়তা

কংক্রিট অপেক্ষা মাইল্ড স্টিল উচ্চ শক্তি সম্পন্ন পদার্থ। টেনশন বা কম্প্রেশন সাধারণ কংক্রিট অপেক্ষা মাইল্ড স্টিলের ক্ষমতা বেশি। কারণ মাইল্ড স্টিলের ইল্ড (Yield) স্ট্রেংথ কংক্রিটের কম্প্রেসিভ (Compressive) স্ট্রেংথ হতে ১৫ গুণ ও টেনসাইল (Tensile) স্ট্রেংথ হতে ১০০ গুণেরও বেশি। এতদসত্ত্বেও মাইল্ড স্টিল ও কংক্রিটকে যদি একব্রে নির্মাণ কাজে ব্যবহার করা যায় তাহলে কমপ্রেসিভ ও টেনসাইল বল সার্থকভাবে প্রতিরোধ করা যায়। বিমের ক্ষেত্রে শিয়ার ফোর্স (Shear force) জনিত কারণে সৃষ্ট ডায়াগোন্যাল টেনশন (Diagonal tension) প্রতিরোধেও মাইল্ড স্টিল কার্যকর। কাঠামোর কমপ্রেশন মেম্বার সমূহে ন্যুনতম রি-ইনফোর্সমেন্ট ব্যবহার করা হয় বলে আক্সিক বেনডিং মোমেন্ট জনিত কারণে রি-ইনফোর্সমেন্ট যুক্ত এলাকা ফাটল মুক্ত থাকে।


এম এস ব্যবহারের সুফল পাওয়ার জন্য কংক্রিট ও এম এস রডের মধ্যে যথেষ্ট বন্ডের (Bond) প্রয়োজন। বন্ড সৃষ্টি করে কংক্রিট হতে মাইল্ড স্টিলের আপেক্ষিক সরণ ঠেকানো যায়। বন্ডের জন্য মাইল্ড স্টিলবারের পৃষ্ঠকে বিকৃত (Deform বা Ribbed) করে পারস্পরিক সংবদ্ধতার পরিমাণও বৃদ্ধি করা যায়। এরূপ বার সাধারণত অমসৃণ ও মোচড়ানোর মতো দেখতে হয়ে থাকে যাকে ডিফর্মড বা রিবড বার (Deformed বা Ribbed bar) বলে।

মাইল্ড স্টিল ও কংক্রিট একত্রে ব্যবহার করার সুবিধাসমূহ

- ১) মাইল্ড স্টিলের ক্ষয় প্রতিরোধ করার ক্ষমতা খুবই কম। মাইল্ড স্টিল রি-ইন-ফোর্সমেন্টের চারদিকে কংক্রিট প্রদান করলে চমৎকার ভাবে ক্ষয় প্রতিরোধ করা যায়।
- ২) কংক্রিটের মাঝে মাইল্ড স্টিল বার ব্যবহারে সুদৃঢ় বন্ধন সৃষ্টি করে, যাতে উভয়ে একক পদার্থ হিসাবে কার্যকর হয়।
- ৩) কংক্রিট টান পড়নে দুর্বল কিন্তু মাইল্ড স্টিল খুব শক্তিশালী, ফলে কাঠামো টান ও চাপ পড়নে সফলভাবে কার্যকর হয়।
- 8) আয়রন ছাড়া স্টিল অগ্নি রোধক নয়। এবং এটি তাপ সুপরিবাহী বলে উচ্চ তাপমাত্রায় এর শক্তি দুত হ্বাস পায়। অপরদিকে কংক্রিট তাপ কুপরিবাহী। কংক্রিট কভারিং রি-ইনফোর্সমেন্টের থার্মাল ইন্সুলেশন হিসাবে কাজ করে।
- ৫) তাপীয় গুণাজ্ঞ (Co-efficient of thermal expansion) স্টিলের ৬.৫ x ১০^{-৬} ও কংক্রিটের ৫.৫ x ১০^{-৬} প্রায় সমান বলে তাপমাত্রার পরিবর্তনের কারণে স্টিলের আপেক্ষিক সরণ ও কংক্রিটের ফাটল পরিহার করা যায়।
- ৬) স্টিলকে সহজে বীকানো , দুমড়ানো, কাটা ও ওয়েল্ডিং করা যায়।


৩০ আর্মিনি

৪.৩ শিন্টেল (Lintel), বিম (Beam), স্থাব (Slab) এ ব্যবহৃত বিভিন্ন রডের অবস্থান দেখিয়ে তাদের নাম উল্লেখ করা হলো।






চিত্রঃ ৪.২ লিন্টেলের ক্ষরস্থান




চিত্রঃ ৪.৩ লিন্টেল এবং সানশেষ্টের সেকশন।

विटमब इक्षिश




চিত্রঃ ৪.৪ বিমের সেকশন

মেইন বার নকশা (main bar arrangement)




চিত্রঃ ৪.৪ বিমের লঘা সেকশন




চিত্রঃ ৪.৫: শ্টিরাপের স্পেসিং

সিভিল কলট্রাকশন-২

Closed type



চিত্র ৪.৬: ক্লোব্দ টাইপ শ্টিরাণ




চিত্র ৪.৭: বিমের মেইন বারের স্পেলাইসিং (জোড়া) এর স্থান তীর্যক হ্যাচ দিয়ে দেখানো হয়েছে।

৩৪

স্থাব নকশা (slab rebar arrangement)


(১) স্লাবের প্রকারভেদ



চিত্রঃ ৪.৮: স্লাবের প্রকারভেদ এবং টেনশন (উপরের) রডের অবস্থান তীর্যক হ্যাচ দিয়ে দেখানো হয়েছে।


(২) স্লাব মেইন বার ব্যবস্থা

(ক) বেন্ট বার টাইপ ডিটেইলিং



সিভিন্ন কন্ট্রাকশন-২

(খ) কাট বার টাইপ



চিত্র ৪,৯: স্লাবের মেইন বারের অবস্থান এবং বেন্ড বা কাটিং এর পরিমাণ দেখানো হয়েছে।

8.৪ ন্টিরাপ (Stirrup)

বিমের উপর অর্গিত বলের কারণে তার মধ্যে টান ও চাপ পীড়নের পাশাপাশি তায়াগোনাল টেনশন (Diagonal tension) বা শিয়ার পীড়ন সৃষ্টি হয়। কংক্রিট সীমিত পরিমাণ শিয়ার পীড়ন প্রতিরোধ করতে পারলেও সৃষ্ট পীড়নের তুলনায় তা নগণ্য। কংক্রিটের বহন ক্ষমতার অতিরিক্ত শিয়ার পীড়নকে বাড়তি শিয়ার স্ট্রেস বা পীড়ন (Excess shear stress) বলে। এই বাড়তি শিয়ার পীড়ন বহনের জন্য আলাদা রি-ইনফোর্সমেন্ট ব্যবহার করা যায়। একে ভার্টিক্যাল রি-ইন-ফোর্সমেন্ট বা ওয়েব রি-ইন-ফোর্সমেন্ট বা ভিরাপ (Stirrup) বলে। সাধারণত ১০ মি মি ব্যাসের রড শ্টিরাপ হিসাবে ব্যবহার হয়। সাধারণত চার পদ্ধতিতে শ্টিরাপ প্রদান করা হয়।

ন্টিরাপের কান্ধ (Function of Stirrups) ভায়াগোনাল টেনশনের ফলে বিমে যাতে কৌণিক ফাটল সৃষ্টি না হয় তার জন্য ন্টিরাপ ব্যবহৃত হয়। ধীরে সৃষ্ট ভায়াগোনাল টেনশন এক প্রকার কৌণিক বা লব্ধি বল। এই বলকে অনুভূমিক বা খাড়া উপাংশে রূপান্তর করা যায়। বিমে অবস্থিত প্রধান লোহা অনুভূমিক বলকে প্রতিরোধ করতে পারে। কিন্তু খাড়া উপাংশ বলকে প্রতিরোধ করার জন্য বিমে খাড়াভাবে রি-ইনফোর্সমেন্ট দিতে হয়। এই খাড়া রি-ইনফোর্সমেন্ট এর প্রধান কান্ধ হলো ভায়াগোনাল টেনশন প্রতিরোধ করা। ভাছাড়া প্রধান রডকে নিজ্ঞ অবস্থান ধরে রাখা ও বীকা হওয়ার প্রবণতা প্রতিরোধ করাও ন্টিরাপের কান্ধ।

৪.৫ শ্টিরাপের অবস্থান

(Spacing of Stirrups) নিমের সূত্রগুলোর সাহায্যে স্টিরাপের ব্যবধান নির্ণয় করা যায়।

 $S = A_v f_v / v'b$

এখানে S = শ্টিরাপের ব্যবধান, সে মি

 $\mathbf{A_v}=$ ন্টিরাপের খাড়া দুই দিকের মোট প্রস্তুচ্ছেদীয় ক্ষেত্রফল, বর্গ সে মি

 $\mathbf{f_v} = \mathcal{F}$ রাপের অনুমোদনযোগ্য টান পীড়ন, কেজি/বর্গ সে মি

 $\mathbf{V} = \mathbf{f}$ বিমে উৎপন্ন একক শিয়ার পীড়ন, কেজি/ বর্গ সে মি

 $\mathbf{v}_{\mathrm{c}} = \mathbf{v}$ ক্রেটের অনুমোদনযোগ্য শিয়ার পীড়ন, কেজি/ বর্গ সে মি

 ${f v}' = {f v} - {f v}_c$ স্টিরাপ কর্তৃক বহনকৃত অতিরিক্ত শিয়ার পীড়ন, কেজি/ বর্গ সে মি

b = বিমের প্রস্থ

d = বিমের কার্যকরী গভীরতা

এছাড়া, ACI(American concrete institute code) কোড অনুযায়ী

- i) S = d/2
- ii) $S = A_v/0.0015b$

উল্লিখিত তিনটি মানের মধ্যে সর্বনিম্ন মান ধরতে হবে। সাপোর্ট থেকে S/2 দূরতে প্রথম স্টিরাপ স্থাপন করতে হবে।

বিমে যতদ্র স্টিরাপ প্রয়োজনঃ

সুত্রের সাহায্যে কতদূর পর্যন্ত স্টিরাপ প্রয়োজন তার পরিমাণ নির্ণয় করা হয়। উল্লেখ্য বিমের উপর অর্পিত লোড ও তার অবস্থান এবং প্রান্তীয় অবস্থার (End condition) উপর ভিত্তি করে দূরত্ব নিরূপণ করা হয়।

৪.৬ স্টান্ডার্ড হক (Standard hook)

আরসিসি কাঠামোর উপর অর্পিত ওজনের কারণে এম এস রড ও কংক্রিটের মধ্যে বিভিন্ন মাত্রার পীড়ন সৃষ্টি হয়। ফলে তারা পরস্পর হতে বিচ্ছিন্ন হতে চায়। রড ও কংক্রিটের মধ্যে সুদূঢ় বন্ধন সৃষ্টির জন্য ব্যবহৃত রড গুলোর প্রান্তদেশ বাঁকিয়ে দেওয়া হয়। বাঁকিয়ে দেওয়ার ফলে এবং অর্পিত বলের কারণে রডগুলো কংক্রিট থেকে বের হতে পারে না। এই বাঁকা অংশকে হক বলে। হক সমকোণী বা অর্ধবৃত্তাকার হতে পারে। সুতরাং কংক্রিট হতে রডের পিছলানো প্রতিরোধের জন্য রডের প্রান্তে সুপরিকল্পিত আদর্শ মাপ অনুযায়ী যে বাঁক তৈরি করা হয় তাকে স্ট্যান্ডার্ড হক বলে।

৪.৭ স্টান্ডার্ড হকের পরিমাপ

নিম্নে চিত্র দ্বারা পরিমাপসহ রডের স্ট্যান্ডার্ড হক দেখানো হলোঃ

- ক) অর্ধবৃত্তাকার হুক (Semi circular hook) ঃ এ জাতীয় হুকে বাঁকের ব্যাসার্ধ রডের ব্যাসের ২.৫ থেকে ৪ গুণ এবং ঐ বাঁকের শেষ প্রান্ত থেকে আরও কমপক্ষে রডের ব্যাসের ৪ গুণের সমান দৈর্ঘ্যের রড সোজা অবস্থায় রাখা হয়।
- খ) সমকোণী বা ৯০° ডিগ্রি হক (90° bend hook) ঃ সমকোণী বা ৯০ হক তৈরির জন্য এর বাঁকের ব্যাসার্ধ ২.৫ থেকে ৪ গুণ এবং বাঁকের শেষ প্রান্ত থেকে আরও কমপক্ষে ব্যবহৃত রডের ব্যাসের ১২ গুণ সমান দৈর্ঘ্যের রড সোজা অবস্থায় রাখা হয়।
- গ) 135^0 হক (135^0 hook) 135^0 হক তৈরির জন্য বাঁকা স্থানের স্থান থেকে শেষ প্রান্ত পর্যন্ত দৈর্ঘ্য ব্যাসের ১২ থেকে ১৬ গুণ হয়ে থাকে।

পিন্তিল কন্ট্ৰাকশন-২


শ্চিরাপ এবং টাই এর হকঃ শ্চিরাপ এবং টাই এর হক 90^0 বা 135^0 হয়ে থাকে। এ জাতীয় হকের ক্ষত্রে বাঁকের ব্যাসার্থ রডের ব্যাসের ২.৫ থেকে ৪ পুণ এবং মুক্ত প্রান্তে সোজা দৈর্ঘ্য রডের ব্যাস অনুযায়ী হয়। যথাঃ ১০ মি মি থেকে ২৫ মি মি ব্যাসের রডের জন্য ৬ পুণ, ২৮ মি মি থেকে ৩৫ মি মি ব্যাসের রডের জন্য ৮ পুণ এবং ৪৪ মি মি থেকে ৫৬ মি মি রডের জন্য ১০ পুণ।

RECOMMENDED END HOOKS

All grades of steel (minimum yield strengths)

- D = Finished Inside bend diameter
- d = Bar diameter

Bar Size	D	180° HOOKS		90° HOOKS
		A or G	J	A or G
#3	21/4"	5"	3"	6*
#4	3 *	6"	4"	8 "
#5	33/4"	7"	5*	10"
#6	41/2"	8"	6"	1'-0"
#7	51/4"	10"	7 "	1'-2"
#8	6 "	11"	8"	1'-4"
#9	91/2"	1'-3"	11 3/4"	1'-7"
#10	103/4"	1'-5"	1'-11/4"	1'-10"
#11	12"	1'-7"	1'-23/4"	2'-0"
#14	181/4"	2'-3"	1'-93/4"	2'.7"
#18	24"	3'-0"	2'-41/2"	3'-5"




চিত্রঃ ৪.১০ স্ট্যান্ডার্ড হকের পরিমাপ টেবিল এবং পরিমাপ দেখানো হলো।

তাঃ

SEISMIC STIRRUP/TIE HOOK DIMENSIONS

		135° Hook	
Bar Size	D	Hook A or G	H (Approx.)
#3	11/2"	4 1/4"	3"
#4	2"	4 1/2"	3″
#5	21/2"	5 1/2"	33/4"
#6	4 1/2"	8"	41/2"
#7	51/4*	9"	51/4"
#8	6"	101/2"	6"

SEISMIC STIRRUP/TIE HOOKS



চিত্ৰঃ ৪,১১: সিক্ষমিক বা ভূমিকম্প কিৱাপ বা টাই হকের পরিমাপ টেকিল এবং পরিমাপ দেখানো হরেছে।

८,৮ क्वारक बाज

বর্তমানে আমাদের দেশে বিষে ক্রাংক বা বীকানো রভের ব্যবহার প্রায় উঠেই পেছে। তবে স্লাবে এদের ব্যব্ এখনো রয়েছে। যা চিত্র ৪.৯ এ পেখানো হয়েছে। পজেটিত বা স্লাবের স্পানের মাবের স্কংশে নিচে মোনে বেশি থাকে এবং টেনশন বল কাজ করে। এজন্য মাবে বার বা রভ ব্যবহার করা হয়। কিছু এই রভ স্থবন সালোটের নিকট চলে আলে তবন উপরে বল তথা মোনেট বেশি থাকে কলে রভের পরিমাণ বেশি গিতে হয়। এমভাবহায় পজেটিতের রভকে সালোট হতে সাধারণত দৈর্ঘা/৪ দুরতে কেট করে উপরে উঠিয়ে সালোট প্র্রভ নিয়ে মাওয়া হয়। একেই ক্রাংক বার বলে। সিভিল কল্টাকশন-২

৪.৯ দুই রডের মধ্যবর্তী ন্যুনতম দূরত

বিমে ন্যুনতম বার স্পেসিং (Minimum spacing of reinforcement in the beam) ঃ বিম ডিজাইন করে এর প্রস্থ, গভীরতা ও লোহার পরিমাণ নির্ধারণ করা হয়। বিমে লম্বভাবে স্থাপিত সমান্তরাল দুইটি রডের ব্যবধান (Spacing) ACI কোড অনুযায়ী নিমর্পঃ

- ১) বিমে ব্যবহৃত রডের ব্যাসের চেয়ে কম হবে না।
- ২) কংক্রিটে ব্যবহৃত কোর্স এগ্রিণেটর সর্বোচ্চ আকারের ১.৫ গুণের কম হবে না।
- ৩) সর্বনিম্ন ২৫ মি মি এর কম হবে না।


বিমের প্রস্থ যদি এত কম হয় যে সীমিত মাপের জন্য এক স্তরে পাশাপাশি রড বসালে কোর্স এপ্রিণেট ঢুকানোর ফাঁক না থাকে তাহলে রডকে দুই স্তরে সাজাতে হবে। নিচের স্তরের রডের ২৫ মি মি ঠিক উপরেই দিতীয় স্তরের রড বসাতে হবে। কংক্রিট ঢালাই এর পূর্বেই রডগুলোকে সঠিক স্থানে বসিয়ে এম এস রডের চেয়ার বা কংক্রিট ব্লক দ্বারা উন্তমরূপে আটকিয়ে নিতে হবে। অনেক ক্ষেত্রে ২২ মি মি ব্যাসের রডের টুকরা সেপারেটর হিসাবে ব্যবহার করা যেতে পারে। ফলে কংক্রিট ঢালাই করার সময় রডগুলোর স্থানচ্যুতি হবে না।

৪.১০ রডের ল্যাপিং এর ব্যবহার

বিম, কলাম, স্লাব এ রড ব্যবহার করার সময় রড জোড়া দেওয়ার প্রয়োজন হয়। এ সময় একটি রডের শেষ প্রান্ত অপর রডের শুরুর প্রান্ত নির্দিষ্ট মাপ পরিমাণ একরে থাকে। একে রডের ল্যাপিং বলে। বিমের নিচে এবং উপরে অর্থাৎ টেনশন ও কমপ্রেশন জোনে হিসেব করে কোড মোডাবেক এর পরিমাণ নির্ণয় করতে হয়। ল্যাপের পরিমাণ রডের ব্যাসের উপর নির্ভর করে। ল্যাপের স্থানে একটি রড সোজা থাকে এবং অপরটি ১:৬ অনুপাতে বাঁকাতে হয়। বিমে একটি রডের সাথে আর একটি রড জোড়া দিতে কমপক্ষে ব্যাসের ৩০ গুণ পরিমাণ ল্যাপ দিতে হবে। এক্ষেত্রেও নিয়ম অনুযায়ী হক থাকবে।



চিত্র ৪.১২: টাই বা জ্বোড়া ধরনের ল্যাপিং




S: Distance of Rebar

Ls: Tying length of Tension bar

চিত্রঃ ৪.১২: উলম্ব তলে কেলামে) ল্যাপিং এর ব্যবস্থা দেখানো হয়েছে

(b) Folded tying of horizontal rebar

Example) Length of folded tying to be extended of vertical & horizontal rebar



Diameter	Length
HD10	400
HD13	520
HD16	640
HD19	760

চিত্রঃ ৪.১১: অনুভূমিক তলে ল্যাপিং এবং বিভিন্ন ভারার রভের জন্য ল্যাপিং এর পরিমাপ টেবিলে দেখনো হয়েছে।

৪.১১ আরসিসি এর ব্যবহার ক্ষেত্রঃ

এটি ব্যাপকভাবে ব্যবহৃত নির্মাণ সামগ্রী। নিম্নে এর গুরুষপূর্ণ কিছু ব্যবহারের তালিকা দেওয়া হলোঃ ১। এটি কাঠামোর উপাদান হিসেবে ব্যবহৃত হয়। একটি স্থাপনায় নিমন্ত্রপ আরসিসি ব্যবহার হয়। যথাঃ

- (ক) ফুটিং বা ডিভে
- (খ) কলাম
- (গ) বিম এবং লিন্টেল
- (য) ছাদে
- (%) সিঁড়িতে

- ২। গুদাম বা সংরক্ষণের কাঠামো তৈরিতে আরসিসি ব্যবহার হয় যেমন-
- (ক) পানির ট্যাংক
- (খ) ড্যাম
- (গ) ডাস্টবিন
- (ঘ) সাইলো এবং ব্যাংকার
- ৩। অনেক বড় স্থাপনা নির্মাণে আরসিসি ব্যবহার হয় না যেমন-
- (ক) ব্রিজ
- (খ) রিটেইনিং ওয়াল
- (গ) ডক এবং পোতাশ্রয়
- ৪। প্রিকাস্ট এর জন্য ব্যবহার হয় যেমন-
- (ক) রেলওয়ের স্লিপার
- (খ) ইলেক্ট্রিক্যাল পোল
- ৫। সুউচ্চ স্থাপনা নির্মাণে
- (ক) বহুতল ভবন
- (খ) চিমনি
- (গ) টাওয়ার
- ৬। এটি পেভিং এর জন্য ব্যবহার হয়। যেমন-
- (ক) রাম্ভা
- (খ) এয়ারপোর্ট
- ৭। আণবিক শক্তি উৎপাদনে রেডিয়েশন বন্ধে আরসিসি ব্যবহার করা হয়। (প্রায় ১.৫ মিটার হতে ২ মিটার পুরু)

৪.১২ আরসিসি কাজে ফর্ম ওয়ার্কের কৌশল

ফর্ম ওয়ার্ক তৈরি একটি অস্থায়ী নির্মাণ কাজ যা কাঠামোর মোল্ড হিসেবে ব্যবহার হয়। নতুন কংক্রিট এ মোল্ডে ঢালা হয় তা শক্ত হওয়ার পূর্ব পর্যন্ত ফর্ম ওয়ার্ক খোলা হয় না। এটা তৈরি করতে সময় এবং ব্যয় প্রায় মূল কাঠামোর ২০-২৫% খরচ হয়। কিন্তু ডিজাইন করা ফর্ম ওয়ার্কে খরচ বীচানো সম্ভব হয়। ফর্ম ওয়ার্ক খুলে ফেলাকে স্ট্রিপিং (stripping) বলে। যে ফর্ম ওয়ার্ক বার বার ব্যবহার করা হয় তাকে প্যানেল ফর্ম বলে। যে ফর্ম ওয়ার্ক একবার ব্যবহার করা হয় তাকে স্টেশনারি ফর্ম বলে।

আমাদের দেশে সাধারণত কাঠ ফর্ম ওয়ার্কের মাধ্যম হিসেবে বেশি ব্যবহার করা হয়। কিন্তু এর অসুবিধা হচ্ছে কাঠের ফর্ম ওয়ার্ক বাঁকা, মোচড়ানো ও সংকুচিত হয়ে যায়। এছাড়া প্লাই উড, স্টিল, প্লাস্টিক, এ্যালুমিনিয়াম ফর্ম ওয়ার্ক বর্তমানে বেশ সুপরিচিত।





চিত্রঃ ৪.১২ প্যানেল (শ্তিল) ফর্ম ওয়ার্ক এ্যালুমিনিয়াম ফর্ম ওয়ার্ক



চিত্রঃ ৪.১৩ কাঠের ফর্ম ওয়ার্ক



চিত্ৰঃ ৪.১৪ প্লাই উড ওয়াৰ্ক



ित 8.50 ध्रांचिक सर्व **स्मार्क**

कर्न ७ग्रार्क निर्माण

সাধারণত নিম্নদিখিত খাপগুলো কর্ম ওয়ার্ক নির্বাদে কার্যকর। যথাঃ-

- ১। প্রশিং এবং সেটারিং (Propping and centring)
- ২। সাটারিং (Shuttering)
- ভ। ক্যাম্বারিং (Provision of camber)
- ৪। গরিষার ও গৃষ্ঠতকের ফিন্সেন্ট (Cleaning and surface treatment)



চিত্ৰঃ ৪.১৬ শ্টিল প্ৰদ

৪৪



চিত্রঃ ৪.১৭ বিমের সেটারিং



চিত্রঃ ৪,১৮ কলাদের ফর্ম ওয়ার্ক ও সেন্টারিং

সিন্তিল কল্টাকশন-২



চিত্রঃ ৪.১৯ ফ্রাবের স্পেটারিং ও ফর্ম ওয়ার্ক

কর্ম ওয়ার্ক খোলার পছতি এবং ধারাবাহিকতা নিম্নরূপ

- ১। প্রথমে দেওয়াল, বিম এবং কলামের উলম্ব কেস বরাবরের সাটারিং খুলতে হবে। যেহেতু এরা কোন লোড বা ভার বহন করে না বরং শুধু কংক্রিট ধরে রাখে।
- ২। এরপর স্লাবের নিচের সাটারিং খুলতে হবে।
- ৩। বিম, গার্ডার, ও অন্যান্য তুলনামূলক ভারী চেম্বার হতে সর্বশেষে সাটারিং খুলতে হবে।

দুত শক্ত আনমনকারী সিমেন্ট, পরম আবহাওয়া এবং কম লোড বা ভারের ক্ষেত্রে কম সময়ে ফর্ম ওয়ার্ক খোলা যায়। যতক্ষণ সব কংক্রিট তাদের কাঞ্চিল্ড স্ট্রেছ এর দ্বিপুণ পর্যন্ত শৌছাবে না ততক্ষণ ফর্ম ওয়ার্ক খোলা যাবে না। ফর্ম ওয়ার্ক সাবধানে ধীরে ধীরে খুলতে হবে যাতে লোড হঠাৎ কংক্রিটে না যায়। ৪৬

টেবিলঃ ৪.১- ফর্ম ওয়ার্ক খোলার সময়কাল (আই এস ৪৫৬ অনুসারে)

ক্র.না.	কাঠামোর বর্ণনা	সময়কাল
۵	দেওয়াল, কলাম, বিমের উলম্ব পাশ	১ হতে ২ দিন
২	স্লাব (প্রোপ নিচে থাকবে)	৩ দিন
9	বিমের নিচে (প্রোপ নিচে থাকবে)	৭ দিন
8	স্লাব হতে প্ৰোপ খোলা	
	(a)স্লাব স্প্যান ৪.৫ মিটার পর্যন্ত	৭ দিন
	(b) স্লাব স্প্যান ৪.৫ মিটার হতে বেশি	১৪ দিন
œ	বিম এবং আর্চের প্রোপ খোলা	
	(a) স্প্যান ৬ মিটার পর্যন্ত	১৪ দিন
	(b) স্প্যান ৬ মিটার হতে বেশি	২১ দিন


৪.১৩ টাই ও স্পাইরেল বার

কমপ্রেশন চেম্বারে টাই (বর্গাকৃতির কলামের ক্ষেত্রে) বা স্পাইরাল বার (গোলাকৃতির কলামের ক্ষেত্রে) ব্যবহার করা হয় যেন কংক্রিট হঠাৎ ভেঙ্গে না পড়ে এবং খাড়া স্টিল বারগুলোকে বাকেলিং (buckling) বা বেঁকে যাওয়া হতে বাঁধা দেয়।


টাই বার

১। বর্গাকৃতির কলামের টাই কমপক্ষে ১০মিলি হবে যদি উল্লম্ব রডের ডায়া ৩২ মিলি বা ছোট হয় এবং ১২ ^{মিলি হবে} যদি উলম্ব রড ৩২ মিলি এর বেশি হয়।

- ২। টাই এর নূন্যতম দূরত নিমের তিনটির মধ্যে সবচেয়ে কম
- (ক) ৪৮ x টাই ভায়ামিটার
- (খ) ১৬ x খাড়া রডের ডায়ামিটার
- (গ) কলামের ছোট পাশের মাপ।



চিত্ৰঃ ৪,২০ কৰাৰ কলাকের টাই কার



চিত্রঃ ৪.২১ স্করার কলাদের টাই বার

স্পাইরাল বার

স্পাইরাল বারের ন্যূনতম অনুপাত, ho_s (ACI code অনুসারে)

 ho_s = 0.45 (Ag/Ac-1)f'c/fy Ag= gross area of section Ac= area of core of spirally column fy= yield strength of rebar <= 60 ksi

- ১। স্পাইরালের mim ডায়ামিটার = ১০ মিলি
- ২। ন্যুনতম দূরত্ব ৭৫ মিলি হতে বেশি এবং ২৫ মিলি হতে কম হবে না।
- ৩। ওয়েল্ডিং (ওয়েল্ডিং যোগ্য হতে হবে) বা ল্যাপিং ৪৮x ডায়ামিটার বা কমপক্ষে ১২ ইঞ্চি দিয়ে স্পাইরাল বার দেওয়া হয়।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। আরসিসি কাকে বলে?
- ২। স্টিরাপ এর সংজ্ঞা দাও।
- ৩। স্ট্যান্ডার্ড হকের সংজ্ঞা দাও।
- ৪। ক্রাংক বার কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। স্টিরাপের অবস্থান নির্ণয় কর।
- ২। রডের ল্যাপিং এর ব্যবহার লেখ।
- ৩। লিন্টেল, বিম, স্লাব -এ ব্যবহৃত বিভিন্ন রডের নাম লেখ।


রচনামূলক প্রশ্ন


- ১। আরসিসি কাজে রড ব্যবহারের প্রয়োজনীয়তা বর্ণনা কর। আরসিসি এর ব্যবহার ক্ষেত্রগুলো উল্লেখ কর।
- ২। স্ট্যান্ডার্ড হকের পরিমাপ চিত্রসহ বর্ণনা কর এবং দুইটি রডের মধ্যবর্তী দূরত্ব কেমন হবে তা বর্ননা কর।
- ৩। আরসিসি কাজে ফর্ম ওয়ার্কের কৌশল বর্ণনা কর। টাইবার ও স্পাইরাল বার সম্পর্কে বিবরণ দাও।

পঞ্চম অধ্যায় স্লাম্প টেন্ট


৫,১ करक्रिकेंब सान्त्र (Slump in Concrete)

সদ্য প্রকৃত কংক্রিট নির্দিষ্ট উচ্চতায় কুপাকারে রেখে দিলে কিছুক্রণ পর তা প্রাথমিক উচ্চতা ব্যরাবে অর্থাৎ কুলের পতন হবে। চুলের পতনের পর বে উচ্চতা পাওয়া যাবে তা প্রাথমিক উচ্চতা থেকে কম হবে। প্রাথমিক উচ্চতা ও পতনের পর বে উচ্চতা পাওয়া যাবে উচ্চয়ের পার্ক্তকে স্লাম্প (Slump) নদা হয়। কংক্রিটের ভারত্য ও প্রয়োগ সক্ষতা নির্ধারণ করতে নন্ডির পরিমাণ জানা প্রয়োজন।





চিত্ৰঃ ৫,১ কংক্ৰিট, মটীর এবং গ্রাউটের স্লাম্প



True Slump Zero Slump Collapsed Slump Shear Slump potentially potentially non-plastic non-cohesive center

চিত্রঃ ৫.২ ACI অনুসারে স্লাম্পের প্রকারভেদ

৫.২ স্লাম্প বা নতি টেপ্ট (Slump test)
পৃথিবীর সর্বত্রই নির্মাণ সাইটে (At site) ব্যাপকভাবে এই পরীক্ষা করা হয়। নতি পরীক্ষা দারা কংক্রিটের কার্যোপযোগিতা (Workability) সরাসরি নির্ণয় করা যায় না । তবে পরোক্ষভাবে এই পরীক্ষা কংক্রিটের কার্যোপযোগিতা নির্ণয়ে সহায়ক।

৫.৩ স্লাম্প বা নতি টেস্ট (Slump test) এর প্রয়োজনীয়তা

মূলত ল্যাবে বা মাঠ পর্যায়ে তৈরিকৃত কংক্রিটের মানের ধারাবাহিকতা এবং কার্যোপায়োগিতা জ্ঞানাই এই টেন্টের উদ্দেশ্য। অতি দুত, সম্ম থরচে এবং কম দক্ষ লোক দিয়ে এই টেন্ট সম্পাদন সম্ভব হয়। কোন কাজ্ঞের ঢালাই চলাকালে যে মিশ্রণ তৈরি করা হয় তা হতে নমুনা নিয়ে নতি পরীক্ষা করলে সমতা (Uniform) বজ্ঞায় আছে কি না বোঝা যায়। পানি-সিমেন্ট অনুপাতের উপর নতির মান নির্ভর করে। সুতরাং কার্যস্থলে প্রাপ্ত কংক্রিটের নতি থেকে পানি-সিমেন্ট অনুপাত ঠিক আছে কিনা জ্ঞানা যাবে। উল্লেখ্য পানি-সিমেন্ট অনুপাত কংক্রিট তৈরিতে মুখ্য বিবেচ্য বিষয়। কংক্রিটের গুখগত মান কম সময়ে জ্ঞানতে সহায়তা করে।

সিভিল কন্টাকশন-২



চিত্রঃ ৫.৩ টু স্লাম্প এবং জিরো স্লাম্পের ছবি।

৫.৪ বিভিন্ন প্রকার কাচ্ছের জন্য অনুমোদনযোগ্য নতির মান নিম্মরুপ

টেবিলঃ ৫.১- কংক্রিট তৈরির কাঙ্গের জন্য অনুমোদিত স্লাস্পের বা নতির মান

ক্রমিক নং	কংক্রিটের ব্যবহার	অনুমোদিত স্লাম্পের বা নতির মান
۵	সিমেন্ট কংক্রিট সড়ক	২ থেকে ৪ সে মি
২	আর সি সি, স্লাব, বিম, কলাম ও দেওয়াল	৫ খেকে ৭ সে মি
9	ভিন্তি ও স্লাব	৫ থেকে ৭.৫ সে মি
8	আর সি সি ছাদের কাজ	২.৫ থেকে ৫ সে মি
Œ	বীধ বা অনুরূপ ভারী ঢালাই কাজ	২.৫ খেকে ৭.৫ সে মি

৫.৫ স্লাম্প বা নতি পরীক্ষার পদ্ধতি


নতি পরীক্ষার জন্য নতি কোণ (Slump cone) ব্যবহার করা হয়। এটি ধাতব পাত নির্মিত সিলিভার আকৃতির একটি চোঙ বিশেষ। এর উপরিভাপের ব্যাস ১০ সে মি তলার ব্যাস ২০ সে মি এবং উচ্চতা ৩০ সে মি। সিলিভারটির উভয়দিকই খোলা। সদ্য প্রস্তুত কংক্রিট দ্বারা ভরাট করার পর নতি কোণটি উপরের দিকে উঠানোর জন্য দুই পাশে দুইটি হাতল লাগানো থাকে।


৫২



চিত্ৰঃ ৫.৪ স্লাম্প টেক্টে ব্যবহৃত যক্ষপাড়ি

১। নতি কোনটকে একটি সমতল প্রাটকর্ম বা নিশ্চিদ্র তদের উপর রাখা হয় এবং চারটি তরে কংক্রিট দ্বারা ভর্তি করা হয়। প্রতি তর কংক্রিট ২০ সে মি লঘা এম এস রত দ্বারা কমপক্ষে ২৫ বার আঘাত করে দৃটীকরণ করা হয়। কংক্রিট ভর্তি কোপটির (Cone) উপরিভাগ কুর্ণির (Trowel) সাহায্যে সমান করা হয়। এবার কোপটি ধীরে ধীরে উপরের দিকে তুলে নিলে কংক্রিটের ভুপ কিছুটা বসে যাবে। কংক্রিট ভূপের এই বসে যাওরার বা গতনের গভীরতাকে রাম্প (Slump) বলে।





চিত্রহ৫.৫ স্লাম্প টেক্টের পদ্ধতি

সিভিল কন্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। স্ল্যাম্প (slump) কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। স্ল্যাম্প টেম্টের প্রয়োজনীয়তা উল্লেখ কর।

রচনামূলক প্রশ্ন

১। স্ল্যাম্প টেস্ট কাকে বলে? স্ল্যাম্প টেস্ট পরীক্ষার পদ্ধতি বর্ণনা কর।

ষষ্ঠ অধ্যায় জল ছাদ

৬.১ জল ছাদ (Lime terracing)

ইমারতের ছাদ থেকে পানি চুইয়ে ঘরের মেঝেতে পড়ার আশব্জা হতে রক্ষা এবং রৌদ্রের তাপ প্রতিহত করার জন্য ছাদের স্লাবের উপরে যে আচ্ছাদন দেওয়া হয় তাকে জল ছাদ (lime terracing) বলে।

ইমারতের ছাদের টালি, ইট বা কংক্রিটের উপর বৃষ্টির পানি প্রত্যক্ষভাবে পড়লে বা ছাদে জমা হলে তা চুইয়ে ঘরের মেঝের উপর পড়ার আশজ্ঞা থাকে। উপরন্তু রি-ইনফোর্সড সিমেন্ট কংক্রিটের স্লাবের এম এস রড (M. S. rod) কে মরিচা ধরিয়ে ছাদকে ক্ষতিগ্রস্ত করতে পারে। এটি প্রতিরোধ করার জন্য ছাদের সিমেন্ট কংক্রিট স্লাবের উপরে খোয়া, চুন, সুরকি কংক্রিটের (lime concrete) স্তর বিছিয়ে অন্তত ৭.৫ সে মি পুরু রেখে পানি গড়ানোর জন্য ঢালু করে দেওয়া হয়। একে জল ছাদ(lime terracing) বা সংক্ষেপে 'টেরাসিং' বলে। সংক্ষেপে বলা যায় চুন, সুরকি, খোয়া (২:২:৭) অনুপাতে মিশ্রিত করে কাঠামোর সর্বোপরি অংশ অর্থাৎ ছাদের উপর পানি ও তাপ প্রতিরোধের জন্য যে স্তর প্রয়োগ করা হয় তাকে জল ছাদ বলে। এটি রৌদ্রের তাপ প্রতিহত করে ঘরকে ঠান্ডা রাখতেও সহায়তা করে। জল ছাদের ঢাল সাধারণত ৫ ফুটে ১ ইঞ্চি অর্থাৎ "1 in 60" রাখা হয়।

জল ছাদের মালামালের অনুপাত ২:২:৭ (চুনঃ সুরকিঃ খোয়া)। জল ছাদের চারপাশের কিনারায় ১০ সে মি ব্যাসার্ধের গোল করে প্যারাপেট এর সাথে মিলান হয়, একে ঘুন্ডি (ghundi) বলে।

৬.২ জল ছাদের প্রয়োজনীয়তা জল ছাদের প্রয়োজনীয়তা নিমুরূপঃ

- ১) বৃষ্টিপাত ও তুষারপাতের কারণে পানি প্রবেশে বাধা দান করা।
- ২) রৌদ্রের তাপে ছাদ উত্তপ্ত হওয়ার হাত থেকে রক্ষা করা।
- ৩) দালানকে অগ্নিপ্রতিরোধে সহায়তা করা।
- ৪) পানি নিরোধক করার কারণে ছাদের ভিতরকার রড মরিচা ধরার হাত থেকে রক্ষা করা।
- ৫) ছাদের পানিকে দুত সরিয়ে দিয়ে উত্তম নিয়াশন ব্যবস্থা নিশ্চিত করা।
- ৬) ইমারতের স্থায়িত বৃদ্ধি করে।

৬.৩ জল ছাদ নির্মাণে ব্যবহৃত মালামালের তালিকা জল ছাদ নির্মাণে ব্যবহৃত মালামালের তালিকা নিম্নে উল্লেখ করা হলো।

- ১) চুন (lime)
- ২) সিমেন্ট (cement)
- ৩) সুরকি (surki)
- 8) মোলাসেস (molasis)
- ৫) তেঁতুল (tamarind)

সিভিল কন্সট্রাকশন-২

৬.৪ জল ছাদ নির্মাণের কৌশল জল ছাদ নির্মাণের কৌশল ধাপে ধাপে বর্ণনা করা হলো।

পৃষ্ঠ তলের অবস্থানঃ জল ছাদ নির্মাণের পূর্বে পৃষ্ঠদেশ ভালোভাবে সরেজমিনে পর্যবেক্ষণ করতে হবে
 এবং দেখতে হবে যেন তাতে কোন প্রকার তৈল কিংবা শেওলা জাতীয় পদার্থ না থাকে।

- পৃষ্ঠদেশ প্রস্তুতঃ তৈল কিংবা শেওলা জাতীয় পদার্থ থাকলে তা ব্রাশের সাহায্যে ভালোভাবে পরিস্কার
 করতে হবে। পৃষ্ঠতল পরিস্কার না করে ঢালাইয়ের কাজ আরম্ভ করা যাবে না।
- মিশ্রণ প্রস্তুতকরণ ও প্রয়োগঃ প্রথমে নির্দিষ্ট অনুপাতে (২:২:৭) চুন, সুরকি, ও খোয়া (১ম শ্রেণির ইটের) শুকনো অবস্থায় ভালভাবে কোদাল বা বেলচা দ্বারা মিশ্রিত করে নিতে হবে। মিশ্রণ সুষম রংয়ের না হওয়া পর্যন্ত ওলট পালট করতে হবে। সুষম রং ধারণ করার পর তাতে প্রয়োজন অনুপাতে পানি মিশ্রিত করে ভিজা মসলা বানাতে হবে। এই মসলাকে ৩ থেকে ৭ দিন পর্যন্ত বিভিন্ন সময়ে কোদাল দ্বারা ওলট পালট করতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন চুন পানি সহয়োগে বের হয়ে না যায়। তারপর ছাদের উপর ডিজাইন মোতাবেক উচ্চতায় ছড়িয়ে স্থাপন করে কায়িক শ্রমের দ্বারা পিটিয়ে দুরমুজ করতে হবে। যতক্ষণ পর্যন্ত ভালোভাবে জমাটবদ্ধ না হবে ততক্ষণ পর্যন্ত পিটানোর কাজ চালিয়ে যেতে হবে। মিশ্রণের সাথে পানি প্রয়োগের সময় তাতে তেঁতুল মিশাতে হবে।

১:১ অনুপাতে চুন ও সিমেন্ট মিশিয়ে মসলা তৈরি করে কর্ণি দ্বারা জল ছাদের উপর প্রলেপ দিতে হবে। এতে জলছাদ সম্পূর্ণরূপে পানিরোধী হবে বলে আশা করা যায়।


ছাদের পানি নিষ্কাশন

ছাদ পিটিয়ে যতই নিশ্ছিদ্র করা হোক না কেন চুল সাদৃশ্য ফাটল থাকলেও পানি অনুপ্রবেশ করতে পারবে। অতএব যত দুত ছাদে জমা পানি নিষ্কাশনের ব্যবস্থা করা যাবে ততই মঞ্চল। তাই প্যারাপেট (Parapet) দেওয়ালের দিকে ছাদকে ক্রমশ ঢালু করতে হবে। প্যরাপেট (Parapet) দেওয়ালের ছিদ্র দিয়ে পানি উলম্বতলে স্থাপিত খাড়া পাইপের মাধ্যমে দালানের আশে পাশে নর্দমা বা ডেনে ফেলতে হবে। খাড়া এই পাইপটিকে বৃষ্টির পানি নিষ্কাশন পাইপ (Rain water down pipe) বলে। এটি কাস্ট (Cast iron) বা সিমেন্ট কংক্রিটের, ইউপিভিসির তৈরি হতে পারে। শহর এলাকায় ডেনের পানি রাম্ভার নিচে স্থাপিত সিউয়ার লাইনের মাধ্যমে নিষ্কাশন করা হয়।

- ৬.৫ জল ছাদের বিকল্প দ্রব্যাদি
- ১। লিকুইড অ্যাপ্লাইড মেমব্রেন (Liquid-applied membranes)
 - বিটুমিন বেইজড পলিমার বেইজড (চিত্র ৬.১)
- ২। প্রিফরমড শিট মেমব্রেন (Pre-formed sheet membranes)
 - SBS (চিত্র ৬.২), APP, PVC ইত্যাদি।
- ৩। মাইক্রোফাইবার রিইনফোর্সড এক্রিলিক বেজড ফ্লেক্সিবেল ওয়াটার প্রুফ কোটিং (microfibre reinforced acrylic based flexible waterproof coating)
- ৪। ওয়াটার বেজড ওয়াটার রেপ্লেন্ট প্রায়মার



চিত্ৰঃ ৬.১ লিকুইড জ্যাপ্লাইড সেমব্ৰেন



চিত্রঃ ৬.২ প্রিকরমড শিট মেমরেন (SBS)

সিভিগ কণ্টাকশ্ন-২



টিব্রঃ ৬.৩ প্রিকরমড শিট মেসব্রেন (পিভিসি)



চিত্রঃ ৬.৪ বাইক্রোফাইবার রিইনফোর্সড এক্রিনিক বেচ্চড ফ্রেক্সিকেল ওয়াটার পুরু কোটিং

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। জলছাদ কাকে বলে?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। জলছাদের প্রয়োজনীয়তা বর্ণনা কর।

রচনামূলক প্রশ্ন

১। জলছাদ নির্মাণে ব্যবহৃত মালামালের তালিকা তৈরি কর। জলছাদ নির্মাণ কৌশলের বিস্তারিত বিবরণ দাও। জলছাদের বিকল্প দ্রব্যাদি কি কি উল্লেখ কর।

সপ্তম অধ্যায় প্রাস্টারিং

৭.১ প্লান্টার (Plaster)

সাধারণত বাড়ি বা দেওয়াল নির্মাণের পর কিছু সৌন্দর্যবর্ধক কাজ করা হয়। প্লাস্টার এ জাতীয় কাজের একটি। পানি, বালি ও বন্ধনী পদার্থ(সিমেন্ট বা চুন) সহযোগে তৈরি মসলা (Morter) দ্বারা কোন গাত্রে যেমনঃ-বিম, কলাম, দেওয়াল, ছাদ বা ছাদের তলায়) যে পাতলা আবরণ দেওয়া হয় তাকে পলেন্ডরা (Plaster) বলে। এই কাজ করাকে বলা হয় 'প্লাস্টারিং'। প্লাস্টার করার পর অবশ্যই উত্তমরূপে 'কিউরিং' করতে হয়।

প্লাস্টারিং এর উদ্দেশ্য

প্লাস্টার করার বা প্লাস্টারিং এর উদ্দেশ্যগুলো নিম্নে উল্লেখ করা হলো।

- ১) অসমতল গাত্রতলকে সমতল করা এবং বাইরের পানি প্রবেশ রোধ করা।
- ২) নির্মাণ কাজে গাত্রের সৌন্দর্য বৃদ্ধি করা এবং চুনকাম ও ডিস্টেমপার প্রয়োগের জন্য গাত্রতল তৈরি করা।
- ৩) কক্ষের ভিতরের দেওয়াল ধূলাবালি মুক্ত রেখে পরিস্কার পরিচ্ছন্নতা রক্ষায় সহায়তা করা।
- নির্মিত অবকাঠামোর গাত্রতলকে আর্দ্র বা স্যাতস্যাতে হওয়া থেকে রক্ষা করা।
- ৫) দেওয়ালের জোড়া (Joint) ও বুটিপূর্ণ গাত্রতল ঢেকে ফেলা।

৭.২ প্লাস্টারের প্রকারভেদ (Classification of plaster)

নিম্নে বিভিন্ন প্রকার প্লান্টারের নাম উল্লেখ করা হলো। উল্লেখ্য বর্তমানে লাইম প্লান্টার (Lime plaster) ও সিমেন্ট প্লান্টার (Cement plaster) ছাড়া অন্যান্য প্লান্টারের তেমন ব্যবহার নেই

- ১) চুন প্লাস্টার (Lime plaster)
- ২) সুরকি প্লান্টার (Surki plaster)
- ৩) চুন, সুরকি প্লাস্টার (Lime-Surki plaster)
- ৪) চুনের পুটি (Lime putty)
- ৫) সিমেন্ট প্লান্টার (Cement plaster)
- ৬) জিপসাম প্লাস্টার (Gypsum plaster)
- ৭) মোজাইক প্লাস্টার (Mosaic Plaster)
- ৮) মোগল প্লাস্টার (Moghal plaster)
- ৯) কাদার প্লাস্টার (Mud plaster)

৬০ প্লাস্টারিং

৭.৩ বিভিন্ন প্রকার প্লাস্টারের উপাদান ও অনুপাত

৭.৩.১ চুন বালি প্লাস্টার (Lime plaster)

পাথুরে চুনে প্রথমে পানি মিশিয়ে উত্তমরূপে ফুটিয়ে নিতে হবে। চুনে যদি মাটি বা কাকরের টুকরা থাকে তাহলে বেছে ফেলে দিতে হবে। এরপর ফুটানো চুনকে পানিতে মিশিয়ে নাড়তে হবে। তখন চুন আন্তে আন্তে নিচে থেতিয়ে পড়বে। এখন উপর থেকে পানিটা ফেলে দিয়ে নিচে জমানো মাখনের মতো চুন নিয়ে প্রয়োজন মতো বালি যোগ করতে হবে। এই জাতীয় প্লান্টারে একভাগ বালি এবং একভাগ চুন ব্যবহার করা হয়। এর সাথে কিছু সিমেন্ট মেশালে উত্তম ফল পাওয়া যায়। এই চুন বালির মসলা দ্বারা প্লান্টার করার পদ্ধতি সিমেন্ট মসলার অনুরূপ। শুধু কিউরিং এর কাজ সাতদিনের পরিবর্তে চারদিন করলেই চলবে।

৭.৩.২ সিমেন্ট বালির প্লান্টার (Cement plaster)

প্লাম্টারের কাজে ব্যবহৃত বালি কংক্রিটে ব্যবহৃত বালির মতো মোটা দানার হলে ভালো না হলেও ক্ষতি নেই। তবে অতি মিহি দানার বালি ব্যবহার করা ঠিক হবে না। বালিতে বিদ্যমান অপদ্রব্য (Foreign materials) যথাঃ- কাঁকর, গাছের শিকড়, ও মাটি থাকলে তা প্রথমে চালুনি দিয়ে চেলে নিতে হবে নতুবা পানিতে ধুয়ে নিতে হবে।

প্লাম্টারের পুরুত্ব কত হবে বা সিমেন্ট-বালি অনুপাত কি হবে তা কাজের পুরুত্বের উপর নির্ভরশীল। সাধারণত দালানে ১: ৬, ডেনে ১ :৪, রিজার্ভ ট্যাংক এবং সেপটিক ট্যাংক ইত্যাদিতে ১:৩ অনুপাতে সিমেন্ট-বালি ব্যবহার করা হয়। মসলা তৈরিতে পানি-সিমেন্ট অনুপাত যথাযথভাবে মেনে চলা উচিৎ, কারণ এটি অতিব গুরুত্বপূর্ণ। ব্যবহৃত পানির পরিমাণ ও গুণাগুণের উপর প্লাম্টারের শক্তি অনেকাংশে নির্ভরশীল। সাধারণত প্রতি ব্যাগ সিমেন্টের জন্য ৫.৫ থেকে ৭ গ্যালন পানি ব্যবহার করা হয়ে থাকে।

প্রথমে সিমেন্ট ও বালি অনুপাত অনুযায়ী মেপে একটি নিশ্ছিদ্র প্লাটফর্মে শুকনো অবস্থায় কোদাল বা বেলচা দিয়ে ভালোভাবে মিশিয়ে নিতে হবে। মিশ্রণ এমন হবে যেন রং সুষম হয়। মিশ্রণ শেষে তাকে কোদাল বা বেলচা দ্বারা স্থপাকার করে মাঝখানে কিছুটা গর্ত করে নিতে হবে। আন্তে আন্তে গর্তে পানি দিলে মিশ্রণ তা শুষে নিবে। শুষে নেওয়ার কারণে মিশ্রণ ক্রমশ নরম হতে থাকবে। পানি দেওয়ার সাথে সাথে চারদিক থেকে উপাদানগুলো মাঝখানের দিকে তুলে দিয়ে গর্তের পাড়কে উচু করতে হবে। পানি ভিতরে প্রবেশ করার জন্য কোদাল দিয়ে আলগা করে দিতে হয়। পানি ধীরে ধীরে সংযোজনের ফলে এবং উপাদানগুলো বার বার ওলট পালট করে দেওয়ায় সুষম ও সঠিক মসলা তৈরি হবে।

সাধারণত ২৫০ মি মি দেওয়ালের বাইরের গায়ে ১২ মি মি এবং ভিতরের গায়ে ১৯ মি মি প্লাস্টার দেওয়া হয়। ১২৫ মি মি বা ৩৭৫ মি মি দেওয়ালের উভয় পার্শ্বে ১২ মি মি পুরু প্লাস্টার ব্যবহার করা হয়। সিলিং, সানশেড, লিনটেল ও ছাদে ৬ মি মি পুরু প্লাস্টার ব্যবহার করা হয়। সিষ্টিল কল্ট্ৰাক্শৰ-২

৭,৪ প্রান্টারের কাচ্ছে ব্যবহৃত বস্থপাতি

নিমে প্লান্টারের কান্ধে ব্যবহৃত বয়পান্তির ভালিকা দেওয়া হলোঃ

- ১) কোদাল
- ২) কৰ্ণি
- ৩) বেলচা
- ৪) উৰা
- ৫) কড়াই
- ৬) তাবের রাশ
- ৭) উপকরণ মাপার বাক্স
- ৮) ছাম
- ৯) বালভি
- 70) **(III**)
- 55) **국학**
- ১২) বালি চালুনি



৭.৫ নতুন ও পুরাতন গারতলে প্লান্টার প্রয়োগ

প্লান্টারের স্থারিক নির্ভর করে গাব্রতস তৈরি ও সুদৃঢ় বন্ধনের উপর। প্লান্টার প্ররোগের পূর্বে নিমে বর্ণিত পদ্ধতিসমূহ ব্যবহার করে গাব্রতলে প্রভূত করা উচিৎ।

- ১) নতুন দেওয়াল গাঁধার পর যদি ক্ষেত্রবিশেষ ইটের উচ্চতা দেওয়াল যেকে বের হয়ে থাকে তাহলে তা কেটে সমান কয়তে হবে। এতে মসলা কয় বঁরচ হবে।
- ২) ইটের জোড়াগুলো বরাবর ১০ থেকে ২০ মি মি গভীর করে দাগ কেটে নিছে হবে। গাঁথুনি করার সময় যদি আঁচড়ে রাখা হয়ে থাকে তাহলে দাগ কাটার দরকার নাই। দাগ কাটার পর ময়লা ও পুরাতন মসলা বেড়ে সুছে নিজে হবে।
- ৩) দেওয়ালের গারে অবস্থিত বিভিন্ন রকষের দাগ বুক্ত অংশ নারকেলের ছোবড়ার ব্রাশ হারা হবে পরিছার করে নিতে হবে।
- ৪) পুরাতন দেওয়ালে প্লান্টার করতে হলে প্রথমে আগেকার প্লান্টার কর্ণি বা হাতুড়ি যারা তেন্সে ফেলতে হবে। এরপর রাশ বা বাড়ু দিয়ে পরিস্কার করে নিতে হবে। পানি দিয়ে দেওয়ালকে সুছে বা ধুয়ে পরিস্কার করে নিতে হবে।
- ৫) পুরাতন দেওয়ালে বদি শ্যাওলা থাকে বা রং বিবর্ণ হয়ে যায়, ভাহলে ভারের ব্রাশ দিয়ে ঐ সব ভূলে ফেলতে হবে।
- ৬) শেষ পর্যায়ে কান্ধ শুরু করার পূর্বে দেওয়াগটিকে গানি দারা ডাগোডাবে খুয়ে ফেলতে হবে। ডেন্দা দেওয়াগ সামান্য তেন্দা শাক্ষতে প্লান্টারের কান্ধ শুরু করতে হবে।
- ৭) দেওয়ালের গারে সর্বত্রই প্লাণ্টারের পুরুত সমান রাখা জরুরি। এ কাছটি বথাবথভাবে সমাধা করার জন্য গাত্রতলে প্রয়োজনীয় উচ্চতায় প্লাণ্টারের ফালি তৈরি করে নিতে হবে। প্লাণ্টার করার সময় উক্ত কালিপুলোর উচ্চতার সাথে মিল রেবে প্লাণ্টার কাজ চালিয়ে যেতে হবে।

৬২

দেওয়ালে প্লাস্টার প্রয়োগের পদ্ধতিঃ

প্রথমে তৈরি মসলা কড়াইতে করে কাজের জায়গায় নিতে হবে। কর্ণি দ্বারা মসলাকে দেওয়ালের গায়ে সজোরে লাগাতে হবে। পরে উষার সাহায্যে এই মসলাকে দেওয়ালের গায়ে (পরিমাণ মতো জায়গায়) লেপন করতে হবে। লেপন করার পর পাট্টার সাহায্যে লেপন করা প্লান্টারকে মসুণ ও সমতল করে দিতে হবে।

দেওয়ালে সব জায়গায় যেন প্লান্টারর গভীরতা বা পুরুত্ব সমান থাকে সেজন্য ২ থেকে ৩ মিটার পর পর খাড়া ও লম্বালম্বিভাবে ১৫০ মি মি x ১৫০ মি. মি .ফালি (Strip) তৈরি করতে হবে। ফালির পুরুত্ব প্লান্টারের জন্য নির্ধারিত পুরুত্বের সমান হবে। প্লান্টারের কাজ চালিয়ে যাওয়ার সময় মনে রাখতে হবে যে ফালির উপর পাট্টা ফেলে দেওয়ালে প্রয়োগকৃত প্লান্টারের উচ্চতা যাচাই করে নিতে হবে। প্লান্টারের পুরুত্ব ফালির পুরুত্বের চেয়ে বেশি হলে পাট্টা দিয়ে ঘষে অতিরিক্ত মসলা সরিয়ে ফেলতে হবে এবং কম হলে আরও মসলা যোগ করে মসূণ করতে হবে।

১২ মি মি ও ৬ মি মি পুরু প্লাস্টার একস্তরে লেপন করতে হবে। বেশি পুরুত্বের প্লাস্টার একাধিক স্তরে প্রয়োগ করতে হবে। এক্ষেত্রে প্রথম স্তর ১৩ মি মি পুরুত্বে প্রয়োগ করার পর প্রাথমিক জমাট বাঁধার জন্য কিছু সময় অপেক্ষা করতে হবে। জমাট বাঁধার পর দ্বিতীয় স্তরটি ৬ মি মি পুরুত্বে লেপন করে পাট্টা দ্বারা মসৃণ ও সমতল করে দিতে হবে।

৭.৬ প্লাস্টারের দোষত্রুটি

প্লান্টারের মসলা তৈরির আধ ঘণ্টার মধ্যে কাজে ব্যবহার করা উচিৎ, অন্যথায় মসলা জমাট বেঁধে যাবে। জমাট বাঁধা মসলা প্লান্টারে ব্যবহার করলে তা কিছুদিনের মধ্যেই ঝরে পড়বে। মসলা তৈরির সময় সঠিক তারল্য রক্ষা করা জরুরি। উত্তম প্লান্টারের বৈশিষ্ট্য নিম্মরুপ। যথাঃ

- ১) ব্যবহৃত গাত্রতলে অবশ্যই দৃঢ়বদ্ধভাবে লেগে থাকতে হবে।
- ২) শুকানোর পর ব্যবহৃত গাত্রতলে আয়তনে কম বা বেশি হতে পারবে না।
- ৩) লাইম প্লাস্টারের ক্ষেত্রে তার গায়ে দানাদার চুন থাকতে পারবে না । এ জাতীয় দানাদার চুন থাকলে বাতাসের আর্দ্রতা শোষণ করে গাত্রতল নষ্ট করে ফেলবে।

৭.৭ প্লাস্টারের কিউরিং পদ্ধতি

প্লান্টার চুড়ান্ত জমাট বাঁধার পর পানিসিক্ত (Curing) করা জরুরি। কিউরিং না করলে দেওয়ালের রং সাদাটে হয়ে যাবে এবং ভিতরে ফাঁকা থাকবে। সিমেন্ট-বালির প্লান্টার হলে কমপক্ষে ৭ দিন কিউরিং করতে হবে। চটের বস্তা দেওয়ালের গায়ে লাগিয়ে পানিসিক্ত করলে কিউরিং সহজ হবে। অথবা পানি পাইপ দিয়ে জেটিং এর মাধ্যমে কিউরিং করা যায়।

সিভিল কন্সট্টাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। প্লাস্টারিং কাকে বলে?
- ২। প্লাস্টারের কাজে ব্যবহৃত যন্ত্রপাতির নাম লেখ।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। প্লাস্টার কত প্রকার ও কি কি।
- ২। প্লাস্টারের উদ্দেশ্য বর্ণনা কর।

রচনামূলক প্রশ্ন

- ১। বিভিন্ন প্রকার প্লাস্টারের উপাদান ও অনুপাত বর্ণনা কর। কিউরিং পদ্ধতি কি?
- ২। নতুন ও পুরাতন গাত্রতলে প্লাস্টার প্রয়োগের কৌশল বর্ণনা কর। প্লাস্টারের দোষত্রুটি উল্লেখ কর।

অষ্টম অধ্যায় পয়েন্টিং (Pointing)

৮.১ পয়েন্টিং (Pointing)


পয়েন্টিং একটি কৌশল যার সাহায্যে দেওয়ালের বাইরের পাশের জোড়াগুলো ১ থেকে ২ সে মি গভীরতায় 'রেকিং' করে ভালো গুণ সম্পন্ন মসলা দ্বারা কাঙ্ক্ষিত আকারে ঢেকে দেয়া হয়। ফলে জোড়াগুলো আবহাওয়াজনিত কারণে নষ্ট হওয়ার হাত থেকে রক্ষা পায়।

পয়েন্টিং এর ফলে দেওয়ালের সৌন্দর্য বৃদ্ধি পায়। সিমেন্ট মসলা দ্বারা পয়েন্টিং করার ক্ষেত্রে মসলার অনুপাত হবে ১:২ এবং লাইম মসলার ক্ষেত্রে ১:১। পয়েন্টিং কাজ শুরু করার ২৪ ঘণ্টা পূর্ব থেকে দেওয়ালকে ভিজা রাখা হয়। বিশেষ ক্ষেত্রে মসলার সাথে রং মিশানো হয়। নিম্ন বর্ণিত জায়গাগুলোতে পয়েন্টিং করা হয়। যথাঃ-

- ১) যেসব ক্ষেত্রে কাঠামোর পাথর বা ইটের স্থানচ্যুত হওয়ার আশঙ্কা থাকে সে সব ক্ষেত্রে পয়েন্টিং করা হয়।
- ২) আবহাওয়া বা অন্য কোন কারণে যদি কাঠামোর জোড়ায় ফাটল ধরার সম্ভবনা থাকে তাহলে পয়েন্টিং করা হয়।
- ৩) যে সব স্থানে দেওয়ালের অসমরূপ প্রদর্শন করে সৌন্দর্য বৃদ্ধি করা দরকার সে সব স্থানে পয়েন্টিং করা হয়।

৮.২ পয়েন্টিং এর প্রকারভেদ (Types of pointing) পয়েন্টিং আট প্রকার। যথাঃ

- ১) ফ্লাশ পয়েন্টিং (Flash pointing)
- ২) গ্ৰভ পয়েন্টিং (Grooved pointing)
- ৩) রেসেসেড পয়েন্টিং (Recessed pointing)
- ৪) বিডেড পয়েন্টিং (Beaded pointing)
- ৫) টাক পয়েন্টিং (Tuck pointing)
- ৬) স্ট্রাক পয়েন্টিং (Struck pointing)
- ৭) ওয়েদারড পয়েন্টিং (Weathered pointing)
- ৮) ভি-পয়েন্টিং (Vee-pointing)



চিত্রঃ ৮.১ বিভিন্ন প্রকার পয়েন্টিং

নিমে বিভিন্ন প্রকার পয়েন্টিং এর বর্ণনা দেওয়া হলোঃ

৮.২.১ ফ্লাশ পরেন্টিং (Flash pointing)

এ ধরনের গয়েন্টিং সর্বাধিক প্রচলিভ সাধারণ পয়েন্টিং। ইটের সুখ বরাবর সমতল করে যে পয়েন্টিং করা হয় তাকে ক্লাশ পয়েন্টিং বলে। গাঁথুনির কাজ চলাকালীন সময়ে জোড়ের ভিতর কর্ণি বা উবা দিয়ে রেকিং করে নিতে হয়। তারপর উবা দিয়ে চেপে জোড়ে মসলা ঢুকিয়ে দিতে হবে। মসলা ঢুকানোর পর জোড় স্থান ঘষে মেজে দেওয়ালের সমান করে নিলে কাজ্বিত পরেন্টিং হয়ে যাবে। জোড়ের মসলাকে চাপ প্রয়োপ করে কমপক্ষে ৫ মি মি গভীরতায় প্রবেশ করা হয়।

৮.২.২ রেসেসেড পরেন্টিং (Recessed pointing)

ইটের আকার ও আকৃতি সমান হলে এ ধরনের পরেন্টিং করা যেতে পারে। এক ধরনের বিশেষ যদ্ধের সাহায্যে পরেন্টিং এর ফেস (Face) খাড়া রাখা হয়। প্রথমে জ্বোড়ের মধ্যে চাপে মসলা প্রবেশ করাতে হবে। তারপর শীক্ষকাটা ক্ষ্মটি জ্বোড়ে চুকিয়ে তার সমান্তরাল করে নিলে এ প্রকার পরেন্টিং হবে। এটি দেখতে আয়তাকার এবং পানি নিরোধে সম্পর্ণ কার্যকর নয়।

৮.২.৩ যুত পমেন্টিং (Grooved pointing)

এটি মূলত ফ্লাশ পরেন্টিং এর উন্নত সংস্করণ। উত্তলাকার পরেন্টিং যন্ত্র দারা ফ্লাশ পরেন্টিং এর মধ্য বরাবর অবতল গ্রভ বা শীক্ষ কাটা হয়। একটি কাঠের পাট্টাকে ক্ষোড় লাইন বরাবর রেখে তার উপর কাঠের উত্তল (Convex) ছাঁচটি বসিয়ে সমান্তরাল ভাবে ডানে-বামে টেনে এ প্রকার পয়েন্টিং করা হয়। এ ধরনের পয়েন্টিং দালানের সৌন্দর্য বৃদ্ধিতে প্রয়োগ করা হয়।

৮.২.৪ স্ট্রাক পয়েন্টিং (Struck pointing)

এটি সর্বাধিক প্রচলিত পয়েন্টিং। এ পয়েন্টিং-এ সাধারণত জোড়ের মসলার নিমাংশ ক্রম ঢালু এবং উপরের প্রান্ত দেওয়ালের মাঝে কমপক্ষে ১০ মি মি ঢুকানো থাকে। পয়েন্টিং এ উপর যে পানি পড়ে তা ক্রমশ ঢাল বেয়ে নিচের দিকে চলে যায়। ফলে পানি প্রবেশ করতে পারে না। কর্ণি দিয়ে ৬০০ কোণে মসলা চেপে এ পয়েন্টিং করা হয়। ইটের মাপ সমান না হলে এই পয়েন্টিং এ সৌন্দর্য বৃদ্ধি পায় না।

৮.২.৫ বিডেড পয়েন্টিং (Beaded pointing)

এ পয়েন্টিং বিশেষ ধরনের উন্নতমানের সৌন্দর্য বর্ধক পয়েন্টিং তবে সহজেই নষ্ট হয়ে যেতে পারে। অবতল আকৃতির স্টিল (Steel) প্রান্ত দ্বারা উত্তলাকার পয়েন্টিং করা হয়।

৮.২.৬ টাক পয়েন্টিং (Tuck pointing)

রেকিং আউট করার পর জোড়ে চাপে মসলা প্রবেশ করিয়ে ফ্লাশ করে নিতে হয়। মসলা কাঁচা থাকতেই ৫ মি মি প্রস্থ ও ৩ মি মি গভীর করে চ্যানেল বা খাঁজ ভর্তি করতে হয় যাতে বাইরের দিকে ৬ মি মি গভীর করে চ্যানেল বা খাঁজ তৈরি করতে হয়। সাদা সিমেন্ট দ্বারা তৈরি পুটি (Putty) দিয়ে এমনভাবে খাঁজ ভর্তি করতে হয় যাতে বাইরের দিকে ৬ মি মি বাড়তি থাকে। এ পয়েন্টিংকে টাক পয়েন্টিং বলে। ইটের জোড়গুলো এ্যাবড়ো থ্যাবড়ো থাকলে জোড় থেকে মসলা বের করে এনে পরে কর্ণির সাহায্যে প্রবেশ করানো হয়। এ পয়েন্টিং বাইরের দিকে আয়তাকার দেখায় এবং জোড়ের বুটি ঢাকতে ব্যবহার করা হয়।

৮.২.৭ ভি-পয়েন্টিং (Vee-pointing)

এ প্রকার পয়েন্টিং এর প্রচলন খুব বেশি। এটি দেখতে ইংরেজি 'V' অক্ষরের মতো । ফ্লাশ ফিনিশিং জোড়ের পৃষ্ঠতলে 'V' আকৃতির খাঁজ কেটে এ প্রকার পয়েন্টিং করা হয়।

৮.২.৮ ওয়েদারড পয়েন্টিং (Weathered pointing)

জোড়ের স্থানে 'V' পৃষ্ঠ আকৃতির বর্ধিতাংশ নির্মাণ করে এ পয়েন্টিং করা হয়। এটি দেখতে 'V' পয়েন্টিং এর বিপরীত। ইটের জোড় থেকে পয়েন্টিং এর মসলা বাইরের দিকে 'V' পৃষ্ঠের মতো বর্ধিত থাকে।

৮.৩ বিভিন্ন প্রকার পয়েন্টিং এর উপাদান ও অনুপাত


সাধারণত সিমেন্ট মসলা বা চুন মসলা পয়েন্টিং এর কাজে ব্যবহার করা হয়। এ মসলার মিশ্রণ পলেন্ডরার (Plaster) মসলা থেকে সমৃদ্ধশালী বা অধিক শক্তিশালী করতে হয়। সিমেন্ট মসলা হলে অনুপাত হবে ১:২ (সিমেন্ট-বালি) এবং চুন মসলা হলে অনুপাত হবে ১:১ (চুন-বালি)। এ কাজে ব্যবহৃত বালি অপদ্রব্য মুক্ত হতে হবে।

সিষ্টিল কণ্টাকণৰ ২

৮.৪ পরেন্টিং কাব্দে ব্যবহৃত বছ্নপাতির ভানিকা

নিমের যন্ত্রণাতিপুলো পরেন্টিং কাব্দে ব্যবহৃত হয়।


- ১) কৰি (Javell-bell nose or pointed nose)
- ২) খাভৰ ক্ৰোট (Metal float)
- ७) काळव क्यांट (Wooden float)
- s) বিভিন্ন প্রকার পরেটার বেষন- হক (hawk), straight or feather edges, ভার্বি (darby)



৮.৫ পয়েন্টিং করার কৌশল

তিন ধাপে পয়েন্টিং কাজ সমাধা করা যায়।

- ১) জ্বোড়ের স্থানগুলো কাটা (Racking out of joint)
- ২) মসলা তৈরিকরণ (Preparation of mortar)
- ৩) মসলা প্রয়োগ (Application of mortar)



চিত্রঃ ৮.৩ পয়েন্টিং কাব্দে যদ্রপাতির ব্যবহার।

১) জ্বোড়ের স্থানগুলো কাটা

গাঁখুনির জোড়ের মসলা কিছুটা নরম থাকতে পয়েন্টিং করা সুবিধাঞ্চনক। নতুন বা পুরাতন যে কাজেই হোক না কেন পয়েন্টিং করার পূর্বে জোড়ের মসলা ১২ থেকে ২০ মি মি গভীরতায় কেটে নিতে হবে। তারপর তারের ব্রাশ দ্বারা ধুলাবালি পরিস্কার করে নিতে হবে। পরিস্কার করার পর পৃষ্ঠদেশ পানি দিয়ে ধুয়ে নিতে হবে। সংযোগস্থল থেকে মসলা তুলে নেওয়াকে 'রেকিং আউট '(Racking out) বলে।

২) মসলা তৈরিকরণ

পরেন্টিং এ ব্যবহৃত মসলা দুই প্রকার। ১) সিমেন্ট মসলা ও ২) লাইম বা চুন মসলা। ১:৩ অনুপাতের সিমেন্ট মসলা এবং ১:১ অনুপাতে লাইম মসলা ব্যবহার করা হয়। প্লান্টারিং কাব্বে ব্যবহৃত মসলা অপেক্ষা পরেন্টিং কাব্বে ব্যবহৃত মসলা অধিকতর শক্তিশালী হওয়া উচিং।

৩) মসলা প্রয়োগ

দেওয়ালের গাত্রতল তৈরি, পরিস্কার ও ভিজানোর পর নির্ধারিত অনুপাতের মসলার সাহায্যে পয়েন্টিং করা হয়। সাধারণত ছোট কর্নিতে মসলা নিয়ে সজোরে সংযোগ (Joint) এর মধ্যে স্থাপন করা হয়। স্থাপিত মসলায় এমনভাবে চাপ দিতে হবে যাতে সংযোগ পুরোপুরিভাবে মসলা দারা ভরাট হয়ে যায় এবং কোন ফাঁক না থাকে। নির্ধারিত পয়েন্টার দারা সংযোগ চাপ প্রয়োগ করে পয়েন্টিং করলে কাঞ্জিকত রূপ দেওয়া যায়। পয়েন্টিং করার পর থেকে ৭ দিন কিউরিং করতে হয়।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। পয়েন্টিং কাকে বলে?
- ২। পয়েন্টিং এর কাজে ব্যবহৃত যন্ত্রপাতির তালিকা তৈরি কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। বিভিন্ন প্রকার পয়েন্টিং এর উপাদান ও অনুপাত লেখ।
- ২। পয়েন্টিং করার কৌশল লেখ।

রচনামূলক প্রশ্ন

১। পয়েন্টিং কত প্রকার ও কি কি? বিভিন্ন প্রকার পয়েন্টিং এর বিবরণ দাও।

নবম অধ্যায় সাটারিং

১.১ ফেটারিং ও সাটারিং

কংক্রিটকে জমিরে নির্দিষ্ট জাকার ও জারতনে আনার জন্য কঠি, বীশ, লোহা বা প্লাণ্টিক দারা যে অস্থায়ী কাঠানো তৈরি করা হয় তাকে কেটারিং ও সাটারিং বলে। ঢালাই করা কংক্রিট যখন প্রয়োজনীয় শক্তি জর্জন করে তখন প্রথমে সাটারিং এবং পরে সেটারিং খুলে ফেলা হয়। বে কোন যেখার যেমন বিষ বা রাবের সাথে যে অংশ দেশে থাকে তাই শাটারিং এবং সম্পূর্ণ জন্মায়ী যে কাঠায়ো মূল কাঠামোকে ধরে রাখে তাকে সেটারিং বলে।



हिन्दा ३.५ जाव कर्न अग्रार्क

৯.২ স্পেটারিং ও সাটারিং এর প্রয়োজনীয়তা

নিমে শাটারিং এর প্রয়োজনীয়তা উল্লেখ করা হলোঃ

- ১) নির্দিষ্ট আকার, আকৃতি ও আয়ন্তনে কাঠাযোতে কংক্রিট ঢালাই করা।
- ২) ঢালাইকৃত কংক্রিটকে নির্দিষ্ট সমর পর্বন্ন ঢালাই স্থানে ধরে রাখা।
- e) আর সি সি কাঠামোর জন্য নির্ধারিত লোহাকে (M.S. rod) ডিজাইন মোতাবেক খরে রাখা।
- ৪) একই সমর একাধিক কাঠানো যখাঃ- বিদ, ব্লাব ঢালাই করা।
- ৫) আনুত্রিক ও উলয় উভয় তলে সয়তা য়য়্ফা কয়া।

৯.৩ সেন্টারিং ও সাটারিং -এ ব্যবহৃত মালামাল

সেন্টারিং ও সাটারিং তৈরিতে সাধারণত যে মালামাল ব্যবহার করা হয় লোহা ও কাঠ তার মধ্যে অন্যতম। তবে প্রাক ঢালাইকৃত কংক্রিট কাঠামো (Pre-cast concrete members) নির্মাণের জন্য এ্যালুমিনিয়াম, ফাইবার গ্লাস ও প্রি-কাস্ট কংক্রিটের সাটারিং ব্যবহার করা হয়।

সেন্টারিং ও সাটারিং এর কাজে ব্যবহৃত মালামালের মধ্যে কাঠ বহল প্রচলিত। অধিক উচ্চতা সম্পন্ন ও গুরত্বপূর্ণ কাজের ক্ষেত্রে স্টিল সাটারিংও ব্যবহার হয়।

- ৯.৪ সেন্টারিং ও সাটারিং তৈরির কৌশল
- ১) প্রপিং (খুঁটি স্থাপন) এবং সেন্টারিং (propping and centering)
- ২) সাটারিং (shuttering)
- ৩) ক্যাম্বার রাখা (provision of camber)
- ৪) পৃষ্ঠতল পরিষ্কার ও প্রস্তুত করা (cleaning & surface treatment)

প্রপিং এবং সেন্টারিং সেন্টারিং কাজে ব্যবহৃত প্রপস (খুঁটি) ন্টিল, কাঠ, ইঁটের গাঁথুনি ইত্যাদির হতে পারে। প্রথমে খুঁটিগুলোকে ডিজাইন থাকলে সেই মোতাবেক না হলে যথা সম্ভব ঘন বর্গাকারে খাড়া করা হয়। কাঠামোর উচ্চতা বেশি হলে ব্রেসিং এর প্রয়োজন পড়তে পারে। মাটিতে খুঁটি খাড়া করার সময় মাটি সমতলে থাকা বাঞ্চনীয়। খুঁটি বাঁশের হলে অতিরিক্ত কাঠ দিয়ে লেভেলিং করতে হয়। ন্টিল প্রপসের ক্ষেত্রে অবশ্য উচ্চতা কম বেশি করা তুলনামূলক সহজ।

সাটারিং

এটা কাঠের, কাঠের ফ্রেমে প্লাই দিয়ে অথবা স্টিল এঞ্চোলের সাথে স্টিল শিট ওয়েল্ডিং করে তৈরি করা হয়। সাটারিং লেভেল মেপে ফিটিং করতে হয়। এর ভিতরে রূপবান টিন বা পলিথিন শিট দেওয়া হয় যেন সাটার খুলতে সহজ হয়। স্টিল সাটারের ক্ষেত্রে সাটার রিলিজিং এজেন্ট ব্যবহার করা হয়। কংক্রিটের ক্লিয়ার কাভার রাখার জন্য নিচে এবং প্রয়োজনমত পাশে সাইজ মত সিসি ব্লক বা চেয়ার ব্যবহার করতে হয়।

ক্যাম্বারিং

কংক্রিটের কাঠামোতে আনুভূমিক মেম্বারগুলোতে ডিফ্লেকশনের (পেট বরাবর বেঁকে যাওয়া) কারণে বেঁকে যাওয়া বা নিচু হওয়া রোধকল্পে কিছু ক্যাম্বারিং সেন্টারিং ও সাটারিং তথা ফর্ম ওয়ার্ক তৈরির সময়ে রাখতে হয়।

পৃষ্ঠতল পরিষ্কার ও প্রস্তুত করা

কংক্রিট ঢালার আগে ফর্ম ওয়ার্ক ভালোমত ধুয়ে ফেলতে হবে যাতে কোন বালি, পাতা, ছেড়া কাগজ, চিপিং করা টুকরা ইত্যাদি এর মধ্যে না থাকে।

কংক্রিট ঢালার আগে ফর্ম ওয়ার্কের গায়ে রিলিজিং এজেন্ট যেমন-লিন্সেড তেল, সফট সোপ সল্যুশন ইত্যাদি লাগাতে হবে যাতে ফর্ম ওয়ার্কের গায়ে কংক্রিট লেগে না যায়।

৯.৫ সেন্টারিং ও সাটারিং অপসারন কৌশল

সেন্টারিং ও সাটারিং খোলার সময় সতর্কতা অবলম্বন করতে হবে। বিভিন্ন প্রকার কাজের জন্য নির্ধারিত সময়ের পূর্বে কোন অবস্থাতেই শাটারিং খোলা যাবে না। যদি খোলা হয় তাহলে কংক্রিটে ফাটল ধরা সহ বিভিন্ন প্রকার খুঁত দেখা দিবে। খোলার সময় খেয়াল রাখতে হবে যেন আঘাত না লাগে বা কম্পন সৃষ্টি না হয়। কাঠামোর তলা বা স্ট্রাট খোলার পূর্বে প্রয়োজনীয় গাত্রতল উন্মুক্ত করে শক্ত হওয়ার পরিমাণ নিশ্চিত হতে হবে। খুঁটিপুলো এমনভাবে খুলতে হবে যেন টানবল (Tension) ও চাপবল (Compression) এলাকায় যথাযথভাবে বিদ্যমান থাকে। ক্যান্টিলিভার স্লাব বা বিমের ক্ষেত্রে উন্মুক্ত (Free-end) প্রান্ত হতে খুঁটি অপসারণ করতে করতে বীধা প্রান্তের (Fixed-end) দিকে অগ্রসর হতে হবে।

সেন্টারিং ও সাটারিং অপসারণের সময়ঃ

ক্রমিক নং	সাটারিং এর স্থান	সময়
٥	বিমের তলা	ঢালাইয়ের ৭ দিন পর
২	স্লাবের পাশ	ঢালাইয়ের ৩ দিন পর
9	দেওয়াল, কলাম ও বিমের খাড়া পাশ	ঢালাইয়ের ১ থেকে ২ দিন পর
8	স্লাবের তলাঃ ক) ৪.৫ মি স্প্যান পর্যন্ত	ঢালাইয়ের ৭ দিন পর
	খ) ৪.৫ মি স্প্যানের উর্দ্ধে	ঢালাইয়ের ১৪ দিন পর

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। সেন্টারিং কাকে বলে?

২। সাটারিং কাকে বলে?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। সেন্টারিং ও সাটারিং এর প্রয়োজনীয়তা বর্ণনা কর।

২। সেন্টারিং ও সাটারিং এর কাজে ব্যবহৃত মালামাল এর নাম উল্লেখ কর।

রচনামূলক প্রশ্ন

১। সেন্টারিং ও সাটারিং তৈরির কৌশলের বিস্তারিত বিবরণ দাও এবং এটি অপসারণের কৌশল বর্ননা কর।

দশম অধ্যায় গাঁথুনির কাজে মালামালের পরিমাণ

১০.১ গাঁথুনির কাজে ইটের পরিমাণ গাঁথুনির কাজে ইটের পরিমাণ হিসাব করার শুরুতে আমাদেরকে ইটের মাপ জানতে হবে। নিম্নে মেট্রিক আদর্শ ইট এবং প্রচলিত ইটের মাপ উল্লেখ করা হলো।

মেট্রিক আদর্শ ইটের মাপ = ১৯ সেমি X ৯ সেমি x ৯ সেমি x ১০ সে

(ক) নির্ধারিত কাজে ইটের পরিমাণ

মনে করি, ১০০ ঘনমিটার ইটের গাঁথুনির কাজে ইটের পরিমাণ নির্ণয় করতে হবে। ১ মসলাসহ মেট্রিক আদর্শ ইটের মাপ = ২০ সেমি X ১০ সেমি X ১০ সেমি উক্ত ১ টি ইটের আয়তন = দৈর্ঘ্য X প্রস্থ X উচ্চতা = ২০ X ১০ X ১০ =২০০০ ঘন সেমি

মোট ইটের সংখ্যা=
$$\frac{$$
 কাজের মোট পরিমাণ $}{$ 5 টি ইটের আয়তন $} = \frac{500}{0.005} = 60,000$ টি

প্রচলিত ইট

মসলাসহ বর্তমানে প্রচলিত ইটের মাপ = ২৫.৪ সেমি $\mathbf x$ ১২.৭ $\mathbf x$ ৭.৬ সেমি

প্রচলিত ১ টি ইটের আয়তন =
$$\frac{20.8}{500}$$
 X $\frac{52.9}{500}$ X $\frac{9.6}{500}$ ঘন মি.= 0.208 X 0.529 X 0.096 = 0.0028৫ ঘন মি.

মোট ইটের সংখ্যা=
$$\frac{$$
 কাজের মোট পরিমাণ $}{$ ১ টি ইটের আয়তন $}=\frac{$ ১০০ $}{0.00286}=80$ ৮১৬ টি

= 8১০০০ টি (ধরা যায়)



চিত্র ১০.১ ইটের গাঁথুনি ভৈরি

১০.২ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে সিমেন্টের পরিমাণ

মনে করি, মসলাতে সিমেন্ট ও বালির অনুপাত = ১:৬। কাজের পরিমাণ পূর্বের উদাহরণের মত অর্থাৎ ১০০ ঘনমিটার।

সিমেন্টের পরিমাণ নির্ণয় কর হবে।

মোট আয়তন হতে ইটের আয়তন বিয়োগ করলে মসলার আয়তন পাওয়া যাবে। ইটের আয়তন = ইটের সংখ্যা $\mathbf x$ ১টি ইটের আয়তন= (৫০০০০ $\mathbf x$ ০.১৯ $\mathbf x$ ০.০৯ $\mathbf x$ ০.০৯) = ৭৬.৯৫ ঘন মি.

মসলার আয়তন = ১০০-৭৬.৯৫= ২৩.০৫ ঘন মি. (মেট্রিক আদর্শ ইট ব্যবহার করে) গাঁথুনির জন্য আধলা ও তিনপোয়া ইট ব্যবহার এবং অপচয়ের জন্য সর্বোচ্চ ১৫% বৃদ্ধি ধরলে আর্দ্র মসলার পরিমাণ = ২৩.০৫+২৩.০৫x০.১৫= ২৬.৫ ঘনমিটার। ২৬.৫ ঘনমিটারের সাথে আয়তন বৃদ্ধি ১/৩ ধরলে শুষ্ক মসলার আয়তন = ৩৫.৩ ঘনমিটার মসলার অনুপাত, ১:৬, অতএব, (১+৬=৭)

১০.৩ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাচ্ছে বালির পরিমাণ উপরের উদাহরণ হতে

বালির পরিমাণ =
$$\frac{96.9}{9}$$
 \times ৬ = ৩০ ঘন মিটার

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। ইটের গাঁথুনি তৈরিতে কি কি মালামাল লাগে তা লেখ।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। গাঁথুনির কাজে ইটের পরিমাণ নির্ণয় কর।
- ২। গীথুনির কাজে সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।
- ৩। গীথুনির কাজে বালির পরিমাণ নির্ণয় কর।

রচনামূলক প্রশ্ন

১। ১০০ ঘন মিটার ইটের গাঁথুনির কাজে ইট, বালি ও সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।

একাদশ অধ্যায় কংক্রিটের কাজের মালামালের পরিমাণ

কংক্রিটের কাচ্ছের মালামালের পরিমাণ হিসাব করতে গেলে আমাদের কাচ্ছের পরিমাণ, সিমেন্ট কংক্রিটের অনুপাত এবং মিশ্রনের পানি সিমেন্টের অনুপাত জানতে হবে। ধরি,

কাজের পরিমাণ = ১০ ঘন মিটার, সিমেন্ট কংক্রিটের অনুপাত = ১:২:৪, পানি সিমেন্টের অনুপাত = ০.৪

এক্ষেত্রে অনুপাতের সমষ্টি= ১+২+8=৭ শুষ্ক আয়তন ভেজা আয়তনের ৫০% অধিক অতএব, শুষ্ক আয়তন = ১০+১০x০.৫ = ১৫ ঘন মিটার



চিত্রঃ ১১.১ মিক্সার মেশিনে কংক্রিট ঢালাই।

১১.১ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে খোয়ার পরিমাণ

কাজের পরিমাণ = ১০ ঘন মিটার, সিমেন্ট কংক্রিটের অনুপাত = ১:২:৪ হলে

খোয়ার পরিমাণ =
$$\frac{3@}{9}$$
 x 8 = ৮.৫৭ ঘন মিটার বা ৩১৭২ টি ইট (৩৭০ টি ইট প্রতি ঘন মি. খোয়া)

১১.২ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে বালির পরিমাণ

বালির পরিমাণ =
$$\frac{3\alpha}{q}$$
 \mathbf{x} ২ = 8.২৮ ঘন মিটার

১১.৩ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে সিমেন্টের পরিমাণ

সিমেন্টের পরিমাণ =
$$\frac{3e}{9}$$
 x ১ = ২.১৪ ঘন মিটার বা ৬৪ ব্যাগ (৩০ ব্যাগ প্রতি ঘন মিটার সিমেন্ট)

১১.৪ নির্ধারিত কাজে ওয়াটার সিমেন্ট অনুপাত অনুযায়ী পানির পরিমাণ

পানি সিমেন্ট অনুপাত = ০.৪ অতএব,

বা

অতএব, পানি, = $0.8 \times 60 = 20$ কেজি বা ২০ লিটার

প্রতি ব্যাগ সিমেন্টে পানি লাগবে ২০ লিটার।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। কংক্রিটের কাজে কোন কোন মালামাল লাগে তা লেখ।
- ২। কংক্রিটের কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর যেকোন অনুপাত লেখ।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। কংক্রিটের কাজে অনুপাত অনুসারে খোয়ার পরিমাণ নির্ণয় কর।
- ২। কংক্রিটের কাজে অনুপাত অনুসারে বালির পরিমাণ নির্ণয় কর।
- ৩। কংক্রিটের কাজে অনুপাত অনুসারে সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।
- ৪। কংক্রিটের কাজে ওয়াটার সিমেন্ট অনুপাত অনুসারে পানির পরিমাণ নির্ণয় কর।

রচনামূলক প্রশ্ন

১। কংক্রিটের কাজে অনুপাত অনুসারে খোয়া, বালি ও সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।

দ্বাদশ অধ্যায় প্লাস্টারিং কাজের মালামালের পরিমাণ

প্লান্টারিং কাজের মালামালের পরিমাণ হিসাব করতে গেলে আমাদের কাজের পরিমাণ, সিমেন্ট বালির অনুপাত এবং মিশ্রণের পানি সিমেন্ট অনুপাত জানতে হবে। ধরি, কাজের পরিমাণ =১০ বর্গ মিটার দেওয়ালের ১২ মিলি মিটার পুরু প্লান্টার সিমেন্ট বালির অনুপাত = ১:৪। পানি সিমেন্টের অনুপাত = ০.৪।

এক্ষেত্রে অনুপাতের সমষ্টি = ১+৬ = ৭ এবং পুরুত্ব = ১২ মিমি বা ০.০১২ মিটার।
অতএব, ১০ বর্গমিটারে বালি ও সিমেন্টের পরিমাণ বা আয়তন = ১০x০.০১২ = ০.১২ ঘনমিটার
শুষ্ক মসলার আয়তন ভেজা আয়তনের ৬০% অধিক
অতএব, শুক্ক মসলার আয়তন = ০.১২x১.৬ = ০.১৯২ ঘন মিটার।



চিত্রঃ ১২.১ প্লাস্টারিং কাজের

১২.১ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে সিমেন্টের পরিমাণ

সিমেন্টের পরিমাণ =
$$\frac{0.5 2}{9}$$
 $\frac{X}{5}$ = 0.028 ঘন মিটার বা 0.৮২ ব্যাগ (৩০ ব্যাগ প্রতি ঘন মিটার সিমেন্ট)

১২.২ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে বালির পরিমাণ

বালির পরিমাণ =
$$\frac{0.5 > 2}{9}$$
 $\frac{X}{6}$ = 0.5৬ ঘন মিটার

১২.৩ নির্ধারিত কাজে ওয়াটার সিমেন্ট অনুপাত অনুযায়ী পানির পরিমাণ

পানি সিমেন্ট অনুপাত = 0.8 অর্থাৎ অতএব.

বা

অতএব, পানি, = $0.8 \times 60 = 20$ কেজি বা ২০ লিটার

১ ব্যাগ সিমেন্টে পানি লাগবে ২০ লিটার।

অতএব, ০.৮২ ব্যাগ সিমেন্টে পানির পরিমাণ = ২০x০.৮২=১৬.৪০ কেজি বা ১৬.৪ লিটার।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। প্লাস্টারিং কাজে প্রয়োজনীয় মালামালের নাম উল্লেখ কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। প্লাস্টারিং কাজে অনুপাত অনুসারে সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।
- ২। প্লাস্টারিং কাজে অনুপাত অনুসারে বালির পরিমাণ নির্ণয় কর।
- ৩। প্লাস্টারিং কাজে ওয়াটার সিমেন্ট অনুপাত অনুযায়ী পানির পরিমাণ নির্ণয় কর।

রচনামূলক প্রশ্ন

১। প্লাস্টারের কাজে অনুপাত অনুসারে সিমেন্ট ও বালি পরিমাণ নির্ণয় কর।

ব্রয়োদশ অধ্যায় চুনকামের কাজের মালামালের পরিমাণ

চুনকামের কান্ধের মালামালের পরিমাণ হিসাব করতে গেলে আমাদের কান্ধের পরিমাণ, চুনকামের কভারেজ বা সম্প্রসারিত ক্ষেত্রকল জানতে হবে। ধরি, কান্ধের পরিমাণ = ৩৭৫ বর্গ মিটার।

মনে রাখতে হবে,

১০০ বৰ্গ মিটারে ৩০ কেজি পাথুরে উন + কলিচুন লাগে। গাম/আঠা = ০.১৫ কেজি নীল রঙ = ০.১৫ কেজি পানি = ৫ ম চুনের পরিমাণ (লিটার)



চিত্রঃ ১৩.১ চুন কামের কাজ

১৩,১ নির্ধারিত কাব্দে চুনের পরিমাণ

চুনের গরিষাণ =
$$\frac{90}{300}$$
 x ৩৭৫ = ১১২,৫ কেন্দি (১০০ বর্গ মিটারে ৩০ কেন্দি)

১৩.২ নির্ধারিত কাব্দে গামের পরিমাণ

গামের পরিমাণ =
$$\frac{o.36}{500}$$
 \times ৩৭৫ = $o.6$ ৬২ কেন্দ্রি
প্রেটি ১০০ বর্গ মিটারে গাম/আঠা = $o.36$ কেন্দ্রি)

১৩.৩ নির্ধারিত কাব্দে নীলের পরিমাণ

নীলের পরিমাণ =
$$\frac{o.36}{500}$$
 x ৩৭৫ = ০.৫৬২ কেন্দি
প্রেন্ডি ১০০ বর্গ মিটারে নীল = ০.১৫ কেন্দি)

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। চুন কামের কাজে প্রয়োজনীয় মালামালের তালিকা প্রস্তুত কর।
- সংক্ষিপ্ত প্রশ্ন
- ১। চুনকাম কাজে চুনের পরিমাণ নির্ণয় কর?
- ২। চুনকাম কাজে গামের পরিমাণ নির্ণয় কর?
- ৩। চুনকাম কাজে নীলের পরিমাণ নির্ণয় কর?

রচনামূলক প্রশ্ন

১। চুনকাম কাজে চুন, গাম ও নীলের পরিমাণ নির্ণয় কর?

চতুর্দশ অধ্যায় কালার ওয়াশিং (Colour wash)

58.5 कानात उद्यामिश वा त्रविम कूनकान

ইমারতের বুমের ভিতরে চুলকাম, ভিপ্টেম্পার বা প্লাষ্টিক পেইউ ইত্যাদি নংযের প্রলেপ দেওয়া হয়। এ জাতীয় রং প্রয়োগের ফলে ধর আলোকিত হয় এবং সুদর দেখায়। দালানের বাইরের দিকে চুনের দবদের সাথে রঙের উপাদান মিশিয়ে যে প্রলেপ দেওয়া হয় তাকে কালার ওয়াশিং (Colour wash) বলে। আবহাওয়া ও ধুলাবালির কারণে সাধারণ চুনকাম যত তাড়াতাড়ি বিবর্গ হয় কালার ওয়াশিং তত ভাড়াতাড়ি নাই হয় না। আমাদের দেশে সাধারণত চুনের প্রবশ্বে সাথে হালকা হলুদ রং (Buff colour) মিশিয়ে কালার ওয়াশিংই বেশি করা হয়।



চিত্রঃ ১৪.১ কালার ওয়াশ

৮৬ কালার ওয়াশিং

১৪.২ কালার ওয়াশিং এর মালামালের তালিকা

- ১। ফ্যাট লাইম।
- ২। পৃষ্ঠতল প্রস্তুতির জন্য লোহার ব্রাশ।
- ৩। পৃষ্ঠতল প্রস্তুতির জন্য শিরিষ কাগজ।
- ৪। আসমান দেওয়াল বা দেওয়ালে কোন ছিদ্র বন্ধের জন্য আন্তর বা সিলার ।
- ৫। পিগমেন্ট (ইয়োলো আর্থ, রেড ওচার, ব্লু ভিট্রিওল) । (৭% অনুপাতে)
- ৬। পানি (৫ লিটার প্রতি ১ কেজি চুনের জন্য)
- ৭। গাম (১কেজি প্রতি ১০ কেজি লাইম বা চুনের জন্য) অথবা ভাত (চাল)
- ৮। অল্প লবণ (চুনের দুত বিক্রিয়ার জন্য)
- ৯। আল্টা মেরিন ব্লু (৩ গ্রাম প্রতি কেজি চুনের সাথে)

১৪.৩ কালার ওয়াশিং এর পৃষ্ঠদেশ প্রস্তুত কৌশল

যে দেয়ালে বং লাগাতে হবে, সে দেয়ালের উপরিভাগ প্রথমে ধূলিকণা ও ময়লা আন্তরণ মুক্ত করতে হবে। পুরাতন দেয়াল যেখানে আগে কালার ওয়াশিং বা হোয়াইট ওয়াশিং করা আছে তা ঘষে মেজে পুরাতন বং তুলে পরিষ্কার ও মসৃণ করতে হবে। ছত্রাক, নোনা বা শেওলা লোহার ব্রাশ দিয়ে ঘষে তুলে ফেলতে হবে। প্রয়োজনে এমোনিক্যাল কপার সলিউশন (১৫ গ্রাম কপার কার্বনেট যা ৬০ মিলি তরল এমোনিয়া এবং ৫০০ মিলি পানিতে দ্রবীভূত হয়) দেওয়ালে ব্যবহার করে শুকানো পর্যন্ত অপেক্ষা করতে হবে। তাছাড়া ১০% মিউরিয়েটেড এসিড দিয়ে দেওয়াল ওয়াশ করে ১০-২০ মিনিট পর পানি দিয়ে দেওয়াল ধুয়ে ফেলতে হবে।

১৪.৪ কালার ওয়াশিং ও হোয়াইট ওয়াশিং এর পার্থক্য

কালার ওয়াশিং	হোয়াইট ওয়াশিং	
১। হোয়াইট ওয়াশিং এর মধ্যে পিগমেন্ট মিশিয়ে	১। কোন ধরনের পিগমেন্ট থাকে না। চুনের স্বাভাবিক	
কালার ওয়াশিং তৈরি করা হয়।	রং সাদা হয় বলে এর নাম হোয়াইট ওয়াশিং	
২। চাহিদামত রঙ মেশানো হয়।	২। এর রং সাদা। সামান্য মাত্রায় নীল মেশানো হয়।	
৩। নতুন পৃষ্ঠতলের ক্ষেত্রে তিন কোট রং প্রথম	৩। সকল কোট হোয়াইট ওয়াশিং হয়।	
কোট হোয়াইট ওয়াশিং তারপর কালার ওয়াশিং।		
৪। পিগমেন্টের কারণে খরচ বেশি পড়ে।	৪। হোয়াইট ওয়াশিং কালারের চেয়ে দামে সম্ভা।	
৫। কালার ওয়াশিং এর উপর হোয়াইট ওয়াশিং	৫। হোয়াইট ওয়াশিং এর উপর কালার ওয়াশিং	
করতে পুরাতন কালার ঘষে মেজে উঠিয়ে ফেলতে	করতে গাত্রতলের সাদা রঙ থাকলে তেমন সমস্যা হয়	
হয়।	ना।	

১৪.৫ কালার ওয়াশিং প্রয়োজনীয় সতর্কতা

- ১। এলামাটি মিশ্রিত করার পর কাঠি দিয়ে দ্রবণটি উত্তমরূপে নেড়ে দিতে হবে যাতে দ্রবণের রং সুষম হয়।
- ২। তারপর দ্রবণটিকে মোটা মশারির কাপড় বা চট দ্বারা ভালোভাবে ছেঁকে নিতে হবে। এতে বালি, কাঁকর, ঘাস পাতা বা অন্য কোন অপদ্রব্য দ্রবণে থাকলে সেগুলো দূরীভূত হবে।
- ৩। রঙিন চুনকাম করার সময় দ্রবণকে মাঝে মাঝে উত্তমরূপে নেড়ে নিতে হবে। দ্রবণ সুষম রংয়ের হয়েছে কিনা তা পরীক্ষা করার জন্য অল্প জায়গায় প্রলেপ প্রয়োগ করে শুকানোর পর দেখে নিতে হবে।
- ৪। শুকানোর পর রংয়ের উজ্জ্বল্য যদি কম হয় বা প্রয়োগের উপযুক্ত না হয় তাহলে চুড়ান্তভাবে প্রয়োগ না করে পুনরায় প্রয়োজনীয় উপাদান মিশ্রিত করে প্রয়োগ উপযোগী করে নিতে হবে।
- ৫। প্রথম পৌচ প্রয়োগের পর সম্পূর্ণরূপে শুকিয়ে গেলে দ্বিতীয় পৌচ প্রয়োগ করে রঙিন চুনকামের কাজ সমাধা করতে হবে। সাধারণত এক পৌচ (One coat) করার পর প্রলেপটি শুকানোর পর এর উপর দুই পৌচ (Two coat) রঙিন চুনকাম করা হয়।
- ৬। প্রথম পৌচ উপর থেকে নিচে, পরের পৌচ নিচ থেকে উপরে এবং তারপর তৃতীয় পৌচ সুষমভাবে দিতে হবে।
- ৭। প্রথমে সিলিং তারপর দেওয়ালে রং করতে হবে।
- ৮। পৃষ্ঠতল ভালোমত প্রস্তুত করতে হবে। নতুবা ভালো রং ব্যবহার করেও আশানুরূপ ফল পাওয়া যাবে না।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। কালার ওয়াশিং কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। কালার ওয়াশিং এর মালামালের তালিকা তৈরি কর।
- ২। কালার ওয়াশিং ও হোয়াইট ওয়াশিং এর পার্থক্য লেখ।

রচনামূলক প্রশ্ন

- ১। কালার ওয়াশিং এর প্রয়োজনীয় সতর্কতা উল্লেখ কর।
- ২। কালার ওয়াশিং এর পৃষ্ঠদেশ প্রস্তুত কৌশল বর্ণনা কর।

পঞ্চদশ অধ্যায় চুন সুরকির জলছাদের বিভিন্ন মালামালের পরিমাণ

চুন সুরকির জলছাদের বিভিন্ন পরিমাণ হিসাব করতে গেলে আমাদের কাজের পরিমাণ, চুন, সুরকি ও খোয়ার অনুপাত জানতে হবে। ধরি, কাজের পরিমাণ = ১০ বর্গ মিটার এবং চুন , সুরকি এবং খোয়ার অনুপাত ২:২:৭। চিটাগুড় ২০০ গ্রাম।

অনুপাতের সমষ্টি = ২+২+৭= ১১ শুষ্ক আয়তন ভেজা আয়তনের ৫০% বেশি। অতএব, শুষ্ক আয়তন = ১০+১০x০.৫ = ১৫ ঘন মিটার

১৫.১ নির্ধারিত কাজে অনুপাত অনুযায়ী চুনের পরিমাণ

চুনের পরিমাণ =
$$\frac{30}{55}$$
 \times ২ = ২.৭২ ঘন মিটার

১৫.২ নির্ধারিত কাজে অনুপাত অনুযায়ী খোয়ার পরিমাণ

খোয়ার পরিমাণ =
$$\frac{30}{55}$$
 \times ৭ = ৯.৫৪ ঘন মিটার বা ৩৫৩০ টি ইট

(প্রতি ঘনমিটার খোয়ার জন্য ইট লাগে ৩৭০ টি)

১৫.৩ নির্ধারিত কাজে অনুপাত অনুযায়ী সুরকির পরিমাণ

সুরকির পরিমাণ = $\frac{50}{55}$ \times ৭ = ২.৭২ ঘন মিটার বা ১০০৬ টি ইট প্রেতি ঘনমিটার সুরকির জন্য ইট লাগে ৩৭০ টি)

১৫.৪ নির্ধারিত কাজে অনুপাত অনুযায়ী চিটাগুড়ের পরিমাণ

চিটাগুড় ২০০ গ্রাম ১০ বর্গ মিটার পরিমাণ কাজের জন্য।

অনুশীলনী

রচনামূলক প্রশ্ন

১। চুন-সুরকির জল ছাদের কাজে নির্ধারিত অনুপাত অনুযায়ী চুন, খোয়া, সুরকি ও চিটাগুড়ের পরিমাণ নির্ণয় কর।

ষোড়শ অধ্যায় পয়েন্টিং কাজের মালামালের পরিমাণ

পয়েন্টিং কাজের মালামালের পরিমাণ হিসাব করতে গেলে আমাদের কাজের পরিমাণ, সিমেন্ট বালির অনুপাত জানতে হবে। ধরি,

কাজের পরিমাণ =১০০ বর্গ মিটার প্রয়োজনীয় শুষ্ক মসলার পরিমাণ = ০.৬ ঘনমিটার। সিমেন্ট বালির অনুপাত = ১:২।

এক্ষেত্রে অনুপাতের সমষ্টি= ১+২ =৩।

১৬.১ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে সিমেন্টের পরিমাণ

সিমেন্টের পরিমাণ =
$$\frac{o. b}{o}$$
 \mathbf{x} ১ = $o.$ ২ ঘন মিটার বা b ব্যাগ $\frac{o}{o}$ ব্যাগ প্রতি ঘন মিটার

১৬.২ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে বালির পরিমাণ

বালির পরিমাণ =
$$\frac{o. b}{2}$$
 \mathbf{x} ২ = $o.8$ ঘন মিটার

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। পয়েন্টিং কাজে ব্যবহৃত মালামালের তালিকা প্রস্তুত কর।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। পয়েন্টিং এর কাজে নির্ধারিত অনুপাত অনুযায়ী সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।
- ২। পয়েন্টিং এর কাজে নির্ধারিত অনুপাত অনুযায়ী বালির পরিমাণ নির্ণয় কর।

রচনামূলক প্রশ্ন

১। পয়েন্টিং এর কাজে নির্ধারিত অনুপাত অনুযায়ী সিমেন্ট ও বালির পরিমাণ নির্ণয় কর।

সপ্তদশ অধ্যায় ইনপেকশন পিট


১৭.১ ইন্সপেকশন পিট

এটি সাধারণত ১ মিটার গভীর একটি চেম্বার যাতে একজন ব্যক্তি পূর্ণভাবে প্রবেশ না করেই কাজ সম্পাদন করতে পারে। একটি ডেন বা সিউয়ারের উপর ইলপেকশন পিট বা চেম্বার নির্মাণ করা হয় যাতে পর্যবেক্ষণ, পরীক্ষা, ব্যবস্থাপনা, ময়লা বা অন্য কোন বন্ধু অপসারণ, সকল ক্ষেত্রেই মাটিতে দাঁড়িয়ে থেকে সম্পন্ন করা সম্ভব হয়। চিত্রে এ ধরণের একটি ইলপেকশন পিটের প্রান ও সেকশন দেখানো হলো।



চিত্রঃ ১৭.১ ইন্সপেকশন পিটের ছবি

৯২



b) Section A-A

চিত্ৰঃ ১৭.২ ইকলেকশন পিট প্লান ও সেকশন

১৭.২ ইন্সপেকশন পিটের অবস্থান

- ১। সাধারণত নিয়মিত সহজে পরিষ্কার করার জন্য ডেন বা সিউয়ার এর উপর।
- ২। যেখানে ডেন বা সিউয়ার যুক্ত বা দিক পরিবর্তন করেছে।
- ৩। পৌর সিউয়ারে বাসাবাড়ির সিউয়ার যুক্ত হওয়ার আগে দেওয়া হয়।
- ৪। বাসাবাড়িতে ডেন বা নালার গ্রেড বা গভীরতা পরিবর্তনের স্থানে।
- ৫। সেপ্টিক ট্যাংকে সিউয়ার পাইপ প্রবেশের আগে।

১৭.৩ ইন্সপেকশন পিটের প্রয়োজনীয়তা

- ১। নিয়মিত সহজে ডেন বা সিউয়ার পরিষ্কার করা যায়।
- ২। লম্বা ডেন বা সিউয়ারের কোণে বাঁধা বা ব্লক দেখা দিলে এ পিটের সাহায্যে তা সমাধান করা যায়।
- ৩। সিউয়ার পাইপের দিক, গ্রেড বা গভীরতা পরিবর্তনে।
- ৪। সেপ্টিক ট্যাংকে সিউয়ার পাইপ প্রবেশের আগে পিট থাকাতে পর্যবেক্ষণে সহায়তা হয়।
- ৫। লম্বা পাইপের নিয়মিত দূরতে এই ধরনের পিট দিয়ে ডিজাইন করতে এবং ঢাল ঠিক রাখতে সুবিধা হয়।
- ৬। মাটিতে থেকেই এটা রক্ষণাবেক্ষণ করা সম্ভব হয়।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। ইন্সপেকশন পিট কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ইন্সপেকশন পিটের অবস্থান নির্ণয় কর।
- ২। ইন্সপেকশন পিটের প্রয়োজনীয়তা উল্লেখ কর।

অটাদশ অধ্যায় সেশ্টিক ট্যাংক


১৮.১ সেন্টিক টাংক

সেশ্টিক টাংক এমন একটি চেমার বেখানে মরলা সিউরেজ (মানব সেহের মলমূর) সংগ্রহ করার পর একটি নির্দিষ্ট সময় রাখা যাতে জৈবিক রাসায়নিক বিক্রিয়ার এমন মাত্রার পরিশোধিত ব্য মাতে পরিবেশের তেমন ক্ষতি না করে।




চিত্রঃ ১৮.১ স্পেটিক ট্যাংক

Dimensions in millimetres



a) Plan of septic tank




b) Longitudinal section through septic tank

চিত্রঃ ১৮,২ সেন্টিক ট্যাংকের প্লান ও সেকশন।

১৮.২ সেপ্টিক ট্যাংকের প্রয়োজনীয়তা

- ১। ওয়েস্ট ওয়াটার বা ময়লা পানি সংগ্রহ এবং পরিশোধন করে।
- ২। সিউয়েন্সের স্লান্ধ এবং ক্যাম স্তর এর মাঝখানে পরিষ্কার স্তর।
- ৩। অন্যান্য বিকল্প পরিশোধনের চেয়ে খরচ তুলনামূলক কম।
- ৪। যেখানে পৌর সিউয়ার লাইন নেই সেখানে কার্যকর বিকল্প ময়লা পানি পরিশোধনে ভূমিকা রাখে।
- ৫। রক্ষণাবেক্ষণ তুলনামূলক সহক্ষ ও স্বল্প ব্যয়ে করা সম্ভব।
- ৬। পরিশোধনের পরবর্তী পানি সবঞ্চি ক্ষেতে স্প্রে করে কীটনাশক হিসেবে ব্যবহার করা যায়।
- ৭। পরিশোধনের পরে পাওয়া স্লাচ্ছ সার হিসেবেও ব্যবহার করা যায়।

১৮.৩ ব্যবহারকারীর সংখ্যা অনুসারে সেপ্টিক ট্যাংকের পরিমাপ



চিত্রঃ ১৮.৩ স্পেটিক ট্যাংকের ধারণ ক্ষমতা বের করার জন্য ব্যবহৃত গ্রাফ।

১৮.৪ ব্যবহারকারীর সংখ্যা অনুসারে সেপ্টিক ট্যাংকের আকার

টেবিলঃ ১৮.১ ব্যবহারকারীর সংখ্যা অনুসারে সেন্টিক ট্যাংকের আকার

ব্যবহারকারীর সংখ্যা	দৈর্ঘ্য (মিটার)	গ্রন্থ (মিটার)	গভীরতা (মিটার)
50	5.9	۵.6	2.8
20	2.ъ	٥.٧	5.0
২০	2.b	0,9	5.6
২৫	4.5	0.9	১.৬

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। সেপ্টিক ট্যাংক কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। সেপ্টিক ট্যাংকের প্রয়োজনীয়তা লেখ।

২। ব্যবহারকারীর সংখ্যা অনুসারে সেপ্টিক ট্যাংকের পরিমাপ উল্লেখ কর।

রচনামূলক প্রশ্ন


১। স্পেটিক ট্যাংকের প্লান ও সেকশন অংকন করে বিভিন্ন অংশের নাম উল্লেখ কর।

উনবিংশ অধ্যায় সোক পিট (soak pit)

১৯.১ সোক পিট

সোক পিট, সোক ওয়ে বা নিচ পিট নামেও (soakaway or leach pit) পরিচিত, উপরের দিকে থেকে বন্ধ, চৌবাচা (chamber) বিশেষ যার দেরালগুলো ভেদ্য করা যায়। ফলে পানি বীরে বীরে মাটিতে চুবে নেয়। আপের প্রাইমারি বা প্রাথমিক পরিলোধনের পরের এক্লুফেট (effluent) বা ষয়লা পানি এই মাটির নিচের চেঘারে জমা হয় এবং পরে চুয়ে চুয়ে পাশের মাটিতে প্রবেশ করে। মূলত সেখানে এক্লুফেট পুনরায় ব্যবহারের ইছা না থাকে সেখানে পোক পিট ব্যবহার করা হয়ে থাকে।

সোক পিট সাধারণত ২-৩.৫ মিটার ব্যসের এবং ৩.-৬ মিটার গভীরতার হয়ে থাকে। এক্ষেত্রে ময়লা পানির পরিমাণ এবং মাটির চুষে নেওয়ার ক্ষমতার (soil absoption capacity) উপর চূড়ান্ত সাইচ্ছ নির্ভর করে। পারকোলেশন টেপ্টের (percolation test) মাধ্যমে মাটির এই পুল পরীক্ষা করা হয়ে থাকে।




চিত্রঃ ১৯.১ সোক পিটের সাধারণ সেকশন ও কার্যপ্রণালি

১৯.২ সোক পিট এর ভিতরে বিভিন্ন স্তরে ব্যবহৃত উপাদান

আমাদের দেশে সোক পিটের দেয়াল ইটের তৈরি হয় এবং যাদের জোড়ার মুখ খোলা থাকে (open jointed bricks)।

বোয়া বা পাথরের টুকরা এই সিটে স্থরে স্থরে সাজানো থাকে যাতে নির্দাশিত পানি শোখিত হয় এবং ইটের দেয়াল ভিতরে ভেলো না পড়ে। সিভিল কল্টাকশন-২



চিত্ৰঃ ১৯.২ লোক পিটের মেকশন ও বিভিন্ন অংশ

১৯,৩ সোক পিট নির্মাপের স্থান নির্বাচনে সন্তর্কভা

- ১। বে স্থানের বাটির চুবে নেওয়ার ক্ষরতা বেশি সোক পিটের জন্য সবচেরে উপযুক্ত স্থান।
- ২। পানীয় জলের উৎদের থেকে নিরাপদ দূরযে এর অবস্থান হতে হবে। (আদর্শ দূরত হতে প্রায় ৩০ মিটার)
- ৩। বেখানে ভারী যানবাহন বা বেশি গাড়ী চলাচল করে এসন ছানের পাপে হওয়া উচিত কেননা এতে মাটি কম্প্যান্তেড হয়ে যেতে পারে।
- ৪। পানির স্তরের কমপকে ২ নিটার উপরে সোক পিটের অবস্থান হতে হবে।
- ৫। কেখানে কাদাসাটি, শব্দ পাথুরে মাটি সেখানে সোক পিট করা উচিত হবে না।
- ৫। গ্রাম, উপশহর সোক শিটের জন্য উপযুক্ত ।

১০০

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। সোক পিট কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। সোক পিটের ভিতরে বিভিন্ন স্তরে ব্যবহৃত উপাদানের বিবরন দাও।

২। সোক পিট নির্মাণে স্থান নির্বাচনে সতর্কতার বর্ণনা দাও।

রচনামূলক প্রশ্ন

১। সৌক পিটের সাধারণ সেকশন এঁকে, বিভিন্ন অংশ ও কার্যপ্রনালি দেখাও।

দ্বাদশ অধ্যায় প্লান্থিং সিস্টেম (Plumbing System)

২০.১ প্লাম্বিং সিস্টেম (Plumbing System)

বর্তমানে শহরে, শহরতলিতে উপজেলায় এমনকি গ্রামাঞ্চলেও তৈরি হচ্ছে সুরম্য অট্টালিকা। এই সকল অট্টালিকা ও দালানকোঠায় শোভা পাচ্ছে আধুনিক সভ্যতার সকল উপকরণ। বিজ্ঞান ও প্রযুক্তির চরম উৎকর্ষের এই যুগে স্বাস্থ্যবিধি মেনে জীবন যাপন করা সকল সচেতন মানুষের কাম্য।

"দালানে পানি সরবরাহের জন্য এবং ব্যবহৃত ময়লা পানি ও অন্যান্য তরলবর্জ্য নিষ্কাশনের জন্য দালানে বা গৃহে পাইপ, সাজ-সরঞ্জাম, ফিটিংস এবং অন্যান্য যন্ত্রপাতি স্থাপনের কলাকৌশলকে প্লাম্বিং (Plumbing) বলে"।

২০.২ প্লান্থিং সিন্টেমের গুরুত্ব (Importance of Plumbing System)

দালান কোঠা বা গৃহে বিজ্ঞান সম্মতভাবে আরাম ও সুবিধাদির মধ্যে বসবাস করার জন্য প্লাম্বিং সিস্টেমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এজন্য দালান বা গৃহে বিজ্ঞানসম্মত প্লাম্বিং সিস্টেম স্থাপন করা জরুরি। উৎস থেকে পানি সংগ্রহ করে, প্রয়োজনে শোধানাগারে পানি শোধনের পর দালান কোঠায় বসবাসরত লোকজনের কাছে পানি পৌছে দেওয়াই প্লাম্বিং এর উদ্দেশ্য। এছাড়া বসবাসকারী লোকজনের ব্যবহৃত পানি নিষ্কাশন করাও প্লাম্বিং সিস্টেমের কাজ। যেখানে পরিকল্পিত সিউয়ার লাইন নেই সেখানে ব্যবহৃত পানিকে উন্মুক্ত নর্দমা বা জলাশয়ে বা সেপটিক ট্যাংকে এবং যেখানে সিউয়ার লাইন আছে সেখানে সিউয়ার লাইনে নিষ্কাশন করাও প্লাম্বিং সিস্টেমের অন্তর্ভূক্ত।

প্লাম্বিং সংস্থাপন (Plumbing installation) ঃ পানি সরবরাহ ও ব্যবহৃত পানি ও অন্যান্য তরল বর্জ্য নিষ্কাশনের জন্য দালানকোঠা, বাস গৃহে বা অন্যান্য ভবন যে সমস্ত পাইপ, ফিটিংসসহ ফিকচার ব্যবহৃত হয়, সেগুলোকে যথাযথভাবে স্থাপন করাকে প্লাম্বিং সংস্থাপন (Plumbing installation) বলে।


গৃহের মলমূত্র নিষ্কাশনকারী খাড়া পাইপকে স্ট্যাক (Stack) বলে। স্নানঘরের ময়লা পানি, ঘরধোয়া পানি, রান্নাঘরের ময়লা পানিকে সালেজ (Sullege) বলে। কোন গৃহের সালেজ. মলমূত্র ফিকচার (Fixture) হতে ট্রাপের মাধ্যমে নির্গত হয়ে যে পাইপের সাহায্যে নিষ্কাশিত হয় তাকে সয়েল পাইপ (Soil pipe) বলে। যে পাইপের মাধ্যমে বাড়ির মলমূত্র, ময়লা পানি, রাস্তা ধোয়া বৃষ্টির পানি, কলকারখানার বর্জ্য নোংরা পানি ইত্যাদি নিষ্কাশিত হয় তাকে সিউইয়ার (Sewer) পাইপ বলে। সিউয়ার পাইপ সাধারণত রাম্ভার পাশে মাটির নিচে স্থাপন করা হয়।

প্লাম্বিং সংস্থাপন পদ্ধতিকে তিন ভাগে ভাগ করা যায়, যথা-

- ক) সরবরাহ পদ্ধতি (Supply system)
- খ) ফিকচার পদ্ধতি (Fixture system)
- গ) নিষ্কাশন পদ্ধতি (Drainage system)

ক) সরবরাহ গছতিঃ সব রক্ষের যোগান পাইপকে সরবরাহ পাইপ বলে। এই পাইপ রাস্তার সরবরাহ পাইপ থেকে পানি সংগ্রহ করে দাসানে অবস্থিত টয়লেট, ওয়াস বেসিন, রারাম্বর, রান্মর প্রভৃতি জারগায় পৌছে দেয়। এদের সংযোগ দেওয়া হয় সরবরাহ পছতির সাধ্যমে।

- খ) ফিকচার গছতিঃ ওয়াস বেসিন, ওয়াটার ক্লোসেট, সিংকস, সন্ধিট্র, বাথটার ইন্ড্যাদিকে ফিকচার বলে। পূহে বসবাসকারীপন এ ফিকচারপুলোর মাধ্যমে পানি ব্যবহার করে থাকেন। এদের সংযোগ দেওয়া হয় ফিকচার প্রতির মাধ্যমে।
- ণ) নিজাশন পছতিঃ এ পছতিতে বিভিন্ন প্রকার ফিকচার হতে নির্গত ব্যবহৃত সহলা পানি, বৃটির পানি, সলসূত্র ও পালাবাসন থোয়ার পানি নিজাশন পাইপের সাধ্যমে সিউরার পাইপে পৌছানো হয়। একে ফ্রনেজ সিউম বলে। যদি সিউয়ার হতে নির্গত দুর্গভযুক্ত খ্যাস অথবা জীবাণু গৃহে প্রবেশ করে তাহলে নানা রোগ জীবাণু ছড়িয়ে পড়বে। নিজাশন পছতিতে বিভিন্ন প্রকার পাইপ যথাঃ- সয়েল স্ট্যাক, ফ্রেন পাইপ ও ওয়েস্ট পাইপের সংযোগ দেওয়া হয়।



A typical house plumbing system

© 2007 Encyclopædia Britannica, Inc.

চিত্ৰঃ ২০.১ বাসাবাড়ির প্লাঘিং এর বিভিন্ন অংশ দেখানো হয়েছে।

পাইপঃ ফাঁকা, পোলাকার দীর্ঘ নল যার ভিতর দিয়ে তরল পদার্থ প্রবাহিত হয় তাকে পাইপ বলে। প্লায়িং কাজে সরবরাহকৃত পানি দালানের বিভিন্ন কিকচারে ব্যবহৃত হওয়ার পর বের করে দেওরার জন্য পাইপ ব্যবহৃত হয়। ব্যবহার জনুযায়ী পাইপকে নিম্নলিখিত শ্রেণিতে তাল করা যায়। যথা ০ঃ

- ক) সরবরাহ পাইপ (Supply pipe)
- খ) নিষ্কশন পাইপ (Drainage pipe)
- গ) সার্ভিস পাইপ (Service pipe)
- ঘ) ভেন্ট পাইপ (Vent pipe)
- ঙ) সয়েল পাইপ (Soil pipe)
- চ) এন্টি সাইফনেজ পাইপ (Anti-syphonage pipe)
- ছ) স্ট্রিট মেইন সিউয়ার (Street main sewer)
- জ) হাউজ সিউয়ার (House sewer)
- ৰা) ময়লা পানি নিষ্কশন পাইপ Waste water drainage pipe)
- ঞ) বৃষ্টির পানি নিষ্কশন পাইপ (Rain water drainage pipe)
- ক) সরবরাহ পাইপ (Supply pipe) ঃ দালানে পানি সরবরাহের জন্য প্রধান, উপ-প্রধান অথবা রাম্ভার নিচে যে পাইপ বসানো হয় ঐগুলোকে সরবরাহ পাইপ বলে। দালানকোঠার সামনে বা রাম্ভার নিচে এই সব পাইপ বসানো হয়ে থাকে। কাল্ট আয়রন (Cast iron), পি. ভি .সি.(P.V.C),ন্টিল (Steel), গ্যালভাইজড আয়রন দ্বারা এই সব পাইপ তৈরি হয়।
- খ) সার্ভিস পাইপ (Service pipe) ঃ সরবরাহ পাইপ হতে অপেক্ষাকৃত সরু আকারের পাইপ যা দ্বারা ব্যবহারের স্থানে পানি আনা হয় তাকে সার্ভিস পাইপ বলে। এই পাইপ পি ভি সি বা গ্যালভানাইজড আয়রনের হয়ে থাকে।
- গ) নিস্কাশন পাইপ (Drainage pipe) ঃ কোন দালান বা গৃহের ব্যবহৃত পানি যে সকল পাইপের মাধ্যমে নিষ্কাশন করা হয় সেপুলোকে নিষ্কাশন পাইপ বলে। এপুলো সাধারণত কাস্ট আয়রনের হয়ে থাকে। অধুনা এ্যাসবেস্টস সিমেন্ট পাইপ, সিমেন্ট পাইপ বা পি ভি সি পাইপও ব্যবহৃত হয়।
- ঘ) ভেন্ট পাইপ (Vent pipe) ঃ নিষ্কাশিত তরল বর্জ্য হতে যে দুর্গন্ধ সৃষ্টি হয় তা বের করে দেওয়ার জন্য ভেন্ট পাইপ ব্যবহৃত হয়। এ পাইপ খাড়াভাবে সয়েল পাইপের (Soil pipe) সাথে যুক্ত থাকে। এই পাইপের উচ্চতা দালানের ছাদ হতে কমপক্ষে ২ মিটার বেশি রাখা হয় । বৃষ্টির পানি যাতে পাইপে ঢুকতে না পারে সেজন্য পাইপের মাথায় টুপি বা কাউয়েল (Cowel) পরানো হয়।
- ঙ) সয়েল পাইপ (Soil pipe) ঃ ওয়াটার ক্লসেট বা অন্য কোন ফিকচার হতে নিষ্কাশিত পানি যে নির্দিষ্ট পাইপে গিয়ে পড়ে এবং যে পাইপ দ্বারা তা হাউজ সিউয়ারে পৌছে দেওয়া হয় তাকে সয়েল পাইপ বলে। কংক্রিট, পি ভি সি ও কাল্ট আয়রন দ্বারা এ পাইপ নির্মিত হয়।
- চ) এন্টি সাইফনেজ পাইপ (Anti-syphonage pipe) গ বহুতল বাড়ির পায়খানাগুলো এমনভাবে সাজানো হয় যে বিভিন্ন পায়খানা খাড়াভাবে একই রেখায় থাকে। উপরের তলার পায়খানা হতে নির্গত মলমূত্র পানি বাহিত হয়ে নিচের দিকে নামার সময় নিচের তলার মলপাত্রের সংযোগস্থল অতিক্রম করে। ফলে পিছনে সৃষ্ট আংশিক শূন্যস্থান পূরণ করতে মলপাত্র সংলগ্ন ট্র্যাপ এ পানির পরিবর্তে গ্যাস উর্দ্ধমুখী

বীক বা ভেন্ট পাইপ সংযোগকারী একটি সরু পাইপের মধ্যে দিয়ে ছুটে আসে। এ পাইপটি "ট্র্যাপ সিল লস" রক্ষা করে বলে একে এন্টি সাইফনেজ পাইপ বলে। এটি পি ভি সি বা কাষ্ট আয়রনের হতে পারে।

- ছ) স্ট্রিট মেইন সিউয়ার (Street main sewer) ঃ হাউজ সিউয়ার হতে সংগৃহীত সিউয়েজ যে পাইপের মাধ্যমে শোধন বা অপসারণের উদ্দেশ্যে উপযুক্ত স্থানে নেওয়া হয় তাকে স্ট্রিট মেইন সিউয়ার বলে। এটি ইট অথবা কংক্রিটের তৈরি হয়।
- জ) হাউজ সিউয়ার (House sewer) ঃ যে সিউয়ার লাইন দালান হতে নিষ্কাশিত পানিকে প্রধান রাস্তার নিচে স্থাপিত সিউয়ার লাইনে পৌছিয়ে দেয় তাকে হাউজ সিউয়ার বলে। এই পাইপ কাস্ট আয়রন বা কংক্রিটের তৈরি হয়ে থাকে।
- বা) ময়লা পানি নিষ্কাশন পাইপ (Waste water drainage pipe) গ দালান বা গৃহে অবস্থিত বিভিন্ন ফিকচার হতে সংগৃহীত ময়লা পানি দালানের গায়ে খাড়াভাবে লাগানো পাইপের সাহায্যে বহন করে রাস্তার নিচে অবস্থিত পাইপে পৌঁছানো হয়। এই খাড়া পাইপটিকে ময়লা পানি নিষ্কাশন পাইপ বলে। এটি কাষ্ট আয়রনের হয়ে থাকে।
- ঞ) বৃষ্টির পানি নিষ্কাশন পাইপ (Rain water drainage pipe) ঃ দালানের ছাদে বৃষ্টির যে পানি জমা হয় তা দালানের সাথে সংযুক্ত খাড়া পাইপের সাহায্যে প্রথমে চারপাশের দ্রেনে এবং পরে দ্রেনের সাহায্যে রাস্তার নিচে সংস্থাপিত বড় পাইপে নিষ্কাশিত হয়। খাড়া এই পাইপটিকে বৃষ্টির পানি বহনকারী পাইপ বলে। এটি কাস্ট আয়রনের তৈরি হয়ে থাকে।

উপাদানের উপর ভিত্তি করে পাইপকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়ঃ

- A) কাস্ট আয়রন পাইপ (Cast iron pipe)
- B) ন্টিল পাইপ (Steel pipe)
- C) গ্যালভানাইজড আয়রন (Galvanized iron pipe)
- D) পি ভি সি পাইপ (BPoly Vinyl Chloride pipe)
- E) পিতলের পাইপ (Brass pipe)
- F) সিমেন্ট কংক্রিট পাইপ (Cement Concrete pipe)
- G) রি-ইনফোর্সড সিমেন্ট কংক্রিট পাইপ (Re-in forced cement concrete pipe)
- H) প্রিম্ফেসড কংক্রিট পাইপ (Pre-stressed concrete pipe)
- I) এ্যাসবেস্ট্স সিমেন্ট পাইপ (Asbestos cement pipe)
- J) পোড়া মাটির পাইপ (Vetrified clay pipe)
- ক) কাস্ট আয়রন পাইপ (Cast iron pipe) ঃ এই পাইপ সিউয়েজ হতে সৃষ্ট গ্যাস ও সিউয়েজ বহনে ব্যবহৃত হয়। এটি স্পিগট (Spigot) ও সকেট (Socket) প্রান্ত বিশিষ্ট হয়। এর ব্যাস ৪৫ মি মি হতে ২২৫ মি মি এবং দৈর্ঘ্য ১.৮ মিটার হতে ৩.৬৬ মিটার পর্যন্ত হয়। যেখানে পাইপের উপর চাপ বল বেশি সেখানে এটি খুবই কার্যকর।



চিত্রঃ ২০.২ কান্ট আয়রন পাইপ

খ) শ্টিল পাইপ (Steel pipe) ঃ এই পাইপ কাস্ট আয়রন পাইপের মতো। এটি যে কোন দৈর্ঘ্যের ও ব্যানের প্রস্তুত করা যায়। অধিক ভার বহনের ক্ষেত্রে এই পাইপ বেশি উপযোগী। জ্বোড়া মুখ বীকা ক্ষেত্রে এই পাইপ বহল প্রচলিত। কোন কারণে নট হয়ে গেলেও পুনরায় মেরামত করা যায়। এ পাইপ পানি সরবরাহের প্রধান পাইপ। গ্যাস সরবরাহ লাইনেও ব্যবহার হয়।



চিত্রঃ ২০,৩ কাস্ট আয়রন পাইপ

ণ) গ্যালভানাইক্ষড আয়রন পাইণ (Galvanized iron pipe-GI) ঃ গ্যালভানাইক্ষড আয়রন পাইণ সাধারণত মাইল্ড শ্চিল বা রড আয়রন দারা নির্মিত। সহক্ষে যেন মরিচা না পড়ে সেক্ষন্য এর গায়ে দন্তার (Zinc) প্রলেপ দেওয়া হয় এবং একে গ্যালভানাইজিং বলে। এ পাইপের ব্যাস ১২ মি মি হতে ১০০ মি মি এবং দৈর্ঘ্য ৬ থেকে ৭ মিটার পর্যন্ত হতে পারে। অধিকাংশ ক্ষেত্রে পানি ও গ্যাস সরবরাহে ব্যবহার হয়।



চিত্রঃ ২০.৪ গ্যালভানাইজড আয়রন পাইপ (GI)

খ) পি ডি সি পাইপ (Poly Vinyl Chloride pipe)



চিত্ৰঃ ২০.৫ পিভিসি বা ইউপিভিসি পাইপ

সিভিল কল্টাকশন-২

ভ) পিডলের পাইপ (Brass pipe) । এই পাইপ তৈরিতে ব্যবহৃত থাতব পদার্থ পিতস অতি উরত সানের হওয়ার কারণে এর পা মসৃণ এবং যে কোন এসিড ক্রিয়া প্রতিরোধে সক্ষম। এটি ৬ মি মি হতে ৫০ মি মি ব্যাস এবং ও মিটার থেকে ৪ মিটার পর্বত দৈর্ঘ্য বিশিষ্ট হয়ে থাকে।



চিত্রঃ ২০.৬ পিডলের গাইপ

- চ) সিমেন্ট কংক্রিট পাইপ Cement Concrete pipe) ঃ এই পাইপ সিউয়ার, পানি নিকাশন ও সয়েল পাইপ হিসাবে ব্যবহৃত হয়। এর ব্যাস ১.৫ মি হতে ১.৮ মিটার এবং দৈর্ঘ্য ১ মিটার হতে ৫ মিটার পর্যন্ত হতে পারে। সহজেই এসিড দ্বারা আক্রান্ত হয় বলে পাইপের ভিতর ও বাইর উভয় পৃষ্ঠে সালফেট প্রতিরোধক সিমেন্ট দ্বারা প্রকেপ দিতে হয়।
- ছ) রি-ইন-কোর্সড সিমেন্ট কংক্রিট পাইপ (Re-in forced cement concrete pipe) ঃ এই পাইপ বে কোন আকার ও আকৃতির হতে পারে। অধিক ব্যাস বিশিষ্ট পাইপের প্রয়োজনে এটি বেশি ব্যবহার হয়। যে কোন প্রকার চাল প্রতিরোধে সক্ষম। পাইল কালভার্ট, সিউয়ার ও ছেনের ক্ষেত্রে কার্যকরভাবে দীর্ঘদিন ধরে ব্যবহার হছে।



চিত্রঃ ২০.৭ সিমেন্ট কংক্রিট পাইপ

জ) প্রি-স্ট্রেসড কংক্রিট পাইপ (Pre-stressed concrete pipe) ঃ এ জাতীয় পাইপের নির্মাণ কোশল রি-ইনফোর্সড সিমেন্ট কংক্রিট পাইপের মতো। এটি যে কোন আকার বা আকৃতির হতে পারে এবং সকল প্রকার চাপ বহনে সক্ষম। একবার নষ্ট হয়ে গেলে মেরামত করা যায় না। এ পাইপও সিউয়ার, ডেনেজ ও নিক্ষাশন পাইপ হিসাবে ব্যবহৃত হতে পারে।

704



চিত্রঃ ২০.৮ প্রি-স্ট্রেসড কংক্রিট পাইপ

ঝ) এ্যাসবেশ্টস সিমেন্ট পাইপ (Asbestos cement pipe) ঃ এই পাইপ ওয়েন্ট পাইপ ও সয়েল পাইপ হিসাবে ব্যবহার করা যায়। ভঙ্গুর হওয়ার কারণে সতর্কতার সাথে ব্যবহার করতে হয়। এর ব্যাস ১০০ মি মি থেকে ৫০০ মি মি পর্যন্ত হতে পারে। দৈর্ঘ্যে এক মিটার হতে ৫ মিটার পর্যন্ত হয় এবং স্থায়িত্বের জন্য বাইরের বিটুমিনের প্রলেপ লাগান হয়।



চিত্রঃ ২০.৯ এ্যাসবেস্টস সিমেন্ট পাইপ

নিতিন কৰ্টাকশন-২

ঞ) শোড়া মাটির পাইপ (Vetrified clay pipe) ঃ বর্তমানে পোড়া মাটির পাইপ বুব একটা দেখা বায় না। এই পাইপ সিউয়ার, হাউজ সিউয়ার ও ছেনের ক্ষেত্রে ব্যবহার করা যায়। এটি সাধারণত বৃত্তাকার হয় এবং বহন করে নিয়ে যাওয়ার সময় সতর্কতা অবলম্বন করতে হয়। এর ব্যাস ৭৫ মি মি হতে ১০ মি মি এবং দৈখা ১ মিটার হতে পারে।



চিত্রঃ ২০.১০ পোড়া মাটির পাইল

शोषांत्रज्ञ कांच (Work of a plumber) :

বে ব্যক্তি প্লাখিং ব্যাপাতির সাহাব্যে প্লাখিং সিন্টেমের যাবতীয় কাক যথা সংস্থাপন ও মেরামত সহজেই সমাধা করতে পারে তাকে প্লামার বলে। বিশুদ্ধ পানি সরবরাহ এবং সরবরাহকৃত পানি ব্যবহারের পর তরল সমলা ও মলমূর হিসাবে নিকাশনের জন্য যাবতীয় পাইপ, ফিটিংস ও ফিকচার স্থাপন প্লাখারের কাজ। সুলক্ধা একজন প্লাখার প্লাখিং বিবরক যাবতীয় সংস্থাপন (Installation), মেরামত ও সংক্রকণ (Repair and maintenance) কাজ সমাধা করে থাকে।

১১০ প্লাখিং সিস্টেম

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। প্লাম্বিং যন্ত্ৰপাতি কাকে বলে?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। প্লাম্বিং যন্ত্রপাতির তালিকা তৈরি কর।

রচনামূলক প্রশ্ন

১। প্লাম্বিং যন্ত্রপাতি ব্যবহারের বিস্তারিত বিবরণ দাও।

সিভিল কন্ট্রাকশন-২

একবিংশ অধ্যায় প্লান্বিং যন্ত্ৰপাতি (Plumbing Tools)

২.১ প্লাম্বিং যন্ত্রপাতির তালিকা প্লাম্বিং বিলেশ্যাক্ত তালিকা প্লাম্বিং সিস্টেমের সংস্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ করার জন্য একজন প্লাম্বার যে সমস্ত যন্ত্রপাতি ব্যবহার করে ঐগুলোকে প্লাম্বিং যন্ত্রপাতি (Plumbing Tools) বলে। নিম্নে প্লাম্বিং কাজে প্লাম্বার যে সব যন্ত্রপাতি ব্যবহার করে তার একটি তালিকা দেওয়া হলো।

- ১। পরিমাপক যন্ত্রপাতি (Measuring tools):
 - (ক) ফুটরুল (Foot rule)
 - (খ) ক্যালিপার (Calliper)
 - (গ) মেটালিক (Metalic tap)
 - (ঘ) লেমিনেটেড টেপ (Laminated tap)
- ২। কাটার যন্ত্রপাতি (Cutting tools):
 - (ক) পাইপ কাটার (Pipe cutter)
 - (খ) প্যাড স (Pad saw)
 - (গ) হ্যাক স (Hack saw)
 - (ঘ) বাটালি (Chisel)
 - (ঙ) হ্যান্ড ডাই স্টক (Hand die stock)
 - (চ) টিন মিপ (Tin snip)
- ৩। ছিদ্র করার যন্ত্রপাতি (Boring tools):
 - (ক) হ্যান্ড জিল (Hand drill)
 - (খ) র্যাচেট ব্রেস (Ratchet brace)
 - (গ) পাঞ্চ (Punch)
 - (ঘ) রেমার (Reamer)
- ৪। সাহায্যকারী যন্ত্রপাতি (Helping tools):
 - ক) পাইপ ভাইস (Pipe vice)
 - খ) সি-ক্লাম্প (C-clamp)
 - গ) এলেন কি (Alen key)
 - ঘ) অয়েল ক্যান Oil cane)
 - ঙ) স্প্যানার (Spanar)
 - চ) ক্ষু ড়াইভার (Screw driver)
 - ছ) টেপ (Taps)
 - জ) রেঞ্জ (Wrench)
 - ৰা) কাঠের হাতুড়ি (Mallet)
 - ঞ) লোহার হাতুড়ি (Hammer)
 - ট) জিমলেট ও ব্রাডেল (Gimlet and bradawl)

৫। লেভেলিং যন্ত্রপাতি (Levelling tools):

- ক) প্লাম বব (Plumb bob)
- খ) টাই ক্ষয়ার (Try square)
- গ) স্পিরিট স্পিরিট (Spirit level)

৬। ধার দেওয়া বা মসৃণ করার যন্ত্রপাতি (Sharpening and planning tools) : ফাইল (File)

৭। পাইপ বীকানো মেশিন ও ওয়েন্ডিং মেশিন।

২১.২ প্লাম্বিং ষদ্ৰপাতির ব্যবহার (Uses of plumbing tools)

নিম্নে কয়েকটি প্লাম্বিং যন্ত্রপাতির ব্যবহার উল্লেখ করা হলো।

ফুট বুল (Foot rule):


এটি কাঠ অথবা স্টিলের তৈরি। দৈর্ঘ্যে এটি ৩০ সে মি হয়ে থাকে। এর গায়ে সে মি ও মিলি মিটারের দাগ কাটা থাকে। কখনও কখনও একটি বুলের একপাশে এফ পি এস (F.P.S) ও অপর পাশে এম কে এস (M.K.S) পদ্ধতিতে দাগ কাটা থাকে। সোজা ছোট খাট মাপ নেওয়ার ক্ষেত্রে ফুটরুল ব্যবহার হয়।



চিত্ৰঃ২১.১- ফুট রুল

ক্যালিপার (Calliper):

কোন গোলাকার বস্তু যেমন পাইপের ভিতরের ও বাইরের মাপ নেওয়ার জন্য ক্যালিপার ব্যবহৃত হয়। ক্যালিপার দুই প্রকার। যথাঃ- ভিতর ক্যালিপার (Inside calliper) ও বাহির ক্যালিপার (Outside calliper), ভিভাইভার (Divider).



চিত্রঃ২১,২- (ক) ভিতর, (খ) বাহির, (গ) ডিভাইডার (ঘ) ডিন্সিটাল ইনসাইড ক্যালিগার

মেটালিক টেপ (Metallic tape) :

এই টেপ সাধারণত কাপড় দ্বারা তৈরি। দৈর্ঘ্যে এটি ১৫ থেকে ৩০ মিটার হয়ে থাকে। মজবুত করার জন্য টেপের ভিতরে সরু থাতব তার লাগানো হয়। এজন্য একে মেটালিক টেপ বলে। প্রাশ্টিক বা চামড়ার কভারে এটি সংরক্ষিত থাকে। ফিতার গায়ে মি মি, সে মি ও মিটারে দাগ কাটা থাকে। টান দিলে বাহির হয়ে আসে কিন্তু কভারে ঢুকাতে প্রীচিয়ে প্রীচিয়ে ঢুকাতে হয়।



চিত্ৰঃ ২১.৩- মেটালিক টেপ

পাইপ কাটার (Pipe cutter) :

সরু নল বা পাইপ হ্যাক স (Hack saw) দারা সহজেই কাটা যায়। পুরু পাইপের ক্ষেত্রে হ্যাক 'স' তওটা উপযোগী নয় বিধায় পাইপ কাটার দারা কাটা হয়। এটি দারা খুব তাড়াতাড়ি যে কোন পুরুতের পাইপ কাটা যায়। পাইপ কাটার সাধারণত ৫ প্রকার। যথাঃ-


- ১) সিশোল হইল পাইল কাটার (Single wheel pipe cutter)
- ২) ম্বি হইল পাইপ কাটার (Three wheel pipe cutter)
- ৩) লিংক বা চেইন পাইপ কাটার (Link or chain pipe cutter)

- ৪) অটো বা পাওয়ার পাইপ কাটার (Auto or power pipe cutter)
- ৫) র্যাচেট পাইপ কাটার (Ratchet pipe cutter)
- ৬) থাম্ব বা এক হাতের পাইপ কাটার (thumb or single handed pipe cutter)



চিত্রঃ ২১.৪ বিভিন্ন প্রকার পাইপ কাটার

সিভিল কন্ট্রাকশন-২



চিত্রঃ ২১.৫ (ক) ব্যাচেট পাইপ কাটার (খ) থাম্ব বা এক হাতের পাইপ কাটার

চিজেল (Chisel):

গাঁখুনির ভিতরের গর্ভ খুঁড়তে বা কংক্রিট কাটার জন্য চিজেল ব্যবহৃত হয়। বাজারে বিভিন্ন মানের ও আকার আকৃতির চিজেল পাওয়া যায়। দৈর্ঘ্যে ১৫০ মি মি হতে ৪৫০ মি মি এবং চওড়ায় ১২ মি মি হতে ২৫ মি মি চিজেল পাওয়া যায়। প্লাম্বিং কাজে সাধারণত কোল্ড চিজেল ব্যবহার করা হয়। কোল্ড চিজেল হাই কার্বন স্টিল ছারা তৈরি করা হয়।



চিত্রঃ ২১.৬ (ক) র্যাটচেট পাইপ কাটার (খ) থাম্ব বা এক হাতের পাইপ কাটার

হাক স (Hack saw):

হাতল ও ফ্রেম সমন্বয়ে তৈরি এই যন্ত্রে বিভিন্ন দৈর্ঘ্যের ব্লেড সংযুক্ত করা যায়। সাধারণত ব্লেডের দৈর্ঘ্য ২৫০ মি মি হতে ৩০০ মি মি পর্যন্ত হয়ে থাকে। দুই ধরনের ব্লেড হ্যাক স এর সাথে সংযুক্ত করা যায়। যার একটিতে প্রভি ২৫ মি মি এ ২২টি দাঁত এবং অপরটিতে প্রভি ২৫ মি মি এ ৩২ টি দাঁত থাকে। স্টিল পাইপ কাটার সময় প্রথমটি এবং কপার পাইপ কাটার সময় দ্বিতীয়টি ব্যবহার করা হয়।

গ্যাড স (Pad saw):

এটি প্লান্টিক বা ধাতব হাতল যুক্ত হতে পারে। এর একপ্রান্তে ব্লেড লাগাবার উপযোগী খাঁজ (groove) থাকে। কাঠ অথবা ধাতব পাত কাটার জন্য এ 'স' ব্যবহার হয়। ভিন্ন ভিন্ন কাজে ভিন্ন ভিন্ন ব্লেড ব্যবহার করা যায়। সীমাবদ্ধ জায়গায় বা কর্ণার কাটার জন্য এটি বিশেষভাবে উপযোগী।



চিত্ৰঃ ২২.৭ প্যাড স



চিত্ৰঃ ২২.৮ হ্যান্ড ডাই স্টক

হ্যান্ড ডাই ক্টক (Hand die stock) :

ডাই শ্টক কার্বন শ্টিলের দ্বারা নির্মিত। এর সাহায্যে ডাইকে ঘুরিয়ে বড় ছোট বিভিন্ন প্রকার পাইপের প্যাঁচ (Thread) কাটা হয়। ইচ্ছামত মাপ বদলিয়ে প্যাঁচের গভীরতা বাড়ানো যায়। এটি দ্বারা ১২ মি মি হতে ১০০ মি মি ব্যাসযুক্ত পাইপের প্যাঁচ কাটা হয়। প্যাঁচ কাটার সময় পাইপ গরম হয়ে গেলে ওয়েল ক্যানের মাধ্যমে তেল দিতে হয়। হ্যান্ড ডাই এক হাতল বিশিষ্ট হয়ে থাকে।

সিভিল কন্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। প্লাম্বিং ফিকচার কি?

২। পাইপ ফিটিংস কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। পাইপ ফিটিংসের প্রয়োজনীয়তা লেখ।

২। প্লাম্বিং ফিকচারসমূহে ব্যবহৃত ফ্লাসেট বা ভাল্ভের বর্ণনা দাও।

রচনামূলক প্রশ্ন

১। পাইপ ফিটিংসের ব্যবহার বর্ণনা কর।

২। বিভিন্ন প্রকার প্লাম্বিং ফিকচারের চিত্রসহ তালিকা তৈরি কর।

দ্বাবিংশ অধ্যায় প্লাম্বিং ফিকচার

২২.১ প্লাম্বিং ফিকচার

ইমারত বা স্থাপনায় পানি ব্যবহার করার পর ব্যবহৃত পানি বা অন্যান্য তরল পদার্থ নিষ্কাশনের জন্য প্লাষিং ব্যবস্থায় যে সকল পাত্র ব্যবহার করা হয় তাদেরকে ফিকচার (fixture) বলে। যথাঃ বাথটাব, সিংক, হাত ধোয়ার বেসিন, ওয়াটার ক্লোসেট, ইউরিনালস, লক্ষি-ট্রে ইত্যাদি।

২২.২ বিভিন্ন প্রকার ফিকচারের তালিকা বিভিন্ন প্রকার ফিকচারের তালিকা নিমরূপঃ

- ১) হাত ধোয়ার বেসিন (Wash hand basin)
- ২) শাওয়ার বাথ (Shower bath)
- ৩) বাথটাব (Bath tub)
- ৪) ফ্লাশিং সিন্টার্ন (Flushing cistern)
- ৫) সিংক (Sink)
- ৬) লক্ষি-ট্র (Laundray tray)
- ৭) ওয়াটার ক্লোসেট (Water closet)
- ৮) ইউরিনালস (Uninals)




সিভিল কন্ট্রাকশন-২





চিত্রঃ ২২.১ : বিভিন্ন প্রকার প্রাম্বিং ফিকচারের চিত্র




চিত্রঃ ২২.৩.১ : হাত ধোয়ার বেসিন

সিভিল কল্ট্ৰাকশন-২




চিত্রঃ ২২.২: হাভ ধোয়ার বেসিনের চিত্র।

২২.৩.২ শাওয়ার বাথ




গ্লাখিং ফিকচার



চিত্রঃ ২২.৩: শাওয়ার বাথের চিত্র


২২.৩.৩ ফ্লাসিং সিন্টার্ন



চিত্ৰঃ ২২.৪: ফ্লাসিং সিন্টার্ন চিত্র।

সিভিল কৰ্ণট্ৰাকশন-২


২২.৩.৪ সিংক






চিত্ৰঃ ২২.৩.৫: সিংকের ছবি

২২.৩.৫ ওয়াটার ক্লোসেট



স্থিতিৰ কৰ্ম্মাকশ্ৰ-২






চিত্রহ ২২,৩.৬: ভরাটার প্রেসেটের ছবি।

५१पिर क्रिकाव

২২.৩.৬ ইউরিনাকস



চিত্রঃ ২২.৩.৬: ইউরিনালসের চিত্র।

সিভিল কন্মট্রাকশন-২

২২.৪ বিভিন্ন প্রকার ফিকচারের ব্যবহার

১) হাত ধোয়ার বেসিন (Wash hand basin) হাত ধোয়ার বেসিন সাধারণত গোসলখানার ভিতরে, গোসলখানা সংলগ্ন দেওয়ালে, খাওয়ার ঘরের দেওয়ালে স্থাপন করা হয়। এটি চিনামাটি, স্টিল, পিতল ও আচ্ছাদিত ধাতব পদার্থ দ্বারা তৈরি করা হয়। কখনও কখনও কংক্রিটের তৈরি বেসিনও ব্যবহৃত হয়। এটি ফ্রোর থেকে উপরে দেওয়াল সংলগ্ন ব্রাকেট, লেগ, প্যাডেস্টাল ও কেবিনেট দ্বারা সংস্থাপন করা হয়। হাত ধোয়ার বেসিন বিভিন্ন প্রকারের হতে পারে। যথাঃ-

- ক) ওয়াল হ্যাংগ টাইপ (Wall hang type)
- খ) লেগ টাইপ (Leg type)
- গ) প্যাডেস্টাল টাইপ (Pedestal type)
- ঘ) কেবিনেট টাইপ (Cabinet type)
- ২) শাওয়ার বাথটাব (Shower bath) ঃ এটি সাধারণত গোসলখানায় স্থাপন করা হয়। শাওয়ার রোজের অবস্থানের উপরে নির্ভর করে মেঝের উপর দেওয়ালে স্থাপন করা যায়।
- ৩) বাথটাব (Bath tub) ঃ বাথটাব বাথরুমে স্থাপিত এক প্রকার চৌবাচ্চা বিশেষ। এটি এক প্রকার কৃত্রিম গার্হস্থ্য পুকুর, যদিও এতে সাঁতার কাটার সুযোগ নেই। বাথটাবের চারকোণ মসৃণ। এটি মেঝের উপর বাথরুমের সুবিধাজনক কর্ণারে, দুই দেওয়াল বা তিন দেওয়াল সংলগ্ন স্থানে স্থাপন করা হয়। কখনও কখনও দুই দেওয়ালের মাঝে এক দেওয়াল সংলগ্ন স্থানেও স্থাপন করা হয়।
- 8) ফ্লাশিং সিস্টার্ন (Flushing cistern) ঃ পায়খানাতে (Latrine) এটি স্থাপন করা হয়। পায়খানা বা প্রস্রাব করার পর এটি ব্যবহার করলে পানি প্রবাহিত হয়ে থৌত হয়ে যায়। মেঝে থেকে উপরে দেওয়ালে স্থাপন করা হয়। এর ধারণ ক্ষমতা ১০ থেকে ১৫ লিটার পানি। লিভার বা চেইন ব্যবহার করলে স্থংয়ক্রিয় ভাবে ফ্লাশিং হয়ে যায়। ফ্লাশিং সিসটার্ন ২ প্রকার যথাঃ
- ক) লো ডাউন ফ্লাশিং ট্যাংক (Low down flushing tank)
- খ) হাই ফ্লাশিং ট্যাংক (High flushing tank)
- ৫) সিংক (Sink) ঃ রান্নাঘরে ব্যবহৃত থালা, বাটি ও অন্যান্য বাসনকোসন ধৌত করার জন্য যে পাত্র ব্যবহার করা হয় তাকে কিচেন সিংক বলে। এটি সাধারণত রান্নাঘরেই স্থাপন করা হয়। কোন কোন সিংকের মাঝামাঝি পার্টিশন ব্যবহার করে তাকে দুই অংশে বিভক্ত করা হয়। আবার কোন কোন সিংকের এক পার্শ্বে বা দুই পার্শ্বে বর্ধিত বোর্ড লাগানো থাকে। এই ধরনের সিংককে, সিংক উইথ ট্রে বলে। সিংক ৩ প্রকার। যথাঃ
- ক) কেবিনেট সিংক (Cabinet sink)
- খ) সোপ স্টোন ট্যাংক (Soap stone sink)
- গ) কিচেন সিংক (Kitchen sink)
- ৬) লক্ষি ট্রে (Laundray tray) ঃ সাধারণ মসৃণ ও তরল অশোষক পদার্থ দিয়ে লক্ষি ট্রে তৈরি করা হয়। গোসলখানায় পরিধেয় ও অন্যান্য কাপড়-চোপড় ধোয়ার জন্য লক্ষি ট্রে ব্যবহৃত হয়। অনেক ক্ষেত্রে বিব


(Bib cock) নিয়ন্ত্রিত পানির ধারা সরবরাহ করে দুই বা তিনটি লক্তি ট্রে একত্রে পাশাপাশি বসিয়ে দুত কাজ সমাধা করা যায়। এক্ষেত্রে একটি ট্যাপই ব্যবহার করা হয়।

- ৭) ওয়াটার ক্লোসেটঃ (Water closet) পানি বাহিত ব্যবস্থায় পায়খানার যে পাত্রটিতে মলত্যাগ করা হয় সেই মলপাত্র এবং তৎসহ ট্রাপ বা সাইফনটিকে এক সংগে বলা হয় ওয়াটার ক্লোসেট বা সংক্ষেপে ডব্লিউ সি (W.C)। ওয়াটার ক্লোসেট দুই প্রকার। যথাঃ
- ক) ভারতীয় টাইপ ওয়াটার ক্লোসেট (Indian type water closet)
- খ) ইউরোপীয় টাইপ ওয়াটার ক্রোসেট (European type water closet)|




W1005A

Squatting Pan WC Bowl Size:580X450X280mm Built-in Platform Integrated s-trap



চিত্রঃ ২২.৩.৭: ভারতীয় টাইপ ওয়াটার ক্রোসেট




টিনাং ২২.৩.৮: ইউজেপিন চাইল কয়াটার ক্রোনেট

আকার আকৃতি, গঠন ও সাইজোন কার্যক্রমের উপর তিতি করে প্রদাসট আবার চার প্রকার। ক্যাত

- ১) क्यान क्षेत्र कारके (Wash down closet)
- शु कार चांके कारने (Wash out closet)
- ৩) সাইকন প্ৰাকশন ক্লোক্টে (Siphone action closet)
- ঃ) সাইফন কেট ফ্রানেট (Siphone jet closet)


अभिर विकास





চিত্রঃ ২২,৩,৯: ওরাশ আউট ওয়াটার ক্রোসেট

সিদ্ধিল কৰ্ণট্ৰাক্তৰ্পন_২





চিত্রঃ ২২.৩.১০: বিভিন্ন প্রকার ওয়াটার ক্লোসেট

(क) ভারতীয় টাইপ ওয়াটার ক্রোসেট ঃ ভারতীয় টাইপ ওয়াটার ক্রোসেট চকচকে সাদা চিনাসাটির সলপার বিশেষ। এটি লঘায় ৫০ থেকে ৬০ সে.মি., চওড়ায় ২২ থেকে ৩০ সে. মি. এবং উচ্চতায় টার্লসহ ৪০ থেকে ৪৫ সে.মি.। এ ধরনের ক্রোসেট স্থাপনের জন্য বাধারুস বা টয়লেটের মেবে খরের জন্যান্য মেবে অলেকা নিচু হওয়া উচিত। ফলে মলগারটি স্থাপন করার পর বেবের ঢাল সব দিক থেকে ঢালু হর। ঢাল নিচুতে হওরার ব্যবহৃত সব ময়লা পানি মলগারে গিয়ে পড়বে। এর গারে উপরের মুখে একটি নলাকৃতির ফ্রাল রিম থাকে। ফ্রাল রিমের সাথে ২০ থেকে ২৫ সে. মি. উচ্চাতায় ফ্রালিং সিন্টার্ল সংযুক্ত থাকে। শিকল টানলে ফ্রালিং সিন্টার্ল হতে গানি ফ্রাল গাইপ ও রিম দিয়ে অবেগে এসে মলগারের ময়লাসমূহ ধূয়ে মলগার সংলগ্ম মুলনলে পৌছে দেয়।

খে) ইউরোপীয় টাইপ ওয়াটার ক্লোসেটঃ এর প্রচলিত নাম কমোড (commod) পায়খানা। মলপাত্রটি আকারে বেশ বড় যা লম্বায় ৬০ থেকে ৬৫ সে.মি. পর্যন্ত হতে পারে। মলপাত্র এবং ট্র্যাপ একই সংগে ঢালাই করে তৈরি করা হয়। কমোডটির পৃষ্ঠদেশ খাড়া থাকে যার ফলে কোন মল পাত্রের গায়ে আটকাতে পারে না। মলপাত্রের নিচে প্রয়োজনে P বা S ট্রাপ সংযুক্ত করা যায়। মলপাত্রের উপরে থাকে বসার আসন (Seat) ও কাঠ বা প্লান্টিকের ঢাকনা। মেঝে থেকে পাদানি ও ট্র্যাপসহ মলপাত্রের উচ্চতা ৩৫ সে.মি.। এর উপরের দিকে মুখ বরাবর বেড় দিয়ে থাকে নলাকৃতি রিম। প্রায় ৬৫ থেকে ৭০ সে.মি. উচ্চে অবস্থিত ফ্লাশিং সিস্টার্নের সাথে ফ্লাশ পাইপ দ্বারা সংযুক্ত থাকে।

- ৮) ইউরিনালস (Urinals): যে পাত্রে আমরা প্রস্রাব ত্যাগ করি তাকে মুব্রাধার (Urinals) বলে। ইউরিনালস্ ২ প্রকার। যথাঃ-
 - (ক) বাটি টাইপ (Bowl type)
 - (খ) স্লাব বা স্টল টাইপ (Slab or stall type)
- (ক) বাটি আকারের মুত্রাধারঃ বাটি আকারের মুত্রাধার আবার দুই প্রকার, একটির পৃষ্ঠদেশ চ্যাপ্টা যার মাপ সাধারণত ৪৩ সে.মি. $\mathbf x$ ৩৫সে,মি. $\mathbf x$ ২৬ সে.মি.। এটিকে দেওয়ালের যে কোন স্থানে ব্যাপন করা যায়। অপরটির পৃষ্ঠদেশ কোণাকুণি। একে দেওয়ালের কোণায় স্থাপন করতে হয় এবং মাপ ৮৩ সে.মি. $\mathbf x$ ৩৪সে.মি. $\mathbf x$ ২৬ সে.মি.। বাটি আকৃতির মুত্রাধারগুলো মেঝে হতে ৮০ সে.মি. উপরে স্থাপন করা হয়ে থাকে।
- (খ)স্ল্যাব বা স্টল আকারের মুত্রাধারঃ এ মুত্রাধারগুলোর আকার ৪৫ সে মি $\mathbf x$ ৬০ সে মি $\mathbf x$ ১০০ সে মি। এদের তলদেশ দেওয়ালের গা বরাবর ঢাকা ডেন থাকে যা সরাসরি মলপাইপের সাথে সংযুক্ত থাকে। বাটি বা স্ল্যাব যাই হোক না কেন এদের ইউরোপিয়ান টাইপ বা স্ট্যান্ডিং টাইপ বা জেন্টস টাইপ বলা হয়।

মেয়েদের ব্যবহারের জন্য বিশেষভাবে তৈরি ইউরিনালস হলো দেওয়ালের কাছাকাছি মেঝেতে বসানো বেসিনের মতো একটি প্যান। এটি দেওয়ালের দিক ক্রমশ ঢালু থাকে।

২২.৫ প্লাম্বিং ফিকচার সমূহে ব্যবহৃত ফ্লাসেট বা ভালবঃ

- 5) বিব কক (Bib cock): সরবরাহ লাইন হতে পানি ফিকচার বা অন্য কোন স্থানে ব্যবহার করার জন্য বিব কক ব্যবহৃত হয়। বিব ককের পানি প্রবাহী নলের এক প্রান্তে পাঁচ কাটা থাকে। পানি যাতে নিমুমুখী হয়ে পড়তে পারে সেজন্য অপর প্রান্ত বাঁকা করা থাকে। এর গঠন প্রণালি অতি সহজ্ব এবং সহজেই ব্যবহার করা যায়। এগুলো বিভিন্ন প্রকার বস্তু যথাঃ- পিতল্, প্লান্টিক ইত্যাদির হতে পারে।
- ২) পিলার কক (Pillar cock): বেসিন, বাথটাব ও ল্যাভাটেরি ধরনের ফিকচারের উপরি অংশের ছিদ্র চলমে তলদেশ থেকে পানি আনার জন্য পিলার কক ব্যবহার করা হয়। সরবরাহ লাইনের সাথে সংযোগ দেওয়ার জন্য পিলার কক ও লাইনের মাঝে লেড (Lead) বা প্ল্যান্টিকের পাইপ ব্যবহার করা যায়। এগুলি পিতলের তৈরি হয়ে থাকে।

সিভিল কন্সটাকশন-২

৩) শ্টপ কক (Stop cock) ঃ এটি সাধারণত সার্ভিস পাইপ বা আউটলেট পাইপে ব্যবহার করা হয়। এর সাহায্যে সার্ভিস লাইনের পানি নিয়ন্ত্রণ করা হয়। প্রয়োজনে সরবরাহ বন্ধ করে বাসা-বাড়ির ফিটিংস, ফিকচার, পাইপ ইত্যাদি মেরামত ও নতুন লাইন স্থাপন করা যায়। এগুলো সাধারণত পিতলের তৈরি হয়ে থাকে।

২২.৬ পাইপ ফিটিংস

পাইপ ফিটিংস (Pipe fittings) ঃ পাইপ সংযোজন, লাইনের দিক পরিবর্তন, প্রধান লাইন হতে শাখা লাইন স্থাপন, বড় ব্যাসের পাইপের সাথে ছোট ব্যাসের পাইপের সংযোজন ও পাইপ লাইনে প্লাম্বিং ফিকচার বসাতে যে সকল সাজ-সরঞ্জামের প্রয়োজন হয় এগুলোকেই পাইপ ফিটিংস বলে। ফিটিংস বিভিন্ন প্রকার দ্রব্য দ্বারা তৈরি। যথাঃ- কাস্ট আয়রন, রড আয়রন, গ্যালভানাইজড আয়রন, কংক্রিট, পোড়া মাটি, সিমেন্ট, এসবেস্ট্স ইত্যাদি। ফিটিংসগুলোর না সকেট, এলবো, বেন্ড, টি, ইউনিয়ন, রেডিউসার, নিপল, ক্রস, প্লাগ, বুশ, স্টপ কক, গেট ভালব, প্লোব ভালব, চেক ভালব, ওয়াই, টি-ওয়াই, ওয়াই ব্রাঞ্চ ইত্যাদি।

ফিটিংসের প্রয়োজনীয়তা

নিমে ফিটিংসের প্রয়োজনীয়তা উল্লেখ করা হলোঃ

- ১) পাইপের সাথে পাইপের সংযোজনের জন্য।
- ২) লাইনের দিক পরিবর্তনের জন্য।
- ৩) প্রধান লাইন হতে শাখা লাইন বের করার জন্য।
- ৪) বড় আকারের পাইপের সাথে অপেক্ষাকৃত ছোট আকারের পাইপ সংযোজনের জন্য।
- ৫) পাইপ লাইনের ক্ষয়ক্ষতি ব্যতিরেকে রক্ষণাবেক্ষণের জন্য।
- ৬) পাইপ লাইনে বিভিন্ন প্রকার ফিকচার স্থাপনের জন্য।
- ৭) লাইনে প্রবাহমান তরল বা গ্যাস নিয়ন্ত্রণ করার জন্য।
- b) বিশেষ পদ্ধতিতে বাগানে পানি দেওয়ার জন্<u>য।</u>

ফিটিংসের ব্যবহার (Uses of fittings)

নিম্নে বিভিন্ন প্রকার ফিটিংসের ব্যবহার উল্লেখ করা হলোঃ

১) সকেট (Socket) ঃ একে সাধারণত কাপলিংও বলা হয়ে থাকে। সোজা লাইনকে বর্ধিত করার কাজে সকেট ব্যবহার হয়। সকেটের মূল কাজ হলো জোড়া দেওয়া। তাছাড়া বিব কক ও ভালব ইত্যাদি পাইপের সাথে সংযোজন করার জন্যও সকেট ব্যবহার করা হয়।

২)এলবো (Elbow)

এলবো বেন্ডের মতো লাইনের দিক পরিবর্তনে ব্যবহার করা হয়। এটি সাধারণত ৯০০, ৬০০, ৪৫০, ২২.৫০, ১১.২৫০ কোণের হয়ে থাকে। তাছাড়া ডুপ এলবো, স্ট্রিট এলবো ইত্যাদি নামেও পাওয়া যায়।

৩) বেন্ড (Bend) ঃ বেন্ড দ্বারা পাইপ লাইনের দিক পরিবর্তন করা হয়। বেন্ড ৯০০ কোণের বেশি হয়। বেন্ড কয়েক প্রকার হয়ে থাকে। যথাঃ- রিটার্ণ বেন্ড, ক্লোজ বেন্ড, মিডিয়াম বেন্ড, ওয়াই বেন্ড ইত্যাদি। বেন্ড ব্যবহার করলে প্রবাহিত তরল কম বাধাপ্রাপ্ত হয়।

- 8) টি (Tee) ঃ কোন পাইপের লাইনের সাথে ৯০০ কোণে পাইপ সংযোগ দেওয়ার জন্য 'টি' ব্যবহৃত হয়। টি বিভিন্ন প্রকারের হতে পারে, যেমন- প্লেইন টি, সার্ভিস টি, ডুপ টি ইত্যাদি।
- ৫) ইউনিয়ন (Union) ঃ সকেট ব্যবহার করে পাইপ সংযোজন করা হলে পরবর্তীতে খুলে নিতে অসুবিধা হয়। পাইপ লাইন যেখানে খোলার প্রয়োজন সেখানে ইউনিয়ন ব্যবহার করা হয়। ইউনিয়ন ব্যবহাত হলে পাইপ সংযোগ ও বিচ্ছিন্ন করা উভয়ই সহজ হয়ে যায়।
- ৬) রিডিউসার (Reducer) ঃ পাইপ লাইনে বিভিন্ন ব্যাসের দুইটি পাইপ একত্রে সংযোগ দেওয়ার জন্য যে ফিটিংসটি ব্যবহৃত হয় তাকে রেডিউসার বলে। বড় ব্যাসের পাইপ থেকে ছোট ব্যাসের পাইপ সংযোগ নেওয়ার সময় রেডিউসার ব্যবহার করা হয়।
- ৭) নিপল (Nipple) ঃ নিপল সংযোগকারী ফিটিংস। এর দুই প্রান্তেই বাইরের দিকে প্যাঁচ কাটা থাকে। নিপল তিন প্রকার। যথাঃ- ক্লোজ নিপল, শর্ট নিপল ও লং নিপল।
- ৮) ফেরুল (Ferrule) ঃ ফেরুল একটি প্লান্থিং আনুষঞ্জিক পিতল বা গান মেটালের তৈরি যার সাহায্যে পানির প্রবাহ সরবরাহ পাইপ থেকে সার্ভিস পাইপে পানি আহরণ করা হয়। ফেরুল স্টপ ককের মতো। এদের মধ্যে অনেক সাদৃশ্য আছে। পার্থক্য এইটুকু যে ফেরুলের সাহায্যে মোটা পাইপ থেকে সরু পাইপে পানি নেওয়া যায় এবং পানি প্রবাহের গতি পথ বদলে যায় কিন্তু স্টপ ককের দুই দিকের পাইপ একই মাপের এবং পানি প্রবাহের পথ বদলায় না।
- ৯) ক্রস (Cross) ঃ চারটি পাইপ লাইন যখন একই স্থানে মিলিত হয় তখন ক্রস ব্যবহার করা হয়। একই বিন্দু হতে সমকোণে চারদিকে পাইপ সংযোজন করার জন্য ক্রস ব্যবহার হয়।
- ১০) প্লাগ (Plug) ঃ অনেক সময় পাইপ লাইন যদি পরবর্তীতে বাড়াবার সম্ভাবনা থাকে তাহলে লাইনের সমাপ্তি না ঘটিয়ে আপাতত বন্ধ রাখা হয়। এ ধরনের পাইপের শেষ প্রান্তে প্লাগ ক্যাপ ব্যবহার হয়ে থাকে।
- ১১) বুশ (Bush) ঃ বেশি অসম ব্যাসের পাইপ স্থাপনে যদি প্রয়োজনীয় ফিটিংস না পাওয়া যায় তখন বুশ ব্যবহার করা হয়।
- ১২) গেট ভালব (Gate valve) ঃ পানির লাইনে প্রধান, উপ-প্রধান ও শাখা লাইনে পানির প্রবাহ নিয়ন্ত্রণ করার জন্য গেট ভালভ ব্যবহার করা হয়।

সিভিল কন্ট্রাকশন-২ ১৩৫

১৩) প্লোব ভালব (Glove valve) ঃ পানির সোজা লাইনে এটি ব্যবহার করা হয়। এর প্রধান কাজ হলো পানির পরিমাণ নিয়ন্ত্রণ করা।

- ১৪) পানি মিটার (Water meter) ঃ পাইপের ভিতর দিয়ে পানি সরবরাহের পরিমাণ পরিমাপের জন্য ব্যবহৃত বিশেষ যন্ত্রকে পানি মিটার বলে। পানি সরবরাহ লাইনের সংযোগ গ্রহণকারী প্রতিটি বাসগৃহের জন্য আলাদাভাবে এই মিটার সংযোজন করা হয়।
- ১৫) চেক ভালব (Check valve) ঃ প্রধান কাজ হলো পানির প্রবাহের দিক পরিবর্তন করে অন্যদিকে প্রবাহিত করা।
- ১৬) ওয়াই বেন্ড (Y-bend) ঃ একটি পাইপ লাইন থেকে দুটি পাইপ লাইন সমান কোণে স্থাপন করার জন্য ওয়াই বেন্ড ব্যবহার হয়।
- ১৭) স্যানিটারি ক্রস (Sanitary cross) ঃ একটি মোটা লাইন থেকে দুটি ছোট ব্যাসের বেন্ড আকারের যে সংযোজন করা হয় তাকে স্যানিটারি ক্রস বলে।
- ১৮) টি (Tee-Y) st মোটা ব্যাসের পাইপ থেকে ছোট ব্যাসের পাইপ ওয়াই আকারে স্থাপন করা হয়।
- ১৯) ওয়াই ব্রাঞ্চ (Y-branch) ঃ মোটা ব্যাসের পাইপ থেকে কৌণিকভাবে ওয়াই আকৃতির বেন্ড হিসাবে পাইপ লাইনে ব্যবহার করা হয়।

উপর্যুক্ত ফিটিংসগুলো ছাড়াও পাইপ লাইনে ড়প এলবো (drop elbow), স্কয়ার-ই-আই(square-E-I), কাট-ই-আই (cut-E-I), কাট কার্ড (Cut-Card), রেলি বেন্ড ইত্যাদি ফিটিংস কৌণিক দিক পরিবর্তনে ব্যবহার করা হয়।



চিত্ৰা ২২.৬ : বাশ কিটংস

সিভিদ কন্ট্রাকশন-২



চিত্রঃ ২২.৭ পিভিসি-ইউ (PVC-U/uPVC) ফিটিংস


ব্যবহারিক নং ১৬-১৯ দেখ।

ব্যবহারিক

ব্যবহারিক

সিভিল কন্ট্রাকশন-২

ব্যবহারিক কাজঃ ১ কাজের নামঃ স্ক্যাফোল্ডিং তৈরি (ব্রিক লেয়ারস স্ক্যাকোফোল্ডিং) প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ হাত করাত। প্রয়োজনীয় মালামালঃ বাঁশ (স্টিল প্রপ/স্ট্যান্ডার্ডস), কাঠ, রশি বা সূতলি, ইট।



চিত্র -১৫ ঃ ব্রিক লেয়ারস স্ক্যাফোল্ডিং



চিত্রঃ ১- পীৰুনি কান্ধের জন্য স্থ্যাফোন্ডিং ব্যবহারিক

কাৰ্য প্ৰশালী

- প্রথমে স্ট্যান্ডার্স এর বীশগুলোকে করাত দ্বারা সাইক্ষমত কাট।
- ২) দেওরাল থেকে কমপকে ৬০ সে. মি. দুরে স্ট্যান্ডান্ডর্গণুলো দেওরালের সমান্তরাল করে নির্দিষ্ট দুরত্ব পরপর মাটিতে পৌত বা মাটি ভর্তি ফ্লামের মধ্যে বসাও।
- ৩) শ্ট্যাভার্তসপুলোর সাথে আড়াআড়িভাবে দেজারপুলো (চিত্র দেখ) তার, সুতলি বা রশি হারা ভালো করে বাঁধ।
 - ৪) এবার পুটদগণুলোকে অনুভূমিকভাবে দেওয়ালে প্রবিষ্ট করিয়ে দেজারের সাথে বাঁধ।
- ৫) দেওরালের সমান্তরাল করে পুটলদের উপর ঢেউ টিন, শ্টিল বা ভক্তা বসালে কাঞ্চিত জ্যাকোভিং তৈরি হবে।

ব্যবহারিক কাজঃ ২

কাজের নামঃ দরজা জানাগার ক্লাম্প ও টোকাঠ দেওয়ালে সংস্থাপন। প্রয়োজনীয় বন্ধগাতিঃ হাতৃড়ি, ক্ষু ডাইভার, রাশ (যদি অদড়ের বা আলকাতরা দিতে হয়)। প্রয়োজনীয় যালামালঃ ক্লাম্প (Hold fast) শেরেক বা ক্ষু, অলড়ের বা আলকাতরা, কংক্রিট (সিমেন্ট, বালি শোয়া), টোকাঠ।

কাৰ্য প্ৰপালি প্ৰথম পদ্ধতি-

১) প্রথমে দেওয়ালের মাগমত স্থানে কমগজে ৫ সে. মি. গর্ত কর। গর্তে ক্রাম্প ঢুকিয়ে ক্রাম্পের জেড অংশ বাইরে রেখে গর্ড কংক্রিট দারা পুরশ কর। সিভিল কল্ট্রাকশন-২

২) কংক্রিটের জমাট বীধা ও কিউরিং শেষে দরজা বা জ্ঞানালার চৌকাঠ ক্লাম্পের বর্ষিতাংশের সাথে মিলিয়ে রেখে ক্লু হারা জাটকাও।



চিত্রঃ ১৬-ক্লাম্পের সাহায্যে চৌকাঠ আটকানো।

দ্বিতীয় পদ্বতি -

- ১) ক্রাপপুলো ঠৌকাঠের মাপমত স্থানে ব্জু দারা আটকাও।
- ২) ভারপর দেওয়ালে পরিমাপ মতো পর্ত করে এবং ক্রাম্পগুলো প্রবিষ্ট করিয়ে কংক্রিট স্থারা ভরাট কর।
- ৩) দেওয়ালের সাথে চৌকাঠের যে অংশ থাকবে ঐ অংশে ব্রাশ দ্বারা অগছের বা আলকাভরার প্রলেপ দেওয়া যেতে পারে।

ব্যবহারিক কাজঃ ৩

কাজের নামঃ ২: ২: ৭ অনুপাতে লাইম কংক্রিট স্থাপন। প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ কর্ণি, কোদাল ও বেলচা, কড়াই, বালতি, মগ, পাট্টা, লেভেল। প্রয়োজনীয় মালামালঃ চুন, সুরকি, খোয়া, পানি।

কার্য প্রণালী

- ১) অনুপাত অনুযায়ী চুন নিয়ে পানি দিয়ে ফুটিয়ে পাউডার আকারে পরিণত কর।
- ২) অনুপাত অনুযায়ী চুন, সুরকি ও খোয়ার (১৫ মি. মি.) শুস্ক মিশ্রণ তৈরি কর।
- ৩) এবার নিশ্ছিদ্র প্লাটফর্মের উপর পানি সহযোগে আর্দ্র মিশ্রণ তৈরি কর।
- 8) কোদাল বা বেলচা দ্বারা আর্দ্র মিশ্রণকে ওলট পালট করে দাও (একে অনেক সময় কাটিং বলে)।
- ৫) তিন থেকে সাতদিন এ কংক্রিট ফেলে রাখ তবে মাঝে মাঝে উলট পালট করতে হবে (একে পচানো বলে)।
- ৬) তারপর কোদাল বা বেলচা দ্বারা কেটে ঢালাই স্থলে নিয়ে নির্দিষ্ট উচ্চতা ও ঢালে স্থাপন কর।
- ৭) সম্পূর্ণ জায়গায় কংক্রিট স্থাপনের পর কাঠের পাট্টা বা হাতুড়ি দ্বারা দুরমুজ কর।
- **৮) দুরমুজ করার সময় ঢাল রাখতে হবে**।
- ৯) যদি ছাদে স্থাপন করা হয় তাহলে সিমেন্টের পেস্ট আকারের মসলা তৈরি করে কর্ণি দ্বারা সর্বত্র সমভাবে কংক্রিটের উপর লেপন কর।
- ১০) লেপন শেষ করার ২৪ ঘন্টা পর চটের বস্তা, খড়কুটা, কুচরিপানা, কাঠের গুড়া দ্বারা ঢাক এবং তাতে কিউরিং কর।

পানি সংযোগের (কিউরিং) কারণে সিমেন্টের প্রলেপ নিশ্চিদ্র তল তৈরি করবে। কমপক্ষে ৭ থেকে ১৪ দিন কিউরিং করা অর্থাৎ কংক্রিট আর্দ্র রাখা উচিত।

ব্যবহারিক কাজঃ ৪

কাজের নামঃ (১:২:৪) অনুপাতে সিমেন্ট কংক্রিট তৈরি। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও উপকরণঃ কোদাল, বেলচা, কড়াই, মাপের একক (কাঠের তৈরি), বালতি মগ, ৫/৮" রেমিং বা কমপ্যাকশন রড, কর্ণি, বালি ও খোয়া চালনি। প্রয়োজনীয় মালমসলাঃ সিমেন্ট, বালি, ইট বা পাথরের খোয়া ও পানি।

কার্য প্রণালী

- 5) নিশ্চিদ্র প্লাটফর্মের উপরে প্রথমে পরিমাণ মতো শুকনো বালু নিয়ে তা কোদাল বা বেলচা দ্বারা ভালোভাবে উলট পালট করে ছড়িয়ে নাও।
- ২) তারপর বালির অনুপাতের সাথে মিল রেখে পরিমাণ মতো সিমেন্ট বালির উপর ছড়িয়ে দাও। কোদাল বা বেলচা দ্বারা শুকনো অবস্থায় বালি ও সিমেন্ট এমনভাবে মিশিয়ে নাও যাতে মিশ্রণের রং সুষম হয় (অনেকটা বাদামী রং হবে)।
- ৩) মিশ্রণের স্থুপের কাছাকাছি ইটের খোয়াকে পানি দ্বারা ভালোভাবে ভিজিয়ে নাও।
- ৪) ভিজানো খোয়াকে এবার বালি ও সিমেন্টের শুকনো মিশ্রণের উপর ছড়িয়ে রাখ।

সিভিল কন্ট্রাকশন-২

৫) তারপর কোদাল বা বেলচা দ্বারা বালি, সিমেন্ট ও খোয়াকে ভালোভাবে মিশ্রণ কর যাতে রংয়ের সমতা পরিলক্ষিত হয় (শুকনো অবস্থায়)।

- ৬) পানি-সিমেন্ট অনুপাত ঠিক রেখে পরিমাণ মতো পানি নিয়ে মগ বা বালতি দ্বারা শুকনো মিশ্রনের মাঝে গর্ত করে তাতে পানি ঢাল।
- ৭) তারপর কোদাল দ্বারা চারিদিকে হতে মিশ্রণকে মাঝের দিকে টেনে আন ও আগে পিছে ঠেলে আর্দ্র মিশ্রণ তৈরি কর।
- ৮) মিশ্রণ তৈরি হলে কড়াইতে করে কার্যস্থানে নাও এবং ফর্মায় স্থাপন কর।
- ৯) ফর্মায় স্থাপিত কংক্রিট ৫ সূতা ব্যাসের রড দ্বারা কমপ্যাক্ট কর।
- ১০) ফর্মা উঁচুতে হলে বাঁশ বা কাঠ দিয়ে স্ক্যাফোল্ডিং তৈরি কর।
- ১১) কংক্রিট ঢালাই এর ২৪ ঘন্টা পর থেকে শুরু করে ২৮ দিন পর্যন্ত প্রয়োজনীয় পদ্ধতিতে কিউরিং কর।
- ১২) সদ্য তৈরিকৃত কংক্রিট ঢালাইয়ের পূর্বে নতি কোণের সাহায্যে নথি (Slump) পরীক্ষা কর।

সাবধানতা

- ১) মিশ্রণে নির্দিষ্ট অনুপাত অবশ্যই বজায় রাখতে হবে।
- ২) মিশ্রণ তৈরি হওয়ার আধঘণ্টার মধ্যে ঢালাই কাজ শেষ করতে হবে।
- ৩) পানি-সিমেন্ট অনুপাত অবশ্যই ঠিক রাখতে হবে।
- 8) হাত দ্বারা মিশ্রণ না করে মেশিন দ্বারা মিশ্রণ করলে এবং বেশি গভীরতায় ঢালাই করলে ভাইব্রেটর ব্যবহার করা উচিত।

ব্যবহারিক কাজঃ ৫ কাজের নামঃ ডি. পি. সি. সংস্থাপন (দালানের প্লিন্থ লেভেলে)। প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ কর্ণি, কড়াই, বালতি, মগ। প্রয়োজনীয় মাল মসলাঃ সিমেন্ট, বালি, খোয়া বা পাথরের চিপস্, পানি।

কার্য প্রণালী

- ১) প্রথমে প্রয়োজনীয় আর্দ্রতা নিরোধক স্তর ঢালাইয়ের মসলা তৈরি কর। (১ : ৩ অনুপাতে সিমেন্ট-বালি মসলা; ১৮ মি.মি. পুরুত্বে অথবা ১ : ২ : ৪ অনুপাতে কংক্রিট ২.৫ সে.মি হতে ৪ সে. মি পুরুত্বে ডি.পি.সি হিসাবে দেওয়া হয়)।
- ২) দেওয়ালের দুইদিকে তক্তা দিয়ে প্রয়োজনে শাটারিং কর।
- ৩) তারপর উপরে উল্লিখিত যে কোন একটি মসলা কর্ণি দ্বারা বিছিয়ে দাও। মনে রাখবে সর্বত্রই যেন সম উচ্চতা হয়।
- 8) ওয়াটার প্রফ করার জন্য এক ব্যাগ সিমেন্টের সাথে ১ কেজি থেকে আড়াই কেজি পাড়লো মিশাও।
- ৫) কমপক্ষে ৭ দিন কিউরিং কর (মিশ্রণে পানি-সিমেন্ট অনুপাত ঠিক রাখতে হবে)।



চিত্রঃ ৫-আরসিসি ডিপিসি।

ব্যবহারিক কাজঃ ৬ কাজের নামঃ বিমে কংক্রিট ঢালাই করার জন্য ফর্ম ওয়ার্ক বা শাটারিং তৈরি। প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ করাত, হাতুড়ি, (থাবা হাতুড়ি হলে ভালো হয়), র্যাদা, ফুট রুল (Foot rule)। প্রয়োজনীয় মালামালঃ কাঠ, খুঁটি, পেরেক, জি. আই. সিট।

কার্য প্রণালী


(১) প্রথমে দুইপাশে দেওয়ালে ধারক (Support) প্রস্তুত কর শাটারিং অর্থাৎ ফর্মাটি স্থাপন করার জন্য। ফর্মাটির দুইপাশের ও নিচের ভক্তা পেরেক দারা মাপ মতো আটকাও। দুইটি তক্তার মাঝখানে নিশ্ছিদ্র করার জন্য জি. আই. শিট দারা বন্ধ করে দাও।

২) ফর্মাটি দুইটি সাপোর্টের উপর স্থাপনের পর নিচের জ্বন্তার দুইদিকে বীশের খুঁটি খাড়াভাবে দাও। মাটিজে বীশের খুঁটি জ্বনার উপর বা ইটের উপর রাখ।

ব্যবহারিক কাজঃ ৭

কাজের নামঃ এম. এস. রড কেব্রিকেশন (নিমের বিমটির বিভিন্ন প্রকার রড পরিমাপ অনুষায়ী কেটে ও হক করে শাটারিং এর উপর সাজাও)।

প্রয়োজনীয় ষন্ত্রপাতিঃ হ্যাক স'; হেন্ডেল বা হাতল; হাতুড়ি; চিজেল, ফীপা পাইপ। প্রয়োজনীয় মালামালঃ এম, এস, রড; জি, আই, তার।



চিত্রঃ ৭-বিমের দৈর্ঘাচ্ছেদ (long section) এবং প্রস্থাচ্ছেদ (cross section): বিমে ব্যবহৃত এম. এস, রড ফেব্রিকেশন

কার্য প্রণালী

- ১) প্রথমে সরবরাহকৃত রডকে সোজা কর।
- ২) তারপর প্রধান রড; হ্যাংগার রড; ক্র্যাংক রড ও স্টিরাপের দৈর্ঘ্য নিরূপণ কর।
- ৩) দৈর্ঘ্য অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক রড কাট।
- ৪) হ্যাংগার রড, প্রধান রড, ক্র্যাংক রডের মাথায় হক বানাও।
- ৫) প্রয়োজনীয় মাপের স্টিরাপ বা রিং তৈরি কর।
- ৬) বিম শাটারিং এর নিচের তক্তায় কভারিং এর মাপ অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ব্লক স্থাপন করে তার উপর ক্র্যাক রড ও প্রধান রড মাপ মতো বসাও।
- ৭) প্রয়োজনীয় উচ্চতায় হ্যাংগার রড দুইটি বসিয়ে তার নিচে আড়কাঠ দিয়ে ধরে রাখ। কাঠ দুইটি শাটারিং এর দুইপার্শ্বে সংযুক্ত থাকবে। খাঁচা বাঁধা হলে আড়কাঠ খুলে নিতে হবে।
- ৮) এবার পূর্বে তৈরিকৃত স্টিরাপ স্পেসিং অনুযায়ী হ্যাংগার রড ও প্রধান রডকে জড়িয়ে স্থাপন কর।
- ৯) স্টিরাপকে হ্যাংগার রড ও প্রধান রডের সাথে তার দিয়ে বীধ। মনে রাখবে বীধা এমনভাবে হতে হবে যেন রডের চারদিক তার উঠে এসে উপরে গিট দেওয়া হয়।

ব্যবহারিক কাজঃ ৮


জবের নামঃ লিন্টেলে রড স্থাপন ও বাধাই(২৫ সে. মি. দেওয়ালে ১.২০ মিটার চওড়া দরজার উপর)।

লিন্টেলের দৈর্ঘ্য = ১.২০ মিঃ + ০.১৫ মিঃ + .১৫ = ১৫০ মিঃ (স্প্যানের উভয় পার্শ্বে .১৫ সেঃ মিঃ করে দেওয়ালে ঢুকানো থাকবে)।

১০ সেঃ মিঃ এম. এস রড/রডের দৈর্ঘ্য / দৈর্ঘ্য /কভারিং + হক = ১৫০-৫+১৮ = ১৪৫ + ১৭.১ = ১৬২ সেঃ মিঃ = ১.৬২ মিঃ

ন্টিরাপের দৈর্ঘ্য = ২ (দেওয়ালের প্রস্থ + লিন্টেলের উচ্চতা) চার দিকের কভারিং। = ২(২৫ + ১৫) - 8 \times ২.৫ = ৮০ - ১০ = ৭০ সেঃ মিঃ = ০.৭০ মিঃ

লিন্টেল রডের সংখ্যা = রড - ৪ টি এবং স্টিরাপ = ১৬০/২০ = ৮ + ১ = ৯ টি।



চিত্রঃ ৮-লিন্টেলে রড ডিটেইলস

যত্রপাতি
১। হাতুড়ি।
২। রড কাটার
ছেনি বা হ্যাক স।
৩। রড বীকা
করার পাইপ।
৪। রড বীকা
করার প্রাটফরম।

কাজের ধারবাহিক ধাপ

- ১) ১০ সেঃ মিঃ ব্যাসের এবং ১৬২ সেঃ মিঃ লম্বা ৪ টি কাট এবং এপুলির উভয় প্রান্তে মাপ মতো হক বানাও। (হক = ১৮ x ব্যাস) ২) ৬ সেঃ মিঃ ব্যাসের এবং ৭০ সেঃ মিঃ লম্বা ৯ টি রড কাট এবং প্রতিটি রড দারা ২০ সেঃ মিঃ x ১০ পরিমাপের ৯ টি রিং বানাও।
- ৩) ৪ টি লম্বা রডকে (ছিদ্র দেখে) ২০ সেঃ মিঃ পর পর রিং দ্বারা পেচীও এবং রিং কে রডের সাথে জি আই তার দ্বারা বীধ।
- 8) ১২০ সেঃ মিঃ লঘা, ২৫ সেঃ মিঃ চওড়া ও ১৫ সেঃ মিঃ উচ্চতার একটি কাঠের খীচা (ফর্ম ওয়ার্ক) তৈরি করে তা মাপ মতো দরজার ফৌকরের (Opening) উপর রাখ। ১৫ সেঃ মিঃ উচ্চতার ২ টি তক্তা ব্যবহার করলে জোড়াস্থানে জি. আই. টি শিট ও পেরেক দারা আটকিয়ে বন্ধ কর। (না হলে কংক্রিটের সিমেন্ট মিশ্রিত পানি পড়ে যাবে)।
- ৫) কাঠের খাঁচাটি দরজার উপর রাখ এবং তার নিচে বাঁশের ঠেকনা দাও।
- ৬) রডের খীচাটি শাটারিং খীচায় এমনভাবে বসাও যেন

মালামাল

১। এস. এস. রড ২। ২৪ নং জি.

আই. তার

ত। কাঠ

৪। পেরেক

৫। জি. আই শিট।

৬। তৈরি করা ব্রক।

৭। বাঁশের খুঁটি

সাবধানতা

- ১) স্টিরাপকে রডের সাথে শক্ত করে বাঁধতে হবে যেন ঢালাইয়ের সময় সরে না যায়।
- ২) ব্লক ব্যবহার করে অবশ্যই কভারিং নিশ্চিত করতে হবে।
- ৩) শাটারিং সঠিক পরিমাপের ও অবশ্যই পানিরোধক হতে হবে।

ব্যবহারিক কাজঃ ৯

কাজের নামঃ ১:৬ অনুপাতে মসলার সাহায্যে ১২ মি.মি (১/২") পুরু প্লান্টার। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও উপকরণঃ কর্ণি, কড়াই, ওলন, উষা, কোদাল, বেলচা, পাট্টা, মগ, বালি চালনি, ব্রাশ ও মাচা তৈরির বীশ।

প্রয়োজনীয় মাল-মসলাঃ সিমেন্ট, বালি ও পানি। কার্যপ্রণালী

- ১) উচুতে প্লাস্টার করতে হলে বাঁশ ও দড়ি দিয়ে মাচা বাঁধ।
- ২) দেওয়াল পুরনো হলে দেওয়ালের গাত্রতল তারের বা নারকেল ছোবড়ার ব্রাশ দ্বারা পরিষ্কার কর।
- ৩) কতটুকু পরিমাণ জায়গায় প্লান্টার করতে হবে তা মেপে পরিমাপ মতো সিমেন্ট ও বালি নাও।
- ৪) শুকনো অবস্থায় কোদাল দিয়ে অনুপাত অনুযায়ী নেওয়া বালি ও সিমেন্ট মিশাও।
- ৫) শুকনো মসলার সাথে পানি সিমেন্ট অনুপাত অনুযায়ী পানি মিশিয়ে আর্দ্র মসলা বানাও।
- ৬) বানানো মসলা কড়াইয়ে করে কার্যস্থলে নিয়ে কুর্ণি দ্বারা প্রয়োগ কর এবং উষা ও পাট্টা দ্বারা তল সমান কর।
- ৭) দেওয়ালে প্লাস্টারের পুরুত সমান রাখার জন্য ১ থেকে ২ মিটার পরপর পায়া তৈরি কর।
- ৮) ওলন দারা মাঝে মাঝে গাত্রতল পরীক্ষা কর।
- ৯) মাঝে মাঝে পাটের ব্রাশের সাহায্যে পানি ছিটিয়ে পাট্টা দিয়ে তল মসৃণ কর।
- ১০) ২৪ ঘন্টা পর থেকে শুরু করে কমপক্ষে ৭ দিন পর্যন্ত কিউরিং কর। পানি ছিটিয়ে বা চটের বস্তা গায়ে লাগিয়ে কিউরিং কর।

সাবধানতা

- ১) মসলা তৈরির প্লাটফর্ম পানিরোধী হতে হবে।
- ২) বালি-সিমেন্ট ও পানির অনুপাত ঠিক থাকতে হবে।
- ৩) দেওয়ালের প্লাস্টারের জন্য মসলা তৈরির আধ ঘন্টার মধ্যে ব্যবহার করতে হবে।
- ৪) দেওয়ালের খাড়া তল ও পুরুত ঠিক থাকতে হবে।
- ৫) মসলার অপচয় রোধ করতে হবে।

সিভিল কন্ট্রাকশন-২

ব্যবহারিক কাজঃ ১০ কাজের নামঃ দেওয়ালে পয়েন্টিং। প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ কর্ণি, কড়াই, বালতি, মগ, পয়েন্টার। প্রয়োজনীয় মালামালঃ সিমেন্ট, বালি ও পানি। কার্য প্রণালী

- ১) দালানের গাঁথুনির উটের জোড়গুলো রেকিং আউট কর। রেকিং আউট করার সময় মনে রাখতে হবে যে জোড়ের গভীরতা যেন কমপক্ষে ১২ থেকে ২০মি. মি. হয়।
- ২) রেকিং আউট করার পর ব্রাশ দিয়ে পরিষ্কার করে পানি দিয়ে ধুয়ে মুছে ফেল।
- ৩) সিমেন্ট মসলা হতে ১ ঃ ৩ অনুপাতে এবং লাইম মসলা হলে ১ ঃ ১ অনুপাতে মসলা তৈরি কর। (পানির অনুপাত যথাযথ হতে হবে)
- 8) তৈরি করা মসলা এমনভাবে লাগাতে হবে যেন সম্পূর্ণ জোড়া ভরে যায়।
- ৫) এবার যে প্রকার পয়েন্টিং করতে চাও সে প্রকারের জন্য নির্দিষ্ট পয়েন্টার ব্যবহার করে পয়েন্টিং কর।
- ৬) কাজ শেষে ২৪ ঘন্টা পর থেকে ৭ দিন পর্যন্ত কিউরিং কর।

ব্যবহারিক কাজঃ ১১

কাজের নামঃ নিট সিমেন্ট ফিনিশিং এর কাজ।

প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ কোদাল, বেলচা, কর্ণি, উষা, মগ, বালতি, পাট্টা, কড়াই ও বালি চালনি। প্রয়োজনীয় মাল-মসলাঃ সিমেন্ট, বালি, পানি। কার্য প্রণালী

- ১) প্রথমে ইট দ্বারা নিশ্ছিদ্র প্লাটফর্ম তৈরি কর।
- ২) প্লাটফর্মের উপর নির্দিষ্ট অনুপাত অনুযায়ী বালু মেপে নিয়ে ছড়িয়ে তার উপর সিমেন্ট ছড়িয়ে দাও।
- ৩) কোদাল দ্বারা বালি ও সিমেন্টকে ওলট পালট করে শুকনা অবস্থায় ভালো করে মিশাও যেন শুষ্ক মিশ্রণের রং সুষম হয়।
- 8) সুষম এ মিশ্রণের মাঝখানে গর্ত করে মগ দ্বারা আন্তে আন্তে পানি দাও এবং চারদিক থেকে কোদাল বা বেলচা দ্বারা মসলা তুলে এনে মাঝের দিকে রাখ।
- ৫) কোদাল বা বেলচা দ্বারা মসলা কড়াইতে করে কার্যস্থানে নাও।
- ৬) যেখানে নিট সিমেন্ট ফিনিশিং করতে হবে সেখানকার গাত্রতল ব্রাশ দ্বারা পরিষ্কার কর এবং কর্ণি দ্বারা মসলা স্থাপন কর।
- ৭) প্রতিস্থাপিত মসলাকে উষা বা পাট্টা দ্বারা ডানে বাঁয়ে লেপন করতে সমান ও লেভেল কর।
- গাত্রতল লেভেল হয়েছে কিনা তা স্পিরিট লেভেল দ্বারা পরীক্ষা কর।
- ৯) নির্দিষ্ট পদ্ধতিতে প্রয়োজনীয় সময়ব্যাপী কিউরিং কর।

সাবধানতা

- পানি সিমেন্ট অনুপাত যথাযথা হতে হবে।
- ২) মসলা তৈরির সময় যেন পানি বের হয়ে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে।
- ৩) বালি সিমেন্ট এর মিশ্রণের অনুপাত অবশ্যই সঠিক হতে হবে এবং মিশ্রণ সুষম হতে হবে।

১৫০ ব্যবহারিক

- ৪) ব্যবহৃত বালি ও সিমেন্ট এর মান সঠিক হতে হবে।
- ৫) তৈরি মসলা আধ ঘন্টার মধ্যে ব্যবহার করতে হবে।

ব্যবহারিক কাজঃ ১২

কাজের নামঃ দেওয়ালের অংশ বিশেষে চুনকাম। প্রয়োজনীয় উপকরণঃ বিশেষ ধরনের ব্রাশ বা পাটের তৈরি তুলি, ডাম, বালতি, পানি নাড়ার জন্য কাঠ খন্ড, শিরিশ কাগজ ও মাচা তৈরির বাঁশ ও দড়ি। প্রয়োজনীয় মাল-মসলাঃ পাথুরে চুন, কলি চুন, গাম বা আঠা, নীল ও পানি।

কার্য প্রণালী

- ১) উঁচুতে চুনকাম করতে হলে বাঁশ ও দড়ি দিয়ে মাচা তৈরি কর।
- ২) পুরাতন দেওয়াল হলে ব্রাশ দিয়ে ঘষে পরিষ্কার কর এবং পানি দিয়ে ধুয়ে মুছে লও।
- ৩) চুনকামের পরিমাপ নিরূপণ করে সে অনুযায়ী চুন লও।
- ৪) পাথুরে চুন, কলিচুন ও পানি নির্দিষ্ট অনুপাতে ড়ামে মিশাও।
- ৫) পানিতে মিশানো চুন ভালোভাবে কাঠি দিয়ে নাড়িয়ে সুষম মিশ্রণ তৈরি কর।
- ৬) মোটা কাপড় বা চট দিয়ে মিশ্রণকে ছেঁকে নাও।
- ৭) তারপর প্রয়োজনমতো আঠা বা গাম , ভাতের মাড়, লবণ ও নীল মিশাও।
- ৮) বালতিতে করে মিশ্রণকে কার্যস্থলে নাও।
- ৯) ব্রাশ বা পাটের তুলি দিয়ে প্রথমে উপরে নিচে এবং পরে বায়ে ডানে করে দ্রবণের প্রলেপ লাগাও।
- ১০) এভাবে একন্তর প্রলেপ লাগানো শেষ হলে এবং তা না শুকানো পর্যন্ত দ্বিতীয় ন্তর লাগানোর জন্য অপেক্ষা কর।
- ১১) দ্বিতীয় স্তর প্রলেপ লাগানোর পর তা শুকানোর পর প্রয়োজন হলে তৃতীয় স্তর প্রলেপ লাগাও।

সাবধানতা

- ১) সম্ভব হলে চুনের দ্রবণকে ফুটিয়ে নিলে ভালো হয়।
- ২) মিশ্রণ ছাঁকার পর কোন দানাদার উপাদান থাকতে পারবে না।
- ৩) মিশ্রণকে প্রয়োগের পূর্বে কমপক্ষে ২৪ ঘন্টা ড্রামে ভিজিয়ে রাখতে হবে।
- ৪) চুনকাম করা শুকনো তলে হাতের আঙুল দিয়ে ঘষলে আঙুলে চুন লাগবে না।

ব্যবহারিক কাজঃ ১৩ কাজের নামঃ প্রায়িং কাজের মন্ত্রগান্তির ব্যবহার।

রেঞঃ পাইপ খোলা বা সংযোজন করার কাজে, শক্ত করে ধরার কাজে জর্মবা নাটবোন্ট খোলা ও সজবুত করে সংযুক্ত করার কাজে রেঞ্চ ব্যবহার করা হয়। পাইগ রেঞ্চ তিন প্রকার। হথা-

- (১) স্রাইড রেক
- (১) প্রাডজান্টেকা ব্রঞ্চ
- (৩) চেইন কেখ।

(১) স্লাইড পাইপ রেঞ্চ (Slide pipe wrench)০ঃ এর দুইটি চোয়াল (jaw) আছে এবং প্রতিটি চোয়ালে দীত আছে। দীত থাকার কারণে কোন বড়ু শস্তভাবে ধরতে পারে। পাইপ দাইনে ব্যবহৃত টি ইউনিয়ন বা সকেট খোলার জন্য এ রেঞ্চ ব্যবহার করা হয়। তবে পাইপ লাইনে ইউনিয়ন বা সকেট লাগানো বা খোলার জন্য ২টি রেঞ্চ একরে ব্যবহার করতে হয়। একটি ছারা সকেট বা ইউনিয়নের জংশ ঘূরানো হয় এবং জপরটি ছারা পাইল ধরে রাখা হয়।



চিত্রঃ ১৩- স্লাইড পাইপ ক্লেঞ্চ


(২) এ্যাডজান্টেবল রেঞ্চ (Adjustable wrench) ঃ এটিও স্লাইড রেঞ্চের নীতিতে তৈরি। এটিডে কোন স্লাইড করানোর নাট থাকে না। দুইটি চোরাল বা জ একটা পিন দিরে যুক্ত করা হয়। স্লটের মধ্য দিরে পিন সহজেই যাভারাত করতে পারে। জ দুইটিকে যে কোন দুরুষে এ্যাডজান্ট করা যায়। এ ধরনের রেঞ্চ গোলাকার বস্তুকে ধরে রাখতে সক্ষয়।



চিত্রঃ জব -১৩ এ্যাডজান্টেবল ক্রেঞ্চ

(৩) চেইন রেঞ্চ (Chain wrench) ৷ বড় ব্যাসের পহিপকে দুঢ়ভাবে খরে রাখার জন্য ও রেঞ্চ ব্যবহার করা হয়। প্রথমে চোয়াল বা 'অ' পাইপের উপর স্থাপন করে শিকল দিয়ে পাইপকে অভিয়ে শিকলের খোলা প্রায় 'C' অংশের বথো আবন্ধ করে দিতে হয়। শেৰে 'জ' এর দাঁত যাতে পাইপের উপরিভাগ কাবড়িরে ধরতে পারে এজন্য হাজনকে একটু উপরে উরোলন করে ভারপর হাজনের উপরে চাপ দিয়ে পাইপকে যুরানো হয়।





চিত্রঃ ১৩- চেইন রেক

= হাতল বা হ্যাকেল। A


🗕 স্বাকৃতির জ বা চোয়াল।

BCD - শিক্স ধরার জন্য ফাঁকা অংশ।

= এ বিস্ফুতে শিকসের একটি প্রান্ত 💜 এর সাথে বৃক্ত থাকে।

সিণ্ডিল কলট্রাকশন-২

চিচ্ছেল (Chisel)ে গীপুনির গায়ে পর্ত করার জন্য বা কোথাও কংক্রিট কাটার জন্য চিচ্ছেল ব্যবহার করা হয়। বিভিন্ন মাপের চিচ্ছেল কিনতে পাওয়া যায়। কাজের প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে চিচ্ছেলের আকার নির্ধারণ করা হয়। প্রাঘিং কাজে সাধারণত কোল্ড চিচ্ছেল ব্যবহৃত হয়। এটি হাই কার্বন শ্টিল দ্বারা নির্মিত। বেখানে গর্ত করতে হবে বা যে স্থানে কাটতে হবে তার উপর সমকোণে চিচ্ছেল ধরে হাতুড়ি দ্বারা পিটিয়ে তা করতে হয়।






ফ্লাট কোল্ড বাটালি (প্লামিং কাক্ষে বেশি ব্যবহৃত হয়)



ফ্রোর বোর্ড বাটালি চিত্রঃ ১৩- ম্যাশনরি কান্ধের বাটালি (Chisel)

লাইল কাটার (Pipe cutter)০ঃ পাইলকে ভাইলে আটকিয়ে পাইল কাটার দ্বারা কাটা যায়। এটি হাই কার্বন ন্টিল দ্বারা তৈরি। পাইল কটার ভিন প্রকার। বধা: (১) এক চাকা বিশিষ্ট কাটার (single handed) (২) তিন চাকা বিশিষ্ট কাটার (adjustable) (৩) গাওয়ার (বিদ্যুৎ চালিত) পাইল কাটার। বে পাইল কাটারে একটি চাকা থাকে ঐ চাকাটিই পাইল কাটার কাল করে থাকে তাকে এক চাকা বিশিষ্ট পাইল কাটার বলে। যে পাইল কাটারে তিনটি চাকা থাকে এবং ঐ তিনটির মধ্যে একটি পাইল কাটার হিসাবে এবং বাকি দুটি সাহায্যকারী হিসাবে কাল করে তাকে তিন চাকা বিশিষ্ট পাইল কাটার বলে। হ্যাক স দ্বারা পাইল কাটা সম্ভব না হলে সেক্ষেত্রে পাইল কাটার ব্যবহৃত হয়।




চিত্রঃ ১৪ -পাইল কাটার।

সিন্তিল কল্ট্রাকশন-২

ব্যবহারিক কাজঃ ১৪ কাজের নামঃ পানি সরবরাহ পদ্ধতির ডুয়িং পর্যবেক্ষণ।

নিমে দালানে গানি সরবরাহ পদ্ধতির দ্রুয়িং দেওয়া হলো। দ্রুয়িংটি পভীরভাবে পর্যবেক্ষণ করে বিভিন্ন প্রকার পাইপ, ফিটিংস ও ফিকচারের তালিকা তৈরি কর।




চিত্রঃ জব-১৪- সরবরাহ পাইপের সংগে ফিক্চার এর সংযোগ।

ব্যবহারিক কাজঃ ১৫ কাজের নামঃ নিকাশন (drainage) পছতির ছবিং পর্ববেক্ষণ।

দ্রমিংটি পর্ববেক্ষণ করে বিভিন্ন প্রকার পাইপ ও তেন্ট এর ভালিকা প্রভূত কর।

A typical house plumbing system



© 2007 Encyclopædia Britannica, Inc.

চিত্রঃ অব-১৫ - ফিক্চারসহ নিফাশন পাইপের (ওরেস্ট ও ভেট পাইপের শিক্ষেত) চিত্র

সিভিল কম্ট্রাকশন-২

ব্যবহারিক কাজঃ ১৬

কাজের নামঃ পাইপে প্যাঁচ কাটা।

প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ মেজারিং টুলস, মার্কিং টুলস, রিমার, ফাইল, ডাই স্টক, প্রেডগেজ, ওয়েল ক্যান, পাইপ ভাইস।

প্রয়োজনীয় মালামালঃ জি. আই. পাইপ. সাদা চক, লুব্রিক্যান্ট, জুট বা পাট। কার্য প্রণালীঃ

- ১) ছয়িং এ প্রদত্ত পরিমাপ অনুযায়ী পাইপ কেটে নাও।
- ২) পাইপ ভাইসে বাঁধ।
- ৩) রিমার ব্যবহার করে পাইপের ভিতরে রিমারিং কর।
- 8) ফাইল দ্বারা ফাইলিং কর।
- ৫) পাইপে ডাইন্টক সেট কর।
- ৬) লুব্রিক্যান্ট ব্যবহার কর।
- ৭) প্টাঁচ কাটা আরম্ভ কর।
- ৮) প্যাঁচ কাটা শেষ হলে থ্রেড গেব্রের সাহায্যে পরীক্ষা কর।
- ৯) কাজের যথার্থতা যাচাই কর।



চিত্রঃ প্যাঁচ কাটা মেশিন







চিত্রঃ জব-১৬ পাইপে প্যাঁচ কাটার পদতি

সিভিন্স কলট্রাকশন-২ ১৫৯

ব্যবহারিক কাজঃ ১৭

কাব্দের নামঃ প্টাঁচ বিশিষ্ট পাইপ সংযোজন।

প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ মেজারিং টুলস, মার্কিং টুলস, কাটিং টুলস, রিমার, ট্যাপ এন্ড ডাই, ডাই হোল্ডার প্রেড গেজ, ওয়েল ক্যান।

প্রয়োজনীয় মালামালঃ প্রয়োজনীয় ব্যাসের পাইপ ১২.৭ মি.মি. এবং ১৯ মি.মি পেলিল, পাট ও ওয়েল ক্যান।





চিত্ৰঃ জব-১৭ প্যাঁচ বিশিষ্ট পাইপ সংযোজন

কার্য প্রণালী

- ১) পাইপ কাটার দিয়ে নির্দিষ্ট মাপে পাইপ কাট।
- ২) কাটা মুখে রিমার দ্বারা ভিতর পরিষ্কার কর।
- ৩) নির্দিষ্ট মাপ অনুযায়ী পাইপের ভিতরে এবং সরু পাইপের বাইরে প্যাচ কাট।
- ৪) প্রাচযুক্ত সরু পাইপকে মোটা পাইপের মধ্যে ঢুকাও।
- ৫) কাব্দের যথার্থতা যাচাই কর।

ব্যবহারিক কাজঃ ১৭ ক

কাচ্ছের নামঃ প্যাঁচ বিহীন পাইপ সংযোজন (সোল্ডারিং করে)।

প্রয়োজনীয় যন্ত্রপাতিঃ মেজারিং টুলস, মার্কিং টুলস, ব্যামার, ব্রো-ল্যাম্পস, ট্যাপিং টুলস, গগলস, চ্ছপার। প্রয়োজনীয় মালামালঃ লিড পাইপ. ঝালা বা সোন্ডার, ফ্লাকস, ইমারি ক্লথ, ব্লো-ল্যাম্পের তৈল।

কার্য প্রণালী

- ১) ছইং অনুযায়ী মাপ নিয়ে মাপ অনুযায়ী পাইপে মার্কিং কর।
- ২) মাপ অনুষায়ী পাইপ কাট।
- ৩) ট্যাপিং টুলস ব্যবহার করে একখন্ড পাইপের প্রান্ত বড় কর এবং ইমারি ক্লখ দারা ভিতরের অংশ পরিষ্কার কর।
- ৪) অপর খন্ড পাইপ প্রান্ত ঘষিয়ে টেপার কর। ইমারি ক্লথ দ্বারা পরিষ্কার করে ফ্লাকস লাগাও।
- প্রসারিত প্রান্তের ভিতর টেপার করা প্রান্ত সেট কর।
- ৬) ব্লো-ল্যাম্পস দ্বারা তাপ দাও।
- ৭) পাইপ গরম হলে সোন্ডারে তাপ দিয়ে গলাও এবং গলিত সোন্ডার দ্বারা গ্যাপ পুরণ কর।
- b) গরম অবস্থায় সুতি কাপড় দিয়ে ঘষে জোড়া দেওয়ার স্থানের অতিরিক্ত সোন্ডার মসৃণ কর।




চিত্রঃ -১৭ক প্যাঁচ বিহীন পাইপ সংযোজন


ক্তবহারিক কাজঃ ১৮

কাজের নামঃ ওয়াশ হ্যান্ড বেসিন সংস্থাপন। প্রয়োজনীর যম্বপাতিঃ কেজারিং টুকস, নার্কিং টুকস, কাটিং টুকস স্পিরিট লেকেল, চিজেল, হ্যামার, গ্রাক্তরাস্টেবল রেঞ্চ, নার্কিং রেঞ্চ, বেসিন রেঞ্চ, কর্ণি মেশনারি ট্রে, ক্ষু-ফ্রাইভার, সেভেল ও ব্রাকেট। প্রয়োজনীর মালামালঃ ওরাল হ্যান্ড বেসিন, পিলার কক, শ্রুণ কক, জি. আই, ক্ষিটিংস, সিল টেপ, রং, পুটিং, বালু, সিমেন্ট ও রাবার প্যাসকেট।


कार्य श्रभाणी

- ১) চিত্র অনুযায়ী দেওয়ালে ওয়াশ হ্যান্ড বেসিনের জন্য স্থান চিহ্নিত কর।
- ২) মেৰে বৃত্তে ৰে উচ্চভান্ন ব্ৰাকেট কসবে ভা চিক্তিত কর।
- ত) দেওয়াল ছিত্র করে মালসত ব্রাকেট বসাও।
- ৪) উতন্ম ব্রাকেটের সেতেল যাচাই কর।
- ৫) কংক্রিট ছারা রাকেট স্থাপনের কান্ধ শেব কর।
- ৬) ওয়াশ হ্যাত বেসিনের সাথে পিলার কক, নিড পাইপ, শ্রেইনার ট্রাপ ও ওয়েন্ট ওয়াটার পাইপ সংযোজন কর।
- ৭) বেসিনকে ব্রাকেটের উপর স্থাপন কর।
- ৮) লিড পাইল নিলল ছারা ক্টল ককের সাথে সংযুক্ত কর।
- ৯) কাজ সঠিক হছে কিনা বাচাই কর।
- ১০) পানি সরবরাহ কর
- ১১) এবার সার্বিক কান্সের সান বাচাই কর।





All dimensions are in milimeters



চিত্ৰঃ ১৮- ওয়াৰ হ্যাছ বেসিন সংস্থাপন প্ৰতি


সিন্তিল কণট্রাকশন-২

ব্যবহারিক কাজঃ ১৯

কাজের নামঃ কমোড সংস্থাপন।


প্ররোজনীর যন্ত্রপাতিঃ মেজারিং টুলস, মার্কিং টুলস, কাটিং টুলস, স্পিরিট লেভেস, হাতুড়ি, বাটালি, মার্কিং রেঞ্চ, ক্ষু-ফ্রাইভার।

প্ররোজনীর মালামালঃ ক্ষোভ সেট, পুটি, সিলিং টেপ, বালি, সিমেন্ট।



All dimensions in millimetres

अच्छ **रावश्यक**



All dimensions in millimetres

চিত্ৰা জৰ-১৯- কৰোত সংস্থাপন

সিভিল কন্সট্রাকশন-২

কার্য প্রণালী

১) সয়েল পাইপের অবস্থান অনুসারে কমোড বসাও।

- ২) ড়িল করার স্থান চিহ্নিত করে কমোড সরিয়ে রাখ।
- ৩) মেঝে লেভেল আছে কিনা যাচাই কর। প্রয়োজন হলে মসলা দ্বারা সমান কর।
- 8) কমোড সরিয়ে রেখে ড়িল দ্বারা মেঝে ছিদ্র করে প্লাগ লাগাও।
- ৫) কমোড পূর্বের ন্যায় সঠিক স্থানে বসাও।
- ৬) স্ফু দারা মেঝের সাথে আটকাও।
- ৭) সয়েল পাইপের সাথে কমোড সংযোগ দিয়ে সিল কর।
- ৮) এবার ফ্লাসিং ট্যাংকের সাথে কমোড সংযোগ কর।
- ৯) কমোড সিট কভার লাগাও।
- ১০) কমোডে পানি সরবরাহ করে কার্যকারিতা যাচাই কর।


২য় পত্ৰ

প্রথম অধ্যার এম এস রড (রিইন কোর্সমেন্ট বার) স্থাপন


১.১ এম এস রত স্থাপন ও বীখাইজের পদতি

কোন কাঠানোর বেষার ক্ষাঃ- বিম, স্থাব, কলাম ইত্যাদিতে এম এস রত ব্যবহার করার বা রত স্থাপন ও বীধাই করার নির্দিষ্ট নিয়ম রয়েছে। এই নিয়মগুলো ধালে ধালে সমাধা করা হয়। ক্ষাঃ

- ১) প্ৰথমে সাইটে প্ৰাৰ্থ সরবরাহকৃত আঁটি বা বান্ডেল করা রও কে সোজা করি।
- ২) সোজা করার পর দ্রারিং এর সাপ জাদর্শ হক, কেড অনুবারী রড কেটে টুকরা করা। (চিত্র ১.১)
- ৩) টুকরা করার পর রভে হক, কেড ইজ্যাধি করা। (চিত্র বিভিন্ন প্রকার হক, কেড ১.২ (ক) এবং বেভিং টেকিল দেখানো হলো।
- ৪) নকশা অনুবায়ী রচের সংখ্যা নির্পণ করে সেই অনুবায়ী প্রবোজনীয় সংখ্যক রড কটি। (চিত্র ১.১ প্রউক)
- ৫) ভারণর সাটারিং ও ফর্ম ওয়ার্কের জিভর দ্রায়িং জনুবায়ী রত স্থাপন। (চিত্র ১.৩ (ক) (ব) চুটব্য)
- ক) বত স্থাপনের পর জি জাই তার রারা রত বীখাইকরণ। (চিত্র ১,৪ রটন্))
- ৭) বিষেত্র ১ৰ শ্বিরাণ এবং কলাযের ১ৰ টাই সালোর্ট হতে ২ ইঞ্চি দূরে স্থাপন করতে হবে। (চিত্র ১,৫ চইক)
- ৮) প্রয়োজনে নিষের এবং কলামের রক্তের তারা জনুসারে স্প্যালাইসিং দিতে হবে। রত কাটার সময় স্প্যালাইসিং জোন ছরিং বা আবর্শ কোত জনুবারী ঠিক করে নিতে হবে। (চিত্র প্রটব্য)
- ৯) শেরাল রাখতে হবে বিমের রত বেন কলামের ভিতর বিরে বার।
- ১০) রডের নিচে প্রয়োজনীয় জায়গায় (তলদেশে) কভারিং ব্রক ও সাগোর্ট বিয়ারিং রড স্থাগন। (চিত্র দুটবা)



চিত্রঃ ১.১-আররন মান্টার বার কাটিং ইউনিট



চিত্র ১.২ (ক) বিভিন্ন প্রকার কেন্ত (ব) হক করা এবং (গ) বিমের স্টিরাপের কেন্ড দেখানো হলো।




SNAP OR SIMPLE SADDLE TIE SADDLE TIE SADDLE TIE WITH A TWIST

C DOUBLE-STRAND CROSS TIE OR SINGLE TIE SANDOLE TIE SANDOLE TIE OR TIGURE-EIGHT


THE

চিত্রঃ ১.৪ বি আই ভার দিয়ে রভ বীধাই এর কন্য প্রচলিত হয় ধরনের টাই । (ইংরেন্দি অকর দিয়ে এদের নির্দেশ করা হয়। বেষন A ক্যাপ বা সাধারণ টাই; B ওয়াল টাই C ভাবল স্থাভ সিব্দোল টাই D স্যাভেল টাই E স্যাভেল টাই উইখ আ টুইন্ট F ক্রস টাই বা কিলার এইট টাই

কৰ্মা নং ২২, সিভিল কল্টাকশন-২




চিত্র ১.৫-বিমে শ্টিরাপ স্থাপন



- * Apply the above except the case of marking separately on beam chart.


চিত্রঃ ১.৬-বার বা রড কাটিং এবং স্টিরাপ স্থাপন


विकित् कार्योक्ताम-२



চিত্রঃ ১.৭-শ্রুটালাইলিং জোন (বীকা হ্যাচ দিয়ে বুবানো হয়েছে)। পরের হবিতে জালিং দেখানো হলো।

নিৰে একটি বিম ও একটি ব্ৰাবের রক স্থাপন থাগে থাগে কন্যি করা হলো। পেতীর মনোধোণ নিমে নিচের ভার সি সি বিমের নকশাটি পর্যক্ষেশ কর)





চিত্রঃ ১.৮ বিমের স্ট্রাকচারাল ছয়িং

ডিজাইন অনুযায়ী (নকশা দেখ)

- বিমের নিচের সারিতে ২৫ মি মি ব্যাসের ৪টি রড, তল্মথ্যে মাবের ২টি সাপোর্ট থেকে ৮৫.৭ সে মি
 দূরে 45° কোণে ক্রাংক (Crank) হয়ে উপরের দিকে উঠে পেছে।বর্তমানে বিমে হ্যাংগার বার
 ব্যবহার প্রায় নাই বললে চলে।
- বাকি দুইটি রড সোজা হয়ে সালোর্ট এর উপরে রয়েছে।
- দুইটি ১৬ মি মি ব্যাসের রড উপরে হ্যাংগার হিসাবে সাপোর্ট এর উপর পর্যন্ত সোজা রয়েছে।
- ২৪ সে মি পর পর ১০ মি মি ব্যাসের শিরাপ খাড়া অবস্থায় আছে। উভয় সাপোর্ট থেকে S/2 বা ১২
 মি মি পর প্রথম শিরাপ বসাতে হবে।(দুইদিকে মোট ১০টি)

সিভিল কন্সটাকশন-২

রডের দৈর্ঘ্য

প্রতিটি তলার সোজা রড(২টি), ৬০০ সে মি + ২ $\mathbf x$ ১২.৫ সে মি + ২ $\mathbf x$ ১০ $\mathbf x$ ২.৫ - ২ $\mathbf x$ ৪ (কভারিং = ৪ সে মি)

= ৬৪৭ সে মি = ৬.৪৭ মি

(ক্রিয়ার দৈর্ঘ্য $+ \ge x$ সাপোর্টের বিয়ারিং এর দৈর্ঘ্য $+ \ge x$ ১০ x মেইন বার ডায়া $- \ge x$ কংক্রিট কাভার)

প্রতিটি তলার ক্র্যাংক রড(২টি), ৬০০ সে মি + ২৫ সে মি + ২ \times ১০ \times ২.৫ + ৪৬ - ২ \times ৪ = ৬৯৩ সে মি = ৬.৯৩ মি

(ক্লিয়ার দৈর্ঘ্য+২ $\mathbf x$ সাপোর্টের বিয়ারিং এর দৈর্ঘ্য+২ $\mathbf x$ ১০ $\mathbf x$ মেইন বার ডায়া+বিমের কার্যকর গভীরতা $\mathbf x$ কংক্রিট কাভার)

প্রতিটি উপরের হ্যাংগার রড(২টি), ৬০০ সে মি + ২৫ সে মি + ২ \times ১০ \times ১.৬ - ২ \times ৪ = ৬৪৯ সে মি = ৬.৪৯ মি


(ক্লিয়ার দৈর্ঘ্য+২x সাপোর্টের বিয়ারিং এর দৈর্ঘ্য+২x ১০ x মেইন বার ডায়া — ২x কংক্রিট কাভার)

ন্টিরাপ প্রতিটি = ২(৪৬ + ২২) + ২ x ১০ x ১ = ১৫৬ সে মি = ১.৫৬ মি (২x(বিমের কার্যকর গভীরতা+বিমের কার্যকর প্রস্থ)

স্লাবের রডের সংখ্যা ও দৈর্ঘ্য নিরূপণ

কক্ষের লম্বা দিকে রডের সংখ্যা = 8৫০০/১২০ + ১ = ৩৮.৫ বা ৩৯টি লেম্বা দিকের দূরত্ব/ঐ দিকের স্পেসিং+১) সোজা রড = ২০টি (প্রথমে সোজা রড স্থাপন করবে) ক্র্যাংক রড = ৩৯-২০ = ১৯টি কক্ষের খাটো দিকে রডের সংখ্যা = ৩৫০০/১৫০ + ১ = ২৪.৩৩ বা ২৫টি খোটো দিকের দূরত্ব/ঐ দিকের স্পেসিং+১) সোজা রড = ১৩টি (প্রথমে সোজা রড স্থাপন করবে) ক্র্যাংক রড = ২৫-১৩ = ১২টি

এক্সট্রা টপ রডঃ লম্বা দিকে = ১২টি করে খাটো দিকে = ১৯টি করে



SLAB REINFORCEMENT DETAILS

চিত্রঃ ১.৯- স্লাবের স্ফাকচারাল ছয়িং

খাটো দিকে সোজা রডের মোট দৈর্ঘ্য = 8.১৫ x ২০ = ৮৩ মিটার খাটো দিকে ক্র্যাংক রডের মোট দৈর্ঘ্য = 8.৮৭ x ১৯ = ৯২.৫৩ মিটার খাটো দিকে রডের মোট দৈর্ঘ্য = ১.০৭ x ৪০ = ৪২.৮ মিটার ২১৮.৩৩ মিটার

লম্বা দিকে সোজা রডের মোট দৈর্ঘ্য = ৫.১৫ x ১৩ = ৬৬.৯৫ মিটার লম্বা দিকে ক্র্যাংক রডের মোট দৈর্ঘ্য = ৫.৮৭ x ১২ = ৭০.৪৪ মিটার লম্বা দিকে টপ্(অতিরিক্ত) মোট দৈর্ঘ্য = ১.৩২ x ২৬ = ৩৪.৩২ মিটার

১৭১.৭১ মিটার

মোট রডের দৈর্ঘ্য = ২১৮.৩৬ + ১৭১.৭১ = ৩৯০.০৭ মিটার ল্যাপের জন্য অতিরিক্ত ১০% = ৩৯ মিটার মোট ৪২৯.০৭ মিটার প্রায় ৪৩০ মিটার

সোজা রড খাটো দিকেঃ

দৈৰ্ঘ্য = L + support + hook - covering

= ৩৫০০ + ২৫০ x ২ + ১০ x ১০ x ২-২ x ২৫ = 8.১৫ মিটার খাটো দিকে ক্র্যাংক রডের মোট দৈর্ঘ্য = 8.১৫ + 0.9d

= 8.১৫ + ০.৭২ = 8.৮৭ মি

খাটো দিকে টপ রডের মোট দৈর্ঘ্য = ৩৫০০/৪ + ২ x 10D + ২৫০ - ৪০ = ১০৭৫ = ১.০৭ মি.

সোজা রড লম্বা দিকেঃ

দৈর্ঘ্য = 8৫০০ + ২৫০ x ২ + ১০ x ১০ x ২-২ x ২৫ = ৫.১৫ মিটার = ৫.১৫ মিটার ক্র্যাংক রড লম্বা দিকে মোট দৈর্ঘ্য = ৫.১৫ + 0.9d = ৫.৮৭

টপ রড লম্বা দিকে মোট দৈর্ঘ্য = 8৫০০/৪ + ২ x 10D + ২৫০ - ৪০ = ১.৩২ মি.

টপে অতিরিক্ত রড সংখ্যা = সোজা রডের সংখ্যা রডের ওজনঃ $(mm)^2/162.2$ কেজি প্রতি মিটার

অতএব, ১০ মি মি রডের ওজন =


= ২৬৫.১০ কেজি = ০.২৬৫ টন

১.২ কভারিং এবং সাপোর্টের উপর বিয়ারিং এর প্রয়োজনীয়তা কংক্রিটে যথেষ্ট পরিমাণ কভারিং এবং সাপোর্টের উপর বিয়ারিং খুবই গুরুতপূর্ণ। নিম্নে কারণগুলো দেওয়া হলো। যথাঃ

১। আগুন লাগলে রডকে তথা সম্পূর্ণ ইমারতকে রক্ষা করে।


- ২। বিভিন্ন কারণে দুক মরিচা পড়া হতে বাটিরে রাখে।
- ও। আৰহাওয়ার বিৰুপ প্রভাব হতে রকা করে।

যদি ভাইং এ উল্লেখ না খাৰে, কৰে নিচের চিত্র দোকাবেক কডারিং দেওয়া কেতে পারে ফেলুলো বিভিন্ন কোডে উল্লেখ করা হয়েছে।



চিত্রঃ ১,১০ কংক্রিটে বিনিনান কভারিং

সাধারণত মুবিং নিৰ্দিট স্থানে রডের অবস্থান দেখানো থাকে। স্থাপনার ভার বহনের জন্য স্টিক স্থানে রডকে রাখা পুরুষ্ট দরকার। ঢালাইজের কাজের সময় রড স্থান্চ্যুত হতে রকার জন্য নিয়ের রড সাপোর্টসমূহ এবং ব্যবস্থা প্রহণ করা হয়। কর্মাঃ



চিত্রঃ ১.১১ (ক) রত কভারিং এবং বিয়ারিং এ ক্তবহুত হয় (খ) প্রিকাণ্ট কংক্রিট রক রতকে সাপোর্ট কেওয়ার করে।


১.৩.১ জিনাপ ব্যবহারের প্রয়োজনীয়তা

বিষেয় উপর আপতিত ভার (Load) বা বলের প্রভাবে ভার যথে টান (Tensile stress) ও চাপ (Compressive stress) হাড়াও কৌপিক টান চাপ (Digonal tensile) বা শিয়ারিং চাপের সৃষ্টি হয়। কংক্রিট নিজ কবতা কলে সীমিত মারায় শিয়ারিং কল বা শিয়ার ফ্রেন করতে পারে। কংক্রিটের শিয়ার বহন করার কবতার অভিরিক্ত শিয়ার শ্রেনই হলো বাড়াতি শিয়ার শ্রেন। এই বাড়াতি শিয়ার শ্রেন করে করার কবতার অভিরিক্ত শিয়ার শ্রেনই হলো বাড়াতি শিয়ার শ্রেন। এই বাড়াতি শিয়ার শ্রেন করে করার জন্মই তিরাপ প্রবাজন হয়। U, O, M, W, S অকৃতির এই আলাগা রতপুলোকে তিরাপ বলে। টান কল বৃত্তির অন্য তিরাপের পুইপ্রাতে হক করা থাকে। বিমে তিরাপ বাড়া বা তির্বকভাবে করেয়ার করে। বৃত্তির টপ রত্তে সায়ায় করে। মূল বিষেয় তিলের কাঠামোকে বিক রাখতে তিরাপ পুরুষপূর্ণ ভূমিকা রাবে।

১.৩.২ জিরাণ ছাগনের কৌশল জিরাণ ছাগনের পরতি বা কৌশল নিরন্থণঃ

- ১) বাংলাদেশে রিং আকৃতির (ক্লোজড টাইগ) ন্টিরাগ ব্যাপকভাবে ব্যবহার হয়। এ ধরনের ন্টিরাগ ব্যবহার করলে বিমের প্রধান হড সঠিক ছানে থাকে।
- ২) সাধারণত প্রধান রভের সাথে ৯০ ^০ ডিগ্রি বা ততোধিক কোণে ন্টিরাণ স্থাপন করা হয়।
- ৩) ন্টিরাগ তৈরিতে হক ১৩৫^০ কোনে হওয়া বাছনীয়া এতে ভমিকম্প সহনীয়তা বন্ধি গায়।
- ৪) প্রথমে নির্দিষ্ট ভায়ার রভ সোধারণত ১০ মিলি ব্যাসের । কেটে হক করে শ্টিরাপ তৈরি করা হয়।
- প্রিমে প্রধান রক্তগলো কলিয়ে রেখে প্রয়োজনীয় সংখ্যক ভিয়াপ ঢকিয়ে দেওয়া হয়।
- ৬) প্রথম শ্বিরাণ কলাম (সাধারণ ভাষার পিলার) হতে ২ ইঞ্চি দুরে স্থাপন করতে হয়। এরপর ড্রারিং অনুযায়ী শ্বেসিং ঠিক রেখে জি আই ভার দিয়ে প্রধান রডের সাথে বীধতে হয়।
- ৭) শ্রিরাপের হক্ষুলো সাপোর্টের কাছে নিচের দিকে এবং মাঝের দিকে উপরের দিকে রাখনে কংক্রিটিং এ সূবিধা হয়।

উপর্যুক্ত পদ্ধতির এক বা একাবিকটির সমস্বয় করেও স্টিরাপ ব্যবহার করা যায়।



চিত্রঃ ১.১২ বিভিন্ন আকারের স্টিরাপ বা হপ

সিভিল কন্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। টাই, স্টিরাপ, হপ চিত্রসহ সংজ্ঞা লেখ।
- ২। জি আই তার দিয়ে কত ধরনের গেরো লাগানো যায় এবং তার নাম কি কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। কভারিং ও সাপোর্টের উপর বিয়ারিং এর প্রয়োজনীয়তা লেখ।

রচনামূলক প্রশ্ন

- ১। এম এস রড স্থাপন এবং বাঁধাইয়ের পদ্ধতি চিত্রসহ বর্ণনা কর।
- ২। স্টিরাপ ব্যবহারের প্রয়োজনীয়তা ও কৌশল বর্ণনা কর।

দ্বিতীয় অধ্যায় মেঝে (floor)

২.১ মেঝে

ইমারতের যে সমতল পৃষ্ঠ মালামাল, যন্ত্রপাতি, পার্টিশন ওয়াল এবং বসবাসকারীদের ধারণ ও বহন করে তাকে মেঝে (floor) বলে। একটি বহুতল দালানে একাধিক মেঝে থাকে।

- ১) যে মেঝে ভূমিতলে অবস্থিত ভিটি (plinth) লেভেলে নির্মাণ করা হয় তাকে গ্রাউন্ড ফ্লোর বা একতলার মেঝে বলা হয়। প্রত্যেকটি উপর তলার মেঝে নিচ তলার ছাদ হিসাবে কাজ করে। মেঝেই ইমারতকে বিভিন্ন গৃহতলে ভাগ করে। ভূমিতল থেকে নিচের মেঝেকে বেইজমেন্ট ফ্লোর (basement floor) বলে এবং এটিও গ্রাউন্ড ফ্লোরের অন্তর্ভুক্ত।
- ২) গ্রাউন্ড ফ্রোর থেকে উঁচুতে কলাম বা দেওয়ালের উপর অবস্থিত মেঝেকে আপার ফ্রোর বা মেঝে বলে। গ্রাউন্ড ফ্রোর এবং ইমারতের ছাদ বাদে সকল ফ্রোরই আপার ফ্রোর। এই ফ্রোর ডিজাইন করতে হলে এর উপর চাপান লোড, ফ্রোর স্লাবের নিজস্ব ওজন ও পার্টিশন ওয়ালের ওজন বিবেচনা করতে হয়। নির্মাণ সামগ্রীর নাম অনুযায়ী মেঝের নামকরণ করা হয়।

২.২ মেঝের প্রকারভেদ

গ্রাউন্ড ফ্রোর বা আপার ফ্রোর এর দুইটি উপাংশ, যথাঃ

- ক) ফ্লোর বেইজ বা সাব ফ্লোর (Floor base or Sub floor)
- খ) ফ্লোরিং বা ফ্লোর কভারিং (Flooring or floor covering)

গ্রাউন্ড ফ্লোর বা ভূমিতল মেঝের শ্রেণি বিভাগঃ নির্মাণ উপকরণ অনুযায়ী গ্রাউন্ড ফ্লোরের শ্রেণি বিভাগঃ-

- ১) কাদার ফ্লোরিং (Mud flooring)
- ২) মুরাম ফ্লোরিং (Moorum flooring)
- ৩) ইটের ফ্লোরিং (Brick flooring)
- ৪) স্টোন বা পাথর ফ্লোরিং (Stone flooring)
- ৫) সিমেন্ট কংক্রিট ফ্লোরিং (Cement concrete flooring)
- ৬) টেরাজো ফ্লোরিং (Terrazo flooring)
- ৭) মোজাইক ফ্লোর ফ্লোরিং (Mosaic flooring)
- ৮) টাইল ফ্লোর (Tile flooring)
- ৯) মার্বেল ফ্লোর (Marble flooring)
- ১০) গ্রানোলিথিক ফ্লোরিং (Granolithic flooring)
- ১১) কাঠের ফ্লোরিং (Timber flooring)
- ১২) এ্যাসফল্ট ফ্লোরিং (Asphalt flooring)

সিভিল কন্ট্রাকশন-২

- ১৩) রাবার ফ্রোরিং (Rubber flooring)
- ১৪) লিনোলিয়াম ফ্রোরিং (Linolium flooring)
- ১৫) কর্ক ফ্রোরিং (Cork flooring)
- ১৬) গ্লাস ফ্লোরিং (Glass flooring)
- ১৭) পি ভি সি ফ্লোরিং (P V C Flooring)
- ১৮) ম্যাগনেসাইট ফ্লোরিং (Magnesite flooring)
- ১৯) এসিড নিরোধক ফ্রোরিং (Acid proof flooring)



কাদার ফ্লোরিং (Mud Flooring)



ন্টোন বা পাথর ফ্রোরিং (Stone Flooring)



ক্রে / সিরামিক টাইলস ফ্রোরিং (Clay / Ceramic Tile Flooring)




সিমেন্ট কংক্রিট ফ্রোরিং (Cement Concrete Flooring)





ইন্ডিয়ান পেটেন্ট স্টোন ক্লোরিং (Indian Patent Stone Flooring)



গ্রাক্ষণ্ট ক্লোরিং (Asphalt Flooring)



রিক (ইটের) ফ্রোরিং (Brick Flooring)



ঠেরাযো ফ্রোরিং (Terrazzo Flooring)



মোজাইক ক্লোরিং (Mosaic Flooring)

সিভিশ কশ্ট্রাকশন-২



টাইন্ড ফ্রোরিং (Tiled Flooring)



টিম্বার (কাঠের) ক্লোরিং (Timber Flooring)




রাবার ফ্রোরিং (Rubber Flooring)



লিনোলিয়াম ক্লোরিং (Linolium Flooring)




কৰ্ক ফ্রোরিং (Cork Flooring)



গ্লাস ক্রোরিং (Glass Flooring)



প্লান্টিক বা পিভিসি ফ্লোরিং (Plastic OR P.V.C. Flooring)



ভিনাইল ফ্রোরিং (Vinyle Flooring)



শেমিনেট ফ্লোরিং (Laminate Flooring)

নির্মাণ সামগ্রী অনুযায়ী আগার ক্লোরের শ্রেণি বিভাগ আপার ক্লোর নিয়লিখিত প্রকারের হয়ে থাকে। যথাঃ-

- ১) किन करत्रके क्यांत्र (Steel joist floor)
- ২) জ্যাক-আর্চ ফ্লোর (Jack arch floor)
- ৩) আর সি সি ফোর (R C C floor)
- s) রিবড বা ফীকা টাইল ফোর (Ribbed or hollow tiled floor)
- ৫) ফিলার জ্বেন্ট ক্লোর (Filler joist floor)
- ৬) বি-কান্ট কংক্রিট ফোর (Pre-cast concrete block floor)
- ৭) কাঠের ফ্রোর (Wooden floor)

নিচে বিভিন্ন প্রকার আপার ক্লোরের ছবি দেখানো হরেছে।



শ্টিল অফেট ক্লোর (Steel joist floor)



তীল হুয়েণ্ট ক্লোর (Steel joist floor)



ज्यांक-जार्ड क्षांत्र (Jack arch floor)




ष्णाक-षार्ह क्यात्र (Jack arch floor)



জার সি সি ফ্রোর (R C C floor)



ভার সি সি ফ্রোর (R C C floor)



২.৩ মেঝে তৈরির যালামাল

নিমে মেৰে তৈরির মালামাল উল্লেখ করা বলো।

- ১। সাড বা কাদার মেঝে- ডিজা মাটি, পোবর ও সিমেন্ট।
- ২। সুরাস এর মেকে- সুরাস পাথর, পানি, মুরাস পাউডার, সিমেন্ট ও গোবর।
- ৩। ইটের নেবে- ইট, বালি, সিমেন্ট ও পানি।
- ৪। পার্থরের মেয়ে- পার্থর, ইটের টুকরা, চুন বা সিমেন্ট, বালি পানি।
- ৪। সিমেন্ট কংক্রিটের মেঝে- বালি, সিমেন্ট, খোরা, সুরকি, পানি।

৩) পথিরের ফ্লোরিং (stone flooring)
তেমবের ফ্লোরং (stone flooring)
স্বেম্বে ফরের করার পূর্বে ভারিক ত্রামার করাতে হবে। মার্মিক বাহক করাতে হবে। মার্মিক পর্যক্র করাতে হবে। মার্মিক করাত্র করাতে করাতে করাত্র করাত্র করাতে করাতে করাতে করাত্র করাত্র করাত্র করাত্র করাত্র করাতে করাতে

করা বাবে।

২) ইটের ফ্রোরিং (brick flooring)
প্রথমে মাটি ভরাট করে উত্তমরূপে ধুরমুজ করে দুঢ়াবদ্ধ করতে হবে। ভারপর এর উপর ৭.৫ সে মি পুরু বালি
প্রথমে মাটি ভরাট করে উত্তমরূপে ধুরমুজ করে দুঢ়াবদ্ধ করতে হবে। ভারপর এর উপর ৭.৫ সে মি পুরু বালি
নিছ্যে দিতে হবে। বালির উপর ১২ মি মি সিমেন্ট মসলার ধারা ইট বিছাতে হবে। অথবা ১:৮:১৬ অনুপাতে
নিল্য কংকা মি করে ভা সাববেসের (subbase) উপর দিতে হবে। ইটের মেবের ক্ষেত্রে ইটের
মাহায়ে ইট বিছাতে হবে। অবশা উভয়ক্ষেত্রে জেড়াপুলা ফ্লাশ করে দিতে হবে। ইটের মেবের ক্রন্য জন্য করি মিব নির্বাহ্ন করার পর মেবের ব্যবহারর জন্য উন্মুক্ত

ठा कनुभी एक भिरमक लीवरत्त शलभी मिर*७ श*ल्प

5) কাদার ক্লোরং (mud ilooring) প্রথমে নির্বাচিত মাটিকে ২৫ সে মি পুরুত্বে ভিটির উপর বিছিয়ে দিতে হবে। মাটি দুরমুজ করার জন্য পরিমিত জলীয় অংশ (optimum moisture content) মাত্রায় আর্জা না থাকলে পানি মিশানো মাবে না। শুকানোর পর মেবে যাতে ফেটে না যায় এর জন্য করতে হবে। দুরমুজ চলাকালে পানি মিশানো যাবে না। শুকানোর পর মেবে যাতে ফোট না যায় এর জন্য মাঝে মাঝে পানি ও গোবর মিশিয়ে পাতলা প্রলেপ দিতে হবে। সম্ভব হলে পানি গোবরের পরিবর্তে ১:২ থেকে

নিয়ে কয়েকটি প্রচালত মেঝের (Floor) কৌশল বর্ণনা করা হলোঃ

निर्मक हिंचिर काम 8.*५*

- ১৬। ম্যাগনেসাইট মেকে- ম্যাগনেসিয়াম অক্সাইড, এ্যাসবেস্ট্র, কাঠের গুড়া, রঙ (pigment)।
 - 2৫। গ্লাস সেব্দে- ক্যুচের প্রক' ও ঢাআই বর সাআসাআ।
 - ।भी। क्क ह्मिंग, (एक प्रहाय वार्डाय वार्डाय करा केक । ४८
 - ১০। লিনোলিয়াম মেখে- লিনোলিয়াম শিট, প্লাইউড, ভারকাটা, আইকা বা আঠা(glue)।
- ১২। রাবার মেবে- রাবার, কটন ফাইবার, কর্কের গুড়া, এ্যাসবেস্ট্স ফাইবার (Asbestos fibre), রং।
 - 25। यासकृष्ट (सत्य- यासकृष्ट होट्रल, िरक्न वालि, चीनेष्ट (७ल, यासत्वरुप)।
 - ১০। কাঠের নেবে- কাঠ, পেরেক, স্ফু।
 - । नार्वल त्यरय- जित्यन, वालि, यार्वल द्वाप, नीन।
 - । नाइन त्यत्य- ग्रेड्व, जूरकि, वालि, निरम्, भानि।
 - অক্জোলক এসিড (OXAlic Acid), তেল, মোম। ৭। মোজাইক মেঝে- সিমেন্ট, বালি, পানি, মার্বেল কুটি, রঙিন সিমেন্ট, চুন, মার্বেল পাউভার।
- ७। उत्तराखा (मदय- यार्वल भाथरत्र पाना, यापा वा त्रिक्न जित्मके, (भोर्जिनांच पित्मके, वालि, भाथत्रकृषि, भानि,

৪ব**ং**

পর ২৫ মি মি পুরু মসলার বেডে ফ্লাগ স্টোন বসিয়ে কাজ করতে হবে। দুই প্রান্তে দুটি পাথর বসিয়ে সুতার সাহায্যে লেভেলিং করে তাদের মাঝে একই লেভেলে পাথর বসাতে হবে। পাথর বসান শেষ হলে জোড়ের মসলা ১০ থেকে ২০ মি মি গভীরতায় বের করে নিতে হবে। একে রেকিং আউট বলে। পরে ১:৩ অনুপাতে তৈরি সিমেন্ট মসলা দ্বারা উক্ত স্থান ভরাট করে দিতে হবে। ভরাট করার সময় জোড়ে ফ্লাশ পয়েন্ট করতে হবে। কিউরিং শেষে পিউমিক পাথর দ্বারা ঘষে মসৃণ করে মোম পালিশ করতে হবে। যেখানে বেশি শেড পড়ে সেখানে এ ধরনের মেঝে তৈরি করা হয়।

8) সিমেন্ট কংক্রিট ফ্লোরিং (cement concrete flooring) কংক্রিটের ঢালাই মেঝে বসতবাড়ি, অফিস-আদালত, বাণিজ্যিক ভবন ইত্যাদিতে ব্যাপকভাবে ব্যবহার করা হয়। কারণ এই ধরনের মেঝে মজবুত, দীর্ঘস্থায়ী ও তাড়াতাড়ি নির্মাণ করা যায়।

প্রথমে ভিটিতে ভরাটকৃত মাটিকে উত্তমরূপে দুরমুজ করে দৃঢ়াবদ্ধ করতে হবে। দৃঢ়াবদ্ধ মাটির উপর ১০ থেকে ১৫ সে মি পুরুত্বে বালি দিয়ে তা পানি দ্বারা ডুবিয়ে দিতে হবে। পানি নিচের দিকে যাবে আর বালি বসে যাবে। দেখা যাবে এক সময় বালি বসে গিয়ে দৃঢ়াবদ্ধ উত্তম তল তৈরি করেছে। বালি দ্বারা তৈরি তলের উপর ব্রিক ফ্লাট সলিং (brick flat soling) বসিয়ে তার উপর কংক্রিট ঢালাই করে মেঝে তৈরি করা যাবে। এক্ষেত্রে বালির উপর পলিথিন বিছিয়ে সলিং করা যাবে। অথবা বালির উপর সলিং করে সলিং এর উপর পলিথিন বিছিয়েও কংক্রিট ঢালাই করা যাবে। তখন জোড়গুলো বালি দ্বারা পুরণ করতে হবে। যাই করা হোক না কেন এ স্তর হবে কংক্রিটের বেইজ।

সলিং ব্যবহার না করে ১:৩:৬ অথবা ১:৫:১০ অনুপাতে লাইম কংক্রিট বা সিমেন্ট কংক্রিট ঢালাই করেও কংক্রিট বেইজ তৈরি করা যায়। কংক্রিট বেইজ তৈরি করার পর মূল ওয়ারিং সারফেস প্রস্তুত করলে প্রয়োজনীয় মেঝে তৈরি হবে।

কংক্রিট বেইজ শক্ত হওয়ার পর ব্রাশ দ্বারা ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে। তারপর পানি দ্বারা ভিজিয়ে নিতে হবে এবং মেঝেকে শুকিয়ে নিতে হবে। কংক্রিট ঢালাই করার পূর্বে ঢালাই এলাকাকে সুবিধামতো আকারের কতকগুলো আয়তাকার প্যানেলে বিভক্ত করতে হবে। ১:২:৪ অনুপাতে কংক্রিট মিশ্রণ তৈরি করে অলটারনেট প্যানেল ঢালাই করতে হবে। ঢালাই এর পূর্বে সিমেন্ট গ্রাউটিং(তরল সিমেন্ট পেন্ট) করতে হবে। অন্যথায় বেইজ ও ওয়্যারিং সারফেসের সাথে বন্ধন হবে না। কংক্রিট প্রয়োজনীয় পুরুত্ব (৪ সে মি) ঢেলে কর্ণি এবং পাট্টা দিয়ে পিটিয়ে সমান করে দিতে হবে যাতে মিশ্রণের পানি উপরে উঠে আসে। তারপর শুকনা বালি ও সিমেন্টের সুষম মিশ্রণ কংক্রিটের উপর ছিটিয়ে দিতে হবে। এক্ষেত্রে কর্ণি দ্বারা সমতল ও মসৃণ করে দিতে হবে। একে টপিং বলে। টপিং কিছুটা শক্ত হলে শুধু সিমেন্ট ছিটিয়ে কর্ণি দ্বারা সমতল করে দিতে হবে। একে নীট সিমেন্ট ফিনিশিং বলে। এভাবে বাকি খালি আয়তাকার প্যানেল গুলোকে ঢালাই করতে হবে।

৫) টাইল ফ্রোরিং (tile flooring) ঃ টাইল মেঝের জন্য আর সি সি বা সিমেন্ট কংক্রিটের মত শক্ত পৃষ্ঠ প্রয়োজন। এর উপর ২৫ থেকে ৩০ মি মি পুরুত্বে ১:৩ অনুপাতে চূর্ণক মসলা (lime morter) বিছিয়ে দেওয়া হয়। তরপর ১২ থেকে ২৪ ঘন্টা যাবত শক্ত হওয়ার জন্য ফেলে রাখা হয়। টাইল বসানোর পূর্বে এর উপর সিমেন্ট পেন্ট বা স্লারি (slury) প্রয়োগ করা হয় এবং টাইল বসিয়ে আন্তে আন্তে কাঠের হাতুড়ির সাহায্যে আঘাত করে স্থির করা হয়। টাইলকে কংক্রিটের উপর বসানোর পূর্বে তার চারপার্শ্বে সিমেন্ট মসলা

সিভিল কপট্টাকশন-২

লাগানো হয়। এর ফলে দুইটি টাইলের মধ্যে সংযোগ দৃঢ় হয়। পরে দুই টাইলের মধ্যকার জোড় থেকে ৫ মি মি গভীরতায় মসলা তারের ব্রাশ দ্বারা তুলে নেওয়া হয়। সিমেন্ট স্লারির পেন্ট দ্বারা উক্ত জোড় পূরণ করা হয়। জোড় শুকালে বা জমাট বাধার পর ঘষা পাথর দ্বারা ঘষে মসূণ করা হয়।

- ৬) কাঠের ফ্লোরিং (timber flooring) ঃ আমাদের দেশে কাঠের মেঝের ব্যবহার কম। পাহাড়ি অঞ্চলে যেখানে কাঠের দাম কম এবং বেশি পরিমাণে কাঠ পাওয়া যায় সেখানে কাঠের মেঝে দেখা যায়। তবে সেগুলোও বিজ্ঞান সম্মতভাবে তৈরি নয়। সাধারণত কাঠের মেঝে দুইপদ্ধতিতে নির্মিত হয়। যথাঃ-
- ১) বুলন্ত ফ্লোরিং (suspended floor) এবং
- ২) স্থাপিত ফ্লোরিং (supported floor)

পাহারি অঞ্চলে ঝুলন্ত মেঝে নির্মিত হয়। এই সব মেঝে সাধারণত গাছের খুঁটির উপর আড়া দিয়ে তার উপর তক্তা বিছিয়ে পেরেক বা ক্ষু দ্বারা আটকিয়ে নির্মাণ করা হয়। সমতল ভূমিতে এ ধরনের মেঝে তেমন দেখা যায় না । তবে টিনের বা মাটির ঘরের সিলিং হিসাবে কাঠের মেঝে দেখা যায়। জিমনেসিয়াম (যেখানে ভলিবল, ব্যাডমিন্টন, টেবিল টেনিস সহ যাবতীয় ইনডোর গেমস অনুষ্ঠিত হয়), অভিটোরিয়াম (নাটক বা নৃত্যের জন্য মঞ্চ) ইত্যাদির ক্ষেত্রে সাপোর্টেড টাইপ কাঠের মেঝে ব্যাপকভাবে ব্যবহার হয়। নিম্নে উক্ত মেঝের নির্মাণ কৌশল বর্ণনা করা হলো।

কাঠের ব্লক ফ্রোরিং

প্রথমে কক্ষের মাটিকে দুরমুজ করে নিতে হবে। ভরাট বা আদি মাটি যাই হোক না কেন দুরমুজ করে এমন পর্যায়ে আনতে হবে যেন মেঝে নির্মাণের পর কোন জায়গায় অসমভাবে বসে যেতে না পারে। মাটি তল নির্মিত হলে তার উপর ১৫ থেকে ২০ সে মি পুরুতে সিমেন্ট কংক্রিট বেইজ তৈরি করতে হবে (১:২:৪)। কংক্রিট বেইজ তৈরির পর কিউরিং সময় অতিক্রান্ত হলে মূল কাঠের মেঝে নির্মাণ কাজ শুরু করতে হবে। প্রথমে কংক্রিট বেইজের উপর মার্ন্টিক এ্যাক্ষল্ট (mastic asphalt) এর স্তর প্রয়োগ করতে হবে। এ স্তর কাঠকে রক্ষা করবে।

বিভিন্ন পদ্ধতিতে কাঠের মেঝে স্থাপন করা যায়। যথাঃ-

- ক) স্ট্রিপ ফ্লোর কভারিং
- খ) প্লাংকেড ফ্লোর কভারিং
- গ) উড ব্লক ফ্লোর কভারিং
- ঘ) ফেব্রিকেটেড ফ্লোর কভারিং
- ক) স্ট্রিপ ফ্লোর কভারিং
- এ পদ্ধতিতে কম চওড়া কাঠকে পর পর পাশাপাশি বিছিয়ে টাং এন্ড গ্রুপ জোড়ের মাধ্যমে আটকিয়ে মেঝে প্রস্তুত করা হয়।
- খ) প্লাংকেড ফ্লোর কভারিং

বড় চওড়া কাঠকে প্রথম পদ্ধতির মতো পর পর পাশাপাশি বিছিয়ে টাং এন্ড গ্রুপ জয়েন্টের মাধ্যমে মেঝে প্রস্তুত করা হয়। ১৯০ মেঝে

গ) উড ব্লক ফ্লোর কভারিং

কংক্রিট বেইজের উপর মাস্টিক এ্যাসফল্ট বিছিয়ে ২ থেকে ৪ সে মি পুরু এবং ২০ সে মি $\mathbf X$ ৪ সে মি বা ৩০ সে মি $\mathbf X$ ৮ সে মি আকারের কাঠের ব্লককে পাশাপাশি রেখে মেঝে তৈরি করা হয়।

ঘ) ফেব্রিকেটেড ফ্লোর কভারিং

বর্গাকার বা আয়তাকার কাঠের ব্লককে পাশাপাশি রেখে টাং এন্ড গ্রুপ জয়েন্টের মাধ্যমে মেঝে তৈরি করা হয়।

আপার ফ্লোর নির্মাণে উপরের মেঝেগুলোর মধ্যে আমাদের দেশে আর সি সি মেঝে ছাড়া অন্যগুলো কদাচিৎ ব্যবহৃত হয় বলে শুধু আর সি সি মেঝের নির্মাণ পদ্ধতি বর্ণনা করা হলো। ৩.৫ ছাদ নির্মাণ কৌশল দ্রষ্টব্য।

(বিঃ দ্রঃ আর সি সি ছাদের নির্মাণের অনুকরণে আর সি সি মেঝে নির্মাণ করতে হবে। এক্ষেত্রে শুধুমাত্র মেঝের ফিনিশিং কাজ যেমন টাইলস, মোজাইক বা নিট সিমেন্ট ফিনিশিং অতিরিক্ত করতে হবে।)

২.৫ মেঝে তৈরীর ক্ষেত্রে প্রয়োজনীয় সাবধানতা

মেঝে তৈরির ক্ষেত্রে নিয়ের প্রয়োজনীয় সাবধানতাগুলো অবলম্বন করতে হয়। যথাঃ-

- ১) সাটারিং দৃঢ়ভাবে তৈরি করতে হবে। একই উচ্চতায় ও একই সমতলে মজবুত করে নির্মাণ করতে হবে যেন শ্রমিকের মালামাল নিরাপদে বহন করতে পারে।
- ২) সাটারিং এর উপর অভেদ্য কাটিং লাগাতে হবে এবং যথাযথ ঢাল রাখতে হবে।
- ৩) রডের পরিমাণ, আকার ও আকৃতি যথাযথ হতে হবে অর্থাৎ ডিজাইন দ্ধয়িং এ বর্ণিত রড ব্যবহার করতে হবে।
- 8) রডকে মরিচামুক্ত করতে হবে এবং যথাযথ ভাবে জি আই তার দ্বারা বীধা হয়েছে কিনা তা যাচাই করতে হবে।
- ৫) কংক্রিট ঢালাই এর সময় লক্ষ্য রাখতে হবে যেন সঠিক মানের এবং সঠিক অনুপাতে মালামাল ব্যবহার করা হয়।
- ৬) কংক্রিট তৈরিতে ব্যাচিং, মিক্সিং, পানি সিমেন্টের অনুপাত, পরিবহণ, ঢালাই , কম্প্যাকশন ইত্যাদি যথাযথ হতে হবে।
- ৮) ঢালাই চলাকালে গ্রাউটিং করতে হবে যাতে জোড়া লাগে বা পারস্পরিক বন্ধন সৃষ্টি হয়।
- ৯) সঠিক সময় পর্যন্ত ও সঠিক পদ্ধতিতে কিউরিং করতে হবে।
- ১০) নিয়ম অনুযায়ী সাটারিং খোলা হয়েছে ও নির্ধারিত সময় পর খোলা হয়েছে কিনা দেখতে হবে।
- ১১) সাটারিং খোলার পর কোন জায়গায় ত্রুটি থাকলে তা ফিনিশিং কাজের পূর্বেই সারিয়ে ফেলতে হবে।
- ১২) বিভিন্ন প্রকার মেঝে তৈরিতে ব্যবহৃত মালামাল কাজে লাগানোর পূর্বে এর গুণগত মান আদর্শ টেস্টের মাধ্যমে যাচাই করে নিতে হবে।
- ১৩) ঢালাই মেঝের ডুয়িং এ উল্লেখিত শক্তি অর্জন হলো কিনা তা আদর্শ টেস্টের মাধ্যমে নিশ্চিত হতে হবে।

স্থিতিল কল্ট্রাক্সান-২



চিত্রঃ ২,৩ আর সি সি ছাদের নির্বাণ / আর সি সি মেরে নির্বাণ

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। মেঝে কাকে বলে?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। মেঝে কত প্রকার ও কি কি?
- ২। মেঝে তৈরির মালামাল সম্পর্কে লেখ।

রচনামূলক প্রশ্ন

- ১। মেঝে তৈরির কৌশল বর্ণনা কর।
- ২। মেঝে তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় সাবধানতা সম্পর্কে লেখ।

তৃতীয় অধ্যায় ছাদ (roof)

৩.১ ছাদ (roof)

দালান বা বাড়ির সবচেয়ে উপরের অংশ, যা কাঠামোর আচ্ছাদন হিসাবে কাজ করে এবং আবহাওয়া ও জলবায়ুর প্রভাব থেকে দালান বা বাড়িকে রক্ষা করে তাকে ছাদ বলে। অন্য কথায়, রোদ, ঝড়-বৃষ্টি, তাপ, বরফ, বাতাস ইত্যাদির ক্ষতিকর প্রভাব থেকে আবাসিকদের জানমাল হেফাজত করার জন্য দালানের সর্ব উপরে নির্মিত আচ্ছাদন ও তাকে বহনকারী কাঠামোকে ছাদ্(roof) বলে।

৩.২ মেঝে ও ছাদের পার্থক্য মেঝে ও ছাদের পার্থক্য নিম্নরূপ। যথাঃ

বিষয়	মেঝে	ছাদ
১। অবস্থান	ইমারতে অবস্থানকারীর পায়ের	ইমারতের সবচেয়ে উপরের অংশে।
	निक्ति।	
২। কাজ	বসবাসকারী বা ব্যবহারকারী ও	বসবাসকারী বা ব্যবহারকারী ও তাদের
	তাদের মালামাল বহন করে।	মালামালকে আবহাওয়া থেকে রক্ষা করে।
৩। সংখ্যা	একটি ইমারতে মেঝের সংখ্যা	যে কোন একটি ইমারতে ছাদের সংখ্যা
	একাধিক হতে পারে।	একটি।
৪। জলছাদ বা	জলছাদ বা লাইম টেরাসিং	জলছাদ বা লাইম টেরাসিং রুফ ওয়াটার
লাইম টেরাসিং	ব্যবহার আবশ্যক নয়।	প্রুফিং সিস্টেম ব্যবহার আবশ্যক।

৩.৩ বিভিন্ন প্রকার ছাদের নাম

ছাদের প্রকারভেদ (types of floor)ঃ ছাদ প্রধানত তিন প্রকার। যথাঃ

- ১) ঢালু ছাদ (pitched or sloping roof)
- ২) সমতল ছাদ (flat roof)
- ৩) বীকানো ছাদ (curved roof)
- ১) ঢালু ছাদঃ গঠন পদ্ধতি অনুসারে ঢালু ছাদ তিন প্রকার। যথাঃ
 - ক) সিংগেল ছাদ (single roof)
 - খ) ডাবল ছাদ (double roof)
 - গ) ট্রাস ছাদ (truss roof)
- ক) সিংগেল ছাদ (single roof) আবার পাঁচ প্রকার। যথাঃ
 - * লিন-টু রুফ (lean-to-roof)
 - * কাপল রুফ (couple roof)
 - * কাপল ক্লোজ ছাদ (couple close roof)

- * সিজারস রুফ (scissors roof)
- * কলার বিম ছাদ (collar beam roof)

গ) ট্রাস ছাদ (truss roof) আট প্রকার। যথাঃ

- * কিং পোল্ট রুফ ট্রাস (king post roof truss)
- * কুইন পোস্ট রুফ ট্রাস (queen post roof truss)
- * ম্যানসার্ড রুফ ট্রাস (mansard roof truss)
- * কম্পোজিট রুফ ট্রাস (composite roof truss)
- * বেলফাস্ট রুফ ট্রাস (belfast roof truss)
- * লেমিনেটেড রুফ ট্রাস (laminated roof truss)
- * ন্টিল রুফ ট্রাস (steel roof truss)
- * ট্রানকেটেড রুফ ট্রাস (truncated roof truss)

(২) সমতল ছাদ (flat roof) তিন প্রকার। যথাঃ

- * টালি বর্গার ছাদ (terraced roof)
- * ঢালাই ছাদ (cast roof)
- * ঝুলন্ত খিলানের ছাদ (jack arch roof)

(৩) বাঁকানো ছাদ (curved roof) দুইপ্রকার। যথাঃ

- * শেল ছাদ (shell roof)
- * ডোম ছাদ (dome)

আর সি সি ছাদ দুইপ্রকার। যথাঃ

- ১) একমুখী ছাদ (One way slab)
- ২) দ্বিমুখী ছাদ (Two way slab)

৩.৪ একমুখী ও দ্বিমুখী ছাদের পার্থক্য

বিষয়	একমুখী ছাদ	দ্বিমুখী ছাদ
১। সাপোর্ট	ছাদের শুধুমাত্র দুই দিকে বিম দ্বারা সাপোর্ট	এই ছাদের চার পাশেই বিম দ্বারা সাপোর্ট
	থাকে।	থাকে।
২। স্প্যানের	বড় স্প্যান (L) ও ছোট স্প্যান (B) এর	বড় স্প্যান (L) ও ছোট স্প্যান (B) এর
অনুপাত	অনুপাত ২ এর সমান বা বেশি।	অনুপাত ২ এর চেয়ে কম।
৩। প্রধান রড	প্রধান রড শুধু এক দিকে স্থাপন করা হয়।	প্রধান রড দুই দিকে দিকে স্থাপন করা
স্থাপন		হয়।
৪। উদাহরণ	ড়েনের উপর স্লাব।	স্কুল ভবনে ক্লাস রুমের ছাদ

সিঞ্জিল কল্টাকশন-১



একসুৰী হাদ (One way slab)

पि-मूची चान (Two way slab)

চিত্রঃ ১,৩ জন গুয়ে গু টুয়ে স্লাব

৩.৫ ছাদ নির্মাণ কৌশসঃ নিম্নে আর সি সি ছাদের নির্মাণ কৌশল কর্ননা করা হলো। হাদ নির্মাণ নিমোক্ত থাগে সম্পন্ন করতে হয়।

- ১) সাটারিং বা ফর্ম ওয়ার্ক নির্মাণ।
- ২) রড কাটা, বীকানো ও সাজানো।
- ৩) মিশ্রণ তৈরি ও কংক্রিট স্থাগন।
- 8) किछेत्रिश

ছাদের রভ ও কংক্রিটকে যথান্থানে নকশা অনুযায়ী ধরে রাখার জন্য প্রথমে শাটারিং করতে হবে। কংক্রিটের ঢালাই শুরু করার পূর্বে শাটারিং মজবুত আছে কিনা অর্থাৎ কংক্রিটের ভারে ভা ভেলো বা বসে যাবার সম্ভাবনা আছে কি না তা যাচাই করে নিশ্চিত হতে হবে।

ছাদ ঢালাই করার জন্য সঠিক মালের সক্তব্ত শাটারিং তৈরির কাজ শেষ করে তার উপর মাপ ও সংখ্যা নির্পণ করে সে অনুযায়ী রড সাজাতে হবে। রড কাটা নির্ভর করে প্রধানত তার দৈর্ঘ্যের উপর। দৈর্ঘ্য নির্ভর করে রডের আকার, আকৃতি ও কক্ষের মালের উপর।

একমুখী ছাদে প্রধান রডগুলো কক্ষের প্রস্থ বরাবর এক সারিতে বসানো হয় এবং আড়াআড়ি ভাবে ডিস্ট্রিবিউশন রড বসানো হয়। বি-মুখী ছাদে প্রধান রডগুলো কক্ষের উভয় দিক বরাবর বসানো হয়। প্রধান রড ছাড়াও ছাদে ডিস্ট্রিবিউশন রড ও অভিরিক্ত রড (extra top rod) বসানো হয়। একটা টপ রডগুলো দৈর্ঘ্য বরাবর ছাদের দুপ্রান্তে উপরের দিকে বসবে। প্রধান রডগুলোর উপরে বসবে ডিস্ট্রিবিউশন রডগুলো। সকল প্রকার রডের সংখ্যা নির্পশ করে সালমতো কেটে দুপ্রান্তে হক করে নিতে হবে। প্রধান রডগুলোর তলার কভারিং রক দিতে হবে। প্রধান রড ও ডিস্ট্রিবিউশন রড জি আই ভার ছারা বেধে দিতে হবে। একই ভাবে একটা টপ রডগুলোকেও ছাদের দুইপ্রান্তে প্রধান রডের সাথে বেধে দিতে হবে। (চিত্র দেখ)

হি-মুখী ছাদে যেহেতু উভর দিকে প্রধান রড থাকে সেহেতু ভিস্ক্রিবিউশন রভের প্রয়োজন নেই। শুধুমাত্র একসুখী ছাদের সভো কক্ষের প্রস্থ বরাবর যে প্রধান রভ বসবে ভার উপর দৈর্ঘ্য বরাবর প্রধান রভগুলো বসিরে জি আই তার দ্বারা বেঁধে দিতে হবে। এক্ষেত্রেও প্রস্থ বরাবর বসানো প্রধান রডের নিচে কভারিং ব্লক দিয়ে কভারিং এর মাপ ঠিক রাখতে হবে। সাধারণত কমপক্ষে ১৮ মি মি পুরু কংক্রিটের আবরণ দিয়ে মুক্ত কভারিং রাখা হয়। আর সি সি কাঠামোতে কভারিং না রাখলে বা প্রয়োজনের তুলনায় কম রাখলে রড আর্দ্রতা ও বাতাসের সংস্পর্শে এসে মরিচা ধরে নষ্ট হয়ে যেতে পারে। উভয় দিকের রডগুলোর কেন্দ্র থেকে কেন্দ্র দুরত্ব কত হবে তা নকশায় বিশদভাবে উল্লেখ থাকে। উল্লেখ্য ছাদের গভীরতা, রডের ব্যাস, পাশাপাশি রডের কে কে দুরত্ব এসব কিছু নির্ভর করে ছাদের দৈর্ঘ্য ও প্রস্থের পরিমাপ ও ছাদের উপর আপতিত ভারের উপর।

ছাদের সব রড স্থাপন এবং বাঁধা শেষ হলে কংক্রিট ঢালাই করতে হবে। নির্দিষ্ট স্থানে অনুপাত অনুযায়ী কংক্রিট মিশ্রণ তৈরি করে তা কড়াইয়ে করে ছাদে নিয়ে শাটারিং এর উপর ঢালার পর কর্ণির সাহায্যে সেগুলো রডের ফাঁকে ফাঁকে প্রবেশ করিয়ে তলা পর্যন্ত সুষমভাবে বিস্তৃত করে দিতে হবে। লক্ষ্য রাখতে হবে যেন কংক্রিট মিশ্রণ খুব উঁচু থেকে ফেলা না হয় এবং এক জায়গায় স্থুপাকারে জমা করে টেনে নেওয়া না হয়। কারণ এতে কংক্রিটের উপাদানগুলো পৃথক হয়ে যেতে পারে। কংক্রিট ঢালাই কাজে নিয়োজিত লোকজনের চলাচলের কারণে রড যাতে স্থানচ্যুত না হয় সেজন্য তক্তা বিছিয়ে তার উপর দিয়ে চলাচলের পথ করতে হবে। কংক্রিট ঢালাই শেষ হলে পাট্টা দ্বারা দৃঢ়বদ্ধ করা হয় ও উপরিতল সমান করা হয়।

২৪ ঘন্টা পর থেকে শুরু করে ১৪ দিন, ২১ দিন বা ২৮ দিন পর্যন্ত কিউরিং করতে হয়। ছাদের উপর খড়কুটা, কচুরিপানা বা কাদামাটি বিছিয়ে সেগুলো ভিজিয়ে রেখেও কিউরিং করা যায়। তাছাড়া ছাদের চারিদিকে বালি-সিমেন্ট মসলার বাঁধ দিয়ে পানি আটকিয়ে রেখে কিউরিং করা যায়। ২৮ দিন কিউরিং করার পর সাবধানের সাথে শাটারিং খুলে নিতে হয়।

- ৩.৬ ছাদ নির্মাণে মালামালের নাম
- ১। স্ক্যাফোল্ডিং
- ২। ফর্ম ওয়ার্ক (সাটারিং ও সেন্টারিং)
- ৩। নির্মাণ উপকরণ (সিমেন্ট, বালি, পানি, ইট বা পাথর)
- ৪। নির্মাণ যন্ত্রপাতি যেমন- মিক্সার মেশিন, কম্প্যাক্টর
- ৫। মিন্ত্রি ও লেবারদের ব্যবহৃত মালামাল (টেপ্, কোদাল, তাগা ইত্যাদি)
- ৩.৭ ছাদ নির্মাণে নিরাপত্তা
- ১। ছাদ নির্মাণে ফর্ম ওয়ার্ক (সাটারিং ও সেন্টারিং) যথাযথ হতে হবে।
- ২। মজবৃত, টেকসই স্ক্যাফোল্ডিং ব্যবহার করতে হবে।
- ৩। ব্যক্তিগত নিরাপত্তার যন্ত্রপাতি (personal protective equipment (PPE) ব্যবহার বাধ্যতামূলক।
- ৪। ঢালু ছাদে বা ছাদের প্রান্তে কাজ করার সময় ব্যক্তিগত পড়ে যাওয়া রোধক ব্যবস্থা (personal fall arrest system- PFAS) ব্যবহার করতে হবে।
- ৫। ছাদে চলাচল সহজ ও নিরাপদ হতে হবে।
- ৬। স্বাস্থ্য ও নিরাপত্তা পরিকল্পনা থাকতে হবে এবং তা মানা হচ্ছে কিনা মনিটরিং করতে হবে।
- ৭। ঢালাইয়ের সময় মালামাল পড়ে গিয়ে আহত না হয় সে জন্য সাইটের চারিদিকে নিরাপত্তা ক্যানপি ব্যবহার করতে হবে।

সিভিল কন্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ছাদ কাকে বলে?
- ২। ছাদ নির্মাণের মালামালের নাম লেখ।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। মেঝে ও ছাদের মধ্যে পার্থক্য লেখ।
- ২। একমুখী ও দ্বিমুখী ছাদের পার্থক্য লেখ।
- ৩। ছাদ নির্মাণে নিরাপত্তা ব্যবস্থা কি?

রচনামূলক প্রশ্ন

১। ছাদের প্রকারভেদ ও ছাদ নির্মাণ কৌশল সম্পর্কে বিস্তারিত লেখ।

চতুর্থ অধ্যায় মোজাইক

8.১ মোজাইক

সাধারণ পাথরের পরিবর্তে ছোট ছোট মার্বেল পাথরের টুকরা সিমেন্ট, বালি দ্বারা তৈরি বা টাইলযুক্ত কৃত্রিম পাথরের দ্বারা যে মেঝে তৈরি করা হয় তাকে মোজাইক মেঝে বলে। এই পাথরের টুকরাগুলো বিভিন্ন রংয়ের ও আকারের হয়ে থাকে। এগুলো দেখতে সুন্দর ও ঝকঝকে, তবে মোজাইক মেঝে তৈরিতে খরচ বেশি পড়ে।

আর সি সি স্লাবের উপর পেটেন্ট স্টোনের স্তর তৈরি করে তার উপর সাদা সিমেন্ট, মার্বেল পাউডার, পোর্টল্যান্ড সিমেন্ট ও মার্বেল পাথর চিপস সহযোগে তৈরি পেষ্ট দ্বারা এ মেঝে নির্মাণ করা যায়। তাছাড়া আর সি সি মেঝেকে চিপিং করে তার উপর ১:২ অনুপাতে ৩/৮ পুরু মসলার উপর মোজাইক টাইল বসিয়েও মোজাইক টাইলের মেঝে নির্মাণ করা যায়।

৪.২ মোজাইক তৈরির মালামাল

নিম্নের মালামালগুলো মোজাইক মেঝে তৈরিতে ব্যবহার করা হয়।

- ১) সাদা সিমেন্ট
- ২) মার্বেল চিপস
- ৩) মার্বেল পাউডার
- 8) পোর্টল্যান্ড সিমেন্ট (প্রয়োজন হলে)
- ৫) অকজালিক এসিড
- ৬) মোম

৪.৩ মোজাইক তৈরির মালামালের অনুপাত
 পেটেন্ট স্টোনের অনুপাত = ১:২
 সাদা সিমেন্টঃ মার্বেল পাউডারঃ গ্রে সিমেন্ট = ১:১.৫:৩

মোজাইক মেঝে তৈরির পদ্ধতি

প্রথমে তৈরি করা আর সি সি মেঝেকে ব্রাশ ও পানি সহযোগে পরিষ্কার করে নিতে হবে। তারপর প্রয়োজন মনে করলে ১:২ অনুপাতে সিমেন্ট মসলার স্তর দিয়ে পেটেন্ট স্টোন দিতে হবে। পেটেন্ট স্টোন এর উপর সাদা সিমেন্ট + মার্বেল পাউডার + গ্রে সিমেন্ট (১:১.৫:৩) এর সাথে মার্বেল পাথর চিপস সমান পরিমাণ মিশিয়ে পেন্ট তৈরি করে কর্ণি দ্বারা স্থাপন করতে হবে। কমপক্ষে ৭ দিন কিউরিং করার পর পিউমিক পাথর দ্বারা কায়িক শ্রমে বা মেশিন দ্বারা মসৃণ করে নিলে মেঝে তৈরি হয়ে যাবে।

গ্লাস মোজাইক মেঝে তৈরি করতে ৫ মি মি প্লেট গ্লাস ফালি আকারে টুকরা করে মেঝেতে বর্গাকার বা যে কোন আকারে বসিয়ে তার মাঝে মোজাইক পেস্ট ঢালাই করে কাজ শেষ করতে হবে। সিভিল কল্টাকশন-২

তাছাড়া পেটেন্ট স্টোনের উপর ২০ সে মি \mathbf{x} ২০ সে মি আকারের বিভিন্ন রংয়ের টাইল বসিয়েও মোজাইক টাইলের মেঝে নির্মাণ করা যায়। টাইলগুলো বসানোর সময় পাশাপাশি দুইটি টাইলের জোড়ের মাঝে সিমেন্ট মসলা ব্যবহার করতে হয়।

কিউরিং হওয়ার পর দুইটাইলের মধ্যবর্তী জ্বোড়াগুলো পাথর দারা ঘষে টাইলের সাথে একই উচ্চতায় আনতে হবে।

8.8 মোজাইক কাজের অবস্থান

মোজাইক সচরাচর যেখানে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজন হয় বা সৌন্দর্য বৃদ্ধি করার প্রয়োজন হয় সেসব স্থানে করা হয়। যেমন- হাসপাতাল, বিশেষ করে অপারেশন থিয়েটার, অফিস, স্কুলগৃহ, কলেজ্ব-বিশ্ববিদ্যালয় এবং আবাসিক বাড়ির সিঁড়িঘর, রানাধর, গোসলখানা ও পায়খানা ইত্যাদি স্থানে। ঐতিহাসিক বিভিন্ন স্থাপনায় মোজাইকের ব্যবহার দেখা যায়।



চিত্রঃ ৪.১

৪.৫ মোজাইক এর প্রয়োজনীয়তা

নিমে মোজাইক কাজের প্রয়োজনীয়তা উল্লেখ করা হলো।

- ১) নিশ্ছিদ্র মেঝে তরির জন্য মোজাইক করা হয়।
- মোজাইক করা মেঝে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সুবিধা বেশি।
- ৩) মেঝের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য মোজাইক করা হয়।
- 8) মেঝে যাতে ফাটল না ধরে বা ধরলেও যেন তা নির্দিষ্ট জায়গায় সীমাবদ্ধ থাকে সেজন্য মোজাইক করা হয়।
- ৫) মেঝের উচ্জলতা বৃদ্ধি পায়।
- ৬) মোজাইক করা মেঝে যে কোন প্রকার মেঝে হতে দীর্ঘস্থায়ী হয়।

৪.৬ মোজাইক কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও ব্যবহার নিমে মোজাইক কাজে ব্যবহৃত যন্ত্রপাতির নাম উল্লেখ করা হলো।

 পেটেন্ট প্টোন করার জন্য-কোদাল বা বেলচা, বালতি, মগ, কর্লি, কড়াই।

২) মোজাইক করার জন্যঃ

পিউমিক পাথর বা মোজাইক পরিষ্কারক করার যন্ত্র পিউমিক পাথর দ্বারা কায়িক শ্রমে বা মেশিন দ্বারা মসৃগ করে মোজাইক মেঝে তৈরি করা হয়। মূলত ফিনিশিং কাজে ব্যবহার করা হয়। কর্ণি, কোদাল বা বেলচা, কড়াই, বালতি, মণ মোজাইক মেঝে তৈরিতে সাহায্যকারী কাজে ব্যবহৃত হয়।



৪.৭ মোজাইক কাজে প্রয়োজনীয় সর্তকতা

নিমে মোজাইক মেঝে ভৈরি করার সময় যে সর্ভকতা গ্রহণ করতে হয় সেগুলো উল্লেখ করা হলো।

- ১) পিউমিক পাশ্বর বা মোজাইক কাটিং মেশিন দারা এমনভাবে ঘষতে হবে যাতে মেঝের উপরি অংশের কোন জায়গা উঠে না যায়।
- ২) ব্যবহৃত মালামালের অনুপাত যেন সঠিক থাকে।
- ৩) কিউরিং পিরিয়ড শেষ না হওয়ার পূর্বে কিছুতেই মেঝে ব্যবহার করা উচিৎ হবে না।

সিভিল কন্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। মোজাইক কাকে বলে?
- ২। মোজাইক তৈরির মালামাল কি কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। মোজাইকের প্রয়োজনীয়তা লেখ।
- ২। মোজাইক কাজের সাবধানতা সম্পর্কে লেখ।
- ৩। মোজাইক কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও ব্যবহার সম্পর্কে লেখ।

রচনামূলক প্রশ্ন

১। মোজাইক তৈরির মালামালের অনুপাত লেখ। মোজাইক কাজের অবস্থান সম্পর্কে লেখ।

পঞ্চম অধ্যায় পেইন্ট ও পেইন্টিং

পেইন্ট ও পেইন্টিং

পেইন্ট বা রং হলো বিভিন্ন অস্বচ্ছ রঞ্জক পদার্থের তরল মিশ্রণ, যা বিভিন্ন বন্ধুর পৃষ্ঠদেশে / গাত্রতলে প্রয়োগ বা লেপন করা হয়। এই তরল উদ্বায়ী পদার্থ কোন বন্ধুর গাত্রতলে প্রয়োগ করার পর জলীয় অংশটুকু বাস্পীভূত হয়ে উড়ে গিয়ে বাকি শক্ত পদার্থ প্রলেপ প্রাপ্ত গাত্রতলকে সমপুরুত্বে ঢেকে পাতলা আবরণ হিসাবে বন্ধুর গায়ে লেগে থাকে। এটাই বন্ধুর উপর প্রয়োগকৃত রং। কালারিং পিগমেন্ট বা বর্ণদায়ি উপাদানের উপর পেইন্টের রং নির্ভরশীল, বাজারে বিভিন্ন কোম্পানির নামে কোটায় ভর্তি বিভিন্ন প্রকারের পেইন্ট বা রং পাওয়া যায়। এপুলোর গায়ে ব্যবহার বিধি লেখা থাকে।



চিত্রঃ ৫.১ বিভিন্ন প্রকার পেইন্টের কোটা

- ৫.১ বিভিন্ন প্রকার পেইন্টের নাম নিমে বিভিন্ন প্রকার পেইন্টের নাম উল্লেখ করা হলো।
- ১) তৈল রং (oil paint)
- ২) বল রং (water paint)
- ৩) এ্যালুমিনিয়াম পেইন্ট (aluminum paint)
- ৪) সেলুলচ্ছ পেইন্ট (ceallulose paint)

সিভিল কম্ট্রাকশন-২ ২০৩

- ৫) সিমেন্ট পেইন্ট (cement paint)
- ৬) এনামেল পেইন্ট (enamel paint)
- ৭) সিনথেটিক রাবার পেইন্ট (synthetic rubber paint)
- ৮) এন্টি করোসিভ পেইন্ট (anti corrosive paint)
- ৯) এ্যাসবেস্ট্স সিমেন্ট পেইন্ট (asbestos cement paint)
- ১০) বিটুমিনাস পেইন্ট (bituminous paint)
- ১১) ব্ৰোঞ্জ পেইন্ট (bronze paint)
- ১২) কোজিন পেইন্ট (cousin paint)
- ১৩) কলোয়ডাল পেইন্ট (colloidal paint)
- ১৪) ইমালশন পেইন্ট (emulsion paint)
- ১৫) গ্রাফাইট পেইন্ট (graphite paint)
- ১৬) প্লান্টিক পেইন্ট (plastic paint)
- ১৭) সিলিকেট পেইন্ট (silicate paint)

৫.২ বিভিন্ন প্রকার পেইন্টের উদ্দেশ্য

সিন আন্ডারকোটঃ কাঠ, লোহা, স্টিল ইত্যাদিতে ব্যবহার করা হয়।

রেড অক্সসাইড এন্টি করোসিভঃ সকল প্রকার লোহায় মরিচা প্রতিরোধে আম্বর হিসেবে ব্যবহার করা হয়। ওয়াল সিলার (এ্যাঙ্কালি রেজিস্টিং) ঃ নতুন ও পুরনো প্লাস্টার করা দেয়ালে কংক্রিট কাঠামো, কাঠ ও হার্ডবোর্ড ইত্যাদিতে ব্যবহার হয়।

এসপিডি (ডিসটেম্পারঃ) ঘরের ভিতরের দেয়ালে, সিলিং, নতুন তৈরি বিল্ডিং যেখানে খুব দুত রং করার প্রয়োজন হয়। মূলত সাধারণ কাজে ব্যবহার উপযোগী সবচেয়ে মূল্য সাশ্রয়ী পেইন্ট।

ইমালশন পেইন্টঃ এক্রিলিক ইমালশন দিয়ে তৈরি গ্রের ভিতর ও বাইরে ব্যবহার উপযোগী একটি আধুনিক বৈশিষ্ট্যময় পেইন্ট। এছাড়া সিমেন্ট, সিমেন্ট প্লাম্টার, কংক্রিট কাঠামো এবং সফট ও হার্ডবার্ডে ব্যবহার যোগা।

ওয়েদার প্রুফ কোটঃ আবহাওয়া প্রতিরোধক দীর্ঘস্থায়ী এই দেয়ালের বাইরের অংশে ব্যবহার করা হয়। সিমেন্ট পেইন্ট (স্লো-সেম) ঃ বিল্ডিং এর বাইরের দিকে ব্যবহার করা হয়। এই পেইন্ট সৌন্দর্যবর্ধক ও পানি প্রতিরোধক।

সিনথেটিক এনামেল পেইন্টঃ সবধরনের লোহা, ইস্পাত, কাঠের বিভিন্ন আসবাবপত্র, বাঁশ, বেত, সিমেন্ট প্লাস্টার এবং কংক্রিটে ব্যবহারযোগ্য।

এ্যালুমিনিয়াম পেইন্ট (সিলভার) ঃ পাইপ, ট্যাংক, টাওয়ার, ব্রিজ, ওয়েল ট্যাংকার, সি আই সিট (টিনের চাল), ডাইজ ইত্যাদিতে ব্যবহার করা হয়।

ক্লিয়ার ভার্নিশঃ সকল প্রকার কাঠ জাতীয় আসবাবপত্র, বাঁশ, বেত ইত্যাদিতে ব্যবহার করা হয়। সিল্ক ইমালশনঃ ১০০% এক্রিলিক ইমালশন দিয়ে তৈরি অভিজাত ইন্টেরিয়র পেইন্ট যা ছ্ত্রাক, ক্ষার, কার্বোনেশন ও উঠে যাওয়া রোধে খুব কার্যকর। ২০৪ পেইন্ট ও পেইন্টিং

৫.৩ পেইন্টিং কাজে মালামালের পরিমাণ

পেইন্টের নাম	মালামালের পরিমাণ
	(এরিয়া কভারেজ মিটার/প্রতি লিটার)
সিন আন্ডারকোট	১৬ বর্গ মিটার
রেড অক্সসাইড এন্টি করোসিভ	১৬/১৭ বর্গ মিটার
ওয়াল সিলার (এ্যাক্ষালি রেজিস্টিং)	১০ বর্গ মিটার
এসপিডি (ডিসটেম্পার)	১৫ বর্গ মিটার
ইমালশন পেইন্ট	১৫/১৬ বর্গ মিটার
ওয়েদার প্রুফ কোট	১৪ বর্গ মিটার
সিমেন্ট পেইন্ট (স্লো-সেম)	২.৮-৪.৫ বর্গ মিটার
সিনথেটিক এনামেল পেইন্ট	১৭-২০ বর্গ মিটার
এ্যালুমিনিয়াম পেইন্ট (সিলভার)	১৭-২০ বর্গ মিটার
ক্রিয়ার ভার্নিশ	১৭-২২ বর্গ মিটার

সূত্ৰঃ পেইলাক হ্যান্ডবুক

৫.৪: পেইন্ট প্রয়োগের পূর্বে গাত্রতল প্রস্তুতকরণ

গাত্রতল প্রস্তুতকরণ (preparation of surface): পেইন্ট করার পূর্বে যে গাত্রতলে পেইন্টের প্রলেপ দিতে হবে সে গাত্রতল প্রস্তুত করার বর্ণনা করা হলো।

১) নতুন কাঠের পৃষ্ঠদেশ প্রস্তুতকরণঃ

পেইন্ট প্রয়োগ করার জন্য কাঠের পৃষ্ঠকে উত্তমরূপে তৈরি করা দরকার। পেইন্ট প্রয়োগের পূর্বে কাঠকে এমনভাবে সিজনিং বা ঋতুসহ্যকরণ (seasoning) করা উচিত যেন সেখানে শতকরা ১৫ ভাগের বেশি জলীয় অংশ না থাকে। যদি বস্তুটি উপর কোন লোহা জাতীয় পেরেক বা স্ত্রু বর্ধিত অবস্থায় থাকে তাহলে হাতুড়ি ও পাঞ্চের মাধ্যমে তা ভিতরে ঢুকিয়ে দিতে হবে। তারপর স্যান্ত পেপার দ্বারা ঘষে কাঠের পৃষ্ঠকে মসৃণ করতে হবে। মসৃণ করার পর পরিষ্কার কাপড় দ্বারা মুছে ধুলা বালি পরিষ্কার করে পেইন্ট লাগাতে হবে।

সিভিল কন্সট্রাকশন-২

২) পুরাতন কাঠের পৃষ্ঠদেশ প্রস্তুতকরণঃ

পুরাতন পেইন্ট অবশ্যই সম্পূর্ণ তুলে ফেলতে হবে যেন পেইন্ট করা গাত্রতলে ফাটল, ফোসকা বা বিবর্ণরূপ ধারণ করে। পুরাতন পেইন্ট তুলে ফেলার কয়েকটি পদ্ধতি নিম্নে বর্ণনা করা হল। এদের যে কোন একটি প্রয়োগ করে পুরাতন পেইন্ট তোলা যাবে।

- (ক) এক লিটার পানির সঞ্চো ২০০ গ্রাম কম্টিক সোডা মিশিয়ে দ্রবণ তৈরি করে তা দিয়ে পৃষ্ঠতল ভিজাতে হবে। পৃষ্ঠদেশ নরম হলে তা ঘষে পেইন্ট তুলে ফেলা যায়।
- (খ) একভাগ সাবান ও দুইভাগ পটাশের মিশ্রণের সঞ্চো বিদাহী চুন মিশিয়ে দ্রবণ প্রস্তুত করে তা উত্তপ্ত অবস্থায় কাঠের উপর প্রয়োগ করতে হবে। ২৪ ঘন্টা পর পানি দ্বারা ধৌত করলে পুরাতন পেইন্ট উঠে যাবে।
- (গ) সমপরিমাণ কাপড় ধোয়ার সোডা ও বিদাহী চুন পানির সঞ্চো মিশিয়ে পেস্ট তৈরি করে কাঠের গায়ে লাগিয়ে একঘন্টা অপেক্ষা করতে হবে। এক ঘন্টা পর পানি দ্বারা ধৌত করলে পুরাতন পেইন্ট উঠে যাবে।
- (ঘ) ভাঙ্গা কীচ দ্বারা ঘষে পুরাতন পেইন্ট তোলা যায়। এটি একটি সাধারণ ও বহল ব্যবহৃত পদ্ধতি।
- (৬) স্যান্ড পেপার বা শিরিষ কাগজ দ্বারা ঘষে পুরাতন পেইন্ট তোলা হয়। এরপরও যদি গাত্রতলে কোন গর্ত থাকে তা পুটি দ্বারা পূর্ণ করে ঘষে সমান করে নিতে হবে।

নতুন লোহা ও ইস্পাতের পৃষ্ঠতল প্রস্তুতকরণঃ

যে লোহা বা ইম্পাতের পৃষ্ঠে পেইন্ট করতে হবে তা অবশ্যই নোংরা, ময়লা, গ্রিজ বা তেল মুক্ত হতে হবে। চুন বা কস্টিক সোডা পানির সঞ্চো মিশিয়ে পৃষ্ঠতল ধুয়ে নিলে তেল, গ্রিজ বা চর্বি জাতীয় পদার্থ উঠে যাবে। এরপর ফসফরিক (phosphoric) এসিডের একটি হালকা প্রলেপ দিলে তা পরবর্তীতে পেইন্ট প্রয়োগের সময় আঠার মতো (adhesive) কাজ করে।

পুরাতন লোহা বা ইস্পাতের পৃষ্ঠতল প্রস্তুতকরণঃ

পুরাতন পৃষ্ঠতলকে সাবান পানির সাহায্যে ধুয়ে নিতে হবে। তেল, গ্রিজ বা চর্বি থাকলে চুনের পানি দ্বারা ধুয়ে নিলে চলবে। তাছাড়া রোল্যাম্প দ্বারা তাপ প্রয়োগ করলেও পুরাতন পেইন্ট উঠে যাবে।

কংক্রিট বা প্লাস্টারের পৃষ্ঠতল প্রস্তুতকরণঃ

কংক্রিট বা প্লান্টার করা পৃষ্ঠতল তৈরি করতে হলে পুরাতন তলের বেলায় ওয়্যার ব্রাশ বা সাধারণ ব্রাশ দ্বারা ঘষে পরিষ্কার করতে হবে। তারপর শিরিষ কাগজ (sand paper) দ্বারা ঘষলেও চলবে। নতুন পৃষ্ঠতলে হলে অনেক সময় শুধুমাত্র শিরিষ কাগজ দ্বারা ঘষাই যথেষ্ট হতে পারে। এক্ষেত্রে গাত্রতলে কোন গর্ত বা ফাটল থাকলে তা প্লান্টার করে পূর্ণ করে নিতে হবে।

- ৫.৫ পেইন্টিং কাজের কলাকৌশল ব্রাশ পেইন্টিং ও স্প্রে পেইন্টিং এই দুই পদ্ধতিতে পেইন্ট প্রয়োগ করা হয়।
- ক) উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে গাত্রতল প্রস্তুত সম্পন্ন করতে হবে।
- খ. পেইন্টের প্রলেপ প্রয়োগ (Application of paint) কাঠে পেইন্ট প্রয়োগঃ

২০৬ পেইন্ট ও পেইন্টিং

পুরাতন বা নতুন যে কোন গাত্রতলই হোক না কেন উপর্যুক্ত পদ্ধতিতে গাত্রতল তৈরি করে পেইন্ট প্রয়োগ করতে হবে। প্রথমে প্রস্তুতকৃত পৃষ্ঠতলের উপর রেড লিড চূর্ণ ও গ্লু-সাইজ মিশ্রিত পানি দ্বারা উত্তপ্ত অবস্থায় প্রথম কোট দিতে হবে। প্রথম কোট প্রয়োগের ১০ মিনিট পর দ্বিতীয় কোট দিতে হবে। একে নোটিং বলে।

প্রস্তুতকৃত পৃষ্ঠতলের উপর নোটিং প্রয়োগ করার পর পুনরায় শিরিষ কাগজ দ্বারা ঘষে মসৃণ করে নিতে হয়। অতঃপর পেইন্টের একটি পাতলা প্রলেপ প্রয়োগ করে ছোটখাট গর্ত বা ফাটল বন্ধ করতে হয়। একে প্রাইম কোট বলে।

প্রাইম কোট শুকাবার পর পৃষ্ঠতলকে গ্লাস পেপার দ্বারা ঘষে মসৃণ করে নিতে হয়। একে স্টপিং বলে। স্টপিং করার পূর্বে পেরেকের গর্ত, ফাটল ইত্যাদি তিসির তেল ও চকপাউডারের তৈরি পুটিং দ্বারা বন্ধ করে দিতে হয়। উন্নত মানের স্টপিং এর জন্য ২/৩ অংশ পুটি এর সাথে ১/৩ অংশ হোয়াইট লেড মিশ্রণ করা হয়। একে হার্ড (heard) স্টপিং বলে। স্টপিং করার পর এবং চূড়ান্ত প্রলেপ প্রয়োগের পূর্বে যতগুলোন্তর (coat) প্রয়োগ করা হোক না কেন এগুলোকে আভার কোটিং বলে। যে পেইন্ট দ্বারা চূড়ান্ত প্রলেপ দিতে হবে সেই একই পেইন্ট আভারকোটিং এ ব্যবহার করতে হবে।

আন্ডার কোটিং প্রয়োগের পর এটি শুকিয়ে গেলে প্রয়োজন অনুসারে চূড়ান্ত (finishing) কোট প্রয়োগ করা হয়। পেইন্ট যদি শুকিয়ে যায় বা ঘন হয়ে উঠে তাহলে তারপিন তেল মিশিয়ে দেওয়া যেতে পারে। মাঝে মাঝে যে ব্রাশ দ্বারা পেইন্ট প্রয়োগ করা হয় তাকেও তারপিন তেলে ভিজিয়ে নিলে ঝরঝরে হয়ে উঠবে এবং পেইন্ট লাগাতে সুবিধা হবে। প্রতি স্তর (coat) শুকানোর ২৪ ঘন্টা পর পরবর্তী কোট প্রয়োগ করা উচিত।

পুরাতন বা নতুন লৌহ পৃষ্ঠে পেইন্ট প্রয়োগ

পূর্বে বর্ণিত পদ্ধতিতে পৃষ্ঠতলে প্রস্তুত করার পর নির্বাচিত পেইন্ট থিনার মিশিয়ে পাতলা করে ব্রাশ দ্বারা প্রলেপ করতে হবে। প্রথমে ব্রাশ দ্বারা হালকা একটি স্তর (Coat) দিতে হবে। এ স্তর শুকানোর পর চূড়ান্ত কোট দিতে হবে। প্রলেপ প্রদান পদ্ধতি কাঠ বা লোহায় একই প্রকার হয়।


৫.৬ পেইন্টিং কাজ চলাকালীন সতর্কতা পেইন্টিং কাজ করার সময় নিমের সতর্কতা গুলো মেনে চলতে হবে।

- ১) হাত দারা পেইন্টের দ্রবণ প্রস্তুত করা যাবে না।
- ২) যে পাত্রে পেইন্ট তৈরি করবে তার তলায় যেন তলানি না পড়ে।
- সাঝে মাঝে কাজ চলাকালীন সময়ে কাঠি দ্বারা পেইন্ট নেড়ে দিতে হবে।
- 8) পেইন্টের পাত্রটির ঢাকনা কখনই খোলা রাখা উচিত হবে না।
- ৫) পেইন্ট শুকিয়ে ঘন হয়ে গেলে তা প্রয়োগ না করে তারপিন তেল মিশিয়ে ব্যবহার উপযোগী করে
 নিতে হবে।
- ৬) অবশ্যই ব্যক্তিগত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।


সিভিল কন্ট্রাকশন-২ ২০৭

৫.৬ পেইন্টিং এর দোষত্রুটিঃ নিম্নে পেইন্টিং এর ত্রুটিগুলো উল্লেখ করা হলো


- ১) ফোসকা পড়া (blistering) ঃ রং করা কোন তল যদি জলীয় কনার উপস্থিতির কারণে বুদবুদ আকারে ফুটিয়ে উঠে তাকে ফোসকা পড়া বলে। ফোসকা পড়া রংয়ের একটি বুটি।
- ২) বিবর্ণতা (bloom) ঃ পেইন্টের দোষ বা বায়ু বদ্ধতার কারণে যদি গাত্রতলের কোন অংশ জুড়ে বিবর্ণ দাগ সৃষ্টি হয় তাকে বিবর্ণতা বলে।
- ৩) ফেডিং (fading) ঃ রোদ্র বা বৃষ্টির প্রভাবে যদি রংয়ের উজ্জ্বলতা নষ্ট হয় তাকে ফেডিং বলে।
- 8) ফ্রেকিং (flaking) ঃ পেইন্ট করা তলের কোন একটি অংশের প্রলেপ ঝরে অথবা খসে পড়াকে ফ্লেকিং বলে। পৃষ্ঠদেশ বা তলের সংক্ষো আসঞ্জনের অভাবে এরূপ ঘটে থাকে।
- ৫) গ্রাইনিং (grinning) ঃ চূড়ান্তম্ভর পেইন্ট প্রয়োগের পর পর্যাপ্ত অস্বচ্ছতা সৃষ্টি করতে ব্যর্থ হলে অর্থাৎ যদি পৃষ্ঠদেশ সম্পূর্ণ ভাবে না ঢাকে তাহলে তাকে গ্রাইনিং বলে। এ ব্রুটির ফলে মূল পৃষ্ঠই দেখা যায়।
- ৬) ফ্লাশিং (flashing) ঃ সম্ভা পেইন্ট ব্যবহার, আবহাওয়া ক্রিয়া বা প্রয়োগকারীর নিপুণতার অভাবে পৃষ্ঠদেশের কোথাও কোথাও অধিক চকচকে দেখায় একে ফ্লাশিং বলে।
- ৭) সেগিং (sagging) ঃ খাড়াভাবে পেইন্ট করার সময় কিছু পেইন্ট নিচের দিকে প্রবাহিত হয়ে স্থানে স্থানে জমা হয় তাকে সেগিং বলে। বেশি পুরু স্তরে পেইন্ট ব্যবহারের ফলে এ বুটি দেখা যায়।
- ৮) রানিং (running) ঃ যখন পৃষ্ঠদেশ খুব মসৃণ থাকে তখন পেইন্ট করলে পৃষ্ঠদেশে ভাজ পড়ে এবং এ ব্রুটিকে রানিং বলে।
- ৯) রিংক্লিং (wrinkling) ঃ অনুভূতিক তলে অধিক পুরু পেইন্ট করলে পৃষ্ঠদেশে ভাঁজ পড়ে এবং এ ত্রুটিকে রিংক্লিং বলে।
- ১০) স্পনিফিকেশন (saponification) ঃ এ ব্রুটির ফলে পেইন্ট করা পৃষ্ঠতলে সাবানের দাপের মত দাগ পড়ে। ক্ষার জাতীয় পদার্থের উপস্থিতিতে রাসায়নিক বিক্রিয়ায় এরূপ দোষের সৃষ্টি হয়।



Blistering



Spotting



Flaking or loss of adhesion



Running



Wrinking



Sponification


সিভিগ ক্যট্রাকশন-২



Sagging



Bloom



Flashing



Grinning

২১০ পেইন্ট ও পেইন্টিং

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। পেইন্ট কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। পেইন্টি কাজের মালামালের পরিমাণ লেখ।

২। পেইন্টিং কাজ চলাকালীন সতর্কতা সম্পর্কে লেখ।

রচনামূলক প্রশ্ন

১। বিভিন্ন প্রকার পেইন্টের উদ্দেশ্য বর্ণনা কর।

২। পেইন্ট প্রয়োগের পূর্বে গাত্রতল প্রস্তুতকরণের বিস্তারিত বিবরণ দাও।

৩। পেইন্টিং কাজের দোষত্রুটি উল্লেখ কর।

৪। পেইন্টিং কাজের কলাকৌশল আলোচনা কর।

ষষ্ঠ অধ্যায় পয়েন্টিং কাজে মালামালের পরিমাণ

পরেন্টিং কাজের মালামালের পরিমাণ হিসাব করতে গেলে আমাদের কাজের পরিমাণ, সিমেন্ট বালির অনুপাত জানতে হবে। ধরি, কাজের পরিমাণ =১০০ বর্গ মিটার প্রয়োজনীয় শুরু মসলার পরিমাণ = ০.৬ ঘনমিটার। সিমেন্ট বালির অনুপাত = ১:২। এক্ষেত্রে অনুপাতের সমষ্টি= ১+২ =৩।



চিত্রঃ ৬.১ পয়েন্টিং কাজে ব্যবহৃত যদ্মপাতি ও পয়েন্টিং কাজ

৬.১ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে সিমেন্টের পরিমাণ

সিমেন্টের পরিমাণ =
$$\frac{o. \&}{\circ}$$
 x ১ = $o. <$ ঘন মিটার বা \le ব্যাগ (৩০ ব্যাগ প্রতি ঘন মিটার সিমেন্ট)

৬.২ অনুপাত অনুযায়ী নির্ধারিত কাজে বালির পরিমাণ

অনুশীলনী

সংক্ষিপ্ত প্রশ্ন

১। পয়েন্টিং এর কাজে অনুপাত অনুযায়ী সিমেন্টের পরিমাণ নির্ণয় কর। ২। পয়েন্টিং এর কাজে অনুপাত অনুযায়ী বালির পরিমাণ নির্ণয় কর।

সন্থম অধ্যায় ডিসটেম্পার

৭,১ ডিসটেম্পার (Distemper)

ভিটেম্পার এক শরনের পেইন্ট বা রং যাতে প্লাবক হিসাবে পানি ও তেল এবং উপাধান হিসাবে গ্লু-রজন ব্যবহার হয়। এপুলির সাথে পহলনীয় ব্যৱহু সহযোগে ক্ষিত সংক্ষে ভিটেম্পার তৈরি করা হয়। কলের ভিতরের দেওয়ালের সৌপর্ব বর্ধক হিসাবে ভিস্টেম্পার ব্যবহার হয়। চক পাউভার ও প্রয়োজনীয় পরিবান বংগ্রের পুড়া নিশিয়ে তৈরি করা হয়। পানির পরিবর্ধে ভেলে প্রবিদ্ধুত ভিস্টেম্পার বাজারে বিভিন্ন সাইজের ক্ষেত্রিক বিভার বাজারে বিভিন্ন সোক্ষানি ভিন্ন কাম ও রঙে এপলো বাজারজাত করে থাকে।



চিত্ৰৰ ৭.১ কিসচেম্পার

৭.৬ ডিসটেম্পারের প্রয়োজনীয়তা

- ১। এটি কক্ষের বা প্ররোপকৃত ছানে সৌন্দর্ব বৃদ্ধির কাজে লাগে।
- ২। আধুনিক পেইটের বথো তুলনামূলক খরচ কম। চুনকার বা কালার ওয়ালের তুলনায় ডিসটেম্পার ব্যয়ক্ষণ।
- ৩। অতি চুত নতুন কাজে রং ব্যবহার করতে বেশি উপযোগী।
- ৪। নতুন প্লান্টার করা দেয়ালে সহজে প্রয়োগ করা যায়।
- ৫। ডিসটেম্পার করা দেরাল সহকে পরিকার রাখা বাব।
- ৫। বেখানে আর্ম্বতা বেশি সেখানে তিসটেম্পার গাত্রতলকে আর্ম্বতা হতে রক্ষা করে।
- ৬। জৈল বেইজড রং করার আলে ভিসটোল্গার ব্যবহার করা ছালো এতে প্লান্টারে থাকা লাইম বিক্রিয়া করছে। না পারে।
- ৭। সাধারণত শোবার কর, কসবার কর, বারান্দা, হোটেল, রেজোরা, অফিস আদালত, সিনেমা হল সহ অনেক স্থানে দেওয়াল ও সিলিং-এ ডিস্টেম্পার কবহার করা হয়।

২১৪ ডিসটেম্পার

৭.৩ ডিসটেম্পার প্রয়োগের জন্য গাত্রতল প্রস্তুত

ডিসটেম্পার প্রয়োগের জন্য পৃষ্ঠতল প্রস্তুতকরণ

যে দেয়াল গাত্রে ডিসটেম্পার করতে হবে তা সম্পূর্ণ শুকনো হতে হবে। ভিজা বা স্টাওস্টাতে গাত্রতলে ডিসটেম্পার ভালো হয় না। সাধারণত চুন প্লান্টার করা দেওয়াল শুকাতে ২ থেকে ৩ মাস সময় লাগে। এর আগে ডিসটেম্পার করা ঠিক হবে না। দেওয়ালের গায়ে কোন গর্ত বা ফাটল থাকলে সেগুলো জিপসাম বা লাইম পুটিং দ্বারা বন্ধ করতে হবে। গাত্রতল সম্পূর্ণরূপে শুকানোর পর গাত্র পরিস্কার ও মসৃণ করা হয়।

পুরাতন ডিসটেম্পার করা দেওয়ালে পুনরায় ডিসটেম্পার করতে হলে পুরাতন ডিসটেম্পার শিরিষ কাগজ ও রাশ দিয়ে তুলে ফেলতে হবে। যদি পানি দিয়ে ধুয়ে মুছে তোলা হয় তাহলে গাত্রতল শুকানো পর্যন্ত অপেক্ষা করতে হবে।

৭.৪ ডিসটেম্পার কাজে ব্যবহৃত মালামাল

ডিসটেম্পার দুই প্রকার। যথা-

- (১) পানিবদ্ধ ডিসটেম্পার (Water bound Distemper)
- (২) তৈলবদ্ধ ডিসটেম্পার (Oil bound Distemper)
- (১) পানিবদ্ধ ডিসটেম্পারঃ এই ডিসটেম্পার বাজারে পাউডার বা গুড়া হিসাবে পাওয়া যায়। প্রথমে গরম পানিতে পাউডার মিশিয়ে পেস্ট তৈরি করা হয়। তারপর পানি মিশিয়ে প্রয়োজনমতো পাতলা করা হয়। সাধারণতো ৬০ লিটার পানিতে এক কেজি ডিসটেম্পার পাউডার মিশাতে হয়।
- (২) তৈলবদ্ধ ডিসটেম্পারঃ হোয়াইটিং বা চকপাউডার এবং রঙিন পিগমেন্ট প্রথমে শুকনো অবস্থায় মিশিয়ে নিতে হয়। তারপর পানি বা তৈল মিশিয়ে পেন্ট এর ন্যায় করে কোটাজাত করে বাজারে বিক্রি হয়। কতটুকু পেন্ট কি পরিমাণ পানি মিশাতে হবে তা কোঁটার গায়ে লেখা থাকে।

ডিসটেম্পারের উপাদানসমূহঃ

- (ক) হোয়াইটিং বা চক পাউডার (মূল উপাদান)- ১০০০ গ্রাম
- (খ) পানি (বাহক)-৪০০ মিলিলিটার
- (গ) গ্লু বা রেজিন (binder)- ৫০ গ্রাম
- ্ঘ) রঙিন পিগমেন্ট (coloring pigment)- প্রয়োজনমতো।

সিভিল কন্ট্রাকশন-২ ২১৫

৭. ৫ ডিসটেম্পার প্রয়োগের কৌশল ও সতর্কতা

ডিসটেম্পার প্রয়োগ কৌশল

সাধারণত তিন ধাপে ডিসটেম্পার প্রয়োগের কাজ করা যায়।

- যথা- (১) দেওয়ালের পৃষ্ঠতল প্রস্তুত। (সেকশন ৭.৩ দেখি)
 - (২) চুনের প্রাথমিক স্তর লেপন বা প্রাইম কোর্ট প্রদান।
 - (৩) ডিসটেম্পার প্রলেপ প্রয়োগ।
- (২) চুনের প্রাথমিক কোট (Prime coat) লেপন

পৃষ্ঠতল প্রস্তুতির পর চুনের একটি প্রাইম কোটের প্রলেপ দিতে হবে। এ চুনকামে নীল ব্যবহার করা উচিত নয়। চুনকাম ভালোভাবে শুকানোর পর শিরিষ কাগজ ঘষে গাত্রতল মসৃণ করে পরিস্কার শুকনো কাপড় দিয়ে ঝেড়ে মুছে নিতে হবে। ঘরে তৈরি ডিসটেম্পারের ক্ষেত্রে ১০ বর্গমিটার ক্ষেত্রফলের জন্য ১ লিটার ব্যবহার করা যায়।

(৩) ডিসটেম্পার প্রয়োগ

চুনের প্রাথমিক ন্তর শুকানোর পর ডিসটেম্পার প্রলেপ প্রয়োগ করতে হবে। কৌটার পেন্ট আকারের ডিসটেম্পার গরম পানি মিশিয়ে কার্যপোযোগী তারল্যে আনতে হয়। কি পরিমাণ পানি মিশাতে হবে তা সাধারণত কৌটার গায়ে লেখা থাকে। পানি মিশাবার পর ডিসটেম্পার এক বর্ণ ধারণ না করা পর্যন্ত নাড়তে হবে। এক কোট বা প্রলেপ শুকাবার পর দ্বিতীয় কোট প্রয়োগ করতে হবে। দুই কোট প্রয়োগর ক্ষেতে প্রথম কোট হালকা রংয়ের হলেও চলবে। ব্রাশ বা পৌচড়ার সাহায্যে ডিসটেম্পারের প্রলেপ প্রয়োগ করার সময় প্রথমে উপর থেকে নিচে এবং নিচে থেকে উপরে পরে ডানে বায়ে করে প্রয়োগ করা উচিত। ব্রাশের পরিবর্তে বর্তমানে সেপ্র-গান বা সেপ্র রোলার ব্যবহার করেও ডিসটেম্পার প্রয়োগ করা যায়। এতে প্রলেপ খুব হালকা, সুষম ও সুন্দর হয়।

ডিসটেম্পার প্রয়োগে সতর্কতাঃ

ডিসটেম্পার পেইন্টিং করার সময় নিমের সতর্কতামূলক ব্যবস্থাগুলো নিতে হয়-

- (১) ডিসটেম্পার তৈরিতে পানির পরিমাণ যেন কম বেশি না হয়।
- (২) গাত্রতল সম্পূর্ণরূপে না শুকানো পর্যন্ত ডিসটেম্পারের প্রলেপ প্রয়োগ করা যাবে না।
- (৩) দেওয়াল গাত্রের ফাটল বা গর্ত লাইম পুটি দ্বারা পুরণ করতে হবে।
- (৪) পুরাতন পৃষ্ঠের ক্ষেত্রে পুরাতন ডিসটেম্পার সম্পূর্ণরূপে তুলে না নেওয়া পর্যন্ত প্রলেপ প্রয়োগ করা যাবে না।
- (৫) একদিনে যতটুকু ডিসটেম্পার প্রয়োগ করা যাবে তার অধিক তৈরি করা উচিত হবে না।
- (৬) এক কোট শুকানোর আগেই পরবর্তী কোট দিতে হবে।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ডিসটেম্পার কাকে বলে?
- ২ ডিসটেম্পারের উপাদানসমূহ লেখ।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ডিসটেম্পারের প্রয়োজনীয়তা কি?
- ২। ডিসটেম্পার প্রয়োগের জন্য গাত্রতল প্রস্তুত প্রণালী বর্ণনা কর।

রচনামূলক প্রশ্ন

- ১। ডিসটেম্পার কাজে ব্যবহৃত মালামালের বিস্তারিত বিবরণ দাও।
- ২। ডিসটেম্পার প্রয়োগ কৌশল ও সতর্কতা সম্পর্কে লেখ।

অষ্টম অধ্যায় প্লাস্টিক ইমালশন পেইন্ট

৮.১ সংस्रो

প্লান্টিক ইমালশন পেইন্ট হচ্ছে পানি ভিত্তিক দেয়াল পেইন্ট। এটি এক্রিলিকের ভিত্তিতে দেয়ালে মসূর্ণ ফিনিশিং দেয়। প্রাথমিক কাঁচামাল হিসেবে সিমেন্ট ও পুটি ব্যবহার করা হয়ে থাকে।



চিত্র: ৮.১ প্লাশ্টিক ইমালশন পেইন্টের কোঁটা

৮.২ ব্যবহার

এটি পরিষারযোগ্য ও প্রিমিয়ার ইমালশনের মতো সহজে রক্ষণাবেক্ষণ করা যায়। এটি স্থায়ী কিছু এটি বহির্দেশ, কাঠ ও লোহার উপর ব্যবহারের উপযোগী নয়। প্লান্টিক ইমালশন সাধারণত ইন্টেরিওর ম্যাসনারি গাত্রতল যেমন ইটের কাজ, প্লান্টার, সিমেন্ট এবং ওয়ালবোর্ডে ব্যবহার হয়ে থাকে।

নতুন গাব্রতল তৈরির প্রস্তৃতি

- পৃষ্ঠদেশে মর্টার, সিমেন্টের দাদ, ধুলাবালি ভালোভাবে পরিকার করতে হবে।
- প্রাথমিক কোট প্রয়োগ করতে হবে।
- কমপক্ষে ৪৮ ঘণ্টা শুকাতে হবে।
- স্থানটি শিরিষ কাগছ দিয়ে ভালোভাবে ঘষে সসৃগ করতে হবে। কোন উচুনিচু থাকলে পুটি ব্যবহার করে সমান করতে হবে।

ফর্মা নং ২৮. সিতিল কল্টাকশন-২

পুরাতন গাত্রতল তৈরির প্রস্তুতি

- যদি পুরাতন পেইন্ট অনেক বেশি স্থায়ী হয় তাহলে সেটি শিরিষ কাগজ দিয়ে ঘষে তুলে ফেলতে হবে।
- সব স্মোক ও গ্রিজযুক্ত স্থানটি লেবু পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে।
- সব ময়লা ও আলগা রঙ সম্পূর্ণ পরিষ্কার করতে হবে।
- সাবান ও পানি দিয়ে স্থানটি ধুয়ে নিতে হবে।
- যদি পুরাতন পেইন্ট করা স্থান ফেঁপে যায় তবে পেটেন্ট রিমুভার দিয়ে এটি উপযোগী করতে হবে।
- পুরাতন অসমতল গাত্রতলকে পুটি ব্যবহার করে সমতল ও মসৃণ করতে হবে।
- পুরাতন গাত্রতলকে প্রস্তুত করার পর নতুন গাত্রতলের মতো প্লাস্টিক ইমালশন পেইন্ট প্রয়োগ করতে হবে।



চিত্রঃ ৮.১ প্লাস্টিক ইমালশন পেইন্টের ব্যবহার

প্লান্টিক ইমালশন পেইন্ট প্ৰয়োগ পদ্ধতি

- ব্রাশ, স্প্রে অথবা রোলার দিয়ে রঙ লাগাতে হবে।
- রঙ পানি বাঙ্গীভবনের মাধ্যমে শুকাতে হবে। পানি বাঙ্গীভবনের সাথে সাথে গাত্রতল শক্ত হয়ে যাবে
 এবং পরবর্তী কোট রঙ লাগাতে হবে।
- পানি দিয়ে ইমালশনকে পাতলা করতে হবে, তারপিন দিয়ে নয়।
- সর্বনিম কোটটি পানি দ্বারা পাতলা করে দিতে হবে যাতে গাত্রতলে শোষিত হয়ে যায়।
- ফিনিশিং মসৃণ হতে হবে।

শুকানোর সময়কালঃ এটি নির্ভর করে তাপমাত্রা, আর্দ্রতা, বায়ু চলাচল এবং ফিল্মের পুরুত্তের উপর।

টাচ ড্রাইঃ ২-৩ ঘণ্টা

রি-কোটঃ ৬-৮ ঘণ্টা

সিভিল কম্ট্রাকশন-২

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। প্লান্টিক ইমালশন পেইন্ট কি?

২। প্লাস্টিক ইমালশন পেইন্টের ব্যবহার লেখ।

সংক্ষিপ্ত প্রশ্ন

১। প্লাস্টিক ইমালশন পেইন্ট প্ৰয়োগ পদ্ধতি লেখ।

রচনামুলক প্রশ্ন

১। প্লাস্টিক ইমালশন পেইন্ট প্রয়োগের পূর্বে নতুন গাত্রতল প্রস্তুত প্রণালী বর্ণনা কর।

২। প্লাস্টিক ইমালশন পেইন্ট প্রয়োগের পূর্বে পুরাতন গাত্রতল প্রস্তুত প্রণালী বর্ণনা কর।

নবম অধ্যায় হো-সেম

৯.১ রো- সেম

সিমেন্ট পেইন্ট হলো পানি ভিত্তিক পেইন্ট এবং এটি বাড়ির বাইরের গাত্রতলে ব্যবহার করা হয়। এটি সিমেন্টের সাথে বিভিন্ন পিগমেন্টের সমন্বয়ে তৈরি এবং এটি নতুন কংক্রিটের গাত্রতলের জন্য অনেক ভালো।



চিত্ৰঃ ৯.১ মো-সেম

৯.২ ব্যবহার বৈশিষ্ট্য

- উচ্চমাত্রায় পানিরোধক।
- প্রাইমারের প্রয়োজন নাই।
- খারাপ আবহাওয়াতেও প্রযোজ্য।

সিভিল কন্ট্রাকশন-২ ২২১

৯.৩ গাত্ৰতল প্ৰস্তুতপ্ৰণালী

 গাত্রতলে মর্টার, ধুলাবালি, গ্রিজ এবং অন্যান্য উপাদান রাশ ও ধৌতকরণের মাধ্যমে পরিষ্কার করতে হবে।

- প্লাস্টারে ক্ষত থাকলে তা ঠিক করতে হবে এবং গাত্রতলকে সম্পূর্ণভাবে ভিজিয়ে এক কোট পানিনিরধি সিমেন্ট পেইন্ট ক্ষত গাত্রতলে লাগাতে হবে।
- গাত্রতল পরিষ্কার করতে হবে সকল হোয়াইট ওয়াশ পরিষ্কার করে এবং পূর্বে হোয়াইট ওয়াশ ও
 কালার ওয়াশ করা হয়েছে এরকম গাত্রতলে পানিপ্রতিরোধী সিমেন্ট পেইন্ট প্রয়োগ করতে হয়।

৯.৩.১ মিশ্রণের কার্যপ্রণালী

প্রথম ধাপঃ সিমেন্ট পেইন্টের প্রথম ধাপের দুইটি অংশ। একটি অংশ হলো পানি ছিটানো ও ৫ মিনিট অপেক্ষা করা। পানির সাথে সিমেন্ট পেইন্ট মিশ্রিণ করার সময় সতর্কতা অবলম্বন করা উচিত এবং বিপরীতভাবে করা উচিত নয়।

দ্বিতীয় ধাপঃ দ্বিতীয় ধাপটি হলো এক অংশ পানি মিশ্রণ করা এবং স্থায়িত্ব না আসা পর্যন্ত ভালোভাবে নাড়ানো।

৯.৩.২ প্রয়োগ পদ্ধতি

- গাত্রতল প্রস্তুতের পর রঙের কাজ শুরু করতে হবে।
- মিশ্রণের ১ ঘণ্টার মধ্যে সিমেন্ট পেইন্ট ব্যবহার করতে হবে নতুবা মিশ্রণ জমে পুরু হয়ে যাবে।
- সিমেন্ট পেইন্ট প্রয়োগ করার পূর্বে সিমেন্ট বা কংক্রিটের গাত্রতল ভালোভাবে পানিতে ভিজাতে হবে যাতে পেইন্ট প্রয়োগের ক্ষেত্রে যথাযথ আর্দ্রতা থাকে।
- রঙ করার সময় গাত্রতল আর্দ্র হতে হবে- ভেজা নয়।
- পরিষ্কার ও ভেজা গাত্রতলে ব্রাশ বা স্প্রে মেশিনের সাহায্যে সলিউশন প্রয়োগ করতে হবে।
- প্রয়োগের সময় সলিউশন ভালো করে নাড়াতে হবে।
- বিল্ডিং-এর ছায়াযুক্ত গাত্রতলে সলিউশন প্রয়োগ করতে হবে কারণ সরাসরি সূর্যের তাপ থেকে গাত্রতলকে রক্ষা করতে হবে।
- পরিপূর্ণ গাত্রতলে পানি দিতে হবে।
- প্রথম কোট লাগানোর কমপক্ষে ২৪ ঘণ্টা পরে দ্বিতীয় কোট লাগাতে হবে।
- যে গাত্রতলে পূর্বে হোয়াইট ওয়াশ, কালার ওয়াশ, ডিসটেম্পার, শুষ্ক বা তৈলাক্ত ডিসটেম্পার, ভার্নিশ
 করা হয়েছে সেখানে পানিপ্রতিরোধী সিমেন্ট পেইন্ট প্রয়োগ করা উচিত নয়।
- এটি জিম্পাম, কাঠ বা ধাতুর গাত্রতলে ব্যবহার করা উচিত নয়।
- বিশেষ অবস্থায় দুই বা ততোধিক পানি প্রতিরোধী সিমেন্ট ব্যবহারের পর এক কোট সিমেন্ট প্রাইমার ব্যবহার করা যেতে পারে।

२२२

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

১। স্লো- সেম কি?

২। স্নো- সেমের ব্যবহার বৈশিষ্ট্য কি?

সংক্ষিপ্ত প্রশ্ন

১। স্নো- সেমের গাত্রতল প্রস্তুতপ্রণালী উল্লেখ কর।

২। স্নো- সেম মিশ্রণের কার্যপ্রণালী লেখ।

রচনামুলক প্রশ্ন

১। স্লো- সেমের প্রয়োগ পদ্ধতি বর্ননা কর।

দশম অধ্যায় ওয়েদার কোট

১০.১ সংজ্ঞা

ওয়েদার কোট সিলিকন ভিত্তিক পেইন্ট যা পানি প্রতিরোধ ব্যবস্থাকে বৃদ্ধি করে। সিলিকন একটি শক্তিশালী রাসায়নিক যা পেইন্টের স্বরে পানি মিশ্রিত করে এবং এটি ইমারত বা স্থাপনাকে ১০০% বৃষ্টি প্রতিরোধী করে তোলে।







১০.২ প্রোডাক্ট কম্পোঞ্চিশন

ওয়েদার কোট এক্সিটেরিওর পেইন্ট বিশেষ প্রেডের ইমালশন দারা প্রস্তুত, এতে হালকা পিগমেন্ট, এন্টি-ফাংগাল, এন্টি-ফোমিং, এন্টি-ফ্রেকিং, এন্টি-ফেডিং ইত্যাদি আছে। উপরন্ধু, এতে 'ওয়ান ওয়ে ব্যারিয়ার' থাকে যা পেইন্টের স্তরকে আর্দ্রতা বের করতে সাহায্য করে।

ইউএসপি অত্যধিক উচ্ছপ, ফাংগালের বৃদ্ধি প্রতিরোধ করে, ক্ষার প্রতিরোধী, সিলিকনের উপস্থিতির কারণে ইউভি এর ক্ষতি ও পানি প্রতিরোধী হয়ে থাকে। ইনফ্রারেড রে ব্লক টেকনোপজিতে তাপমাত্রা ৫ ডিপ্রি সেন্টিপ্রেড হ্রাস করতে সক্ষম।

ব্যবহার্য স্থানঃ বাইরের প্লাস্টারকৃত গাত্রতলে ব্যবহার করতে হবে।

১০.৩ ব্যবহার নির্দেশনা

গাত্রতল প্রস্তুতকরণঃ পরিষ্কার বা নতুন গাত্রতলের জন্য ব্রাশ বা ক্ষাপিং এর মাধ্যমে আলগা উপাদান সরিয়ে ফেলতে হবে। গাত্রতল পানি দারা ধুয়ে এটিকে শুকাতে হবে। ভালো ফলের জন্য, ব্রাশ দিয়ে ২২৪

বার্জার পেইন্ট বায়ো ওয়াশ সলিউশন ১/২ কোট লাগাতে হবে এবং সারা রাত শুকাতে হবে। পরের দিন পুনরায় পানি দিয়ে ধুয়ে দিতে হবে। গাত্রতল সম্পূর্ণরূপে শুকাতে হবে। এক কোট প্রাইমার দিতে হবে এবং ৬-৮ ঘণ্টা শুকাতে হবে।

পূর্বে রঙকৃত গাত্রতলঃ উপর্যুক্ত প্রক্রিয়া শুরু করার পূর্বে সব পুরানো পেইন্ট উঠিয়ে ফেলতে হবে এবং সব ধরনের আলগা কণা সরিয়ে ফেলতে হবে।

নির্দেশনাঃ তারল্যের অনুপাতে রঙ পাতলা করতে হবে। প্রথম কোট সম্পন্ন করার পরে কমপক্ষে ৬-৮ ঘণ্টা অপেক্ষা করতে হবে। প্রথম কোট শুকানোর পরে দ্বিতীয় কোট লাগাতে হবে এবং সারারাত শুকাতে হবে।

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়েদার কোট কি?
- ২। ওয়েদার কোট ব্যবহারের স্থান কোনটি?

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। প্রোডাক্ট কম্পোজিশন কি?
- ২। ইউএসপি কি?
- ৩। গাত্রতল প্রস্তুতকরণ ব্যাখ্যা কর।


রচনামূলক প্রশ্ন

১। ওয়েদার কোট ব্যবহারের নির্দেশনা সম্পর্কে বর্ণনা কর।

একাদশ অধ্যায় নিষ্কাশণ নালা

১১.১ সংজ্ঞাঃ

খোলা বা বন্ধ যে নালার সাহায্যে ভবনের বা বাসাবাড়ির রান্নাঘর, গোসলখানা, বেসিন ইত্যাদি খেকে নির্গত তরল বর্জ্য বহন করে নগর বা পৌর কর্তৃপক্ষের সিউয়ার পাইপে বা উপযুক্ত নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয় তাকে নিরাশণ নালা বলে। বিএনবিসি ২০১৫ অনুসারে " A drainage system (drainage piping) includes all the piping within public or private premises, which conveys sewage, rain water, or other liquid wastes to a legal point of disposal, but does not include the mains of a public sewer system or a private or public sewage treatment or disposal plant."



চিত্রঃ ১১.১ একটি বাড়ীর নিষ্কাশণ নালা

- ১১.২ রুফ ডেনেজ, ওয়াল ডেনেজ পাইপ ফিটিংস এর কলা কৌশল
- ১) রুফ ছেনেজে পর্যাপ্ত সংখ্যক আউটলেট বা বৃষ্টির পানি অপসারণের স্থান থাকতে হবে।
- ২) ওয়াল ডেনেজ পাইপের রুফ ডেনেজ অংশ তুলনামূলক ঢালু এবং ওপেনিং একটু বড় হতে পারে যাতে পানি জমে না থেকে দুত সরে যেতে পারে।

২২৬ নিজাশন নালা

৩) পাইপ ফিটিংস এমন ভাবে লাগাতে হবে যেন অনায়াসে পানি সরে যেতে পারে। এজন্য বেন্ড ব্যবহার না করে ছাদের কানির্শ বৃদ্ধি করা উচিত।

- ৪) সকেট, বেন্ড ডিজাইনার কর্তৃক প্রদেয় সাইজের এবং ডুয়িং এ প্রদর্শিত স্থানে স্থাপন করতে হবে।
- ৫) প্রয়োজনবোধে একটি পাইপ আপার পাইপ কর্তৃক অতিক্রমের ক্ষেত্রে এদের মধ্যকার কোণ ৪৫ 0 এর কম হবে না।
- ৬) ঢালু ছাদের পানি নিষ্কাশণের সময় পাইপের মাথায় গাটার স্থাপন করে পানি পাইপের মাধ্যমে নিষ্কাশণ করতে হবে।
- ৭) ভাল গ্রেডের মান সম্মত পাইপ ও পাইপ ফিটিংস ব্যবহার করতে হবে। প্রয়োজনে ল্যাবরেটরিতে পরীক্ষা করে ব্যবহার করতে হবে।


১১.৩ সারফেস ডেনের ক্ষেত্র

ইমারতের বৃষ্টির পানি নিষ্কাশণের জন্য সার্ফেস ডেন ব্যবহাত হয়ে থাকে। সাধারণত ছোট আয়তনের পৌর এলাকাতে এর প্রচলন রয়েছে। বড় নগর বা শহরে সিউয়ার লাইন থাকার কারণে কম ব্যবহার হয়। যেখানে সিউয়ার লাইন নেই সেখানে বৃষ্টির পানি রান্না ঘর হতে উৎপন্ন ধোয়া পানি বা সালেজ (sullage) সার্ফেস ডেনের মাধ্যমে সংগ্রহ করা হয়। যেহেতু এধরনের ব্যবহৃত পানি বা সালেজে ক্ষতিকর উপাদান কম থাকে এবং বৃষ্টির পানির সাথে মিশে অধিক মাত্রায় তরল হয়ে পরিশোধিত হয় ফলে সারফেস ডেনের মাধ্যমে তা সংগ্রহ করা হয়।

- ১১.৪ সারফেস ডেন নির্মাণের কৌশল সারফেস ডেন ডিজাইন ও নির্মাণের জন্য তিন ধরনের পাইপিং সিস্টেম ব্যবহার হয়। যথা-
- ১) সিঙ্গেল স্ট্যাক সিস্টেম (single stack system)
- ২) অন-পাইপ সিস্টেম (one-pipe system)
- ৩) টু-পাইপ সিস্টেম (two-pipe system)


সিভিল কৰ্ম্মাৰুপন-২

১১.৫ জেন নির্মাণের জন্য প্রয়োজনীয় নকশা গাঠ




চিত্ৰঃ ১১.১ সিলেল ভাৰে সিন্টেম (single stack system)

निकाभन नामा



চিত্ৰঃ ১১.২ অন-পাইপ সিন্টেম (one-pipe system)

সিভিল কণ্টাকশন-২



চিত্রঃ ১১.৩ টু-পাইপ সিল্টেম (Two-pipe system)

२७० -






FIG. 8.7.8 DETAIL OF MANHOLE (Depth 1m And Below)

চিত্রঃ ১১,৪ স্যানহোল ডিটেইল (গজীরভা ১সিঃ এবং নিচে)

সিভিল কৰ্ম্মাকশন-২




SECTIONAL PLAN (SECTION A - A)



SECTION B - B SECTION C - C

চিত্ৰ ১১.৫ ডুপ ম্যানহোল



চিত্রঃ ১১.৩ ফ্রেক্সিবল পাইপ বেডিং

২৩২

১১.৬ আন্ডার গ্রাউন্ড ডেন নির্মাণের নিরাপত্তা

কুঁকি মূল্যায়ন ও ঝুঁকি নিয়ন্ত্রণে নিরাপত্তা ব্যবস্থাসমূহ			
উল্লেখযোগ্য স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকি		ঝুঁকি র মাত্রা	ঝুঁকি নিয়ন্ত্রণে নিরাপতা ব্যবস্থাসমূহ
٥	কাটা গর্ভে পড়ার ঝুঁকি।	উচ্চ	- গর্ত নিরাপন্তা বেড়া দিয়ে বা ঢেকে রাখতে হবে - গর্ত করার পূর্বে উপযুক্ত সতর্কতামূলক বার্তা উন্মুক্ত ও যথা স্থানে প্রদর্শন করতে হবে। - গর্তের চারিদিকে গার্ড রেইল বা টো বোর্ড রাখতে হবে। - প্রয়োজন অনুপাতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে। - গর্তের নিকট চলাচলের রাস্তা সাচ্ছন্দ্যময় হতে হবে।
N	গর্ত ভেঙ্গে পড়ার ঝুকি	উচ্চ	- গর্তের দেয়াল নিরাপদ কোনে খুঁড়তে হবে (মাটির ধরণের উপর নির্ভর করে) - শিট, প্রপ (ঠেকনা) বা দ্রেন্স বক্সের সাহায্যে গর্তের ভারসাম্য ধরে রাখতে হবে। - শ্রমিকেরা ভারসাম্যহীন গর্তে প্রবেশ করবে না। - বেরিয়ার বা স্টপ ব্লক দিয়ে গর্তের পাড় রক্ষা করতে হবে।
9	মাটি বা অন্য বস্তু পড়ে আঘাত পাওয়া।	মধ্যম	- গর্তের পাড় হতে নিরাপদ দূরতে মালামাল জমা করতে হবে। - শ্রমিকেরা যথেষ্ট পরিমাণে ব্যক্তিগত নিরাপত্তা যন্ত্রপাতি (PPE) ব্যবহার করবে।
8	হাতে হাতে মালামাল স্থাপন	নিয়	 চূড়ান্ত স্থাপনের স্থানের নিকটে ডেনেজ পাইপ যন্ত্রপাতির সাহায্যে স্থানান্তর করা উচিত। কমপক্ষে দুইজন ধরে পাইপ স্থাপন করতে হবে।
¢	চালুকৃত বা ব্যবহৃত ডেনের সাথে কাজ করা।	উচ্চ	- স্বাস্থ্য ঝুঁকি যেমন- বিষাক্ত গ্যাস নির্গমন হতে বাঁচতে রেস্পিরেটর ব্যবহার করা উচিত।

সিভিল কন্ট্রাকশন-২

১১.৭ আন্ডার গ্রাউন্ড ডেন নির্মাণের কৌশল



BNBC অনুযায়ী তৈরিকৃত ড়য়িং অনুসারে ড়েনের জন্য গর্ড করি।



পাইপ যাতে সঠিকভাবে স্থাপন করা যায় এজন্য পি সিচ্ছোল (ভুতু পাথর) দিয়ে পাইপ বেড তৈরি করি।



প্রধান ফিটিংসগুলো যেখানে বসবে তা নির্ণয় করি। পর্যবেক্ষণ চেম্বার সঠিক ঢালু রেখে স্থাপন করি যেন মূল ডেন দিয়ে কোনরকম আবদ্ধতা ছাড়া পানি প্রবাহিত হতে পারে।



চিত্রে পিভিসি তৈরি পর্যবেক্ষণ চেম্বার যাতে ১০⁰ ডিগ্রি কোণে জয়েন্টগুলো রয়েছে ফলে সহজে ও দুত পানি প্রবাহ নিয়ন্ত্রণ হয়।



যদি উলম্ব বা খাড়া কোন পাইপের ফিটিংসের লম্বা ব্যাসার্ধকে দৃঢ় কোন কিছুর উপর স্থাপন করতে হবে।



পাইপ মাপ মতো কেটে লম্বা ব্যাসার্ধের অংশের সাথে যুক্ত করি যা পর্যবেক্ষণ চেম্বারের সাথে সংযোগ রয়েছে।



নিশ্চিত হতে হবে যে সকল কাটা পাইপ ৪৫^০ কোণে চেম্ফার করা আছে।



সিলিকন জেল আঠা দিয়ে
ফিটিংসকে চেম্বারের সাথে
আটকাই। সকল ফিটিংস একই
ভাবে আটকাই।



ট্র্যাপ, বোটল গালিস ও অন্যান্য ফিটিংস সিস্টেমের সাথে যুক্ত করি।

২৩৪ নিফাশন দালা



লঘা ব্যাসার্ধের পাইপের সাবে ভেন্টিলেশন ও সয়েন পাইপগুলো লাগাই।



ইউনিভার্সাল রেইন ওয়াটার এডাপ্টারের সাহায্যে বৃষ্টির পানির পাইপপুলো যুক্ত করি।



বেখানে দিক পরিবর্ডন হয়েছে যা জাংশন সেখানে পর্যবেক্ষণ চেম্বার ব্যবহার করি।



পর্যবেক্ষণ চেমার নির্মাণ বা ইন্সটলেশন শেষ করতে প্রয়োজন মতো রাইজার লাগাই।



ছোট (৬০০ মিমি) খেকে বড় (১.২ মিটার) পর্যন্ত ঢাকনাসহ পর্যবেক্ষণ চেম্বার হতে পারে।



পি সিম্পেল দিয়ে পাইপের শীর্ষ পর্যন্ত ঢেকে দেই এবং এরপর খননকৃত মাটি দিয়ে গর্ভ পূর্ণ করি।

দ্বাদশ অধ্যায় পানির টাজ্ফ বা সঞ্চয়াগার

১২.১ পানির ট্যাক্ষ

সুপেয় পানি সর্ব প্রথমে একটি নির্দিষ্ট সঞ্চয়াগারে জমা করে পরে প্রয়োজনমতো ব্যবহার করা হয়। এ ধরনের সঞ্চয়াগার (storage) কে ডিস্ক্রিবিউশন স্টোরেজ টাঙ্কে বলে। পানির টাঙ্ক কংক্রিট, ইটের গাঁধুনি, ইম্পাড, ফেরোসিমেন্ট, পি ডি সি বা প্রান্টিক ইত্যাদি বন্ধু দ্বারা নির্মিত হতে পারে। পানি সরবরাহ করার জন্য ব্যবহৃত টাঙ্কে দু প্রকার। যথা-

- ১) ওভার হেড ট্যাজ্ফ (Overhead tank)
- ২) ভূ-পর্ভন্থ টাচ্চ (Under ground tank)
- ১) ওভার হেড টাক্ষ দুই প্রকার। যথা-
- ক) দ্ভায়মান টাইপ
- খ) উন্তোপিড চৌৰাচা



চিত্রঃ ১২.১ ওভার হেড ট্যাব্দের ছবি।

১২.২ ওভার হেড ট্যাচ্ফ ও ভূ-গর্ভস্থ ট্যাচ্চ্য এর ব্যবহার


টাক্ষ সরাসরি মাটির নিচে এবং মাটির উপরে কোন কাঠামো নির্মাণ করে স্থাপন করা যায়। এদের আকার ও আকৃতি প্রয়োজনমতো হবে। মাটির নিচের টাক্ষে ইটের গীথুনী বা কংক্রিটের এবং মাটির উপরের টাংক্ষ আর সি সি, ফেরোসিমেন্ট বা প্রি-স্টেসড কংক্রিটের হতে পারে। বর্তমানে জি আই শিটের, স্টিলের অল্পধারণ ক্ষমতা সম্পন্ন টাক্ষে প্রচুর ব্যবহার হতে।

নিয়ে ওভার হেড ও আভার গ্রাউভ ওয়াটার ট্যাঞ্চের ব্যবহার উল্লেখ করা হলো।

- ১) সরবরাহ ব্যবহারকারীর চাহিদা খেকে কম হলে নিয়ন্ত্রিভ করে পানি সরবরাহ করা।
- ২) অপ্নিকান্ড, পাম্প বিকল হওয়া কিংবা বিদ্যুত সরবরাহ বন্ধ হয়ে গেলে আপদকালীন জরুরি পানি সরবরাহ করা।
- উট্টু অঞ্চলে পানি সরবরাহ করার জন্য ওভার হেড টাঞ্জ ব্যবহার করা হয়।


- ৪) ওভার হেড ট্যাজ্ঞে পানি মওজুদ করে অভিকর্মণের মাধ্যমে সরবরাহ করা হয়। ফলে পাম্প ব্যবহারের খরচ বাঁচানো যায়।
- ৫) আভার প্রাউভ ট্যাক্ষে পানি দীর্ঘক্ষণ জমা থাকার ফলে ভাসমান ময়লা বা পলি (যদি থাকে) বিভিয়ে পড়তে সুযোগ পায়।
- ৬) ওভার হেড টাজে গানি জমা করে একই সময় সরবরাহ করলে ব্যবহারকারীদের যথেষ্ট পানি প্রান্তি নিশ্চিত করা যায়।
- ৭) কোন নির্দিষ্ট এলাকার ইমারতে পানি সরবরাহ করার জন্য ওয়াসা থেকে প্রান্ত বা নিজ উদ্যোগে ভূ-গর্ভস্থ পানি উত্তোলন করে প্রথমে ভূ-গর্ভস্থ ট্যাজ্ফ জমা করা যায়। পরে জমাকৃত পানি পাম্পের সাহায্যে বিভিং এর উপর অবস্থিত ট্যাজ্ফ সরবরাহ করা হয়। ট্যাজ্ফ থেকে নির্দিষ্ট বিতরণি পদতির মাধ্যমে বাসার বাসার পানি পৌতে দেওয়া যায়।

১২.২ ওভার হেড ট্যাংক ও ভূ-পর্বস্থ ট্যাংক এর নকশা পাঠ



চিত্রঃ ১২-২ওভার হেড ট্যাংক্ষ

সিভিল কল্টাকশন-২



চিত্রঃ ১২-২ ভূ-গর্ভস্থ ট্যাঙ্ক এর সম্মুখ দৃশ্যের সেকশন।

১২.৪ ওয়াটার ট্যাংজ্ঞে পাইপ সংযোগ পদ্ধতি

ইমারতের ছাদে রক্ষিত ওয়াটার ট্যাঞ্চে পাইপ সংযোগ ও তার নির্মাণ কাচ্চ চলাকালীন সময়ে বা কাচ্চ সমাপ্ত হওয়ার পরও করা যায়। সাধারণত ট্যাঞ্চে পানি সরবরাহ এবং সরবরাহকৃত পানি ব্যবহার স্থানে পৌছানোর জন্য চার ধরনের পাইপ স্থাপন করতে হয়। ষেমন আগমন বা পানি প্রবেশ পাইপ, নির্গমন পাইপ, উপচানো পাইপ এবং খৌতকরণ পাইপ। উপচানো পাইপ ও খৌতকরণ পাইপকে ট্যাঞ্চের নিচ দিকে এনে একত্রে সংযোজন করা হয়। প্রতিটি পাইপে পানি প্রবেশ বা বাহির না হওয়া নিয়ন্ত্রণ করার জন্য ভাল্ব থাকে। প্রবেশ পাইপ ট্যাঞ্চের উপর দিয়ে এবং নির্গমন পাইপ নিচ দিয়ে স্থাপন করা হয়। উপচানো পাইপ দিয়ে অতিরিক্ত পানি বের হয়ে যায় এবং এর মাথা বা মুখ সর্বোচ্চ পানি লেভেলের প্রায় কাছাকাছি থাকে। খৌত করার সময়ও এ পাইপ ব্যবহার করা হয়। খৌতকরণ পাইপের মুখ এমনভাবে স্থাপন করা হয় যাতে খৌত করার পর ট্যাঞ্চে পানি অবশিষ্ট না থাকে।

১২.৫ ওয়াটার ট্যাঞ্চের রক্ষণাবেক্ষণঃ

নিমে ওয়াটার ট্যাঞ্চের রক্ষণাবেক্ষণ পদ্ধতি উল্লেখ করা হলো। যথা

- ১) ট্যাব্জের বাহিরের দিকে রং বা অনুমোদিত পদার্থের প্রলেপ ব্যবহার করে আবহাওয়ার হাত থেকে রক্ষা করতে হবে।
- ২) ট্যাব্জের ডিতরে দীর্ঘদিন একনাগাড়ে পানি জ্বমা না রেখে মাঝে মাঝে খালি করে পরিষ্কার করে নিতে হবে। এক্ষেত্রে অনুমোদিত রাসায়নিক দ্রব্য যেমন- ক্লোরিন ব্যবহার করা যাবে।
- ৩) ট্যাজ্ঞের সাথে সংযোগ পাইপগুলোর জ্বোড়াস্থলে যেন পানি চুয়াতে না পারে তার জ্বন্য ব্যবস্থা নিতে হবে।
- ৪) ব্যবহৃত পাইপসমূহ ধাতু নির্মিত হলে তাতে রং এর প্রলেপ দেওয়া যেতে পারে।
- ৫) ট্যাব্দের ভিতেরের দেয়াল আরসিসি নির্মিত হলে ওয়াটার প্রুফিং কোটিং দেয়া উচিত।
- ৬) ট্যাঞ্চ ছাদ থেকে এতটুকু উঁচুতে নির্মিত হওয়া উচিত যাতে এর নিচে ভালোমতো পরিষ্কার করা যায়।
- ৭) ট্যাজ্ঞের দেয়াল ইট নির্মিত হলে এর প্লান্টার যাতে খসে না পড়ে তা খেয়াল রাখতে হবে। অনেক সময় রক্ষনাবেক্ষণের অভাবে বটগাছ বা আগাছা জন্ম নেয় দেয়ালকে তথা ট্যাজ্ঞকে আরও ক্ষতিগ্রস্থ করে।
- ৮) ট্যাব্দের দেয়াল বা অন্য কোন স্থানে কোন ফাটল দেখা দিলে সাথে সাথে মেরামত করতে হবে।

২৩৮ পানির ট্যাঙ্ক বা সঞ্চয়াগার

অনুশীলনী

অতি সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। স্টোরেজ ট্যাংজ্ঞ কাকে বলে?
- ২। ট্যাজ্ঞ কত প্রকার ও কি কি।

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। ওয়াটার ট্যাঙ্কে পাইপ সংযোগ পদ্ধতি সম্পর্কে লেখ।
- ২। ওয়াটার ট্যাঙ্কের রক্ষণাবেক্ষণ পদ্ধতি উল্লেখ কর।

রচনামূলক প্রশ্ন

১। ওভার হেড ট্যাজ্ঞ ও ভূগর্ভস্থ ট্যাজ্ঞের ব্যবহার লেখ।

ত্রয়োদশ অধ্যায় ব্রিক সলিং এর মালামাল ও শ্রম

১৩.১ নির্ধারিত কাচ্ছে ইটের পরিমাণ

নির্ধারিত কাচ্ছে ইটের পরিমাণ হিসাব করার শুরুতে আমাদের ইটের মাপ জ্বানতে হবে। নিম্নে মেট্রিক আদর্শ ইট এবং প্রচলিত ইটের মাপ উল্লেখ করা হলো।

মেট্রিক আদর্শ ইটের মাপ = ১৯ সেমি 🗴 ৯ সেমি 🗴 ৯ সেমি মসলাসহ মেট্রিক আদর্শ ইটের মাপ = ২০ সেমি x ১০ সেমি x ১০ সেমি মসলাসহ বর্তমানে প্রচলিত ইটের মাপ = ২৫.৪ সেমি x ১২.৭ x ৭.৬ সেমি (১০"x ৫" x৩")





চিত্রঃ ১৩.১ ব্রিক সলিং (রাম্বা)

ব্রিক সলিং (ভিতে)

(ক) নির্ধারিত কাজে ইটের পরিমাণ

মনে করি, ১০০ বর্গমিটার ব্রিক ফ্লাট সলিং কাব্দে ইটের পরিমাণ নির্ণয় করতে হবে।

প্রচলিত ইট

মসলাসহ বর্তমানে প্রচলিত ইটের মাপ = ২৫.৪ সেমি x ১২.৭ x ৭.৬ সেমি

১ টি ইটের ক্ষেত্রফল

প্রচলিত ১ টি ইটের ক্ষেত্রফল =
$$\frac{২৫.8}{500}$$
 x $\frac{52.9}{500}$ বর্গ মি.=০.২৫৪ x ০.১২৭ = ০.০৩২২ বর্গ মি.

(ফ্রাট অবস্থায়)

মোট ইটের সংখ্যা= $\frac{\text{কাব্দের মোট পরিমাণ}}{5 টি ইটের ক্ষেত্রফল} = \frac{500}{0.0৩২২} = ৩১০৬ টি$

(হিসাব সহজের জন্য আমরা মসলাসহ ইটের পরিমাপ ধরেছি) মনে করি, ১০০ বর্গমিটার হেরিং বন্ড সলিং কাজে ইটের পরিমাণ নির্ণয় করতে হবে।

প্রচলিত ইট

মসলাসহ বর্তমানে প্রচলিত ইটের মাপ = ২৫.৪ সেমি x ১২.৭ x ৭.৬ সেমি

প্রচলিত ১ টি ইটের ক্ষেত্রফল =
$$\frac{20.8}{500}$$
 \times $\frac{9.8}{500}$ বর্গ মি.=০.২৫৪ \times ০.০৭৬ = ০.০১৯ বর্গ মি. (হেরিং অবস্থায়)

মোট ইটের সংখ্যা=
$$\frac{$$
 কাজের মোট পরিমাণ $}{$ ১ টি ইটের ক্ষেত্রফল $}=\frac{$ ১০০ $}{$ ০.০১৯ $}=$ ৫২৬৩ টি

১৩.২ নির্ধারিত কাজে বালির পরিমাণ

বালির পরিমাণ = ১ বর্গ মিটার ফ্লাট সলিং এ বালির পরিমাণ = ০.১৫ ঘনমিটার ১০০ বর্গমিটার ফ্লাট সলিং এ বালির পরিমাণ = ০.১৫ $\mathbf x$ ১০০ ঘনমিটার = ১৫ ঘনমিটার।

বালির পরিমাণ = ১ বর্গ মিটার হেরিং বন্ড সলিং এ বালির পরিমাণ = ০.৩ ঘনমিটার ১০০ বর্গমিটার ফ্লাট সলিং এ বালির পরিমাণ = ০.৩ \mathbf{x} ১০০ ঘনমিটার = ৩০ ঘনমিটার।

১৩.৩ নির্ধারিত কাজে শ্রমিকের সংখ্যা এবং মজুরি ১০০ বর্গমিটার ব্রিক ফ্লাট সলিং কাজে শ্রমিকের সংখ্যা = ১০ জন ১০০ বর্গমিটার ব্রিক হেরিং বন্ড সলিং কাজে শ্রমিকের সংখ্যা = ১০ জন

পি ডব্লি ডি (গণপূর্ত অধিদপ্তর) সিডিউল অব রেটস ২০১৪ অনুসারে শ্রমিকের দৈনিক মজুরি = ৩০৩ টাকা (স্কিল বা দক্ষ লেবার), ২৪৫ টাকা (অদক্ষ লেবার)।
মিস্ত্রি = ৩৮৯ টাকা প্রতি দিন।

অনুশীলনী

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১) ব্রিক সলিং এর কাজে ইটের পরিমাণ উল্লেখ কর।
- ২) ব্রিক সলিং এর কাজে বালির পরিমাণ উল্লেখ কর।

চতুর্দশ অধ্যায় মোজাইক কাজে মালামাল ও শ্রম

নির্ধারিত মোজাইক কাজে মালামালের পরিমাণ হিসাব করার শুরুতে আমাদের কাজের পরিমাণ অর্থাৎ কত পুরু মোজাইক ও মালামালের অনুপাত জানতে হবে।





চিত্রঃ ১৪-১: মোজাইক কাজে ব্যবহৃত চিপস (মার্বেল পাথর) এবং মোজাইকের ছবি।

ধরি, ১০০ বর্গমিটার ও ৬ মিমি পুরু মোজাইক এবং মোজাইক চিপস, মোজাইক পাউডার, হোয়াইট সিমেন্ট, ক্ষিত কালারিং পিগমেন্ট এর অনুপাত = ৫:১:৪:০.২৫

মোট=৫+১+৪+০.২৫= ১০.২৫

মোজাইকের পরিমাণ = ১০০x০.০০৬= ০.৬ ঘনমিটার (আর্দ্র আয়তন)

শুরু আয়তনের পরিমাণ = ০.৬x১.৫=০.৯ ঘন মিটার (৫০% বেশি ধরে)

১৪.১ মোজাইক চিপসের পরিমাণ

১৪.২ মোজাইক পাউভারের পরিমাণ

১৪.৩ হোরাইট সিমেন্টের পরিমাণ

১৪.৪ ক্ষিত কালারিং পিগমেন্ট পরিমাণ

পি ডব্লি ডি (গণপূর্ত অধিদপ্তর) সিডিউল অব রেটস ২০১৪ অনুসারে শ্রমিকের দৈনিক মজুরি= ৩০৩ টাকা (স্থিপ বা দক্ষ পেবার), ২৪৫ টাকা (অদক্ষ পেবার)। মোজাইক মিশ্রি = ৩৮৯ টাকা প্রতি দিন।







ক্ষিত কালারিং পিগমেন্ট

অনুশীলনী

সংক্ষিপ্ত প্রশ্ন

- ১। মোজাইক চিপসের পরিমাণ নির্ণয় কর।
- ২। মোজাইক পাউডারের পরিমাণ নির্ণয় কর।
- ত। হোয়াইট সিমেন্টের পরিমাণ নির্ণয় কর।
- ৪। ক্ষিত কালারিং পিগমেন্টের পরিমাণ নির্ণয় কর।

সিভিল কল্ট্রাকশন-২ ২৪৩


ব্যবহারিক

২৪৪

ব্যবহারিক কাব্দ নং: ১

নামঃ বিমে এম, এস, রড বীধাইয়ের কৌশল

১.১ ওয়ার্কিং ছুইং পর্যবেক্ষণঃ ওয়ার্কিং ছুইং এ প্রদন্ত বিমের লখা পরিছেদ (long section) ও ক্রস সেকশন (cross section) বিমের দৈখ্য, প্রস্থ, পভীরতা (depth), রডের সংখ্যা, রড কাটার পরিমাপ, ন্টিরাগ এর পরিমাণ ও দূরত, কেন্দ্র হতে কেন্দ্র (c/c-centre to centre) ইত্যাদি পর্যবেক্ষণ করি।



हिन्द्र -2

- ১.২ বিমের সাটারিং কাচ্ছের শুছতা যাচাইঃ সাটারিং এ বীমের পরিমাপ, ক্লিয়ার কাভার, পলিথিন বা রুপবান টিন দারা পানি নিরখোকতা, স্পিরিট লেভেল বা ওয়াটার লেভেল দারা সাটারিং এর লেভেল পরিমাপ করে শুছতা যাচাই করি।
- ১.৩ ছাইং এর প্রদন্ত সাপ অনুযায়ী এস, এস, রড কর্তন হকসহ এম, এস, রডসমূহের ছাইং এর প্রদন্ত সাপ অনুযায়ী কর্তন করি।
- ১.৪ ড়ইং এর প্রদন্ত মাপ অনুযায়ী এম, এস, রডে ক্রাস্ক ও হক তৈরি করি।
- ১.৫ মাপ অনুযায়ী কিরাপ তৈরি করি।
- ১.৬ এম, এস, রডগুলো সঠিক অবস্থানে বসাতে হবে।

সিভিল কন্ট্রাকশন-২ ২৪৫

১.৭ জি আই তার দিয়ে স্টিরাপের সাথে রড বীধাই করতে হবে। ১.৮ এম, এস, রড বীধাই এবং কভারিং এর শুদ্ধতা যাচাই করতে হবে। রি-ইন ফোর্সমেন্ট বা রডের হিসাব

- ১৬ মিঃ মিঃ ব্যাসের সোজা রড ৪টি (নিচে ও উপরে দুটি করে) দৈর্ঘ্য = খ + ১৮ উ
 কভারিং(দুইদিকে) = ৬.৫ মিঃ + ১৮ x ১৬ মিঃ মিঃ- ৪ x ২ সেঃ মিঃ = ৬.৮৭ মিঃ
- ক্র্যাংক রড ২ টি (১৬ মিঃ মিঃ ব্যাস রড) = ৬.৮৭ + ২ x .৩৭ মিঃ = (৪৫ ৮ = ৩৭ সেঃ মিঃ)
- টাই রড বা ন্টিরাপ সংখ্যা = L/4 @ ১০ সেঃ মিঃ থেকে উভয় সাপোর্ট থেকে + মাঝের ৩০০ সেঃ মিঃ @ ২০ সেঃ মিঃ কে/কে + ৬০০/২০ ২ (সাপোর্ট থেকে + সুরত্বে ১ম ন্টিরাপ বসবে।)
- = ১৫০/১০ X ২ + ১৫ ২ = ৩০ + ১৩ = ৪৩ টি।

ন্টিরাপ দৈর্ঘ্য = ২(৪৫ - 8 + ২৫ - 8)+ 18D (D = ১০ মিঃ মিঃ)

= ২(85 + ২5) + ১৮ x ১০ = ১২৪ + ১৮ = ১৪২ = ১.৪২ মিঃ

মোট ওজন = ৬.৮৭ x 8 + ৭.৬১ x ২ + ১.৪২ x ৪৩ মিঃ

- = ২৭.8৮ + ১৫.২২ + ৬১.8৯
- = 82.90 + 65.85
- 26. X 68.60 + PPD.6 X 0P.68 = 84.90
- = ৬৭.08 + ৩৭.৫০ = ১০৪.৫৪ কেজি। (রডের ওজন বের করার নিয়ম নবম শ্রেণিতে অধ্যয়ন করেছ)


যন্ত্রপাতি কাজের ধারবাহিক ধাপ মালামাল ১) প্রাপ্ত রডকে পরিমাণ মতো সোজা কর। ১। হাতুড়ি। ১। এম. এস. রড। ২। হ্যাক স। ২) ১৬ মিঃ মিঃ ব্যাসের ৬.৭৮৭ মিটার দৈর্ঘ্যের ৪ টি রড কেটে ২। ২৪ নং জি. দইপ্রান্তে হক কর। আই তার। ৩) ১৬ মিঃ মিঃ ব্যাসের ৭.৬১ মিঃ দৈর্ঘ্যর ২ টি রড কেটে ৩। ডারিং ব্রক। ৩। হ্যান্ডল বা জি. দইপ্রান্তে হক ও বেন্ড কর।(সাপোর্ট থেকে L/4 দরে বেন্ড হবে।) আই. পাইপ। ৪) ১০ সেঃ মিঃ ব্যাসের ১.৪২ মিটার দৈর্ঘ্যর ৪৩ টি রড কেটে ৪। রড বীকা করার প্রতিটি রড দ্বারা চিত্র অনুযায়ী। প্রাটফরম। ৫। চিজেল বা ছেনি ৫) সোজা রড ও ক্র্যাংক রড একত্রে করে এদের মধ্যে স্টিরাপ

8) ১০ সেঃ মিঃ ব্যাসের ১,৪২ মিটার দৈর্ঘ্যর ৪৩ টি রড কেটে প্রতিটি রড দ্বারা চিত্র অনুযায়ী।
৫) সোজা রড ও ক্র্যাংক রড একত্রে করে এদের মধ্যে স্টিরাপ গুলি পড়িয়ে শাটারিং এর মধ্যে রডগুলো স্থাপন কর।
৬) সাপোর্ট থেকে স্পেসিং এর অর্ধেক দূরত্বে ১ম স্টিরাপ স্থাপন করার পর থেকে ১০ সেঃ মিঃ কে/কে পর পর L/৪ দূরত্ব পর্যন্ত স্টিরাপ জি আই তার দ্বারা আটকাও। এ কাজ সাপোর্ট এর দুইদিকে করতে হবে। স্প্যানের ২/২ অর্থাৎ ৩০০ সেঃ মিঃ পর্যন্ত ২০ সেঃ মিঃ পর স্টিরাপ স্থাপন কর (বিমের সকল দিকের কভারিং ৪ সেঃ মিঃ)
৭) কভারিং ঠিক রাখার জন্য ৪ সেঃ মিঃ পুরুত্বের ব্লক ব্যবহার কর।

২৪৬ ব্যবহারিক

ব্যবহারিক কাজ নং: ২

নামঃ আর, সি, কলামে রড বীধাইয়ের কৌশল



২.১ ওয়ার্কিং ড়ইং পর্যবেক্ষণ করি।

২.২ কলামের সাটারিং কাজের শুদ্ধতা যাচাই করি।

২.৩ ছইং এর প্রদন্ত মাপ অনুযায়ী এম, এস, রড কর্তন করি।

২.৪ ড়ইং এর প্রদত্ত মাপ অনুযায়ী এম, এস, রডে ৯০⁰ ডিগ্রি বেন্ড ও হক তৈরি করি।

২.৫ মাপ অনুযায়ী ১৩৫ 0 হক (ভূমিকম্প জনিত কারণে) টাই তৈরি করতে পারবে।

২.৬ খাড়া রডগুলো সঠিক অবস্থানে বসাই।

২.৭ জি, আই, তার দিয়ে টাইগুলোর সাথে খাড়া রড বীধাই করি।

২.৮ এম, এস, রড বাঁধাই এবং কভারিং এর শুদ্ধতা যাচাই করি।

সিভিল কন্সট্টাকশন-২ ২৪৭

যন্ত্রপাতি

১। স্লেজ হ্যামার।

২। চিজেল বা ছেনি।

৩। হ্যান্ডল বা জি.আই পাইপ(রড সোজা বা বাঁকা করার জন্য)।

৪। হ্যাক স।

৫। ফিতা বা স্টিল টেপ।

মালামালের হিসাব(এম. এস. রড)

* বেইজ বা তলার রড

মালামাল

১। এম. এস. রড

২। ২৪ নং জি. আই. তার


৩। চক পেন্সিল।

১২ মিঃ মিঃ ব্যাসের রড, ১৫ সেঃ মিঃ কে/কে (উভয় দিকে)
দৈর্ঘ্য = বেইজের দৈর্ঘ্য - ২ পাশের কভারিং + ২ টি হক।
= ১৫০ - ২ x 8 + ২ x 9D (D = রডের ব্যাস)
= ১৫০ - ২ x 8 + ২ x ৯ x ১.২ সেঃ মিঃ
= ১৪২ + ২১.৬ = ১৬৩.৬ = ১৬৪ সেঃ মিঃ (প্রায়)
= ১.৬৪ মিঃ
সংখ্যাঃ {১৫০ - (২ x ৪) }/১৫ + ১ = ১০.৪৭
= ১১টি প্রায়)
দুইদিকে ধরে মোট, ২২ টি রড লাগবে।
ওজন = ১.৬৪ x ২২ x .৮৯ = ৩২.১১ কেজি।

ডাউয়েল (১৬ মিঃ মিঃ ব্যাস)
দৈর্ঘ্য = ৬০ + ৫০ + ৩০ - নিচের কভারিং - দুই
স্তর রড বেন্ড।
= ১৪০ - ৫ X ২ + ১.২ = ১৪৭.৬ সেঃ মিঃ
= ১.৪৮ মিঃ (৪ টি)
গুজন = ১.৪৮ X ৪ X ১.৫৮ = ৯.৩৩ কেজি
১৬ মিঃ মিঃ খাড়া রড(৪ টি)
দৈর্ঘ্য = ৩০০ + ৬০ + ৬০ = ৪২০ = ৪.২০ মিঃ
গুজন = ৪.২০ X ৪ X ১.৫৮ = ২৬.৫৪ কেজি
টাইয়ের দৈর্ঘ্য = ৪ X (২৫-২ X ৪) + ৩০
= ০.৯৮ মিঃ
= (৩০০ + ৬০ + ৬০)১৫ + ১ = ২৯ টি
= ২৯ X .৯৮ X ০.৬২ = ১৭.৫২ কেজি
মোট = ৩২.১১ + ৯.৩৩ + ২৬.৫৪ + ১৭.৫২ =
৮৫ ৫০ কেজি।

কাজের ধারাবাহিকতাঃ

- ১) কলামের তলার জন্য ১২ মিঃ মিঃ ব্যাসের ১৬৪ সেঃ মিঃ(১.৬৪ মিঃ) লম্বা ১২ টি রড কাট। এগুলোর দুইপ্রান্তে হক কর।
- ২) ১৬ মিঃ মিঃ ব্যাসের ১৪৮ সেঃ মিঃ(১.৪৮ মিঃ) লম্বা ৪টি রড ডাওয়েল হিসাবে দেওয়ার জন্য কাট। চিত্র অনুযায়ী প্রদত্ত মাপে আকার কর।
- ৩) ১৬ মিঃ মিঃ ব্যাসের ৪২০ সেঃ মিঃ (৪.২০ মিঃ) লম্বা টি রড কাট। এগুলো কলামে উলম্ব তলে ডাওয়েল বারকে ল্যাপ করে খাড়া ভাবে দেওয়া হবে। (চিত্র দেখ)
- 8) তলার রডগুলোকে ১৫ সেঃ মিঃ কে/কে দুরত্ব রেখে (উভয় দিকে) ২৪ নং জি. আই. তার দ্বারা বাঁধা। এগুলোর তলায় প্রয়োজনীয় সংখ্যা ও গভীরতায় ব্লক দিয়ে কভারিং ঠিক রাখ। (ব্লক গভীরতা হবে ৫ সেঃ মিঃ)
- ৫) কলামের মাঝে ২৫ সেঃ মিঃ x ২৫ সেঃ মিঃ বর্গ সৃষ্টি করে তার কোনায় উলম্ব ডাওয়েল বার স্থাপন কর এবং চিত্র অনুযায়ী ডাওয়েলবার কে ল্যাপ করে ৪ টি রডকে ছাদ পর্যন্ত নাও। এগুলোকে টাই দ্বারা আটকাও। প্রতি টাই এর দৈর্ঘ্য হবে ৯৮ সেঃ মিঃ। টাই এর প্রতিটি পার্শ্ব হবে ২১ সেঃ মিঃ (২৫ -৪ = ২১ সেঃ মিঃ)। টাইয়ের সংখ্যা হবে ২৯ টি।



SLAB REINFORCEMENT DETAILS

চিত্ৰঃ নং ৪

```
নামঃ ছাদে এম, এস, রড বীধাইয়ের কৌশল আয়ত্ত করতে সক্ষম হবে।
```

- ৩.১ ওয়ার্কিং ডইং পর্যবেক্ষণ করি।
- ৩.২ সাটিরিং কাজের শৃদ্ধতা যাচাই করি।
- ৩.৩ ড়ইং এ প্রদত্ত মাপ অনুযায়ী এম, এস, রড কর্তন করি।
- ৩.৪ ড়ইং এর প্রদত্ত মাপ অনুযায়ী এম, এস, রডে ক্রাষ্ক ও হক তৈরি করি।
- ৩.৫ প্রধান রড ও বাইন্ডার রড যথাযথ ভাবে সঠিক অবস্থানে বসাই।
- ৩.৬ জি, আই, তার দিয়ে মেইন রড ও বাইন্ডার রড বীধাই।
- ৩.৭ কভারিং সঠিক পরিমাণ রাখার জন্য ব্লক এবং চেয়ার বসাই।
- ৩.৮ ছাদে এম, এস, রড বীধাইয়ের শুদ্ধতা যাচাই করি।

ছাদের দিকের রডের সংখ্যা = (৪০০ সেঃ মিঃ + ২ $\mathbf x$ ২৫ সেঃ মিঃ + ৪০ $\mathbf x$ ২ - ২.৫ $\mathbf x$ ২)/রডের কে/কে দূরত

= ৫৩ টি।

অতএব, সোজা রড + ক্র্যাংক রড = ২৭ + ২৬ টি = ৫৩ টি এক্সট্রা টপ = ২৭ টি (সোজা রডের সমান)

ছাদের খাট দিকের রডের সংখ্যা = (৩০০ সেঃ মিঃ + ২ \mathbf{x} ২ - ২.২৫)/রডের কে/কে দুরত = ৪২৫/১০ অতএব, সোজা রড + ক্র্যাংক রড = ২২ + ২১ = ৪৩ টি এক্সট্রা টপ রড = ২২ টি (সোজা রডের সমান)

দৈর্ঘ্য = ছাদের লম্বা দিকের রডের সংখ্যাঃ ৪০০ + ২৫ $\mathbf X$ ২ + ৪০ $\mathbf X$ ২ + ১৮ - ২.৫ $\mathbf X$ ২ (১০ মিঃ মিঃ রড)

= ৫৩০ + ১৮ \mathbf{X} ১ - ৫ = ৫৪৩ সেঃ মিঃ বা ৫.৪৩ মিঃ ক্র্যাংক রডের দৈর্ঘ্য = ৫৪৩ সেঃ মিঃ + ২ \mathbf{X} ০.৫ উ (উ = ১২ - ২.৫ = ৯.৫) ৫৪৩ সেঃ মিঃ + ২ \mathbf{X} ০০৫ \mathbf{X} ৯.৫ = ৫৫২.৫ = ৫.৫৩ মিঃ

এক্স্ট্রা রড টপের দৈর্ঘ্য = 800/8 + ২৫ + 80 - ২.৫ x ১৮ ফ = ১৮০.৫ সেঃ মিঃ = ১.৮১ মিঃ ছাদের খাট দিকে সোজা রডের দৈর্ঘ্য = ৩০০ + ৫০ + 8০ x ২ + ১৮ উ - ২৫ x ২ = 8.8৩ মিঃ ক্র্যাংক রডের দৈর্ঘ্য = 8.8৩ + ০.৯৫ - ২.৫ x ২ = ১.৬৫ মিঃ এক্স্ট্রা টপ = ৩০০/৪ + ২৫ + 8০ + ১৮উ - ২.৫ x ২ = ১.৫৬ মিঃ

মোট সোজা রডের দৈর্ঘ্য = ৫.৪৩ $\mathbf X$ ২৭ + ৪.৪৩ $\mathbf X$ ২২ = ২৪৪.০৭ মিঃ মোট ক্র্যাংক রডের দৈর্ঘ্য = ৫.৫৩ $\mathbf X$ ২৬ + ৪.৫৩ $\mathbf X$ ২১ = ২৩৮.৮৯ মিঃ

ব্যবহারিক


মোট এক্স্ট্রা টপ রডের দৈর্ঘ্য = ১.৮১ $\mathbf X$ ২৭ + ১.৫৬ $\mathbf X$ ২২ = ৮৩.১৯ মিঃ

মোট ৫৬৬.১৫ মিঃ

অতএব, মোট ওজন = ৫৬৬.১৫ \times ০.৬১৫ = ৩৪৮ কেজি। (বিঃ দ্রঃ ১ মিঃ ১০ মিঃ মিঃ ব্যাসের রডের ওজন = ০.৬১৫ কেজি)

যন্ত্ৰপাতি	কাজের ধারাবাহিক ধাপ	মালামাল
১। কোল্ড চিজেল।	১) পরিমাণ মতো রড সোজা কর। ১০ মিঃ মিঃ ব্যাসের ৫.৪৩	১। এম. এস রড।
	মিঃ দৈর্ঘ্য ২২ টি এবং ৪.৪৩ মিঃ দৈর্ঘ্যের ২৭ টি রড কেটে	
	দুইপ্রান্তে হক কর।	
২। হ্যামার।	২) ১০ মিঃ মিঃ ব্যাসের ৫.৪৩ মিঃ দৈর্ঘ্যর ২১ টি রড ও ৪.৫৩	২। ২৪ নং জি.
	মিঃ দৈর্ঘ্যর ২৬ টি রড কেটে দুইপ্রান্তে হক এবং বেন্ড কর।	আই. তার।
৩। হ্যান্ডল বা জি.	৩) ১০ মিঃ মিঃ ব্যাসের ১.৮১ মিঃ দৈর্ঘ্যর ২২ টি ও ১.৫৬ মিঃ	৩। চক।
আই. পাইপ।	দৈর্ঘ্যর ২৭ টি রড কেটে দুইপ্রান্তে হুক এবং বেন্ড কর।	
৪। রড বীকা	৪) নকশা অনুযায়ী কর্তিত রডগুলি ছাদের উপর উভয় দিকে ১০	৪। কভারিং এর
করার প্লাটফরম।	সেঃ মিঃ পর পর বসায়ে একটির সাথে অপরটি জি. আই. তার	মাপ অনুযায়ী ব্লক।
	দ্বারা বীধ। খাড়া রডগুলি প্রথমে নিচের দিকে বসাও। নিচের রডটি	
	তলা থেকে ২.৫ উচ্চতায় ব্লক দিয়ে কভারিং ঠিক রেখে স্থাপন	
	কর।	
৫। ফিতা বা স্টিল	 ৫) প্রতিটি সোজা রডের উপরে শেষ প্রান্তে একটা টপ রড দাও। 	৫। জি. আই.
টেপ।	এগুলো ক্র্যাংক রডের সম উচ্চতায় থাকবে।(দুইপ্রান্তে) এক্সট্রা টপ	শিট(ফাঁকা বন্ধ
	ও ক্র্যাংক রড বাইন্ডার রড দ্বারা লেভেল করে নাও।	করার জন্য)।
৬। হ্যাক স।	রড স্থাপনের পূর্বে সাটারিং এর তলা স্পিরিট লেভেল দারা	
	লেভেল করে নাও।	
৭। স্পিরিট	৭) ২১ থেকে ২৮ দিন কিউরিং করার পর শাটারিং খুলে নিতে	
লেভেল।	श्रव।	


সিভিগ কণট্ৰাকশন-২



SLAB REINFORCEMENT DETAILS

চিত্ৰ নং ৩

२ह२



ব্যবহারিক কাজ নং: ৪

নামঃ সিড়িতে রড বাধীইয়ের কৌশল

৪.১ ওয়ার্কিং ডুইং পর্যবেক্ষণ করি।

৪.২ ওয়েই স্লাবের সেটারিং ও সাটারিং কাজের শুরুতা যাচাই করি।

৪.৩ ছুইং এ প্রদত্ত সাপ অনুষায়ী এস এস রড কর্ডন করি।

৪.৪ ছুইং এর প্রদন্ত সাপ অনুযায়ী এম এস রডে স্পার্ক ও হক তৈরি করি।

৪,৫ প্রধান রুড ও বাইভার মধাক্ষ ভাবে সঠিক অবস্থানে বসাই

৪.৬ জি আই তার দিরে রড বঁথাইয়ের কাজ করি।

৪.৭ এম এস রজের বাধাই এবং কভারিং শুক্তা যাচাই করি।

উপরের চিত্রের সংক্রিপ্ত বর্ণনা

১ম ল্যান্ডিং (ল্যান্ডিং ১): যেখান খেকে সিড়ির ধাপ শুরু হয়।

২য় দ্যান্ডিং (দ্যান্ডিং ২): বেৰানে সিঁড়ির খাপ শেব হয় বা ভিন্ন দিকে নতুন খাপ শুরু হয়।

ওয়েন্ট স্লাৰঃ ১ম ল্যান্ডিং ও ২য় ল্যান্ডিং এর মাঝে কাত হয়ে থাকা স্লাবকে বুঝায়। যা সাধারণত ৬" (ইঞ্চি) পরিষাপ হয়ে বাকে। সিভিল কন্ট্রাকশন-২ ২৫৩

প্রধান বা মেইন রড (M1): প্রধান রডকে 1 চিহ্ন দ্বারা বুঝানো হয়েছে। যা ১ম ল্যান্ডিং এর নিচ হতে শুরু হয়ে ওয়েস্ট স্লাব পার হয়ে ২য় ল্যান্ডিং এর উপরে অবস্থানে বসাতে হবে। M1 বার স্ট্রাকচারাল ডিজাইনের উপর নির্ভর করে। বোঝার জন্য ধরি এই স্পেসিং ৮" (ইঞ্চি) পরিমাণ।

প্রধান বা মেইন রড (M2): প্রধান রডকে 2 চিহ্ন দ্বারা বুঝানো হয়েছে। যা ১ম ল্যান্ডিং এর উপর হতে শুরু হয়ে ওয়েস্ট স্লাব পার হয়ে ২য় ল্যান্ডিং এর নিচের অবস্থানে বসাতে হবে। M2 বার স্ট্রাকচারাল ডিজাইনের উপর নির্ভর করে। বোঝার জন্য ধরি এই স্পেসিংও ৮" (ইঞ্চি) পরিমাণ। এই উভয় প্রকার বারের জন্য কংক্রিটের ক্লিয়ার কাভার ৩/৪" (ইঞ্চি) পরিমাণ রাখা হয়।

এক্সট্রা টপ বার (E1): E1 হচ্ছে ১ম ল্যান্ডিং এ এক্সট্রা টপ। ১ম ল্যান্ডিং এর প্রান্ত হতে ওয়েস্ট স্লাবের ১/৩ অংশ পর্যন্ত মাপে এক্সট্রা টপ কাটতে হবে।

এক্সট্রা টপ বার (E2): E2 হচ্ছে ২য় ল্যান্ডিং এর মতো এক্সট্রা টপ। ২য় ল্যান্ডিং এর প্রান্ত হতে ওয়েস্ট স্লাবের ভিতরে ১/৩ অংশ পর্যন্ত মাপে এক্সট্রা টপ কাটতে হবে। উভয়ের জন্য কংক্রিটের ক্লিয়ার কাভার ৩/৪" (ইঞ্চি) পরিমাণ রাখা হয়।

বাইন্ডার (B): ল্যান্ডিং এ বটম (নিচের) বাইন্ডার প্রধান বার (M1) এর উপরে এবং টপ (উপরের) বাইন্ডার প্রধান বার (M2) এর নিচে স্থাপন করা হয়। ওয়েস্ট স্লাবে প্রধান বার (M1 এবং M2) এর উপর স্থাপন করা হয়। কিন্তু এক্সট্রা টপ বারের নিচে স্থাপন করা হয়।

ডিটেইলস (A) : যেহেতু আমরা M1 এবং M2 কে ৮" ইঞ্চি সেন্টার টু সেন্টার এবং একই স্তরে স্থাপন করছি তাই ওয়েস্ট স্লাবে প্রধান বারের স্পেসিং মূলত ৪" (ইঞ্চি) সেন্টার টু সেন্টার।

জি আই তার দ্বারা রডকে ভালমতো বেঁধে রাখি যাতে কংক্রিট ঢালাই এর সময় রড নড়ে না যায়। সিঁড়ির ফর্ম ওয়ার্ক ঠিকমতো স্থাপন করি। এরপর নিচ হতে কংক্রিট ঢালাই শুরু করি। ব্যবহারিক

ব্যবহারিক কাজ নং: ৫

নামঃ কংক্রিট স্থাপন বা ঢালাই কৌশল।

- ৫.১ মালামাল ও যন্ত্রপাতি নির্বাচন করি।
- ৫.২ সাটারিং এর বা ক্ষেত্রের তল নিরীক্ষা করি।
- ৫.৩ কংক্রিট মিশ্রণের নমুনা পরীক্ষা করি।
- ৫.৪ পর্যায়ক্রমে কংক্রিট স্থাপন করি।
- ৫.৫ ধাপে ধাপে সম্পাদিত কাজটি নিরীক্ষা করি।

ঢালাই কাজটি নিম্নলিখিত ধাপে ধাপে সমাধা করতে হয়। যথাঃ

- ১। শাটারিং ফর্ম ওয়ার্ক তৈরি করা।
- ২। কংক্রিট মিশ্রণ করা।
- ৩। কংক্রিট বহন ও ঢালাই।
- ৪। কিউরিং করা।
- ৫। শাটারিং অবমুক্ত করা বা খুলে নেওয়া।

আর. সি. সি. কংক্রিট স্থাপন কৌশল (যে কোন একটি কাঠামো ঠিক করে নাও)

যন্ত্ৰপাতি	কাজের ধারবাহিক ধাপ	মালামাল
১। কর্ণি।	১) প্রথমে কাঠমোর মাপ অনুযায়ী শাটারিং কর।	১। সিমেন্ট
২। কোদাল।	২) তারপর নকশায় দেয়া তথ্যাদির সাহায্যে শাটারিং খাঁচার	২। বালি।
	রিইনফোর্সমেন্ট বা রড স্থাপন কর। এক্ষেত্রে ফর্মওয়ার্কের তলায় এবং	
	চারপাশে কভারিং এর মাপ অনুযায়ী ব্লক স্থাপন কর। স্পিরিট লেভেল	
	দ্বারা তলার লেভেল পরীক্ষা কর।	
৩। কড়াই।	৩। নির্দিষ্ট অনুপাত অনুযায়ী নিচ্ছিদ্র প্লাটফরমের উপর বা মিকচার মেশিনে	৩। খোয়া
	কংক্রিট মিশ্রণ তৈরি কর। কংক্রিটের মালামাল অনুপাত ঠিক রাখার	পাথর
	পাশাপাশি অবশ্যই পানি সিমেন্ট অনুপাত সঠিক রাখতে হবে। অনুপাত	টুকরা।
	ঠিক আছে কি না তা যাচাই করার জন্য তাৎক্ষণিক ভাবে তৈরি কংক্রিটের	
	স্নাম্প বা নতি পরীক্ষা কর।(তোমরা জান প্রত্যেকটি কাজের জন্য নতির	
	মান নির্দিষ্ট করা আছে) তাছাড়া কংক্রিটকে সিলিন্ডারের মাধ্যমে জমাট	
	করে বা জমিয়ে ৭ দিন ১৪ দিন, ২৮ দিন কিউরিং এর পর চাপবল পরীক্ষা	
	করে ও শক্তি সম্পর্কে জানা যায়।	
৪। বালতি।	৪) সঠিকভাবে বহন করে কংক্রিট ফর্মওয়ার্কে ঢালাই (ব্যানিং) কর।	৪। কাঠ,
		বাঁশ।
৫। ড়াম।	৫) ঢালাই এর ২৪ ঘন্টা পর থেকে কমপক্ষে তিন সপ্তাহ কিউরিং কর।	৫। পেরেক।
৬। বালি চালনি।	৬। কিউরিং শেষে শাটারিং অবমুক্ত কর।	৬। পানি।
৭। লেভেল ।		

সিভিল কন্ট্রাকশন-২ ২৫৫

ব্যবহারিক কাজ নং: ৬

নামঃ টাইলস স্থাপনের কৌশল। (১০০ বঃ মিঃ ফ্লোর টাইলস)।

৬.১ মালামাল ও যন্ত্রপাতি নির্বাচন করতে পারবে। ৬.২ ক্ষেত্র তলে লাইম মর্টারের বেস স্থাপন করতে পারবে। ৬.৩ প্রস্তুতকৃত বোর্ডের উপর টাইলস স্থাপন করতে পারবে। ৬.৪ সম্পাদিত কাজটি শুদ্ধতা যাচাই করতে পারবে।

আর্দ্র লাইম মর্টারের পরিমাণ = ১০০ x ০.০২ = ২ ঘন মিটার।
শুষ্ক লাইম মর্টারের পরিমাণ = ২.০০ x ১.৫০ = ৩ ঘন মিটার।
কলিচুন = ৩/৩ x ১ = ১ ঘন মিটার।
সুরকি = ৩/৩ x ২ = ২ ঘন মিটার।
টাইলস = ১০০/০.০৪ = ২৫০০ খানা (২ x ২০ সেঃ মিঃ প্রতিটি টাইলস)
সিমেন্ট = ৬ ব্যাগ (সাধারণ সিমেন্ট + সাদা সিমেন্ট)

যন্ত্ৰপাতি	কাজের ধারবাহিক ধাপ	মালামাল
১। কর্ণি।	১) মেঝে চিপিং করে সর্বত্রই সমতা এ ব্রাশ দ্বারা পরিষ্কার করে পানি	১। চুন।
২। কোদাল।	দারা ধুয়ে নাও।	২। সুরকি।
৩। ব্রাশ।	২) পানি শুকানোর পর পূর্বে বানানো লাইম মর্টার (চূণ + সুরকি =	৩। টাইলস।
৪। বালতি।	১:২ ২০ মিঃ মিঃ পুরুতে মেঝের উপর কর্ণি দ্বারা স্থাপন কর। মসলা	৪। সিমেন্ট।
৫। মগ।	ভিজা থাকতেই টাইলস বসাতে হবে। এক্ষেত্রে অবশ্যই সম উচ্চতা ও	৫। সুতা।
৬। পাট্টা।	ঢাল ঠিক রাখতে হবে। দুটো টাইলসের প্রান্তে সুতা টান টান করে (ইট	৬। মোম।
৭। স্পিরিট।	গাথীর পদ্ধতিতে) অনুভূমিক ও বেঁধে নিয়ে টাইলস বসাও। প্রথমে	৭। মার্কিন কাপড়।
৮। ক্ষেপার।	কক্ষের যে কোন একদিক থেকে টাইলস বসাতে হবে। একটি টাইলসের	৮। বালি।
৯। ফ্লোর	সাথে সমউচ্চতা স্পিরিট লেভেল দ্বারা যাচাই কর।	৯। পানি।
চিজেল/বাসুলি।	৩) দুটো টাইলসের জোড়ায় ৬ মিঃ মিঃ ফীক রাখ। পরে এ	১০। অক্সালিক
	জোড়াস্থানে সাধারণ সিমেন্ট বা শ্বেতসিমেন্ট দ্বারা পুরণ কর। এক্ষেত্রে	এসিড পা উডার।
	জোড় স্থানের অতিরিক্ত মসলা কর্ণি বা ক্ষেপার বা মার্কিন কাপড় দ্বারা	
	পরিষ্কার কর। কাজ শেষে মোম বা অক্সালিক এসিড পাউডার দ্বারা	
	ওয়াশ কর। (যদি সম্ভব হয়) এতে উজ্জ্বলতা বাড়বে।	

নামঃ মোজাইক কাজের কৌশল। (১০ বঃ মিঃ মেঝে মোজাইক করা)।

- ৭.১ মালামাল নির্বাচন ও মশলা প্রস্তুত করি।
- ৭.২ যন্ত্রপাতি নির্বাচন করি।
- ৭.৩ প্রয়োজনীয় পুরুতে লাইম মর্টারের বেড স্থাপন করি।
- ৭.৪ বেডের উপর ৩ মি. মি. পুরু সিমেন্টিং পদার্থের পেন্ট বিস্তৃত করি।
- ৭.৫ সিমেন্টিং স্তরের উপর পাথর বা মার্বেল চিপস হ্যামারের সাহায্যে বসাই।
- ৭.৬ স্টোন রোলার দ্বারা মৃদু রোলিং করি।

পেটেন্ট পাথর (১:২:৪) ২০ মিঃ মিঃ পুরু

- ৭.৭ পিউমিক স্টোন এর সাহায্যে পালিশ করে পৃষ্ঠদেশ মসৃণ করি।
- ৭.৮ সম্পাদিত কার্য নিরীক্ষা করি।

মালামালের হিসাব

চিজেল। ১২। স্পিরিট লেভেল।

*সিমেন্ট- ১.৩ ব্যাগ।		*মার্বেল চিপস = ০.০৪ ঘনমিটার	
*বালি-০.০৯৪ ঘনমিটার		*মার্বেল পাউডার = ০.০০৮৮ ঘনমিটার	
*কৃচি খোয়া- ০.১৭ ঘনমিটার		*সাদা সিমেন্ট = ১ ব্যাগ(মার্বেল চিপস)	
		মার্বেল পাউডার + সাদা	সিমেন্ট = ১:১
যন্ত্ৰপাতি	কাজের ধারবাহিক ধাপ		মালামাল
১। কর্ণি।	১। পূরু মশলার উপর প্রথমে ১:২:৪ অনুপাতে ডৈ	চরি চূর্ণক কংক্রিট দ্বারা	১। সিমেন্ট।
২। কড়াই।	২০ মিঃ মিঃ উচ্চতায় পাথর বসাও। পেটেন্ট পা	থর পূর্বে পানি দ্বারা ধুয়ে	২। বালি।
৩। উষা।	নাও। অবশ্য এর পূর্বে ফ্লোর চিজেল দ্বারা চিপিং	করে নিতে হবে।	৩। কুচি খোয়া।
৪। কোদাল।	২। কমপক্ষে ৭ দিন কিউরিং কর।		৪। মার্বেল চিপস।
৫। পাট্টা।	৩। কিউরিং শেষে ১:১ (মার্বেল চিপস : মার্বেল	পাউডার + সিমেন্ট)	৫। মার্বেল
৬। মগ।	অনুপাত তৈরি মসলা ৫ মিঃ মিঃ পূরুতে কর্ণি দ্ব	ারা <i>পেটেন্ট স্টোনে</i> র	পাউডার।
৭। বালতি।	উপর স্থাপন করে উষা ও পাট্টা দ্বারা সমান কর।	তারপর কিউরিং কর।	৬। সাদা সিমেন্ট।
৮। পিউমিক	৪। কিউরিং শেষে পিউমিক পাথর দ্বারা (হাতে ব	গটা হলে বা মেশিন	৭। পানি।
পাথর।	দ্বারা ঘর কেটে নাও। তবে তল মসৃণ হলে মোজ	াইকের সৌন্দর্য ফুটে	
৯। কাটার	উঠবে।)		
মেশিন।	৫। বিভিন্ন প্রকার গ্রেড বা নম্বরের পিউমিক পাথ	র ব্যবহার করা হয়।	
১০। ফিতা বা	প্রথমে রাফ কাট সেগুলো তল কেটে মসৃণ কর এ	এবং পরে মসৃণ পাথর	
স্টিল টেপ।	ব্যবহার করে ফিনিশিং কর। মেশিন কাটিং এর	বেলাও একাধিক গ্রেডের	
১১। ফ্লোর	বা মানের পাথর ব্যবহার করা যায়।		

চিজেল/কোল্ড ৬। সর্বশেষ মোম বা অক্সালিক এসিড পাউডার দ্বারা পালিশ কর।

৮.০ নামঃ নিট সিমেন্ট ফিনিশিং কাজের কৌশল

৮.১ উন্নত মানের সিমেন্ট নির্বাচন করি।

৮.২ প্রয়োজনীয় যন্ত্রপাতি নির্বাচন করি।

৮.৩ লেভেল ক্ষেত্রতল প্রস্তুত করি।

৮.৪ সিমেন্ট ছিটাই

৮.৫ ফিনিশিং প্রদান করি।

৮.৬ সম্পাদিত কার্য যাচাই করি।

১২ মিঃ মিঃ পুরু সিমেন্ট প্লাস্টার (১:৩ ট্যাঙ্কের তলায়) এর উপর নিট সিমেন্ট ফিনিশিং। মোট আয়তন ১০০ বর্গ মিটার।

মালামালের হিসাব।

১০০ বর্গ মিটারের জন্য আর্দ্র মসলার পরিমাণ = ১০০ x ০.০১২ = ১.২ ঘন মিটার। শুষ্ক আয়তন = ১.২ x ১.৫ (৫০% অতিরিক্ত) = ১.৮ ঘন মিটার। সিমেন্ট = ১.৮/৪ x ১ = ০.৪৫ ঘনমিটার @ ৩০ ব্যাগ/ঘনমিটার = ১৪ ব্যাগ। বালি = ১.৮/৪ x ৩ = ১.৩৫ ঘনমিটার। নিট ফিনিশিং এর জন্য ১০০ বর্গ মিটার ৬ ব্যাগ সিমেন্ট লাগবে।

যন্ত্ৰপাতি	কাজের ধারবাহিক ধাপ	মালামাল
১। কর্ণি।	১) প্রথমে ১:৩ অনুপাতে মসলা তৈরি করে নির্ধারিত জায়গা প্লাস্টার কর।	১। সিমেন্ট।
২। কড়াই।	২) প্লাস্টার করার পর গাত্রতল ভিজা থাকতেই প্রয়োজনীয় তারল্যে (১০০	২। বালি।
৩। ওলন।	বঃ মিঃ এর জন্য ৬ ব্যাগ) সিমেন্ট পেন্ট তৈরি করে কর্ণি দ্বারা প্লান্টার	
৪। উষা।	সারফেসের উপর লেপে দাও। (শুধু সিমেন্ট ও পানি সহযোগে পেস্ট তৈরি	
৫। কোদাল।	কর।)	
৬। মগ।	৩) পেস্ট লেপে দেওয়ার পাশাপাশি তাকে কর্ণি বা স্টিলের ফিনিশিং কর্ণি	৩। পানি।
৭। বালতি।	বা পাট্টা দ্বারা সমান কর।	
৮। পাট্টা।	৪) সমান হয়েছে কিনা তা স্পিরিট লেভেল দ্বারা যাচাই কর।	
	৫) যদি কখনও পানির অনুপাত ঠিক না হওয়ায় অর্থাৎ বেশি হওয়ায়	
	উপরের দিকে কিছু হালকা ভাসমান পানি দেখা যেতে পারে। এক্ষেত্রে শুধু	
	শুকনো সিমেন্ট ছিটায়ে দিয়ে পাট্টা দ্বারা লেপে দেওয়া যেতে পারে।	
	৬) নিট সিমেন্ট ফিনিশিং কাজ সমাপ্তির ১ ঘন্টা পর থেকে কিউরিং	
	করতে হবে।	

৯. ০ নামঃ ডিসটেম্পার কাজের কৌশল

- ৯.০ ডিসটেম্পার করতে হবে।
- ৯.১ ডিসটেম্পার যন্ত্রপাতি নির্বাচন করি।
- ৯.২ ডিসটেম্পার মিশ্রণ তৈরি করি।
- ৯.৩ সারফেস প্রস্তুত করতে করি।
- ৯.৪ ডিসটেম্পার প্রয়োগ করি।
- ৯.৫ গুণাগুণ যাচাই করি।

যন্ত্রপাতি 3 scraper, श putty knife or scrub brush, **७**। leather gloves 81 respirator chemical stripper ७। heat gun, ৭। শিরিষ কাগজ (sand paper), ৮। স্পঞ্জ, ৯। ব্রাশ ১০। রোলার

কাজের ধারবাহিক ধাপ

- (১) পানিবদ্ধ ডিসটেম্পারঃ এই ডিসটেম্পার বাজারে পাউডার বা গুড়া হিসাবে পাওয়া যায়। প্রথমে গরম পানিতে পাউডার মিশিয়ে পেস্ট তৈরি করা হয়। তারপর পানি মিশিয়ে প্রয়োজনমত পাতলা করা হয়। সাধারণত ৬০ লিটার পানিতে এককেজি ডিসটেম্পার পাউডার মিশাতে হয়।
- (২) তৈলবদ্ধ ডিসটেম্পারঃ হোয়াইটিং বা চকপাউডার এবং রঙিন পিগমেন্ট প্রথমে শুকনো অবস্থায় মিশিয়ে নিতে হয়। তারপর পানি বা তৈল মিশিয়ে পেন্ট এর ন্যায় করে কোটাজাত করে বাজারে বিক্রি হয়। কতটুকু পেন্টে কি পরিমাণ পানি মিশাতে হবে তা কৌটার গায়ে লেখা থাকে।
- (৩) যে দেয়াল গাত্রে ডিসটেম্পার করতে হবে তা সম্পূর্ণ ভাবে শুকনো হতে হবে। ভিজা বা স্যাঁতস্যাঁতে গাত্রতলে ডিসটেম্পার ভাল হয় না। সাধারণত চুন প্লাম্টার করা দেওয়াল শুকাতে ২ থেকে ৩ মাস সময় লাগে। এর আগে ডিসটেম্পার করা ঠিক হবে না। দেওয়ালের গায়ে কোন গর্ত বা ফাটল থাকলে সেগুলো জিপসাম বা লাইম পুটিং দ্বারা বন্ধ করতে হবে। গাত্রতল সম্পূর্ণরূপে শুকানোর পর গাত্র পরিষ্কার ও মসৃণ করা হয়।

পুরাতন ডিসটেম্পার করা দেওয়ালে পুনরায় ডিসটেম্পার করতে হলে পুরাতন ডিসটেম্পার শিরিষ কাগজ ও ব্রাশ দিয়ে তুলে ফেলতে হবে। কেমিক্যাল স্ট্রিপার বা হিট গান দিয়েও বর্তমানে পুরাতন ডিসটেম্পার তুলে ফেলা হয়। যদি পানি দিয়ে ধুয়ে মুছে তোলা হয় তাহলে গাত্রতল শুকানো পর্যন্ত অপেক্ষা করতে হবে। ওয়াশিং সোডা দিয়ে ভিজিয়ে নিলে ডিসটেম্পার সহজে গাত্রতলে লেগে যায়। এক্ষেত্রে স্পঞ্জ দিয়ে গাত্রতল

মালামাল
১। ডিসটেম্পার
পাউডার (রং) বা
পেস্ট
২। গরম পানি
৩। ঠাডা পানি
৪। ওয়াশিং সোডা

শুকিয়ে পরে ডিসটেম্পার করতে হবে। ব্যক্তিগত নিরাপত্তার জন্য চামড়ার মোজা ও রেম্পিরেটর (শ্বাস প্রশ্বাস নেওয়ার জন্য) ব্যবহার করা উচিত।

- (৪) ডিসটেম্পার প্রয়োগঃ সাধারণত তিন ধাপে ডিসটেম্পার প্রয়োগের কাজ করা যায়।
- যথা- (৪.১) দেওয়ালের পৃষ্ঠতল প্রস্তুতঃ সেকশন (৩) দেখি।
 - (৪.২) চুনের প্রাথমিক স্তর লেপন বা প্রাইম কোর্ট প্রদান।
 - (৪.৩) ডিসটেম্পার প্রলেপ প্রয়োগ।
- (৪.২) চুনের প্রাথমিক কোট (Prime coat) লেপন
 পৃষ্ঠতল প্রস্তুতির পর চুনের একটি প্রাইম কোটের প্রলেপ দিতে হবে। এ
 চুনকামে নীল ব্যবহার করা উচিত নয়। চুনকাম ভালভাবে শুকানোর পর
 শিরিষ কাগজ ঘষে পাত্রতল মসৃণ করে পরিষ্কার শুকনো কাপড় দিয়ে
 কেন্ডে মুছে নিতে হবে। ঘরে তৈরি ডিসটেম্পারের ক্ষেত্রে ১০ বর্গমিটার
 ক্ষেত্রফলের জন্য ১ লিটার ব্যবহার করা যায়।

(৪.৩) ডিসটেম্পার প্রয়োগ

চুনের প্রাথমিক ন্তর শুকানোর পর ডিসটেম্পার প্রলেপ প্রয়োগ করতে হবে। কৌটার পেষ্ট আকারের ডিসটেম্পার গরম পানি মিশিয়ে কার্যপোযোগী তারল্যে আনতে হয়। কি পরিমাণ পানি মিশাতে হবে তা সাধারণত কৌটার গায়ে লেখা থাকে। পানি মিশাবার পর ডিসটেম্পার এক বর্ণ ধারণ না করা পর্যন্ত নাড়তে হবে। এক কোট বা প্রলেপ শুকাবার পর দ্বিতীয় কোট প্রয়োগ করতে হবে। দুই কোট প্রয়োগের ক্ষেতে প্রথম কোট হালকা রংয়ের হলেও চলবে। ব্রাশ বা পৌচড়ার সাহায্যে ডিসটেম্পারের প্রলেপ প্রয়োগ করার সময় প্রথমে উপর থেকে নিচে এবং নিচে থেকে উপরে পরে ডানে বায়ে করে প্রয়োগ করা উচিত। ব্রাশের পরিবর্তে বর্তমানে স্প্রে-গান বা স্প্রে রোলার ব্যবহার করেও ডিসটেম্পার প্রয়োগ করা যায়। এতে প্রলেপ খুব হালকা, সুষম ও সুন্দর হয়।

১০.০ নামঃ প্লাস্টিক পেইন্ট করার কৌশল

১০.১ প্লাস্টিক পেইন্ট এর যন্ত্রপাতি নির্বাচন করতে পারবে। ১০.২ প্লাস্টিক পেইন্ট এর মিশ্রণ তৈরি করতে পারবে। ১০.৩ সারফেস প্রস্তুত করতে পারবে। ১০.৪ প্রয়োগ করতে পারবে।

যন্ত্ৰপাতি scraper, putty knife or scrub brush, পানি, leather gloves, respirator, chemical stripper or a heat gun, শিরিষ কাগজ (sand paper), বাশ বা রোলার

কাজের ধারবাহিক ধাপ

(১) যে দেয়াল গাত্রে প্লান্টিক পেইন্ট করতে হবে তা সম্পূর্ণ ভাবে শুকনো ১। সিমেন্ট হতে হবে। ভিজা বা স্যাতস্যীতে গাত্রতলে প্লাস্টিক পেইন্ট ভালো হয় না। দেওয়ালের গায়ে পেইন্ট করার পূর্বে সিমেন্ট প্রাইমার দিয়ে একটি বেজ কোট (base coat) দেওয়া হয়। কোন গর্ত বা ফাটল থাকলে সেগুলো ২। পুটি পাট্টি (সাদা লেড চক ও ভার্নিশ একত্রে মিশিয়ে পেস্ট তৈরি করা হয়) দ্বারা বন্ধ করতে হবে। গাত্রতল সম্পূর্ণরূপে শুকানোর পর গাত্র পরিষ্কার ও মসৃণ করা হয়।

মালামাল প্রাইমার

৩। পানি

৪। সাবান

পুরাতন প্লাস্টিক পেইন্ট করা দেওয়ালে পুনরায় প্লাস্টিক পেইন্ট করতে হলে পুরাতন প্লাস্টিক পেইন্ট শিরিষ কাগজ ও ব্রাশ দিয়ে তুলে ফেলতে হবে। কেমিক্যাল স্ট্রিপার বা হিট গান দিয়েও বর্তমানে পুরাতন প্লাস্টিক পেইন্ট তুলে ফেলা যায়। যদি পানি দিয়ে ধুয়ে মুছে তোলা হয় তাহলে গাত্ৰতল ৪৮ ঘণ্টা শুকানো পর্যন্ত অপেক্ষা করতে হবে। ব্যক্তিগত নিরাপত্তার জন্য চামড়ার মোজা ও রেস্পিরেটর (শ্বাস প্রশ্বাস নেওয়ার জন্য) ব্যবহার করা উচিত।

(২) প্লান্টিক পেইন্ট প্রয়োগ

সিমেন্ট প্রাইমার প্রাথমিক স্তর শুকানোর পর প্লাস্টিক পেইন্ট প্রলেপ প্রয়োগ করতে হবে। কৌটার তরল আকারের প্লান্টিক পেইন্ট পানি মিশিয়ে কার্যপোযোগী তারল্যে আনতে হয়। কি পরিমাণ পানি মিশাতে হবে তা সাধারণত কৌটার গায়ে লেখা থাকে। পানি মিশাবার পর প্লাস্টিক পেইন্ট এক বর্ণ ধারণ না করা পর্যন্ত নাড়তে হবে। এক কোট বা প্রলেপ শুকাবার পর দ্বিতীয় কোট প্রয়োগ করতে হবে। দুই কোট প্রয়োগের ক্ষেতে প্রথম কোট হালকা রংয়ের হলেও চলবে। ব্রাশ বা পৌচড়ার সাহায্যে প্লাস্টিক পেইন্ট প্রলেপ প্রয়োগ করার সময় প্রথমে উপর থেকে নিচে এবং নিচে থেকে উপরে পরে ডানে বায়ে করে প্রয়োগ করা উচিত। ব্রাশের পরিবর্তে বর্তমানে স্প্রে-গান বা স্প্রে রোলার ব্যবহার করেও প্লাস্টিক পেইন্ট প্রয়োগ করা যায়। এতে প্রলেপ খুব হালকা, সুষম ও সুন্দর হয়।



শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

কারিগরি শিক্ষা আত্মনির্ভরশীলতার চাবিকাঠি

নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেন্টারে ১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন

২০১০ শিক্ষাবর্ষ থেকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য